চারু ইব্র এবং কলকাতা

অতীন বন্দ্যোপাধ্যায়

প্রকাশক:

শ্রীশচীক্রনাথ বিশাস ২এ, নবীন কুণ্ডু লেন কলিকাভা-১

প্ৰথম প্ৰকাশ : ভাদ্ৰ, ১৩৬২

প্রচ্ছদ-শিল্পী: শচীন্তনাথ বিখাস

মুদ্রাকর:

শ্রীরাখালচন্দ্র প্রামাণিক দি নিউ তারকেশ্বর প্রিন্টিং ওয়ার্কস্ ৯/৬, নরসিং লেন,

বন্ধুবৰ

শ্যামল চক্রবর্তীকে



চাক ইন্দ্ৰ এবং কলকাতা

চাক ইন্দ্ৰ এবং কলকাতা

চাৰু ইন্দ্ৰ

চার্চের ঠিক সামনে এক পাগল। সে হাঁকছিল 'ছু ঘরের মাঝে আথৈ সমৃদ্ধুর।' ওর হাতে লাঠি এবং লাঠিতে পাখির পালক বাঁধা। মাথায় লাল রুমাল। দূরে বেরন হোটেলের পর্দা উড়ছে। পাগল চার্চের সদর দরজা থেকে বেরন হোটেলের দরজা পর্যন্ত ছুটে আসছিল বার বার আর ডিগবাজী খাচ্ছিল। সে কোন যানবাহন দেখছিল না, সে এক পাগলিনীর জন্ম যেন প্রতীক্ষা করছিল কারণ পাগলিনী অন্ধ পারে ঠিক পেচ্ছাবখানার পাশে এবং কিছুদ্র হেঁটে গেলে অনেক কাপড়ের দোকান, ছায়া স্টোরদ্ অথবা হরলালকা আর গ্রীমের দিন বলে প্রথর উত্তাপে পাগলিনী নগ্ন এবং বধির, পাগলিনী পথের উপর ব্যে পড়ল।

ঠিক তথন চার্চের দরজার সামনে শববাহী শকট। সোনালী ঝালরের কাজ করা কালো কফিনে মৃত পুরুষ এবং কত ফুল। শোকের পোশাক পরা যুরক যুবতীরা, বৃদ্ধেরা সদর দরজা ধরে ভিতরে দুকে থাছে। সকাল হছে। সূর্য দেখা থাছে না। বড় বড় গাছের নাথায় সূর্য অকারণ কিরণ দিছে। তথন পাগল হাঁক দিয়ে সকলকে যেন ডেকে বলছিল, 'কে আসবি আয়, সংক্রান্তির মাদল ঝাজছে আয়।' অথবা নানা রকমের অল্লীল আলাপ—যা শোনা যায় না—যার জন্ত পথে হাঁটা দায়। তখন পথ ধরে কোটিপতি পুরুবের গ্রী দামী গাড়িতে নিউ মার্কেট থাছে। পথে দেবদারু গাছ এবং গাছের ছায়া পাগলিনীর মুখে। পাগল উর্দ্ধে বাছ হয়ে পাখির পালক উড়াছে আকাশে। পাগলিনী বসেছিল, আর উঠছে না। এই সব দৃশ্য এ-অঞ্চলে হামেশাই ঘটছে, পুলিশের প্রহরা এবং তীর্যক সব দৃষ্টির জন্ত যানবাহন থেমে থাকছে না। বড় নোংরা এই

অঞ্চল। দেয়ালে দেয়ালে বিচিত্র সব নগ্ন দৃশ্য চিত্রতারকাদের এবং রাজাবাজার পর্যস্ত অকারণ অপ্লালতা। হামেশাই পথে ঘাটে নগ্ন যুবতীরা পাগলিনী প্রায় শুয়ে থাকছে। সব অসহা।

এবং মনে হয় এরা সকলে রাতে ফুটপাথে নিশি যাপন করেছিল। এখন এরা নিজেদের ছেঁড়া কাঁথার সঞ্চয় ছেড়ে রোজগারের জ্বন্স বের হয়ে পড়বে। পাগল তার সঞ্চয় সঙ্গে নিয়ে ঘুরছিল। কিছুই ফেলা যায় না। সে নারকেলের মালা এবং সিগারেটের বান্ধ দিয়ে মালা গেঁথে গলায় পরেছিল—পিঠে পুরাতন জামার নিচে পচা যায়ের গন্ধ। সে শুধু তখন হানছিল। পথে লোকের ভীড় বাড়ছে, দ্রীম বাসের ভীড় বাড়ছে। মালুষের মিছিল সারা দিনমান চলবে। পাগল হেসে হেসে সকলকে উদ্দেশ্য করে বলছিল, 'ছ ঘরের মাঝে অথৈ সমৃদ্রুর।' সে অন্ত কোন সংলাপ আর খুঁছে পাচ্ছিল না।

গ্রীম্মের প্রথর উত্তাপ এবং ছায়াবিহীন এই পথ। ফুটপাথে অথবা গাড়ি-বারান্দায় যারা রাভ যাপন করছে, যারা ঠিকানাবিহীন, যাদের সব তৈজসপত্র ছেঁড়া, নোংরা এবং প্রাচীনকাল থেকে সব সংরক্ষণ করছে—নগরীর সেইসব প্রাচীন রক্ষিরা এখন অল্পের জন্ত কেরববাজের মত ঘোরাফেরা করছে। ছেঁড়া সব তৈজসপত্রের ভিতর এক অতিকায় বৃদ্ধ, মুখে দাড়ি শন পার্টের মত এবং সাদা মিহি চূল আর অবয়বে রবীন্দ্রনাথের মত যে, কপালে হাত রেখে গ্রীম্মের স্থাকে দেখার চেষ্টা করছে।

অন্য ফুটপাথে পাগল উর্ধ্বান্থ হয়ে আছে। ওর এই পাগলকে যেন কতকাল থেকে চেনা। বড় স্বার্থপর—বৃদ্ধ এই ইচ্ছাকৃত পাগলামীর জন্ম একদিন রাতে তখন নগরীর সকল মান্ত্রেরা ঘুমিয়ে পড়েছে, তখন হাসপাতালের বড় আলোটা পর্যস্ত নিতে গিয়েছিল, রাজবাড়ির সদর বন্ধ হচ্ছে এবং যখন শেষ ট্রাম চলে গেল, যানবাহন বলতে পথে কোন কপর্দক পড়ে নেই সব নিংশেষ, শুধু কুকুরের

মাঝে মাঝে আর্ত চীংকার ত্থন পাগল ঐ পাগলিনীর পাশে শুরে নাংরা তৈজসপত্রের ভিতর থেকে ছোট ছোট উচ্ছিষ্ট হাড় (আম-জাদিয়া অথবা বেরন হোটেল থেকে সংগ্রহ করা) হজনে চুষছিল; রাতের দ্বিপ্রহরে ওদের উদরে মাংসের রস যাচ্ছে; ওরা সারা দিনমান পাগলামীর জন্ম ফের প্রস্তুত হতে পারছে— বৃদ্ধ হাঁ করে দেখতে দেখতে বলেছিল, 'এই সরে বোদ, এটা পাগলামীর জায়গা নয়। ঘুমোতে দে। রাজ্যের সব নোংরা এনে জড় করেছিস ?'

পাগল কিছুক্ষণ ড্যাব ডাবে করে তাকিয়ে থাকল। কথাটা বোধগন্য হয়নি। কিন্তু পাগলিনী খুলভ রমণীর মত কাছে এসে বলল 'তোর বাপের জায়গা।' ঠিক ভাল মানুষের মত, ঠিক খুলভ রমণীর মত এবং দিনের জন্ম অভিনয়টুকু তখন আর ধরা পড়ছে না, পাগলিনী গলাটা খাটো করে বলল, 'তোর মুখে চুনকালী পড়বে।'

পাশে তের বছরের চারু চীৎকার শুনে উঠে বসেছিল। এবং রাতে পিতামহের হাত ধরে ফুটপাথের অফ্য প্রান্তে চলে গিয়েছিল। ওরা পাগলিনীর ঝোলাঝুলির ভিডর পচা গদ্ধ পাচ্ছিল কারণ এই ঝোলাঝুলি বরক ঘরের নত—সবই ত্র্দিনের জক্ম সংরক্ষণ করা এবং কত রকনের দব উচ্ছিষ্ট খাবার। পাগলিনী চিৎ হয়ে শুয়েছিল। মাংদের হাড় অনবরত চোষার জন্ম গালেব ত্থারে ঘায়ের নত সাদা দাগ। শরীরে দীর্ঘদিনের ময়লার পলেস্তারা মুখের অবয়বকে নষ্ট করে দিবেছে। চেনা বাচ্ছিল না ওরা জন্মসূত্রে কোনো গ্রাম্য গৃহস্থের উরসজাত না অন্থ কোনভাবে অথবা কোনো অলৌকিক বটনার নিমিত্ত এই ফুটপাথ সংলগ্ন ডাকবান্ধের মত পাতলা অস্থায়ী প্লাইউডের বাড়িতে বসবাস করছে।

পাশের বাড়িটা চারতলা এবং নিচে ফুটপাথের ওপর ছাদের মন্ত গাড়ি-বারান্দা। সামনে হাসপাতাল এবং রাজবাড়ি, সদর দরজার ওপর একটা এক হাত লম্বা গণ্ডারের ছবি বুলছে। সময়ে অসময়ে বৃদ্ধ ছবিটার নিচে কয়েকজনের নাম উচ্চারণ করে পড়ার সময় 'নাট্যকার' এই শব্দটি ভয়করভাবে কষ্ট দিতে থাকে। আর হাসপাতালের বাড়িটা দীর্ঘদিন থালি পড়েছিল, শুধু কাক উড়ত ছাদে এবং পাঁচীলের পাশের পেয়ারা গাছটাতে একজোড়া ঘুঘু পাথি আশ্রয় নিয়েছিল। ইদানীং চুনকাম হবার সময় মোষের মত এক ইত্তর ছোকরা কিছু চুনগোলা জল ছাদ থেকে নালীর ফুটোর ওপর ফেলে দিয়েছিল। সেই মোষটা হালফিলে সকল থবর নিয়ে গেছে এবং চেটেপুটে রেথে গেছে চারুকে। চুনগোলা জলের জন্ম ঘুঘু পাখিরা উড়ে চলে গেল। তারপর একদিন যেন মনে হল ফের এমুলেন্স আসতে শুকু করেছে, ফের এই বাড়িতে আলো জলে উঠল এবং টাম ডিপোতে ফের ঘটি বাজছে।

আর এই বাড়িটার জন্মই ভোরের দিকে সুর্যের উত্তাপ ছাদের নিচে যেন পৌছতে পারে না অথবা লম্বা হয়ে যখন সূর্য হাসপাতালের মৃত মানুষের ঘর অতিক্রম করে পেয়ারা গাছের নাথায় এসে পৌছায় তখন ছাদের ছায়া রদ্ধ ফকীরচাঁদকে রক্ষা করতে থাকে। এই জন্মই অভ্যাসের মত এই স্থান বসবাসের উপযোগী। চাক পাশে নেই—কোথাও আহারের জন্ম অন্নসংস্থান করতে গেছে। সেনিজে একটা শতচ্ছিন্ন চাদর ফুটপাথে বিছিয়ে তার পাশে কিছু কিছু গোটা গোটা অক্ষরে—তার জীবনের বিগত ইতিহাস—পরাজিত সৈনিকের মত মাথা হেঁট করে ধিকৃত জীবন এবং গ্লানিকর জীবনের জন্ম করণা ভিক্ষা করছিল।

গ্রীমের উত্তাপ প্রচণ্ড। দীর্ঘদিন থেকে মনার্থি। সব কিছু রোদের উত্তাপে পুড়ে যাচ্ছে। পথের গলা পাঁচে করপোরেশনের গাড়ি বালি ছিটিয়ে গেছে। তথন পাগল পীচগলা পথে, মাথায় ছপুরের রোদ, লাঠিতে পাখির পালক বাঁধা—হাটছে। ইতন্তত সব ডাষ্টবিনের জংসন এবং সেখানে হয়ত চারু পোড়া কয়লা কাগজ অথবা লোহার টুকরো খুঁজছে। ফকীরচাঁদ উঠে এক মগ চা সংগ্রহ করল। রাতের আহারের জন্ম খড়কুটো অথবা পাতলা কাঠ সংগ্রহ

করতে হয়—ফকীরচাঁদ আকাশ দেখল, আকাশ থেকে গনগনে আঁচ ঝরে পড়ছে, দে এই রোদে বের হতে সাহস করল না। সে হাত বাড়াল রোদে—যথার্থ ই হাত পুড়ে যাচ্ছে যেন, শুধু রাজবাড়ির সদর দেউড়িতে এক গণ্ডারের ছবি এই রোদে চিক চিক করছিল।

রন্ধ ফকীরচাঁদ এবার পা দিয়ে নিজের স্থন্দর হস্তাক্ষর মুছে দিল। পাঁচীল সংলগ্ন ওর ছোট প্লাইউডের সংসার—বসবাসের উপযোগী নয়, শুরু ভৈজসপত্র রাখার জন্ম পাতলা প্লাষ্টিকের চাদর দিয়ে সব ঢাকা। ফকীরচাঁদ সব টেনে বের করল—মেটে ইাড়ি পাতিল, ছেঁড়া কাথা, ভাঙা জলের কুঁজো সবই চারুর সংগ্রহ করা, নেয়েটার সারাদিন ঘুরে ঘুরে ঐ এক সংগ্রহের বাতিক এবং চারুই একদা শেয়ালদা থেকে এই বাড়ি সংলগ্ন গাড়ি বারন্দা আবিষ্কার করে ফকীরচাঁদের হাত ধরে চলে এসেছিল। সেই থেকে অবস্থান এবং সেই থেকে জিনগত পাপক্ষর। সে এ-সময় ভাল করে চারিদিকটা দেখল। মগের চা কিছু খেয়ে কিছু রেখে দিল, পাশে পাগল পাগলিনীর আস্তানা। ছজনই সারাপথে অভিনয়ের জন্ম বের হয়ে গেছে। ছজনই হোটেলের উচ্ছিই খাবার রাত্তের জন্ম সংগ্রহ করছে।

প্রথার ইন্তাপের জনা পথ জনবিরল। দোতলায় মসঞ্জিদ এবং দেখানে মোল্লার আজান। ফকীরচাঁদ এবার চীংকাব করে ডাকল— চারু। ফকীরচাঁদ কপালে হাত রেখে দেখল ট্রামডিপোর সামনে ডাষ্টবিন এবং দেখানে চারু উপুড় হয়ে কি খুঁজছে। সে কোথাও আজ বের হল না ভিক্ষার জন্য, ফকীরচাঁদ মনে মনে ক্ষিপ্ত হয়ে উঠল। ক্ষোভে হঃখে ফের বড় বড় স্থুন্দর হস্তাক্ষরে ফকীরচাঁদ ফুটপাথ ভরিয়ে তুলল। সামনের বড় বড় বাড়িগুলোর দরজা জানালা বন্ধ। ট্রাম ফাঁকা এবং বাস্যাত্রী উত্তাপের জন্য কম। সে স্থুন্দের হস্তাক্ষরের ওপর থুথু ফেলল তারপর রাগে হঃখে মাত্র বিছিয়ে ভয়ের পড়ল। চারু আসছে না, ওর গলার আওয়াজ্ব প্রথর নয়, সুভরাং চাক্ত ক্কীরচাঁদের কথা শুনতে পাছে না। ফ্কীরচাঁদ নিজেকে বড় অসহায় ভাবল—এই ত্র্দিনে সে যেন আরও স্থবির হয়ে যাছে, চলংশক্তি হারিয়ে ফেলছে, ক্রমশ জীবন থেকে সোনার আপোলের স্থপ্প ফুরিয়ে যাছে। এত বেলা হল, তখনও পেট নিরন্ধ, সামনের হোটেলটাতে এখন গিয়ে দাড়ালে চারু নিশ্চরই কিছু পেত, কারণ শেষ খদ্দের ওদের চলে যাছে। ফ্কীরচাঁদ অভিমানে নিজেই উঠে যাবার জন্ম দাড়াতে গিয়ে প্রথম পড়ে গেল, পরে হেঁটে হেঁটে রেঁস্তোরার সামনে যখন উপাসনার ভঙ্গীতে মাথা হেঁট করে দাড়াল, যখন করুণাই একমাত্র জীবন থারণের সন্থল এবং আর কিছু করণীয় নেই এই ভাব —তখন সে দেখল সব সোনা রূপোর পাহাড় আকাশে। আকাশ শুড় গুড় করে উঠল, মেঘে মেঘে ছেয়ে যাছে আর বাতাস পড়ে গেল, দরজা জানালা খুলে গেল এবং বৃষ্টির জন্ম সর্বত্র কোলাহল উঠছে।

মার তথনই চার্চের দরজাতে শববাহী শকট মাঠের মন্থণ ঘাস পার হয়ে অন্য এক ইচ্ছার জগতে উঠে যাচ্ছে। ফুটপাথ ধরে অজস্র যাত্রী—গুণে শেষ করা যায় না, ফকীরচাঁদ অস্তত সময়ের প্রহরী হিসেবে গুণে শেষ করতে পারছে না। বাস ষ্ট্যাণ্ডে যারা দাঁড়িয়েছিল তারা পর্যন্ত কয়েক ফোঁটা রৃষ্টির জন্ম অপেক্ষা করল কারণ দীর্ঘ সময় এই অনারৃষ্টি—ফলে এই নগরীর দূরতম প্রান্ত আর দূরের মাঠ ঘাস স্বাই ক্লিই—সকলে দরজা জানালা খুলে বৃষ্টির জন্ম প্রতীক্ষা করতে থাকল। ফকীরচাঁদ একটু রৃষ্টিতে ভেজার জন্ম পথে গিয়ে বসল। আজ মফিস পাড়ায় এই বৃষ্টি উৎসবের মত। সকলে কয়েক ফোঁটা রৃষ্টির জন্ম মাঠে এবং ফুলের ভেতর ছুটোছুটি করছিল।

এবং পাগল যে শুধু হাঁকছিল, 'ছঘরের মাঝে অথৈ সমৃদ্ধুর', সে শুধু হাঁকছিল, 'কে আসবি আয়, সংক্রান্তির মাদল বাজছে আয়'—সে এখন কিছু না হেঁকে শান্ত নিরীহ বালকেব মত অথবা কোন কৈশোর দ্বীবনের স্মৃতিকে শ্বরণ করে আকাশে মেঘের খেলা দেখছিল। আর পাগলের পাথির পালক তখন লাঠি থেকে উড়ে গেল—পাগল পালকের জন্ম ঝড়ের সঙ্গে ছুটছে।

পাগলিন। নিভূতে ট্রাম ডিপোর বাইরে লোহার পাইপের ভিতর তয়ে বৃষ্টির খেলা দেখছিল। সে নখে দাঁত খুঁটছে। পাগলকে ছুটতে দেখে খপ করে পাগলের পা চেপে ধরল এবং বলল, 'ভাষ কেমন বৃষ্টি আসছে।'

'হায় আমার পাখি উড়ে পেল, বৃষ্টি দেখে পাৰি উড়ে গেল…' পাগল হাউ হাউ করে কাঁদছে।

দীর্ঘদিনের উত্তাপ, অনাবৃষ্টি বৃষ্টির জলে ভেসে গেল। পাপল বৃষ্টি দেখে পালকের কথা ভূলে গেছে। খড় বড় ফোঁটায় বৃষ্টির জল ওদের শরীরে মুখে পড়ল। বড় বড় ফোঁটায় বৃষ্টি হচ্ছিল। চারু ওর ক্লিষ্ট চেহারা নিয়ে কোন রকমে দৌড়ে ককীরচাঁদের কাছে চলে এল। বৃষ্টির ফোঁটা হীরের কুচির মত ভেঙে ভেঙে যাচেছ। পথের যাত্রীরা যে যার মত গাড়ি-বারান্দায়, বান ষ্টপের সেডে এবং দোকানে দোকানে সাময়িক আশ্রয়ের জন্ম ঢুকে গেল—ওরা সকলেই যেন প্রাচীনকাল থেকে কোন বিস্তীর্ণ কবরভূমি হেঁটে হেঁটে ক্লান্থ—ওরা সবৃক্ত শশ্রকণা এই বৃষ্টির জলে এখন ভাসতে দেখল।

পরদিন ভোরে থবরের কাগজের প্রথম পাডায় বড় বড় হরফে 'কলকাভায় বছরের প্রথম বর্ষণ' এই শীর্যকে প্রবন্ধ এবং ঠিক প্রথম পাভার ওপরে বড় এক ছবি, মার যুবতী নারী জলের ফোঁটা মুখে চন্দনের মন্ত মেখে নিচ্ছে। অথবা কোট উইলিয়ম হুর্গের ছবি, হুর্গের বুক্তজে জালালী কবুতর উভ্ছে।

বৃষ্টি সারারাত গরে হয়েছে। কখনও টিপ টিপ কখনও খার বর্ষন এবং জােরে হাওয়া বইছিল। ভােরের দিকে যখন কর্পােরেশনের গাড়ি গলা জলে নেমে মাানহােল খুলে দিচ্ছিল, যখন ট্রাম-বাদ বন্ধ, যখন বৃষ্টির জন্ম ছাতার পাঝিরা কলকাতার মাঠ পার হয়ে গঙ্গার পাড়ে, অথবা ছগলী নদীর পাড়ে পাড়ে সব চটকলের বাবুরা বাগানে ফুলের চারা পুঁতে দিচ্ছিল তখন বৃদ্ধ ফকীরচাঁদ কলকাতায় গলা জল খেকে আকাশ দেখল। পাশে চাক। সে পেটের নিচে হাড দিয়ে

রেখেছে—ভয়, নিচে যে সম্ভান জন্মলাভ করছে, ঠাণ্ডায় ওর কষ্ট না হয়।

পাতলা প্লাইউডের ঘর এখন জলের তলায়। মরা ইতুর ভেসে যাচ্ছিল জলে। জানালায় যুবক যুবতীর মুখ—ওরা বৃষ্টির জলে হাত রেখে বড় বড় হাই তুলছিল। কিছু টানা রিক্স চলছে, ট্রাম রাস্তার ওপরে যেখানে জল কম, যেখানে একটা মরা কুকুর পড়ে আছে টানা রিক্সগুলো দেই দব পথ ধরে প্রায় হিকা তোলার মত এগুচ্ছে। এই বর্ষায় পীচের পথ সব ভগ্নপ্রায়, মাঝে মাঝে ভয়ানক ক্ষতের মত দাগ, স্বতরাং রিক্স চলতে গিয়ে ভয়ন্কর টাল খাচ্ছে। বর্ষার জলে পথ ভেসে গেছে বলে সুখী লোকেরা কাগজের সব নৌকা জলে ভাসিয়ে দিয়েছে। চারু এবং বুদ্ধ ফকীরচাঁদ সারারাত জলে ভিজে ভিজে শীতে কাঁপছিল। অক্স ডাঙার সন্ধানে যাওয়ার জক্স ওরা গলা জলে নেডী কুকুরের মত সাঁতরাচ্ছিল। ওরা আর পারছে না। গভীর রাতে যথন বর্ষণ ঘন ছিল, যথন কেউ জেগে নেই, যখন পথের আলো মৃত জোনাকীর মত আলো দিচ্ছে...চারু অসীম সাত্রস বকে নিয়ে ডাঙা জমির জন্ম সর্বত্র বিচরণ করতে করতে সামনের চার্চ এবং রাজাবাজারের ডিপোতে অথবা জলের পাইপগুলো অতিক্রম করে অন্ত কোথাও কাক পরিচিত সব স্থান খুঁজে এসেছে, ডাঙা জমির কোথাও একটু সে ছাদ খুঁজে পায়নি।

ভরা সাঁতার কেটে ওপারে এসে উঠতেই দেখল রৃষ্টি ধরে আসছে। আকাশের গুমোট অন্ধকারটা নেই এবং কিছু হালকা মেঘ দেখা রাচ্ছে। এ-সময়ে সেই পাগল পুরোপুরি নগু। ভিজে জামাকাপড় গায়ে রাখতে সাহস করছে না। চারু পাঁচিলের সামনে শরীর আড়াল করে কাপড় চিপে নিল এবং ফকীরচাঁদের কাপড় চিপে দিল। ফকীরচাঁদ শীতে ক্রমশ আড়াই হয়ে যাচ্ছে। পাগলিনী জলের পাইপের ভেতর শুয়ে থেকে শুকনো হাড় চুষে চুষে শীতের কাই থেকে রেহাই পাচ্ছে। ওর সব বসনভ্ষণ পাইপের ভিতর যত্ন করে রাখা। পাগল কিছু কাগজ সংগ্রাহ করে মুগুমালার মত

কোমরের ধারে ধারে ধারণ করে যেন কত কটে লজ্জা নিবারণ করছিল। আকাশে হালকা মেঘ দেখে এবং আর রৃষ্টি হবে না ভেবে ঠিক টাকি হাউদের সামনে গাঁ হাত কোমরে অথবা সামনে ততেরে কাটা ধিন এই সব বোলে পাগল হামেশাই নাচছে—কলকাতা রৃষ্টির জলে ভূবে গেল, আমার পাখি উড়ে গেল বাতাসে। পাগল এই সব গান গাইছিল।

চারু পাগলের পিছনে গিয়ে দাড়াল এবং একটু ঠেলে দিয়ে বলল, 'এই তুই ফের নেংটো হয়েছিস! তুই ভারি অসভ্য।' বলে খিল খিল করে হেসে উঠল, ফকীরচাঁদ পাঁচীলের গোড়ায় বসে রয়েছে। সে হাসতে পারছে না। থেকে থেকে কাসি উঠছে এবং চোখ ক্রমশ ঘোলা দেখাছিল। আকাশের মেঘ হান্ধা, হয়ত আর রষ্টি হবে না। ফের ট্রাম বাস চলতে স্তরুক করবে অথবা এই সব সারি সারি ট্রাম বাস উটের মত মুখ তুলে 'দীর্ঘ উ টি আছে ঝুলে' বলে সারাদিন মুখ থুবড় থেমে থাকবে। ফকীরচাঁদ শীত ভাড়াবার জন্ম কাতরভাবে শৈশবের 'ম য় অজগর আসছে তেড়ে, আমটি আমি খাব পেড়ে, ইছর ছানা ভয়ে মরে—যা রষ্টি শালা কোন ইছরের ছানাকে আর বেঁচে থাকতে হচ্ছে না।' সে দেয়ালে এ-সময় কিলেখার চেষ্টা করল কিন্তু গাতাসে আর্দ্র তা ঘন বলে কোন লেখা ফুটে উঠল না।

ফকীরচাঁদ রোদের জন্ম প্রতীক্ষা করতে থাকল। ফুটপাথ থেকে জল নেমে যাচ্ছে! ট্রাম বাস ফের চলতে শুরু কবেছে এবং ছুপুরের দিকে আকাশ যথার্থই পরিষ্কার—মনে হচ্ছে রৃষ্টি আর হবে না, যেন শরংকালীন হাওয়া দিছে। বৃদ্ধ এ-সময় চারুকে পাশে নিয়ে বসল। রোদ উঠবে ভেবে সে চারুকে জীবনের কিছু সুখ ছুংখের গল্প শোনাল। ভিজে কাপড় শরীরে থেকে থেকে শুকিয়ে যাচ্ছে। রাস্তায় জল কমে গেছে—বৃদ্ধ এবার উঠে দাড়াল এবং এক মগ চা এনে পরস্পর ভাগ করে থেল। বৃষ্টি আর আসছে না, বৃদ্ধ অনেকদিন

আপের কোন গ্রাম্য সঙ্গীত মিন্মিনে পলায় গাইছে। সে তার স্থাবরঅস্থাবর সব সম্পত্তির ভিতর থেকে একটা ভাঙা এনামেলের থালা
বের করে রেস্তোরা অথবা কোন হোটেলের উদ্ধৃত্ত এবং উচ্ছিন্ট
অন্নের জন্ম বের হয়ে গেল। জীবনটা এ-ভাবেই কেটে যাচ্ছে—
জীবনটা রাজবাড়ির সদরে বুলানো এক হাত গণ্ডারের ছবির মত—
মাধা সব সময় উচিয়েই আছে।

কিন্তু কিসে কি হল বলা পেল না। সমাজের সব ধূর্ত শেয়ালদের মত আকাশ মেঘে মেঘে ছেয়ে গেল। ফের বৃষ্টি—বর্যাকাল এসে পেল। বৃষ্টি ঘন নয় অথচ অবিরাম। ফকীরচাঁদের বসবাসের স্থানটুকু ভিজে গেছে। পাগল পাগলিনীকে আর এ-অঞ্জলে দেখা যাছে না। ফকীরচাঁদ উচ্চিষ্ট অন্ন খেতে খেতে হাঁ করে থাকল—কারণ আকাশের অবস্থা নিদারুণ, আজ সারাদিন বৃষ্টি হবে… উত্তাপের জন্ম ওর ফের কারা পাচ্চিল।

চারু পাঁচিলের পাাশে ফকীরচাঁদকে টেনে তুলল। এই শেষ তকনো স্থান। ওর ভিতরে ভিতরে ভয়ানক কট হচ্ছিল। তলপেট কুঁকড়ে যাচ্ছে এবং ভেঙে যাচ্ছে। চারু নিজের কটের কথা ভূলে গেল এবং যে-কোনভাবে ফকীরচাঁদের শরীরে উত্তাপ সঞ্চয় হোক এই চাইল। ফকীরচাঁদ শীতের কথা ভেবে মড়া কান্নায় ভেঙে পড়ছে। ফকীরচাঁদ খেতে পারছিল না—কভ দীর্ঘদিন খেকে যেন বৃষ্টি আর থামবে না—শীতে শীতে বছর কেটে যাবে। ফকীরচাঁদ বলল, চারু আমাকে নিয়ে অন্য কোথাও চল।

'কোপায় যাব রে! আমার শরীর দিচে না রে!' তেব বছরের চারু তলপেটে তু হাত রেখে কথাগুলো বলল।

ক্কীরচাঁদ পুনরার্ত্তি ক্রল. 'আমাকে কোথাও নিয়ে চল বে চারু।' চাক্স এনামেলের থালা থেকে বাসি কটি এবং ডাল খাচ্ছিল। ভিজে জবজবে কাপড়। ভিতর থেকে ওর-ও শীভ উপরে উঠে আসছে। এবং মনে হচ্ছিল জরায়ুর ভিতর কেন্ট যেন গাঁইতি মেরে গভীর ক্ষত স্থান্ট করার চেষ্টা করছে। চারু নিজের এই কষ্টের জক্ত কটি মুখে দিতে পারছে না এখন এবং ফকীরচাঁদের কথার জবাব দিতে পারছে না।

বাস ট্রাম যাবার সময় কাদা জল উঠে আসছে ফুটপাথে। ফুটপাথ কর্দমময়। ফকীরচাঁদের এখন উঠে দাঁড়াবার পর্যন্ত শক্তি নেই। সে ক্রেমশ শুবির হয়ে পড়ছে। এখন সর্বত্র যেন বরফের মত ঠাণ্ডা এবং কাকগুলো বিজ্ঞলির তারে বদে বসে ভিজ্ঞছে। থেকে থেকে ট্রাম বাস চলছে এবং ছাতা মাথায় যারা যাচ্ছিল তারা ছাতার জ্বলে আরও ভয়াবহ করে তুলেছে ফুটপাত— সুভরাং ফকীরচাঁদ বৃদ্ধ, সুন্দর হস্তাক্ষর ছিল হাতের, পণ্ডিভ ছিল ফকীরচাঁদ—প্রাথমিক বিভালয়ের পণ্ডিভ, তারপর ফকীরচাঁদ পুত্র এবং পরিবারের সকলকে হারিয়ে দীর্যস্ত্রভার জন্ম ফুটপাথের ফকীরচাঁদ হয়ে গেল। ফকীরচাঁদের সংগ্রহ করা শতছির গেঞ্জি এবং আবরণ এখন কর্দমময়। সে শীতে ক্ষের কাঁপতে থাকল এবং ফের কথা বলতে গিয়ে দেখল দাতমুখ শক্ত, শরীর শক্ত এবং অসমর্থ। সে যেন কোনরকমে নিজের হাতটা চাক্ষর দিকে বাড়িয়ে ধরল।

এখন দিন নিংশেষের দিকে। চারু একটু শুকনে। আশ্রায়ের জক্ত্র গোমাংসের দোকান অতিক্রম করে রাজাবাজারের পুল পর্যন্ত হেঁটে গেছে। সর্বত্র মান্ত্রের ভীড় এবং এডটুকু আশ্রায় চারুর জন্ম কোথাও পড়ে নেই। সকল ফুটপাথবাসী অথবা বাসিনীরা দাঁড়িয়ে দাঁড়িয়ে ভিজ্লছে। সকলেই মাথার ওপর ভাঙা ছাদ পেলে খুনি আর সর্বত্র ভলাওঠার মত মড়কের সামিল পথ ঘাট। স্কুতরাং চারু ফিরে এসে হন্ডাশায় ফকীরচাঁদকে কিছু বলতে পারল না। সে ফকীরচাঁদের পাশে চুপচাপ বসে পড়ল। ঠাওা লাগারে জন্ম শীতে এখন সে ঠাণ্ডা হাওয়া দিছে। ঠাণ্ডা হাওয়ায় বৃষ্টির ছাট সর্বত্রগামী।
বৃদ্ধের চুল দাড়ি ভিজে গেছে। রাস্তার আলো রন্ধ ফকীরচাঁদের
মূখে—দাড়িতে বিন্দু বিন্দু জল মৃক্তোর অক্ষরের মত—যেন লেখা,
আমার নাম ফকীরচাঁদ শর্মা, প্রাথমিক বিভালয়ের পণ্ডিত, নিবাস
যশোহর—ফকীরচাঁদ উদাদ চোঝে বৃষ্টির শব্দ শুনতে শুনতে এ-সব
ভাবছিল। চোখ ঘোলা ঘোলা ওর, চারু এই বৃষ্টিতে বঙ্গেই
এনামেলের থালা থেকে ঠাণ্ডা অড়হড়ের ডাল এবং রুটি ফকীরচাঁদের
মূখে দিতে গেল। সে মুখে খাবার তুলতে পারছে মা—ঠাণ্ডায় মুখ
শক্ত। সে শুধু উত্তাপের জন্ম হাত ত্রো চারুর হাটুর নীচে মস্থা
সকের ভিতর গুঁজে দিতে চাইল।

চারু বলল, 'দাত্ব তুই ইতর হয়েছিদ?' বলে হাতটা তৃলে দিতেই দেখল, ক্কীরচাদের চোখ যেন ঘোলা ঘোলা—ফকীরচাদ যেন মরে যাচেছে।

সে চাৎকার করে উঠল, 'দাছ! দাছ!' ফকীরচাঁদ ঈবং চোখ মেলে ফের চোখ বুজতে চাইল।

চারু তাড়াতাড়ি একটু মাশ্ররের জন্ম হোক অথবা ভীতির জন্ম হোক উঠে পড়ল। রপ্তি মাথায় একটু মাশ্ররের জন্ম দোকানে দোকানে এবং কুটপাথের সর্বত্র এমন কি গলি ঘুজির সন্ধানে দে ছুটে ছুটে বেড়াল। রপ্তি ক্রমণ বাড়ছে। কুটপাথে কের জল উঠতে আরম্ভ করেছে। আর অধিক রাতে চারু যথন ফিরল, যথন কের তলপেটে ঈশ্বর কামড়ে ধরছে, শরীর্টা হুয়ে পড়ছিল, জলের জন্ম ভিতরে ভিতরে ঈশ্বর মোচড় দিচ্ছে এবং ট্রাম বাস চলছে না, ইতস্তত দূরে দূরে কিছু ট্যাক্সী কচ্ছপের মত ভেসে আছে এবং হোটেল রেঁস্তোরার দরজা বন্ধ হয়ে যাচ্ছে, কেউ রপ্তিতে ভিজে জেগে থাকবার জন্ম বন্দে নেই—চারুর তথন ক্রিষ্ট চেহারা বড় করুণ দেখচ্ছিল। সামনে অপরিচিত অন্ধকার, চার্চের সামনে হেমলক গাছ—লোহার রোলিং টপকে গেলে ছোট ঘর এবং সেখানে কাঠের ক্ষিন মাচানের মত করে রাখা। হেমলক গাছের বড় বড় পাতার

ভিতর জলের শব্দ আর সামনে স্ব ক্বরভূমি—চার্চের ভিত্র কোন আলো জলছে না চারু নিংশকে লোহার রেলিং টপকে কাঠের কফিনের ভিতর শুয়ে সম্ভান প্রসবের কথা ভাবতেই ফকীরচাঁদের কথা মনে হল—আবার সেই পথ এবং জলের শব্দ চারু ফুটপাথের জল ভেঙে ফকীরচাঁদকে আনার জন্ম ধীরে ধীরে রাজবাড়ির সদর দরজায় ঝোলানো এক হাত গণ্ডারের ছবির নিচে দাঁড়াল। ওর অন্তত এক কারা উঠে আসছে ভিতর থেকে। জন্মের পর এই বুদ্ধকে দে দেখেছে আর দেই মোষের মত পুরুষটা যাকে দে তার ভালবাসা দিতে চেয়েছিল, যে চুণ গোলা জল ফেলে ঘুঘু পাখিদের উড়িয়ে দিয়েছে সদর দরজায় এক হাত গণ্ডারের ছবির নিচে দাঁড়িয়ে চারু কাঁদতে থাকল। বৃষ্টির ঘন ফোঁটা, গাছ গাছালীর অস্পষ্ট ছায়া অথবা দাপ বাঘের ডাকের মত ব্যাঙের ডাক আর নগরীর হুর্ভেছ স্বার্থপরতা চারুর তুঃখকে অসহনীয় করে তুলছে। চারুর শ্বাস নিতে কষ্ট হচ্ছে। এমন কি পাগলেরাও এই রৃষ্টিতে বের হচ্ছে না, পুলিশ কোথাও পাহারায় নেই। চারু একা এত বড় শহরের ভিতর এখন একা এবং একমাত্র সন্থান যে মুখ বের করবার জন্ম ভিতরে ভিতরে প্রাণপণ চেষ্টা করছে। তথনই চারু দেখতে পাচ্ছে পাগল জলের ভিতর হেঁকে হেঁকে যাচ্ছে, 'হু ঘরের মাঝে অথৈ সমুদ্ধুর। 'পিছনে পাগলিনী। আজ এই রাতে হুজনের হাতেই লামি। লাঠির মাথায় পাথির পালক উডছে।

চারু ফকীরচাদের হাত ধরে কফিনের ভিতর ঢুকে প্রস্ব করার জক্য কাঠের দোকানগুলো অভিক্রম করে গেল। ফকীরচাঁদ দেখল ওদের কাপড় জামা জলে ভিজে সপ সপ করছে। শীত সেজ্বস্থ ভয়ঙ্কর। ওরা ছজনে প্রথম জামা কাপড় ছেড়ে ফেলল—এখন ফকীরচাঁদই সব করছে। চারু মতীব ছঃখে এবং বেদনায় একটা খুঁটি ধরে দাঁড়িয়েছিল। ওদের শরীরে কোন আবরণ ছিল না। মাচানের নিচে চারু ঢুকে যেতে চাইল। কিন্তু কফিনের

ভিতরে কে যেন ফিস কিস করে কথা বলছে। '—কে ! কে !'
ককীরচাঁদ চীংকার করে যুবকের মত রুখে দাঁড়াল।

কফিনের ডালা খুলে মুখ বের করতেই বুবল সেই পাগল, পাগলিনী। ওরা আশ্রয়ের জ্বন্ত এখানে এসে উঠেছে।

ফকীরচাঁদ বলল, 'ভোরা সকলে মিলে চারুকে ধর। **চারু**র বাচ্চা হবে।

ফকীরচাক এবং পাগল হেমলক গাছটার নিচে বসে থাকল।
পাগলিনী নায়ের মত স্নেহ দিয়ে চারুকে কোলে তুলে চুমু খেল
একটা। তারপর কফিনের ভিতর সস্তানের জন্ম হলে পাগলিনী
গ্রাম্য প্রথায় তিনবার উলু দিল। সেই শব্দের ঝংকারে মনে হচ্ছিল
সমুত্র কোথাও না কোথাও আপন পথে অগ্রসর হচ্ছে, মনে হচ্ছিল
—এই সংসার হাতি অথবা গণ্ডারের ছবির ভিতর কখনও কখনও
লুকিয়ে থাকে। শুধু কোন সং যুবকের সংগ্রাম প্রয়েদ্রন। পাগল
হেমলক গাছের নিচে শেষ বারের মত চীংকার করে উঠলো—'কে
আসবি আয়, সংক্রান্তির মাদল বাজছে আয়।' ককীরচাঁদ ধূসর
অন্ধ্রকারের ভিতর স্থানর হস্তাক্ষরে শিশুর নৃতন নামকরণ করে
অন্ধৃত্য এক জগতের উদ্দেশ্যে নিরুদ্ধেশ হয়ে গেল।

যে গ্লানিট্কু এই জনির ভিটেনাটির স্পর্শে করুণ হয়ে ছিল, যা কিছু খড়কুটোর তিছু বর্তুমান ছিল, বড় বড় বৃষ্টির ফোঁটা এবঃ ঘৃষি হাওয়া সকল গ্লানিকে, সকল চিছুকে নিঃশেষে মুছে দিল। এই জনির পাশে সকল কাঁচা পথ—অন্য এক বস্তি। এক বালক জানালাতে প্রভ্যাশিত চিত্রের মভ। সে ভার থেকে সকল ঘটনার সাক্ষী ছিল। স্বভরাং যখন সব চিহু নিঃশেষে মুছে গেছে, ঘখন রুশ্ব পাক্ড় গাছে শহরের পাখিরা এসে আশ্রয় করছে তখন সে ক্লান্ত গলায় ডাকল, মা, মাগো!

একফালি ঘর। এই প্রথম একফালি বিকেলের রোদ এসে ঘরময় যেন পায়চারি করছে। সে জানালায় বসে বসে প্রভাক্ষ করছিল সরু কাঁচা পথ অতিক্রম করে স্থার আলো ওর ঘরে প্রবেশ করেছে। বৃষ্টির ভাজা গদ্ধ রোদের রঙে। সে হাভ তৃলে যেন রোদের রঙকে স্পর্শ করতে চাইল। পাশে হোগলার বেড়া দেওয়া নিকৃষ্ট অবয়বের বস্তি, কিছু পূর্ববঙ্গের মানুষ। ওরা এখন নেই। সরকারের গাড়ি এসে, পুলিস এসে সকল ঘর ভেঙ্গেছে, দানবের মন্ড যন্ত্রটা সারাদিন গর্জন করছিল। কিছু কান্না এবং অস্পষ্ট কোলাহল ভোরের দিকে ছিল, তৃপুর পর্যন্ত পথচারীদের একটা সাধারণ রকমের ভিড়—তারপর বৃষ্টি আর বৃষ্টি, ঝড়। উন্নাম্ভ মানুষের শ্বভিকে লালন করার ইচ্ছার বৃষ্টি, ঝড় যেন সবৃজ্জের ঘর তৈরী করছে মাঠে।

ছপুরের পর পুলিস, গাড়ি এবং প্রথচারীদের ভিড়টা পাড়েল। হয়ে গিরেছিল। সে দেখল—ঝড় বৃষ্টি থামলে অথবা সময় অতিবাহিত হলে একফালি রোদ ওর জানালায় এসে পড়েছে। যে অপার বেদনা ভোর থেকে মনে আত্রয় করে শুমরে মরছিল, এই উজ্জ্বল আলোকে সে সকল বেদনা নিঃশেষ হয়ে গেল। জীবনের প্রথম এই

উত্তাপ নির্মলকে চঞ্চল করে ছুলছে। সে রোদের উজ্জ্বল রঙ দর্শনে হাঁটবার স্পৃহাতে পায়ে হাত রেখে কিছু উচ্চারণ করেছিল। যেন সে বলতে চাইছিল, ঈশ্বর আনি ওদের (উদ্বাস্ত) মত এই পথ ধরে অন্য কোথাও হেঁটে যেতে পারি না। ওদের মত নির্ফদিট হতে পারি না। সে তার দেহকে এই রোদের রঙে নিমজ্জিত করার জন্য দেয়াল ধরে উঠতে গিয়ে গড়িয়ে গড়িয়ে নিচের নেঝেতে পড়ে গেল।
—মা, ও মা!

চারুবালা অন্স ঘরে প্রসাধনে ব্যস্ত। সুতরাং আয়নায় প্রতিবিশ্ব রেখে একমাত্র সন্তানের কণ্ঠশ্বর শুনল। এই স্বরে সে যেন নিদারুণ বিরক্ত। সে বলল, 'নিমু তুমি এই অবেলাতে কেন।'

তুমি এস। আমি নিচে পড়ে গেছি! চারুবালা প্রসাধনের কৌটা ঘরের অন্ধকারে লুকিয়ে এবং মুখে হন্তাশার চিহ্ন এঁকে দৌড় দিল। ঘরে ঢুকে বলল, 'কেন, কেন তুমি ফের দাঁড়াবার চেন্তা করলে?' চারুবালা ভাড়াভাড়ি নির্মলকে কোলে তুলে নিল! বড় ভার এই শরীরের। সে অভ্যন্ত যত্নের সঙ্গে নির্মলকে তক্তপোশে তুলে দিয়ে বলল, 'জানালায় বদে থাক। দাঁড়াবার চেন্তা করো না। ভগবান চোখ তুলে ভাকাবেন।'

এ-সময় অন্যান্য ঘরে, অথবা গলির নোড়ে এবং অন্য অনেক অন্ধকারে সকল বালার দল প্রসাধনে ব্যস্ত। ওরা চুরি করে কেউ ঘরে কেউ শহরের আলায় আলায়ে সঙ্গী খুঁজে খুঁজে অভাবে অনটনে ইচ্ছার পরমায়কে বাড়াবে। যখন চারুবালার একাস্ত হ্বান্থিত হওয়ার কথা তখনই কিনা এইসব বিরক্তিকর ঘটনা । অথচ জানালায় রোদ চারুবালার খুশী হওয়ার কথা—দীর্ঘ পনের বছর ধরে ঘর-সংলগ্ন ভীর্ণ দেয়ালগুলি এই ঘরে সুর্যের উত্তাপ প্রবেশ করতে দেয়নি।

চারুবালা বলল, 'নিমু এই ঘরে এত রোদ।'

নির্মল চারুবালার বুকের কাছে মুখ রেখে বলল 'মা, আমরা কবে যাব ? কখন তুমি আমাকে জলছত্র করে দেবে ?

চারুবালা কোন জবাব না দিয়ে উঠে গেল। নির্মল তেমনি জানালাতে বদে থাকল। বৃদ্ধ ফকিরচাঁদ বারান্দায় কাক তাড়াবার মত শক করছে। পাশের ঘরে প্রতিদিনের মত তেমনি খুটখুট শক তারপর দূরে দূরে যুবতীর কৡস্বর, ইতস্তত ফিসফিস কথাবর্তা, বড় রাস্থায় মোটর বাস ট্রামের শব্দ এবং রেলপুলে একটা এনজিন চলতে চলতে থেমে গেল। মা এ-সময় ফকিরচাঁদকে বললেন, আমি যাচিছ। কৌটায় সন্দেশ আছে। ওকে দিও। নির্মল দেখল, তখন দূরে পার্কের বিচিত্র সব সাছগুলোতে সূর্যের শেষ রঙ। আকাশে কিছু পাখি উড়ছে। এতবড় মাকাশ তার জীবনে এই প্রথম। এতবড় ভাকিশি লেখে মায়ের বলিত সেই সব্জ প্রান্তরের কথা মনে হল, তরমুজ খেতের কথা মনে হল। বড় রাস্তার ধারে ছোট নীল রঙের ব।জি। কয়েদবেল অথবা কামরাঙ্গা গাছের ছায়া, নির্জন প্রান্তরে ছোট নদী ফটিক জল — দূর থেকে আগত সব তীথ-যাত্রী, নির্মল জনছত্র খুলে ভৃষ্ণার জল দিচ্ছে সকলকে। এতবড় আকাশ দেখে ভব ফের ইটিতে ইচ্ছা হল। মাগো, আমাকে ভোমার সেই ফেলে আসা দেশে নিয়ে চল।

নির্মল ওর পদ্ধ পা ছটোতে ভলেবাসার হাত রাখল। মা চলে গেছেন। বড় রাস্তার বাস ধরে মা কোথায় চলে যান! কারখনার ঘড়িতে সাতটা বাজে, অটিটা বাজে, দশটা বাজে—নির্মল ঘুমোতে পারে না। মার জন্ম কট্ট হয়। মা আসবেন। দরজার শব্দ হবে। মা পুর আন্তে কড়া নাড়বেন। নির্মল জানালাতে বসে থেকে বড় বাস্তার সব গাড়ির শব্দ শুনে কখনও উৎকর্গ কখনও উদ্বিয়। নর্দমার পচা গদ্ধ এই ঘরে এবং সর্বত্য—জানালায় বসে বিকেলের গাড় রঙ দেখে নির্মল এইসব ভাবল। ঘর-সংলগ্ন উদ্বাস্ত পদ্ধীর কোন চিহ্ন নেই। সামনে একটা মাঠের স্থি হয়েছে। বৃষ্টির জনা মাঠ, ঘাস এবং পথ ভিজা।

এই মাঠে নির্মল দোনাপোকা উড়তে দেখল। তখন বড় রাস্তায়
একটা বাস ভয়নক-ভাবে ফ্সে উঠল। রাস্তায় কোলাহল। লোকজন ছুটছে। বস্তির সকল নারী-পুরুষ রাস্তার মোড়ে এসে ভিড়
স্পৃষ্টি করছে। এবং কোন তুর্ঘটনার কথা সকলের মুখে মুখে।
নির্মলও যতটা পারল জানালা দিয়ে গলাটা বের করে বড় রাস্তাটা
দেখতে চাইল। অংশত দৃশ্যমান রাস্তার উপর ইট-পাটকেল ছুঁড়ছে,
যেন কারা। বাস-ভাইভার ছুটে পালাচ্ছে। পুলিশের গাড়ি হোঁ
মোরে লাশটা নিয়ে পথটাকে নিজন করে উধাও। আবার ট্রাক
ধাসের শন্দ। লোক চলাচল করছে। নির্মল পা তুটোতে ভালবাস।র
হাত রেখে বলল, ফকিরটাদ আমার এই ঘর ভাল লাগছে না।
আমি কোথাও চলে যাব ক্লকিরটাদ। যেন আরও বলার ইচ্ছাঃ
আমার এই পদ্ পা নিয়ে নির্মল কোন প্রান্তরে লাল নীল কাঠের
ঘরে দ্র থেকে আগত তীর্থ্যান্তীদের জনা জলছত্র প্রলব। ফকিরচাদ ভূমি শুধু মাটির বড় বড় জালাতে জল ভরে রাথবে।

কিছুক্লণ আগে সূর্য ভূবে গেছে। ঘরে ঘরে কেরোসিনের আলো। বড় রাস্তার লাইটপোস্টের আলোনর্দনা অভিক্রম করে কোনো কোনো ঘরের দাওয়ায় এসে পড়েছে। পচা গন্ধটা অনবরত এই বস্তি-অঞ্চলকে আবিলভায় ডেকে কক্ষ এবং কয় করে রাখছে। অথচ চায়ের লোকানে ভাঙ্গা টেবিলে সংবাদপত্র এবং বৃভুক্ষু লোক সব এই সংবাদপত্র পাঠে জঠরে মন্দায়ি স্বষ্টিতে সচেট। সন্ধার পর বস্তির সদানন্দ শ্রমিক খড়ম পায়ে গট খট করে নির্মলের জানালা অভিক্রম করবে। চায়ের দোকানে বসে উচ্চথরে পত্রিকা পাঠ করবে। নির্মল সল্ল আলোতে বসে এই সংবাদপত্র পাঠে উত্তেজিতদের বিদ্ধা স্বস্টিকারীদের কথাবাওা কিছু শুনতে পাবে। পৃথিবীতে এত সব হচ্ছে অথচ আনার পা ছটো ভাল হচ্ছে না কেন ং মা রোজ এত রাভ করে আসে কেন ং মালুযের পরমায়ু বাড়ছে (সদানন্দের পত্রিকা পাঠ থেকে সে ধরণীর সকল খবর রাখছে) অথচ আত্মহত্যা, অকালমৃত্যা, কমছে না, আমরা সকলে খেতে পাচ্ছি মা, ফ্কিরটাদ

একবেলা খেতে না পেলে কাদে। মার বিষয় চোখ তথন ভরানক, ভরানক ইতর। সত্কা তুমি চেচিয়ে পত্রিকা পাঠ করো না। এ-সময় মার সম্বন্ধ ওর একটা ভয়ানক অস্তস্থ চিন্তা মনের সিঁছি বেয়ে উপরে উঠে এলে নির্মল বছ় রকমের একটা হাই ফুলল। হৃদ্ধ ফকিরটাদ বারান্দায় ঘুমুছে। কোথাও কোন অন্ধকারের গহ্বরে যুবতীর কঠ যেন স্তিনিত এবং ইছ্ছার পরিপাকে সকলকে ভোগাছে। নির্মল শুয়ে এই সব শদ শুনতে পাছে। কারখানাতে কোন শব্দ উঠছে না। রেল্লাইনে এখন কোন গাড়ি চলছে না—বছ় রাস্তায় বাস-টাকের যাতায়াত কমে আসছে। আজ বিকেলে ওর জানালায় রোদ এসেছিল—সে কাল থেকে রোদে পা রেখে বদে থাকরে, ভারপর পায়ে শক্তি সঞ্চয় হলে সে একনা গেটে এই ধরণীর সব স্থা-ছঃখকে অতিক্রম করে লাল-

রাত যত ঘন হয়, ভিন্ন ভিন্ন ছঃখবেংধ নির্মলকে তত গ্রাস করতে থাকে। বরুস বৃদ্ধির সঙ্গে এই সব ছঃখবোধ বাড়ছে। এই তিনজনের সংসাং মা সব এবং সকল কামনাব প্রতীক। কিকিরটাদ সম্পর্কে কি হয়। কালো কুচ্ছিত মুখে ককিরটাদের বাঁভংস গছর, দাতের ফাকে ফাকে ফাকে অশিষ্ট ছুর্গন্ধ। ক্ষকিরটাদকে না কভদিন ধরে ধরে মারধোর করে—এই সব নির্মলের ভাল লাগে না। মার এই রাত করে ফেরা সম্বান্ধ ককিরটাদকে কিছু প্রান্ধ করতে ভয় পায়। স্থভরাং এ-সনয়ে সে কেমন বিপন্ন নায়ুযের নত ডেকে উঠল কের 'মা!' পনের বছর ধরে এই এক আবদ্ধ ঘর একফালি জানালা, ছুটো ক্যালেণ্ডার একটা ভাকে কিছু বক্নারী ও্যুধ কিছু নতুন-পুরানো বই—যা সে এত পড়েছে, কণ্ঠস্থ স্থ-কের মত—সে এখন ইচ্ছা করলে সকল পাঠ উগলে দিতে পারে।

নির্মল বালিশে মুখ চেকে পড়ে থাকল। ফকিরচাদ ওকে ছটো কটি, একটা কাঁচা পোঁয়াজ, একটু আলু-পটলের ডালনা খেতে অনুরোধ করেছিল—কিন্তু নির্মল অঞ্চিতে ভুগছে এমন মুখে নিয়ে বলেছিল— ফকিরচাঁদ, আমি মার সঙ্গে খাব। তুমি খেয়ে শুয়ে পড়া ফিকিরচাঁদ শোবার আগে একটু তেল মালিশ করে দিল নির্মালের পায়ে। কবিরাজী তেলটার গন্ধ এখন এই ঘরে। মা এখন ও ফিরছেন না। নির্মল বালিশে তেলের গন্ধ নিতে মিতে যখন ঘুম আসবে না ভাবল, যখন দেখল অক্যান্স দিনের চেয়ে আকাশে অনেক বেশী নক্ষত্র এবং সাদা আকাশ, তখন জানালায় বসে কয়েকটি কণ্ঠস্থ শুবক আর্ত্তি করতে থাকলঃ "মুনি বলে শোন রাজা পাওব চরিত্র, যাহার শ্রেবণে হয় জগত পবিত্র।" এ-সময়ে দংজায় কড়া নাড়ার শব্দে সে সচকিত হল। মা ঘরে ঢ়কলে বলল, 'আমি মহাভারত আর্ত্তি করছিলাম।

চারুবালা বিপর্যস্ত শ্রীরটা ভ্রানক কটে এ-ঘর প্রস্তু টেনে আনতে সক্ষম হয়েছিল। সে নির্মলকে আদর করবে ভেবে বিছানায় উঠেও বসেছিল—কিন্তু কোন যুবকের প্রচণ্ড উদ্ব্যালভার চিহ্ন এই শ্রীরের সকল স্থান বহন করছে। সে আর বসে থাকতে পারছে না। কিছুক্ষণের জন্য নির্মলের পায়ের কাছে পড়ে থাকল। নির্মলের গায়ে হাত বুলিয়ে আদর করতে পারল না অথবা বলতে পারল না—কাল বিকেলে আনাকে মহাভারত আরত্তি করে শোনাবে আমি কোথাও যাব না। আমি ভোনার পায়ের কাছে বসে মহাভারত শুন্ব।

নির্মল মাকে এ-ভাবে জায়ে থাকাড়ে দেখে মেথায় হাত রাখল এবং ডাকল, মা মালো !

কোথেকে কতক পায়রা উড়ে এদে বদল মাঠটাতে। ফাঁকা মাঠ পেয়ে অহেতুক বকম বকম করছে। এক পাশে পচা হোগলার স্তুপ। বস্তির কিছু বেওয়ারিশ কুকুর এবং বেড়াল ঘুরে বেড়াছে। কিছু ঘাসের চারা উকি দিছে এখন। বেড়াল দেখে অথবা কুকুর দেখে পায়রা উড়ছিল, পাশের ক্লগ্ন পাকুড়গাছে বসেছিল। বুড়ো লোকটি এদে প্রতিদিনের মত নিজের বাদস্থানের মাটিট্কুতে হাত রাখল, উত্তাপ নিল মাটির। নিম্ল দিন দিন এই মাঠে নতুন সব আগন্তকদের দেখে খুশী হচ্ছে। এই মাঠই যেন তার সেই নির্জন সবুজ প্রান্তর অথবা লাল-নীল কাঠের ঘর। ছোট্ট নদী অথবা ফটিক জল। দে বুড়োকে ভেকে বলল দিছে মাটিতে ঘাস গজাচ্ছে তোমার ভাল লাগছে না।

তারপর একদিন নির্মল জানালা থেকে দেখল বস্তির সব উলঙ্গ শিশুরাও এই সবুজ মাঠকে আবিষ্কার করে নিজেদের মত করে নতুন এক রাজ্য সৃষ্টি কবছে। বস্তিব কিশোর-কিশোরীরাও নিজেদের মত কবে একটু জায়গা চেয়ে নিল যেন। অথচ বুড়ো-লাকটা নিজের জায়গাটুকু ছাড়ছে না। এই মাঠ, ঘাস এবং বস্তির এই খুশির সংসার দেখে একনা নির্মল নিজের প্রিয় জনজ্ত্রের কথাও ভূলে গেল। কারণ ফ্রক-পরা-টগর এসে বলেছিলঃ ভূমি আমাদের বাজা গো। তোমাকে ভূমে আমরা বৃদ্ধি ধরব।

শ্যামলা রঙের নেয়ে টগর। কানে তুল ছিল পিতলের, মাথায় ঘন চুল ছিল, চোখ ছোট অথচ নাকের গড়ন যেন তালপাতার এক বানি। সুযের বহু তেমনি বিকেলের মত। নদমার পঢ়া গন্ধ রৃষ্টির জলে ভিজে আরও সাঁতেসেঁতে। টগর ছোট চোখ বড় করে বলেছিল কি গো কিছু যে বলছ না প

নিমল অক কথা বলল, 'একদিন আনাকে এই নাঠে নিয়ে বসাবে গুবছ রাস্থাটা কোথায় গেছে দেখব ব

টগর বলল, "রাস্তাটা বারাসত গেছে। তারপর নদী।"

— উগব, মা বলেছেন আমি ভাল হলে নদী পাহাড় সমূদ দেখব। মা আমাকে তীর্থে তীর্থে নিয়ে যাবেন। আমি ঠিক ভাল হয়ে উঠব।

্টগর জানালার উপর থুতনিটা চেপে বলল, 'সকলে যে বলছে তুনি আর কথনও ভাল হবে না! নির্মল টগরের দিকে চোখ ভুলে তাকাল। মা বলেছে আমি নিশ্চয়ই ভাল হয়ে উঠব। ডাক্তার বলেছেন, আমাকে খুব ভাল খেতে দিতে হবে। মা তার জন্ম প্রাণপাত করছেন।

- —সকলে যে বলছে ভূমি ভাল হবে না। টগর কথাটারে পুনরাবৃত্তি করল।
- —কেন ভাল হব না! জানালা ছেড়ে সরে দাঁড়াও, ঘরে সালো চুকতে দাও।

টগর, জানালা থেকে সরে দাড়াল এবং আত্তে আত্তে বলল, 'তুনি ভাল হলে আমি খুব খুশী হব।'

সবুজ ঘাস এখন এই মাঠে। কিশোর-কিশোরীরা নাচ্ছে অথবং ছুটছে। টগর ওদের ভিতর রাণীর নত। শহরের এই ঘন বস্থি-অঞ্চলে ছোট একখণ্ড জমি আবিষ্কারে ওরা চঞ্চল। একটি রুণ্ন পাকুডগাছ এবং রাজ্যের বিচিত্র পাখির আশ্রয়—এই অঞ্চলকে স্বার্থপর দৈতোর হাত থেকে কোন এক ঈশ্বর যেন নিয়ত রক্ষা করছেন। নির্মলের ইচ্ছা হল জানালা অতিক্রম করে ঘাসের নরম আশ্রামে অথবা কলের শব্দ শোনার জনা ছু পায়ে ভর দিয়ে কিংবা রুগ পাকুডগাছটার নিচে বসে সকল পাখির ডাক শুনতে শুনতে ঘুমিয়ে পড়ে। নিমন জানালাতে হাত রাখল। সকল কিশোর-কিশোরীরা ওর হাত স্পর্শ করে চলে যাচ্ছে, আবার ফিরছে, ঘোডাব মত ছোট ছোট পায়ে কদন দিচ্ছে। রোদ তক্তপোশ থেকে দেয়ালে উঠে যাচ্ছে। পা ছটোকে সে শুইয়ে রাখল হোদে। সূর্গর উত্তাপে প্রাণ মঞ্চারের আশায় দে বদে থাকত। যখন ওরা ছুটছে যথন ওরা বুড়ি স্পর্শ করার জন্য প্রাণপণ ছুটছে তখন নির্মল উত্তেজিত হতে থাকে। আহা ওদের হু পায়ে ঘোড়ার পায়ের মত সামর্থা। ওরা যত ছুটছে নির্মল তত এক প্রাগাঢ় অমুভূতি। উত্তাপে ক পতে থাকল। আকাশ এত নীল, পথ এত শব্দময়, কারখানাব পাশে এক পাগল চিত্রকর। এই জানালায় নির্মালের মুখ তারপর বড় রাস্তা ধরে বাস, ট্রাক ছুটছে।

—এই বিকেলে গগনভেরী পাখিদের ডাক কোথাও শোনা যাচ্ছে না গো। ফকিরচাঁদে বারান্দায় বদে কাঁদবার ভঙ্গীতে কথাগুলো বলল।

টগর জানালায় এদে বলল, 'রাজা, সন্ধা হয়েছে, এবার আমরা যবে।'

সন্ধ্যা হল বলে সকলেই চলে গেল। সেই বুড়ো মানুষ্টা শুধু বসে আছে। এটা ভাজ মাসই হবে, কারণ মাঝে মাঝে গরম কম মনে হচ্ছিল। আকাশ মাঝে মাঝে নীল অথবা একান্ত স্বচ্ছ। আর আথিনের মাঝা-মাঝিতেই নির্মল একদিন দেখল টগর মাঠে নেই। সকলে এল অথচ টগর এল না। ভেবেছিল টগরকে আজ সহসা স্থবর দিয়ে খুশী করবে। টগর আমি ভাল হয়ে উঠছি, পায়ে যেন শক্তি হচ্ছে। নির্মল কোখাও ঢাকের শক্ত শুনল। কোখাও ঢালে বাজছে। আশিনের মাঝানাঝি—আনক দ্রে সানাই বাজছে। প্রতিমা বোধনের বাজনা বাজছে অথচ টগর মাঠে নেই। এই ক'মাস প্রতি বিকেলে নির্মল টগরের জন্ম অপেক্ষা করে বসে থাক ভ—কখন বিকেল হবে, কখন পাখ-পাখালীরা রুগ পাকুছ গছেটায় এসে আশ্রয় নেবে এব' সকল ছেলেমেযের দল হইছেই করতে করতে ছুটবে, নাচবে, খেলার ভিন্ন ভিন্ন আনন্দ প্রকাশ করে এই মাঠের নির্ক্তনতাকে ভেক্সে দেবে। নির্মল সহসা ভাবল কবে যেন টগর বলেছিল, বিগ্রাসাগরের জন্ম মেদিনীপুর বীরসিংহ গ্রামে।

তথন ছোট একটি ছেলে এসে নির্মলের জানালায় দাঁড়াল। বলল, 'টগর বাঁচবে না। ওর কলেরা হয়েছে।' সেই বিকেলে কিছু শ্রমিক এল কাঁটাভার নিয়ে। কিছু থাম গেঁথে দিল মাঠের চারপাশটাতে। ওরা বুড়ো লোকটাকে টেনে হিঁচড়ে চায়ের দোকানের সামনে রেখে গেল। তারপর কাঁটাভার দিয়ে মাঠটাকে খিরে ফেলল। বস্তির উলক্ষ শিশুরা, কিশোর-কিশোরীরা বিষ চোখে এই সব ঘটনা দেখছে—কোন প্রতিবাদ করতে পারছে না।
প্রিয় মাঠের এই ছঃসহ বন্ধনে ওরা কেমন এক ছঃখবোধে পীড়িত হতে
থাকল। ওরা একটু হেঁটে এসে নির্মলের জানালায় ভিড় করল।
বলল, 'তুমি কিছু বলছ না। ওরা যে কাঁটাতার দিয়ে মাঠকে ঘিরে
দিল।'

নির্মল কোন জবাব দিল না, সে সকলের মুখ দেখছে শুধু। এ ছঃখ তার নিজেরও। সকলের মুখ দেখে সে বিহলল হতে থাকল। টগর নেই। টগরের কলেবা হয়েছে। সোনাপোকা উড়ছে না নাঠে। বৃদ্ধ লোকটি চায়ের দোকানে বসে অপ্লাল কথাবার্তা বলছে। সছকা আসছেন খড়ন পায়ে। এখন তিনি উচ্চম্বরে পাত্রকা পাঠ শুরু করবেন। বড় রাস্তার মোড়ে গাড়ি পার্ক করার শব্দ। একজন রাজাবাহাছরের মত ব্যক্তি গাড়ি থেকে নেমে মাঠের চারপাশটা ঘুরে ঘুরে – ত্'আঙুলে তুড়ি মারছেন। হাতে হীরেব আংটি। মুখ শরীর কোলা ব্যান্ডের মত করে রেখেছেন।

ওরা জানালায় ফের মুখ তুলে বলল, 'দেখেছ, দৈত্যের মত লোকটা কেমন বড় বড় হাই তুলছে!' বলে ওরা হাসতে থাকল। দৈত্য ব্যক্তিটি পঙ্গপাল মাসছে ভেবে বিরক্ত। হাতের তুড়ি থামিয়ে কিঞ্চিত সাহস সঞ্চয় করছেন। এবং পঙ্গপাল অতিক্রম করে যেতেই চায়ের দোকানে আবছা অন্ধকার থেকে বৃদ্ধ লোকটি খ্যাক করে উঠল। ব্যাঙের মত মুখবাদন করে তাড়াতাড়ি গাড়ির ভিতর চুকে কোঁচা ঝাড়তে থাকলেন তিনি।

চায়ের দোকানী বলল, 'অঃনাদের বুড়োকর্তা পাগল হয়ে গেল গো!'

তথন ঢাকের শব্দ, ঢোলের শব্দ বাজছিল। অনেক দূরে সানাই বাজছে। প্রতিমা বোধনের বাজনা। ট্রামগাড়ি, বাসগাড়ি—বড় বাস্তার ছ-পাশে জনতার ভিড়, জানালায় নির্মলের মুথ, স্বার্থপর দৈত্যের গাড়ি বড় রাস্তা ধরে অন্য কোথাও চলে যাচেছ—এই শুভদিনে জমিতে কাঁটাভারের বেড়া। আকাশ নীল স্বচ্ছ অথচ এইসব মানুষের গতানুগতিক দ্বীবনের মধ্যেও টগর হাসপাভালে শুয়ে বাঁচবার স্বপ্ন দেখছে। এখন কেমন আছে টগর! সে কি ঢাকের শব্দ, ঢোলের শব্দ আমাদের মত শুনতে পাচ্ছে! অদ্রে সানাই যদি কখনও বাজে— সম্ভ্রম শ্রেণীর ছাত্রী টগরের যদি কখনও বিয়ে হয়! নির্মল নিজের পায়ে হাত রাখল।

জানালা থেকে এক সময় সব দৃশ্য মুছে গেল। ফকিরচাঁদ এ-ঘর সে-ঘর ঘুরে লঠন জেলে দিল, নির্মণ দেসব লক্ষ করছে না। টগর হাসপাতালে, ভগবান, টগর যেন বাঁচে। দৈত্যের মত লোকটাকে ঈশ্বর স্থমতি দিক, ফের সোনাপোকা উভুক মাঠে, মাঠের ঘাসে ঘাসে সবুজ গন্ধ থাকুক—নির্মল এইসব ভেবে উঠে দাড়াবার চেষ্টা করল। দে দেয়ালে এক হাত রেখে একটা বালিশে ঠাটু গুঁজে দিল। তারপর অন্য পা সামনে রেখে ভীরন্দাজের মত বসল। কিন্তু কিছুতেই দাড়াতে পারল না। সে কাঁপতে কাঁপতে নিচে গড়িয়ে পড়ল।

নির্মল মাকে বলল, মা আমাকে বিভাসাগরের জীবনী কিনে দিও।

নির্মল জানলায় বসে আছে। সক্ত কাঁচাপথ অতিক্রম করে কাঁটাতারের বেড়া, মাঠ, করা পাক্ড়গাছ—পাথিরা গাছ থেকে পালিয়েছে। একটা যন্ত্র মাঠটাকে কদিন থেকে চষে বেড়াচছে। যন্ত্রটা মাটির অভলে পাথর ঠুকে উপরে উঠে আসছে। তুপুর পর্যন্ত ট্রাকে ইট এসেছিল, পাথর চুন এসেছিল। এই মাঠে সাবাদিন সারামাস ধরে একটি অভুত রকমের বিরক্তিকর আওয়াজ। জানালাতে এখন রোদ। নির্মল অক্তান্ত দিনের মত পা রাখল রোদে। টগর বেঁচে নেই। টগরের স্মৃতি ওর জানালাতে রঙিন, ওর বাঁশির মত নাকে মুখে স্পষ্ট প্রতিবাদ, বড় অট্টালিকার চাপে আমরা ছোট মান্তবেরা হারিয়ে যাছিছ গো। নির্মল জানালাতে হাত রেখে রোদের ভালবাসাটুকু নিল। এই রোদে যেন সে টগরকে প্রত্যক্ষ করছে, এই রোদ টগরের প্রতিবিশ্ব যেন। জানালার কাঠে হাত বুলাল এবং

একসময় করুণ কণ্ঠে জানাল—তোমরা আমার এই রোদটুকু কেড়ে নিও না গো।

আর তথন চারুবালা বাসের এক কোণে বসে প্রতিদিনের মত আজও দেখল কর্নওয়ালিশ খ্রীট ধরে জনতার ভিড়—ওর বাসটা ট্রামগাড়ি অতিক্রম করে বিডন খ্রীট পার হলে পার্কে বিভাসাগর, পাথিরা ঈশ্বরচন্দ্রের মাথায় ময়লা ফেলে নিচে ভন্দলোকের ছড়ানো ছিটানো চানা খাছে। সে এভদিন এই পথে রোজ যাছে অথচ আজ প্রথম দেখল বিভাসাগরের চোখে পিচুটি, মুখে দাড়ি। সহসামনে হল—বিভাসাগর সারাদিন সারামাস বসে বসে নির্মলের মতই পঙ্গু। এবং আজ কেন জানি চাক্রবালার ঈশ্বরচন্দ্রের মা হওয়ার শখ জাগল। ভাবল, প্রতিরাতে ফিরবার সময় একবার করে পাখিদের মলমূত্রে তৈরি ওঁর চোখের পিচুটি এবং মুখের আবর্জনা সাফ করে দিয়ে যাবে।

চারুবালা বাস থেকে নেমে পড়ল এবং হনহন করে ইংরেজী সিনেমা পার হয়ে একটা বড় গলিতে ঢুকে গেল। পরিচিত পানের দোকান থেকে মিটি পান খেল একটা। দোকানীর সঙ্গে কিছু হাসি বিনিমর হল। তারপর নির্ধারিত ঘরে ঢোকার আগে জনতার ভিড়ে একটু দাড়াল। চারুবালার চুল স্থন্দর করে জড়ানো। ঘাড় মস্থ্র এবং নরম। তেলের গন্ধ শরীরে। একটি মির্জাপুরী পুরানো সিন্ধ চারুবালার শরীরের প্রান্থিটি ভাজকে তীব্র তীক্ষ্ণ করছে। চারুবালার চোখে কাজল। বহুৎ অট্টালিকার ফাঁক দিয়েও আকাশ স্পষ্ট অথচ নিচে ছটো নগ্ন বালক-বালিকা ভাঙ্গা টিনের থালা থেকে বাসি রুটির টুকরো, পায়েস কিছু মটরের ডাল তুলে খাছে। জনতার শরীরে বিলাসী স্থব্য, কাচ মোড়া দোকানে কত উপকরণ জীবনধারণের, ট্রাম বাস ক্রিন আলো, মাঠে অস্বারোহী দল কদম দিছে তারপর ডি।র মর জনতার ভিড়। এবং চারুবালা এ সময় কি ভেবে ছটো দতের গাঁচ দিল টিনের থালাতে তারপর ভিড় থেকে সরে পড়ল।

ফিরতি পথে কিন্তু চারুবালার নিজের কথাই মনে থাকল না। কোথার যাচ্ছে, কেন যাচ্ছে—কোন ইচ্ছার অন্তিষ্টে সে এভাবে ছুটছে? অথচ একই পথ। নির্জনতা শুধু এখন পথের সর্বত্র। ইতস্তত ট্যাক্সি এবং শেষ বাস শহরের চলে যাচ্ছে। পার্কে বিভাসাগর তেমনি পঙ্গু। জনতার ভিড় ব্যতীত সব দৃশ্য সকল একইভাবে দৃশ্যমান। বিভাসাগরের পায়ের কাছে নগ্ন তুই শিশু ঘুমিয়ে আছে। চারুবালা জননী হবার ইচ্ছার কথা আদৌ শ্মরণ করতে পারছে না। অস্তান্য দিনের মত সে দৃশ্য সকল দেখতে দেখতে অথবা চোখ বুজে পড়ে থেকে ট্যাক্সিতে গীর্জা, রঙ্গমঞ্চ প্রভৃতি অতিক্রম করছে কেবল।

ঘরে ফিরে দরজায় মৃত্ আঘাত করল চারুবালা। ফকিরচাঁদ উঠে গিয়ে দরজা খুলে দিল। উঠোন পার হয়ে বারান্দায় উঠে দরজা দিয়ে দেখল চারুবালা, নির্মল ঘুমিয়ে আছে। চারুবালা আজ ভাল করে সান করল। ফকিরচাঁদকে বলল, আমার খেতে ইচ্ছে হচ্ছে না। দরজা বন্ধ করে শুয়ে পড়। চারুবালা নিচে বিছানা করল না আজ। নির্মলের পাশে একট্ জায়গা করে শুয়ে পড়ল এবং নির্মলের শরীর থেকে ভাগ নিতে গিয়ে কাতর আবেগে বলে উঠল, ভগবান, আমি যে আর পারছি না।

প্রদিন নির্মল বলল 'মা চল আমরা এখান থেকে অন্ত কোথাও চলে যাই।'

চারবালা চা খেতে খেতে হাসল। কেন ভাল লাগছে না ?

—না মা, আমার ভাল লাগছে না। মাঠে কত বড় বাড়ি হচ্ছে, বাড়িটার জয়ে আমার জানালায় রোদ আস্বে না আর।

চারুবালা এবারেও হাসল। তুমি ভাল হয়ে ওঠ তারপর আমরা চলে যাব।

—আমরা সেই কাঠের ঘরে চলে যাব না মা ? চারুবালা জ্বাব না দিয়ে লক্ষ্মীর পটের দিকে তাকাচ্ছে।

—সেখানে ছোটু নদী থাকবে, তরমূজ খেত থাকবে নামা ! আমি জলছত্র দেব নামা ? দরজার বাইরে বৃদ্ধ ফকিরচাঁদ বলছে, গগনভেরী পাঝি থাকবে দেখানে চারু গ

চারুবলো বলতে চাইল যেন সবই থাকবে, শুধু আমি বৃঝি থাকব

তারপর নির্মল নিজের চোখের উপরই দেখল, ইট কাঠ পাথরের বিরাট প্রাসাদ এই সবুজ ঘাসের উপর তৈরী হচ্চে। এই প্রাসাদের মত বাড়িটা ওর জানালার এতটুকু রোদকৈ নিঃশেষে মুছে দিল। শ্রমিকের। ছাদ পিটাছে এবং অশ্লীল গান গাইছে। নির্মল চাক্তবালাকে বলে চার চাকার একটা কাঠের গাড়ি তৈরী করাল। ফকিরচাঁদকে গাভিটা ঠেলে দিতে বলল রাস্তায়। ভারপর বড় রাস্তায় উঠে র্ষ্টিতে ভিজে সকল আমিকের সঙ্গে গলা মিলিয়ে দেবার স্পুহাতে চোথ তুলতেই দেখল—স্বার্থপর দৈতা গাডি থেকে নামছে, দূরে তার মা। চায়ের দোকানে সাত পাঁচ রকমের লোক এবং ওদের মুখে ভিন্ন ভিন্ন কথা। নির্মল মুখ ফিরিয়ে নিল। দেখল, বস্তির সকল উলঙ্গ শিশুরা ওকে ঘিরে হইচই করছে। ওরা লাফাল, নাচল। দে কাঠের বাক্সটার মধ্যে বদে আছে। সকলে মিলে টানছে গাড়িটাকে। গাড়িতে বসে নির্নলের মনে হল, গাছ ফুল পাখি অথবা এই পথ অথবা নির্জন নিঃসঙ্গ প্রান্তর, করমচা গাছে হলুদ রডের ফুল এবং এই উলঙ্গ শিশুদের ঘিরে নতুন এক সংসার প্তন করলে কেমন হয়!

রাতে নির্মল জানালাতে বসে দেখল প্রাসাদের সকল কক্ষে আলো। সদর দরজাতে জনসমাগমের ভিড়। হরেক রকমের বাজী পুড়ছে। দেয়ালে দেয়ালে নকশী কাঁথার মত আলোর ফুলকি। বিদেশী সংগীতের মদিরতা বস্তি অঞ্চলের সকল ইচ্ছাকে আচ্ছন্ন করে রাখছে। নির্মল মার জন্ম প্রতীক্ষা করছে জানালায়। ভাল লাগছে না বলে বিভাসাগরের জাবনী পড়ছে। রাত বাড়ছে, ঘন হচেছ এবং গভীর হচ্ছে। মা তথনও ফিরছেন না। বড় রাজাধ্বের শেষ বাস কথন চলে গেছে। হোটেলের আলোড়ে কিছাল

পড়ল ভগবতী দেবী, বীরসিংহ গ্রাম। নিমল বালিশে মুখ ঢেকে আজ কাঁদল।

সে রাতে চারুবালা আর ফিবুল না। এক অদৃশা শক্তির চাপে চারুবালা আর ফিরতে পারল না।

॥ जिन ॥

সে এ-সময় আর মনে করতে পারল না—কোথায় যেন সেই নাটক, নাটকের পাত্রপাত্রীরা সব গণ্ডার হয়ে যাচ্ছে, শরীরে সব্জ রঙ এবং গায়ের চামড়া ক্রমশঃ ভারী হয়ে যাচ্ছে, নাটকের করুণ পরিণতি—বেরিন্জার কাঁদছে। বেরিন্জার চুল ছিঁড়ছিল, বেরিন্জার হাত ছুঁড়ে বলছিল, ঈশ্বর আমি মালুষের মত বাঁচব। আমি গণ্ডার হব না। আমাকে গণ্ডার করে দিওনা ঈশ্বর।

সেই দৃশ্যের ভিতর ইন্দ্র টেবিল এবং ফোনের নম্বরটা দেখল। টেবিলের উপর স্থপাকার ফাইল এবং ক্যাশবৃক। কিছু ডেবিট ভাউচার, ক্রেডিট ভাউচার—দোয়াতদানীতে নানা রকমের কলম। জানালা কাঁচ দিয়ে মোড়া। পাখাটা ভাল ঘুরছে না স্থতরাং দেনিজেই জানালাটা খুলে দিল। ঠাগু হাওয়া ঘরে ঢোকায় ওর জ্ব জ্বর ভাবটা কম। অথচ বারবার সেই মুখ টেবিলের অহাপাশ থেকে উকি দিতে চাইছে সুতরাং ওর ভয় করছিল।

সরু রাস্তা—থাঁজ কাটা ইট দিয়ে তৈরী। তুজন জোয়ান লোক একটা ঠেলা গাড়ী টেনে নিয়ে যাছে। কারখানার কারিগরের। নর্দমাতে ছেপ ফেলে সদর দরজায় ঢুকে গেল। সদর দরজাতে ঘন্টা পড়ছে তারপর মেশিনের শব্দ। প্রেস মেশিন এবং লেদের আওয়াজ ভেসে আসছিল। জানালার কাঁচে ইন্দ্র স্থপারভাইজার ভাছড়ীবাবুর মুখ দেখল। তিনি হস্তদস্ত হয়ে অফিসের দিকে আসছেন। তিনি অফিদের দরজাতে এদে বললেন, স্থার আসব ?

- --- আস্থন।
- —সাতজন কামাই করেছে স্থার।
- —কি করব।
- —লোকের দরকার স্থার।
- —লাক খুঁজুন। নিয়োগপত্র দিচ্ছি।
- —লোক পাওয়া যাচ্ছে না।
- এত কম মাইনেতে লোক পাওয়া উচিত নয়।

ইক্স ইচ্ছা করেই এবার মুখটাকে আরও তেতো করে রাখল।

সদর দরজা অতিক্রম করলে শিউপুজনের মুখ। সে ভাঙা টুলে বসে হাত পা চুলকোচ্ছিল। ওর চোখমুখ টোপা কুলের মত। হাতে যা। পায়ের যা ভয়ঙ্কর সাদা। একদিন শিউপুজন ব্যাণ্ডেজ খুলে পাটা ইল্রকে দেখিয়েছিল—ঘন সাদারঙের ঘা, ক্ষত স্থানটুকুতে অবিরাম হুর্গন। হাতের আসুল পায়ের আসুল মরে যাচছে। শিউপূজন হাত নেড়ে বলছিল, বাবু বঁটতে বড় ইচ্ছা। বাঁচতে বড় সখ যায়। স্বতরাং শিউপূজন কিছু ঠেলাগাড়ী—তার ভাড়া আদায়, টিনের একটা ছোট ঘর এবং অহা অনেক কিছু নিয়ে শিউপূজন মনে হয় ভালই আছে। ইল্র মনে মনে শিউপূজনকে এ-সময় ঈর্ষা করতে থাকল।

ফোনটা বাজছিল—ইক্স ইচ্ছা করেই হাত বাড়াল না। কারণ ইক্স জানত—সেই আগররালা যার কয়েক হাজার টাকা কোম্পানীর কাছে অগ্রীম দেওয়া আছে, সে ফোন করছে। ইক্স বোতানে হাত রাখল। পিয়নকে বলল, দেখ কে ডাকছে। আগরয়ালা হলে বলবে আনি বাইরে গেছি।

কিন্তু দে বলল, স্থার বাড়ী থেকে ফোন। দিদিমণি ফোন করছে। ফোনটা হাতে নিয়ে ইন্দ্র বলল, বল।

- আমার শরীরটা ভাল যাচ্ছে না।
- শত আস্থার সময় দেখে এলাম।

- —দাদা এসেছেন। আমি বরং ছু দিন মার কাছে থেকে আসি।
- —সেত ভাল কথা। যাও। সে ফোনটা নামিয়ে রাখল। জীবনে নিরাপন্তাবোধ অধিকতর মনে হওয়ায় সে মৃখটা আর ব্যাজার করে রাখল না। স্থতরাং স্ত্রীর মুখ মনে পড়ছে। অথচ কেন জানি এখন আর বিবাহিত জীবনের পূর্বে প্রথম পরিচয়ের স্মৃতিটুকু আনন্দ দান করে না। প্রেম ভালবাসা যেন মৃত্যুর মত তঃখজনক সে একবার রথের নেলায় রথে চড়তে চেয়েছিল, সে একবার নাঙ্গলবন্দের বারিতে একটা ভৈরবীর উরু দেখেছিল আর সে একবার দূরে কোন মুসলমান যুবককে গোহত্যা করতে দেখে, শিব ঠাকুরের বিয়ে হল তিন কন্যার দান এক কন্যা রাঁধে বাড়ে আর এক কন্যা খায় অন্য কন্যা নাচতে নাচতে বাপের বাড়ী যায় এই সব দৃশ্রের ভিতর স্ত্রীর ভয়্নস্থায় এবং প্রেম সম্পর্কিত ঘটনা কোন উত্তেজনা বহন করছে না। সীতার সুন্দর চোখ এবং শরীর এখন কালো, ফ্যাকাশে আর গরুর লেজের মত হালকা।

ছোট কারখানা। ইন্দ্রকেই প্রায় সব দেখাশোনা করতে হয়।

হজন সহকারী। ওরা অন্য ঘরে লেজার পোষ্টিং চেক করছে।

একজন কেরাণী কাণপুর পার্টির ষ্টেটমেন্ট অফ একাউন্টস করছে।

ইন্দ্র কেরাণীবাবুকে ওর ঘরের দিকে আসতে দেখে মুখটা ফের
গন্তীর করে ফেলল।

- —স্থার সব পার্টিদের প্রেটমেন্ট অফ একা ইন্টস ত্রিশ ভারিখের ভিতর দেওয়া একেবারেই অসম্ভব।
 - **-(कन।**
 - —স্থার আমি একা।
 - —মুভাষকে সঙ্গে নেবে।
 - —স্থার একটা কথা বলতে চাইছি।
 - -- वन ।

- —আজ যদি একটু আগে ছাড়তেন।
- —কি দরকার পড়ল হঠাৎ <u>?</u>

সে লজিত মুখ করে রাখল। স্থতরাং ইন্দ্র বলল, যাবে। কেরাণীবাবৃটি নেমে গেলেন। টিনের কারখানা থেকে হাপরের শব্দ আসছে। এই অঞ্চলে সব বস্তিঘর। দূরে কোথাও বচসা হচ্ছিল। কিছু লোক জমেছে—দে তার কাঁচের জানালা দিয়ে সব দেখতে পেল এবং বড় উলঙ্গ মনে হচ্ছে এই পথ, দূরের বেশ্চালয়। সেখানেও সে ভীড় দেখতে পেল। কোন বেশ্চা রমণীর মৃতদেহ নিয়ে ঝগড়া— চারজন মাতাল পুরুষ সেই মৃতদেহ এবং ঝগড়াকে বহন করে চলে যাচ্ছে। সে দেখল রমণীর কপালে সিঁছরের টিপ এবং সতীমায়ের মত মুখ এবং চোখ গাভীন উটের মত। ওরা চারজন। ওরা শববাহী এবং ওরা কাঁদছিল।

বাইরে কে যেন বলল, মাগী সারাজীবন সং থাকতে চেয়েছিল। কে যেন বলল,আমরা সকলে মিলে মাগীকে অসতী করলাম।

দরজা পার হলে বাঁদিকের পথ ধরে বস্তিবাসীরা হাঁটছে। বস্তিবাসীদের জীগণ পুরুষগণ বাইরে এসে দাড়াল। টিপ টিপ বৃষ্টি পড়ছিল। সূর্য উঠছে না কতদিন থেকে। সহরময় জলের প্লাবন। মেয়েরা হেঁটে বাচ্ছিল। কাপড় হাঁটুর উপর তুলে হাঁটছিল। সাদা ডিমের মত হাঁটুর নিচে কামনার ঘর, বড় মন্থন এবং উজ্জ্বল—সে এ-সময় স্থাটু ভাজ করা একটা ব্যাঙের মৃত ছবির উপর আকাশের প্রতিবিশ্ব দেখতে পেল। মাতাল পুরুষগণ চলে গেছে এবং পিছনে বেশ্যা রমণীদের মিছিল—তাও নিংশেষ স্থতরাং ইন্দ্র ছ'হাতের অপ্লেলীতে মুখ ঢেকে বলল, ঈশ্বর আমাকে এই শহরের কোলাহল থেকে কোন শান্ত নির্জনতায় নিয়ে চল। সেই পুরুষটির গণিকা হয়ে আমার আর বাঁচতে ইচ্ছে হচ্ছে না।

ইক্স ক্যাশবুকের উপর মাথা রেখেছিল। ফোনটা বাজছিল। অবিরাম যেন বাজবে। সে ফোনটা তুলে বলল, হাঁ। হাঁ। বলুন।

- —আমাদের ডিজাইনটা।
- একটু ধরুন। জগং! জগং! ইন্দ্র জগংকে ডাকতে থাকল।
 ., পিয়ন জগংকে ডেকে দিলে বলল, ধর্মবীর কোম্পানীর ডিজাইনটা
 হয়েছে ?
 - —স্থার কোন্ ডিজাইনটার কথা বলছেন <u>?</u>
 - —আরে গঙ্গা যমুনা পাউডারের।
 - —হাতে হু'টো ব্লকের কাজ ছিল স্থার।

ইক্স জানত চান্স দিলে জগং এন্থ অনেক মিথ্যা কথা বলবে।
অন্থ অনেক অজুহাত দেখাবে। স্তরাং পার্টির কাছে কথা ঠিক
রাখার জন্ম বলল, আজ ওটা ওভার টাইমে করে দেবে। করে দিতে
হবে। যাও। এবার ইক্স ফোনটা অন্থমনস্কভাবে রাখার আগে বলল,
কাল আসবেন। ডিজাইনটা এ্যাপ্রভ করলে আমুরা কাজে হাত
দেব। তারপর উইক্লি প্রোগ্রাম দেখে ব্যল চোরাবাজার থেকে
টিন তুলতে হবে ফের স্তরাং দিগুল টাকার দরকার। স্তরাং দে
একটা দেলক্ চেক কাটল এবং ডায়াল ঘোরাল। —হাাল্লো পি,
দি, আর, দি, এ ?

- ' ই্যা স্থার।
 - আপনাদের ব্লাক প্লেট আছে :
 - মাছে।
 - —কত গেজের ?
 - —প্রত্রিশ, ছত্রিশ এ্যাসটেড।
 - —দাম কি নিচ্ছেন ?
 - —পুরো ছই স্থার।
 - **—পঞ্চাশ ক**মবে না ?
 - —হয় না স্থার। কিছু তবে থাকবে না

ইন্দ্র ওর সহকারী রামপদকে ডাকল। বলল, এটা এখন ভাঙ্গিয়ে চাক ইন্দ্র এবং কলিকাত।—৩ আনবেন। রামপদ চলে যাচ্ছিল, ইন্দ্র বলল, পনের তারিখে একসট্টর সেলট্যাক্স কেস আছে। কাগজ-পত্র সব ঠিক করে রাখবেন। ডিক্লারেশন যেখানে যা বাকি আছে আদায় করে নিন। তের তারিখের ভিতর সব আমার কাছে প্রডিউস করবেন। সহকারীটি মাথা নামাল এবং সম্মতি জানাল। আর ঠিক এ-সময়েই দরজার বাইরে দারোয়ান—পাশে রাস্তা এবং ভীতিকর কর্পোরেশনের বাব্টি আসছেন।

লোকটি ঢোকার সঙ্গে সঙ্গে ইন্দ্র বলল, দেখুন আমি এখানে নতুন। কার কি প্রাপ্য এখনও ঠিক জেনে নিতে পারিনি। আপনারা সেদিন টাকা চাইলেন দিতে পারলাম না। ব্যাপারটা আমার ঠিক জানা ছিল না।

বাব্টি অসভ্যভাবে হাই তুলছিলেন। একটি কর্কশ কণ্ঠ গলা থেকে বের হতে থাকল। জর জর ভাবটা ফের ইন্দ্রের মাথায় চাড়া দিয়ে উঠেছে। গর্ভ ধরে অজগর সাপেরা বাব্টির মুখে ঢুকে যাচ্ছে। স্তরাং ওর শরীর গোলাচ্ছিল। তর্বু কোন রকমে গলা সাফ করে বলল, আমি এ-ব্যাপারে ওপরয়ালার সঙ্গে পরামর্শ করেছিলাম।

- —তিনি কি বললেন গ
- —আপনারা পেয়ে থাকেন।
- —থাকি নানে, প্রত্যেক বছর পাচ্ছি। আপনি নতুন ম্যানেজার এবং এ-লাইনেও নতুন।
 - —সব খবর রাথেন দেখছি।
- —সব খবর রাখতে হয় স্থার। চোখ কান খোলা রেখে কাজ করতে হয়। বিতালয়ের প্রধান শিক্ষক ছিলেন, বেশ ত ছিলেন। এখানে মরতে এলেন কেন।

বড্ড ব্যক্তিগত। স্থুতরাং ইন্দ্র ফের মুখটা ব্যাক্ষার করে রাখল। ওপরয়ালার মুখ ওকে ভয়ার্ড করেছে। বাবৃটিকে শাসনের ভঙ্গীতে কিছু বলতে পারল না। বরং সে খুনী খুনী মুখ রেখে বেল টিপল।

বাব্র জন্য চা এবং মিষ্টি আনতে বলান। আর বাব্টির দিকে চেয়ে বলান, একশ থেকে একেবারে ভিনান করে দিলোন। গভবারও ছ হেলথ লাইসেন্স এর জন্য পঞ্চান টাকা দিয়েছি। রেকড ভাই বলছে।

— আপনার সঙ্গে দেড়শ টাকায় রফা হতে পারে। ত্ব'বছরের জন্ম তিনশ টাকা দেবেন। পরে আমাদের পঞ্চাশ করে দিলেই চলবে। এ-বাদে আর কিছু করণীয় নেই।

ইন্দ্র কপালটা টিপে ধরল। জ্বন্টা আবার যথার্থই আসছে। ওর এ-সময় অযথা চীংকার করতে ইচ্ছা হল অথবা কাছাকাছি কোথাও যদি কোন বেশ্যালয় থাকে এবং এই কুঠরোগী শিউপুজন—বড় পীড়াদায়ক সব কিছু। স্বতরাং সবুজ ধানের জমি দেখার জন্ম যেন সে জানালাতে মুখ রাখল অথবা সামনে পিছনে কিছুই নেই—অস্তহীন এক অন্ধকার ওকে জীবনের গাফিলতি নামক পাপের ভাগ্যারে কেবল নিক্ষেপ করছে অথবা দূরে বেশ্যা মেয়েদের চীংকার এবং কারখানার বাজ মেদিনের ভয়ঙ্কর আওয়াজ ওকে পাগলা কুকুরের মত তাড়া করছে। ওর সেই নাটকের কথা মনে হল, নাটকে বেরিন্জার কাদছে, ঈশ্বর আমাকে গণ্ডার কোরনা। আমাকে মানুষ রাখ।

বাবৃটি বলল, আপনার শরীর ভাল নেই মনে হচ্ছে।

ইক্স বাবৃতির মুখের দিকে কিছুক্ষণ তাকিয়ে থাকল। তারপর বলল, না ভালই আছে। সে দেখল, অজগর সাপের লেজটা বাবৃর্দ ম্থের ভিতর নড়ছে। লেজ ধরে সাপটাকে টেনে বের করবার প্রেহাতেই সে যেন উঠে দাঁড়াল। তারপর বাবৃতির মুখের অবয়বে সে যেন পড়তে পালল, না, ওটা ঠিকই আছে, ওকে টানবেন না, তবে অনর্থ ঘটবে। স্থতরাং ইক্স বসে পড়লে, বাবৃতি বলকোন, চোখ লাল, কাল রাত্রে ঘুম হয়নি বৃঝি!

—না ঘুম হয়েছে। ইন্দ্র আর অন্ত কোন কথা বলল না। স্ত্রী
াপের বাড়ি যাচ্ছে, ছেলে ছটো যাচ্ছে। স্ত্রীর রুগ্ন শরীর ফ্যাকাশে,
চাথের নিচটা সর্বদা ফুলে থাকে এবং এই দশ্য ইন্দ্রকে শুধু কাতর
করছে।

একটা পুরো প্যাকেট পানামা ইন্দ্র টেবিলের উপর রাখল। বাবৃটি উদাসীন ভাবে বলল, পানামা চলে না স্থার। উইলস্। সে নিজের প্যাকেট থেকে উইলস্ বের করল। তারপর উদাসীন-ভাবেই সিগারেট টেনে রিঙ ছুঁড়তে থাকল। কাকে কোকরে ছ'-একটা কথা ছুঁড়ে দিল। বলল, বড্ড প্যাচপ্যাচে বৃষ্টি। আর ভাল লাগছে না। একটু রোদের দরকার।

ইক্স কথাটাতে সায় দিল, একটু রোদের দরকার। সে জানালার কাঁচে হাত রাখল—একটু রোদ উঠুক এবার। দীর্ঘদিনের প্যাচপ্যাচে বৃষ্টি ইক্স সহা করতে পারছে না। সে ক্যাশ থেকে দেড়ণ' টাকা শুনে টেবিলের ওপর রাখল।

বাবুটি বলল, বড় খাম আছে আপনাদের ?

- —আছে।
- —টাকাগুলো খামে পুরে দিন।
- আপনি একবার গুনে দেখবেন না!

বাবৃটি এত জোরে হেসে উঠল, এত জোরে হাসতে থাকল যে ইন্দ্র নিজেকে বড় অসহায় বোধ করতে থাকল।

বাবৃটি বলল, এ-ব্যাপারে এই প্রথম।

ইন্দ্র কোন উত্তর করল না। নির্বোধের মত চোখ করে রাখল। বাব্টি সান্ত্রনা দেবার ভঙ্গীতে বলল, সব ধীরে ধীরে ঠিক হয়ে ফাবে।

ইন্দ্র মাথা নিচু করে রাখল, জীবনে সং হবার সকল প্রয়াস এক অতর্কিত আক্রমণে নিঃশেষে যেন মুছে যাচছে। এ-সময় সেই বিচ্ছালয়ের সম্পাদকের মুখটি মনে পড়ল—ঠিক যেন এই বাবৃটির মত —একটা বড় অজগর সাপ গিলে বসে আছে। ইন্দ্র লেজ ধরে টানতেই সম্পাদক মশাই বলেছিল, ওটা টানবেন না। অনর্থ ঘটবে।

इस वत्निष्टिन छ। इस कि करत ।

সুস্পাদক বলেছিল, সরকার থেকে অন্নোদিত টাকা ফলস্ ভাউচার করে খরচ দেখান এবং টাকাটা তুলে নিন। তারপর আমার নামে ভোনেশন দেখান। ল্যাটা চুকে গেল। এবং বাব্টির
মূখের অবয়বে যেন এই কথাগুলি লেখা ছিল—বিভালয়ের বিশ হাজার
এবং জেলা সমাহর্তাকে সভাপতি নির্বাচন—কিছু হোলসেল
ডিলারসিপ, ব্যবসায়ী লোক আমি, সুতরাং ব্যবসাটা ভাল বৃঝি।

— আমার দ্বারা এ-কাজ হবেনা। ইন্দ্র যথার্থই লেজ ধরে টান মারল।

. — ज्या हाल । या वार्ष वार वार्ष वा বলেছিল কথাটা। প্রভাব এবং প্রতিপত্তির কাছে ইন্দ্র হেরে গেল। অথবা সে জানত সততার জন্য সকলের সহযোগিতা সে পাবে। এবং মনে হল সততা নামক বস্তুটিকে হাড়ির ভিতর রেখে সকলে সাপের খেলা দেখাছে। সে জীবন ধারণকে সুতরাং কুংসিত ভাবল। গ্রামের নির্জনতা এবং সবুজ সব ধানের গাছ, হিজলের শ্রামল রঙের মাকাশ পরিত্যাগ করে এই জনজীবনে সংলোক হবার-প্রয়াসে ফের ঝাঁপ দিল। দে 'সভতার জন্য যুদ্ধ' এই বিজ্ঞাপন পিঠে মেরে কোন অখারোহী পুরুষের মত লক্ষ প্রদান করতে চাইল। অথচ সব কিছুই কৌশলের দারা অর্জিত, বাবৃটির কোন তঃখবোধ ছিলনা এবং পরিশ্রমী পুরুষের মত মুখ করে রেখেছেন—যেন ঘুষের নিমিত্ত প্রাপ্য টাকা পরিশ্রমের দারাই মজন করতে হয়। বাবৃটির পিয়ন পর্যস্ত সংবাহ্মণের মত চোখ মুখ প্রফুল্ল রেখে বাইরে দারোয়ানের সতে গল্প করছিল এবং ইন্দ্র ভোরে একজন অশ্বারোহী পুরুষকে উত্তরে চলে যেতে দেখেছিল, একজন কুকুরয়ালা ভত্তলোককে দক্ষিণে চলে যেতে দেখেছিল ••• এইদব দেখে স্ত্রীর রুগ্ন শরীর •• আমরা •• ···আমরা ভারপর আর কিছুই মনে হচ্ছিল না তার। '

বাবৃটি এবার খচ খচ করে কি লিখল। তারপর হেলথ লাইসেল ইস্থা করে, ট্রেড লাইসেল পরে পাঠিয়ে দেব এমত বলে বাবৃটি উঠবার সময় বলল, দেখলেন স্থার সূর্য উঠে গেছে।

ইক্র দেখল কারখানার টিনের চাল অতিক্রম করে পূর্য যথার্থ ই উঠে আসছে। একটা অশখগাছ ছিল, কিছু কাক ছিল—ভালে ওরা কা কা করে ডেকে উঠল। শিগুপুজন ওর খাটিয়াতে শুয়ে পড়েছে। ভালা চালের নিচে ছোট সঁতে সঁতাতে ঘর। বাইরে কল এবং কল থেকে জল পড়ছে। শিয়রে ওর তুলসীদাসী রামায়ণ। আর ওর রক্ষিতা গত সালে মারা গেছে। ঘরে নেহেরুর একটা ছবি টাঙানো ছিল শুতরাং এই ঘরে নানা রকমের হুর্গন্ধ এবং রক্ষিতার শাড়ীতে কোমল হলুদ দাগ। যখন ঘায়ের গন্ধে ঘুমোতে পারে না, যখন মাংস খলে খলে শরীর থেকে পড়ে অথবা ওষুধের জন্ম শারীরিক কপ্ত তখনই ওর রক্ষিতাকে মনে হর এবং শাড়ীতে কোমল হলুদের দাগে ত সমত্বে দে এই ভালবাসার নিদর্শনকে তুলে রেখেছে।

ইন্দ্র দেখল সূর্যের মালোতে জনালার কাঁচে সেই কোমল হলুদ দাগ। সে সেই কোমল হলুদ রঙের ভিতর মুখ গুঁজে বসে থাকল। জর জর ভাবটা কেটে যাচ্ছে। অনেক কাজ টেবিলের উপর। ফাইলের স্থপ। সে এক এক করে দেখছিল এবং তৃঃখিত হলে সূর্যের কোমল হলুদ রঙ পান করছিল।

সে ফাইলের ভিতর কতক্ষণ মুখ গুঁজে ছিল, কতক্ষণ চিঠির পর চিঠি, দলিল দস্তাবেজ দেখতে দেখতে এক শীর্ণ নদী রেখা, ছোট বড় টিন কাঠের ঘর অথবা ত্রন্ত বর্ষাকালে ঘন বর্ষণের ভিতর কোড়াং পাখীর ডাক শুনে—এই জীবন বড় কন্টদায়ক, জীবনকে বহন করা কঠিন এবং ইচ্ছার দারা আমরা সকলেই পরস্পারের নকর সেজে আছি এমত এক চিস্তা—ইন্দ্র মুখ তুলে দেখল পিয়ন টেবিলের উপর শ্লিপ রাখছে। ইন্দ্র বলল, আসতে বল।

- লরাম রাম ববুজী।
- -রাম রাম। বস্থন।
- —বাবুজী হামি বদবে না। 'একঠো হিল্লে করে তান।
- —আমি ত এর আগেওঁ বলেছি শেঠজী।
- —আরে বাবুজী আপ লিবেন নাত হামরা যাব কোথা।
- —কি করি বলুন শেঠজী ?
- পুরানা ম্যানেজার সাবত বাবুজী বন্দোবস্ত লিতেন।

- —অক্স কথা বলুন।
- —ব্যাওসা বন্ধ হয়ে যাবে বাবুজী।
- —কিছু করবার নেই।

স্বতরাং শেঠজী মুখটা করুণ করে রাখল।

ইন্দ্র ফের বলল, কোম্পানীর দৌলতে অনেক টাকা কামিয়েছেন।
এবার কোম্পানীকে কিছু দিন। ইন্দ্র এইটুকু বলে চুপ করে থাকল
এবং কাজের চাপ ভয়ানক, কাজের জন্ম কথা বলার ফুসরত কম,
স্থৃতরাং নির্দিষ্ট সময় পার হলে ইন্দ্র ঘাড় তুলে বলল, আর কি বলার
আছে বলুন।

– বহুৎ দীগকত মে গীর যাবে বাবু।

ইন্দ্র ফের অসহিষ্ণু হয়ে উঠল। বলল, শেঠজী আপনাদের জন্ম কাঁচা চালান করি, আপনাদের জন্ম অম্মনামে বিল করি, আর কত খাতির চান।

—এটাত বাবুজী সকলেই দিচ্ছে। আপনি দেবেন না লেকিন দোসরা কোম্পানী দেবে। বাবুজী ··· বলে সে ফের চোখ মুখ করুণ করে রাখল। —রেট থোরা কম করুন। পাশবুক খুলে দিচ্ছি।

আবার সেই জর জর ভাবটা প্রাস করতে থাকল ইন্দ্রকে।
জানালায় এখন নরম হলুদ রঙটা নেই। বরং স্র্রের তেজ তীক্ষ।
সূর্য মাথার ওপর উঠে গেছে। কাকগুলি অশুখের ডালে ঝুলছিল।
খাবার অন্বেষণের জন্ম ভিখারী রমণীগণ এই পথ ধরে হেটে গেল।
ইন্দ্র বলল, ব্যবসা আপনার সঙ্গে হবেনা শেঠজী। আপনি যেতে
পারেন। এবং শেঠজী যখন নেমে গেল 'গীদর' এই শন্মটি ইন্দ্রকে
স্পর্শকাতর করল। লোকটা টাকার গীদর। এত অর্থের প্রাচুর্য তব্
ঘুরে আসবে কের করুণ মুখ নিয়ে বসে থাকবে। ওর মনে হল
এক লিলিপুট অশ্বারোহী ফণিমনসার নিচে আশ্রয় চেয়েছিল,
গাছের এক তীক্ষ কীট ওকে দংশন করেছিল—মশ্বারোহী পুরুষটি
তখন উত্তরে ছুটছেন হে ঈশ্বর, মধ্যযুগীয় নাইটদের মত পাপ অন্বেষণ
করে—কোন গ্রদের তীরে আমরা ভালবেসে যে অক্কগর সাপকে

এতদিন লালন করেছি তাকে বল্লমের দারা নিহত ক্রুন। ইন্দ্র বলল, আমি আর পারছি না। সে টেবিলের ওপর মাথা রাখল। শিবঠাকুর, বিয়ে, তিন ক্সার দান, অথবা সব্দ্র প্লাক্স তুফানীর চরে এবং পাখপাখালী সকলেই উড়ে গেছে। তুখু এই নগরীর ইটকাঠ এবং সংসার সমুদ্রের তিক্ত স্বাদ সে বহন করে চলেছে।

এ-সময় সুহাস এল । বলল, স্থার ষ্টেট ইনস্থারেল থেকে সো-কজ করে একটা চিঠি দিয়েছে।

- —কেন ?
- —ক্ষেকজন ওয়ার্কার নেওয়া হয়েছে। ওদের ডিক্লারেশন পাঠাতে দেরী হয়ে গেছে ়
 - किन (पत्री इन ?
- —স্থার যারা নতুন আসে তাদের অনেকে ত্-চার দিন কাজ করেই চলে যায়।
 - —এটা যথার্থ উত্তর হল না সুহাস।

ইন্দ্র চিঠিটার সব অংশই পড়ল। তারপর বলল, তাত লেখা নেই। ওরা বলেছে প্রায়ই ওদের ডিক্লারেশন পাঠাতে তোমারা দেরী কর।

সুহাস চুপ করে থাকল।

—লিখে দাও আর হবে না। এ-জক্স আমরা আন্তরিক ছ্:খিত।
ইন্দ্র এইটুকু বলে ক্ষান্ত থাকল না। সে জানালার কাঁচ দিয়ে
কারখানার ভিতরটা দেখার চেষ্টা করল। কারণ জানালা অতিক্রম
করলে বড় উঠোনের মত ফাঁকা জমি এবং এখানে সাধারণতঃ পেকিংএর কাজ করা হয়, পরে ঘর, বড় বড় জানালা—জানালার ভিতর
থেকে মেসিনের কিছু কিছু অংশ দেখা যাচ্ছে। কিছু কিছু শ্রমিকের
মাথা দেখা যাচ্ছে। ইন্দ্র এডদ্র থেকেও ধরতে পারল
কাজের কোথায় ফাঁকি যাচ্ছে, কোথায় একটি শ্রমিক এখন
মালপত্রের ভিতর ঘুপটি মেরে আছে অথবা দিন শেষে উৎপাদনের

হিসাব এবং পরবর্তী সিফটের জম্ম চিস্তা এইসব ইন্দ্রকে ক্লান্ত করছিল।

ইন্দ্র বলল, সতভার জন্ম কোথাও আর যুদ্ধ হচ্ছে না। ইন্দ্র উঠে দাড়াল। সারাদিন এই চেয়ার, মেসিনের শব্দ, ডেবিট ক্রেডিট এবং ভিন্ন বিদ্ধান কর্মের সমস্থা ওকে কাঠের পুতুল করে দিচ্ছিল। সে কিছুতেই তার কবিভার মত স্থকে আর বাঁচিয়ে রাখতে পারছে না। স্ত্রীর কুয় মুখ স্থতরাং ওকে হৃঃখিত করে রাখল। সে ওর ঘর থেকে নেমে হেঁটে যেতে থাকল। চারপাশে রঙের গদ্ধ, বার্নিশের গদ্ধ, সে এইসর অভিক্রম করে প্রিন্টিং রুমে ঢুকে দেখল, গ্যাস চেষারের দরজা খোলা, পাশে ছোট্ট ঘরটাতে আর্টিস্টরা বসে য়ক এবং প্রুদ্ধ পেপারে ট্র্যান্স্কার তুলছে। এই দৃশ্টুট্কু ওর ভাল লাগল। এখন এই ঘরে কাজের নিমিত্ত সকলেই সংগ্রাম করছে যেন কোন তুষার প্রান্তরে ঈশ্বরকে অনুসন্ধানের জন্ম নয় শরীরে ওরা হেঁটে যাছে। ওর হুঃখিত চোখ এবং ঘুষ দেবার নিমিত্ত অপরাধবাধ তুষার প্রান্তরে একটি লাল গোলাপের মত ফুটে আছে। সে হেঁটে গিয়ে ওটাকে কিছুতেই ছুঁতে পারল না।

আটিসিটাদের একজন অমুপস্থিত। স্তরাং ই<u>লা</u> প্রাশ্ন কর**ল,** সুর্থ আসনে ?

- -- ना खात पूर्व क्रमनः कृतन यात्रक्।
- —ডাক্তার কি বলছেন ?
- কি বলবেন স্থার! ভেজাল তেলের জম্ম এমন হয়েছে।
- -থুব ফুলে গেছে!
- —হাঁ, স্থার। ঠিক একটা কোটকা মাছের মত।

ইন্দ্র আর দাড়াল না। কাজের ক্ষতি হচ্ছিল। অথচ এইসব ঘটনাই চারিদিকে ঘটছে। দৈনন্দিন এক খবর—মাছ চাল ভেল এইসব নিত্য প্রয়োজনীয়া জব্যাদি…মানুষ ক্রমশঃ গবাক্ষ পথে হাড বাড়িয়ে বৃষ্টির জল ধরে রাখার চেষ্টা করছে। সে মনে মনে বলল, এখন সেইসব মধ্যযুগীয় নাইটগণ কোণায়—যারা খেডখামারে এবং

পাহাড়ের উৎরাইয়ে পাপ অবেষণ করে কেড়াত। অথবা ইক্স এইসক ঘটনা চোখের সামনে ঘটতে দেখে শুধু হেঁটে বেড়াল। তারপর উঠোনের ওপর যেখানে অশখগাছটা ছায়া দিচ্ছে দেখানে দাঁড়িয়ে সহরের বাস ট্রাম দেখতে দেখতে ভাবল এই নগরীর সমস্ত দেহে পোকা এবং মহাব্যাধিতে আক্রান্ত রমণীর মত শুরে আছে। দেখানে সে শেঠজীর মুর্থ দেখতে পেল। স্থুতরাং ইন্দ্র লোকটার ওপর **চুঃ**খিত इरव कि कक़्नी वर्षन कतरव वृक्षण भातन ना। कातन (तननाफी हरफ ন্ত্রী এবং সে যদি কোন দিন, কোন ঘন বর্ষণের পার সবুজ তুর্বাঘাসে পা রাখতে পারত—যদি মান্নুষেরা শুধু চাষবাস করত অথবা বৃষ্টি পড়ে টাপুর টুপুর নদেয় এল বান এই গান মানুষকে সরল সহজ করে তুলতে পারত আর জটিল যুদ্ধক্ষেত্রে এখন স্বাধীনতার জন্ম সুদ্ধ এই পতাকার বিনিময়ে সততার জন্ম যুদ্ধ এই পতাকা সকলে বহন করত। স্থতরাং ইন্দ্র ওপরের দিকে তাকাল—অশখগাছে একটা কাঠবেডালী ক্রপ ক্রপ শব্দ করে শুধু লাফাচ্ছে। ইন্দ্র বিস্মিত হল গাছে এখনও কাঠবেড়ালীর। ক্লপ রূপ করে ডাকে, এখনও বিচিত্র পাখীরা পাতায় পাতায় উড়ে বেড়ায়। সে কাঠবেড়ালীকে অনুসরণ করে চলল। সেডের অক্সপাশে ফের হেলে গেছে। রোদের মিষ্টি ছায়া গাছের পাতার ভিতর এবং নিচে ছড়িয়ে পড়ছে। কাঠবেড়ালীটাকে অমুসরণ করতে গিয়ে দেখল তার সেই গ্রাম্যজীবনের প্রায় সব রকমের পাখীরাই এখানে ইতন্ততঃ বসে আছে অথবা উড়ে উড়ে ডালে ডালে কিচ কিচ শব্দ করছিল...।

- —স্থার গাছে কি দেখছেন ?
- —দেখেছ সুহাস কত পাথী!

সুহাস এই কথায় লচ্ছিত মুখ করে রাখল। সে হাসল এবং বলল, স্থার এরা ত এখানেই থাকে।

—গাছটাতে কত পাখী। ইন্দ্র একই কথার পুনরাবৃত্তি করল।
ভারপর সুহাসের মুখ দেখল এবং বলল, আমি ছুটি নেব সুহাস।
আমি মার কাছে যাব।

ু সুহাস কি বলবে ভেবে পেল না।

স্তরাং সুহাস অক্সক্থা বলল, স্থার টাকা ক্যাশ করে আনা হয়েছে। তারপর সুহাস সমবেদনার ভঙ্গীতে দাঁড়িয়ে থাকল।

—আমার থুব ইচ্ছে হয় সুহাস কোন এক নিজন মাঠের ভেতরে মিশে যাই।

গাছের ছায়া ওদের শরীরে এবং মুখে i একজন শ্রমিক বের হবার মুখে ইন্দ্রকে অভিবাদন জানাল। স্থহাস তেমনি মুখে সম-বেদনার চিহ্ন নিয়ে দাঁড়িয়ে আছে। ইন্দ্র নিজের এই আবেগটুকুর জক্স এখন সংকোচিত। দূরে জলকলের শব্দ। কোথাও যেন বড় হরফে লেখা স্থাসকোটকা মাছ। সে নিজের ঘরে ফিরে গেল। সুহাস কিছু বল্লল না। টাকার বাণ্ডিলগুলো গুনে দেরাজের ভিতর ঢুকিয়ে হাতের রিঙটা আঙ্গুলে ঘোরাতে থাকল এবং <mark>অগুমনস্কতা</mark>র জক্ম গোপনীয় ফাইলের লেখা সব অম্পষ্ট। বড় কর্তা এ-সময় আদেন। তিনি তাঁর ঘরে ঢুকে গেলেন। এতক্ষণ ইন্দ্র সকলের কৈফিয়ত তলব করছিল এখন বড় কর্তা তাকে তলব করবেন। ইন্দ্র তৈরী হচ্ছিল। তথন সদর দরজাতে সিফটের ঘণ্টা পড়ছে। তথন শিউপূজন ঘরে শুয়ে তুলসীদাসী রামায়ণ পড়ছে। তখন সূর্য অনেক নিচে নেমে গেছে। বেশ্যা মেয়েরা সাজ গোজ করে দরজায় দরজায় পুতৃলের মত পাথী অথেষণ করছে। এবং ইন্দ্র এই ঘরে বদে বড় কর্তার ডাকের জন্ম প্রতীক্ষা করতে থাকল যেন ঘুষ, ব্যবসাদারী বৃদ্ধি, কোম্পানীর কাগজপত্র এবং বেঁচে থাকার জক্ত কৌশল সবই আয়ুত্তে আনার চেষ্টা।

একসময় বড় কর্তা বললেন, তুমি ছংখিত হবে জানতাম। প্রথম প্রথম একটু কন্ত হবে।

ইন্দ্র চেয়ারে বদে থাকল। কোন কথা বলল না।

- --কভ নিল শেষ পর্যন্ত ?
- তিনশ।
- —আগে পঞ্চাশেই হত। এ-সব লোকদের হাতে রাখতে হয়।

ভা ছাড়া জিনিরপত্রের দাম বাড়ছে, স্করাং ওদের দোষ কি।
—না কোন দোষ নেই।

বড় কর্তা কি ভেবে বিরক্ত হলেন।—অত খুঁতখুঁত করলে কাজ করতে পারবে না। নিজের জন্ম করছ না, কোম্পানীর জন্ম করছ।

—তা ঠিক বলেছেন স্থার।

বৃদ্ধ ব্যক্তিটি এবার সোজাস্থজি তাকালেন ইন্দ্রের দিকে। বললেন, ইন্দ্র, সততার কথা সব বাবারাই বলে থাকেন। তারপর তিনি খচ্ খচ্ করে একটা চিঠি লিখলেন। বললেন, ওটা কাল ডেভালাপমেণ্ট উইং—দিল্লীতে পাঠিয়ে দেবে।

এখন বৃদ্ধের গোঁফ ঘোড়ার লেজের মত দেখাচ্ছিল। কপালটা চক্চক্ করছে। তিনি ফৈর বললেন, ডেভালাপমেন্ট উইং-এর ফড়েদের প্রতি বছর মোটা টাকা দিতে হয়। সাহেবস্থবোরা নিজের হাতে এ-সব নেন না। ওদের অনেক লোক আছে। না দিলে তুমি ইমপোর্ট লাইদেল পাবে না। কোম্পানী বৃদ্ধে যাবে।

- —ইন্দ্র বলল, এ-সব কোন হেড-এ দেখানো হয়!
- —ট্রেড চার্জেস বলে লিখবে।
- —এত টাকা ট্রেড চার্জস! সভিট গ

বৃদ্ধ বললেন, সকলেই সব জানে এবং এ-ভাবেই সংসার চলে মাসছে।

ইন্দ্র চেয়ারে বদে থাকল। রদ্ধ অস্তান্ত সব খাতাপত্র বিল দেখছিলেন। ইন্দ্র ফের সেই জর জর ভাবটা অমুভব করছে। সংলোকের মুখ আজকাল ভেড়ার মত দেখাছে এমত একটা বিজ্ঞাপন সে যেন কোথায় দেখেছে। সে উঠে দাঁড়াল। নিজের মুখ দেখল আয়নাতে। সংসার এ-ভাবেই চলে আসছে—আয়নায় সে বুজের মুখ দেখতে পেল, আয়নার ও-পাশে সে বিস্তীর্ণ মাঠ দেখল। মাঠে এক সখারোহী পুরুষ এখন কদম দিচ্ছে যেন। এবং এ-সময়ে ভয়ন্কর ক্ষুধা, নানা রক্ম কাজের ভিড়ে ছপুরে খাওয়া হয়ন। স্থুতরাং সে একা একা পথে নেমে গেল।

দ্বীনে ভীড়। বাসে ভীড়। মানুষগুলো ই ছুরের মত ঝুলছে।
ফুটপাথে রালা হচ্ছে—কচ্ছপের মাংস। এবং মেয়েটি জল তুলে
রাখছে। রষ্টি হলে প্লাষ্টিকের চাদরে সব চেকে পার্কের ঘরে আপ্রায়
নেবে। কচ্ছপের মাংস এখন গন্ধ ছড়াচ্ছে এই ভেজা ফুটপাথে।
এক পশলা রষ্টির জক্ম এখন এই মেয়ের সংসার বড় ছঃখজনক।
রাস্তার অন্ম পাশে আবর্জনা। দেখানে ছ'জন মানুষ সারাদিন ধরে
পরশ পাথর খুঁজছে। মাংসের গন্ধ, আবর্জনার গন্ধ আর কিছুদূর
হেঁটে গেলে বাসী গো-মাংসের গন্ধ এই সহরকে নিদারুণ লক্জার হাত
থেকে যেন রক্ষা করছে। ইন্দ্র হেঁটে যেতে থাকল। সেই চারজন
মাতাল পুরুষের সঙ্গে দেখা হল। ওরা বলল, স্থার কথাটা কি সত্যি হ

इस मांज़ान।

—স্যার এবার বেটাদের জুচ্চু বি বন্ধ হয়ে যাবে।

ওরা বেশ্যা মেয়ের মৃতদেহ বহন করেছে। ওরা কাঁদছিল। এখন ওরা চেঁচাচ্ছে।—সব চোর সব মাতাল, সব লম্পট আর চোরা কারবারীর এবার গর্দান। এবার সরকার বাবাজী উপ্টাবে।

একটা লোক ফিস ফিস করে বলল, স্যার নেতান্ধী আসছেন।
যে লোকটা বেশী কেঁদেছিল সে বলল, শৈলমারীতে আছেন তিনি।
ইন্দ্র ব্যাপারটা বৃষতে পেরে হেঁটে যাবার সময় লোকগুলিকে
বলল, ভাল করে স্থান করবে আজ। কাল সারাদিন রোদ থাকবে।
এবং সহসা মনে করতে পারল দেরাজে তালা দেওয়া হয়নি যেন।
এতগুলো টাকা! সে পায়ে শক্তি পাছিল না। ফেরবার উপায়
নেই। বৃদ্ধ এখনও সেধানে আছেন। সে হাত উল্টে ঘড়ি দেখল।
তিনি আরও এক ঘণ্টার মত থাকবেন। স্তরাং সে ফোন করতে
পর্যস্ত সাহস পাছেল না। হয়ত ব্যাপারটা জেনে গেছেন, হয়ত টাকা
আর কেউ সরিয়ে ফেলেছে এবং বৃদ্ধ এখন অবিশাসের ভঙ্গীতে ইন্দ্রকে
শ্রুছেন। আর ইন্দ্র এখন এক পরিচিত প্রকাশকের ঘরে বসে
বিষয়তায় ভুগছিল এবং খ্ব অস্তমনন্ধ দেখাছে। চাবি, ঘোলাটে দৃশ্র

— সে কের নিজের ব্যাগ দেখল। চাবি দেখে, দেরাজে তালা- আছে
কি নেই এবং অষ্ঠমনস্কতার জন্ম সব খোলা রেখে চলে আসা—ওর
ভাল লাগছিল না। সে ফোন করতে পারছে না, যেতে পারছে না
—ওপরয়ালা ভয়ানক জুদ্ধ হবেন—এত অষ্ঠমনস্কতা! সে ঘড়ি
দেখল। এখন সাতটা বাজতে পাঁচ মিনিট বাকি, তিনি আটটায়
উঠবেন। স্তরাং ইন্দ্র আটটা বাজলে একবার ফোন করবে অথবা
যাবে। স্বতরাং মুখে ভয়ানক অপ্রসন্ন ভাব, প্রকাশক ব্যক্তিটি
বলেন, তোমাকে বড় বিষপ্প দেখাছে।

—ইন্দ্র খুব জোরে হাসবার চেষ্টা করল। নিজেকে স্বাভাবিক রাখতে চাইল। কারণ সরেজমিনে তদন্ত—তখন আপনি প্রকাশকের ঘরে, তখন আপনি চুপচাপ এবং কথা বলতে পারছিলেন না। এতগুলো টাকা চুরি করে বোকা বনে গেছলেন।

স্তরাং ইন্দ্র বিভিন্ন রকমের সব কথা বলল, যা শুনে সকলেই প্রাণ খুলে হাসতে পারল। সপ্রসন মুখ অথবা শরীর নিয়ে কেট বঙ্গে থাকল না।

কাচারির দারোগ। বাবু বলছিলেন—আসামী রোজ এত কথা বলে না। আসামী রাত সাতটার সময় এই এই কথা বলছিল। তাকে অক্সান্থ দিনের মত সরল অথবা অকপটিতির মনে হচ্ছিল না। নিজের হুর্বলতাকে পরিহার করার জন্ম কিছু পান করেছিলেন… সো মাই লর্ড তেওঁ পরিহার করার জন্ম কিছু পান করেছিলেন করা মাই লর্ড তেওঁ প্রদান করেছিলেন করা কর্তব্য সব ভুলে প্রায় পাগলের মত কখনও উত্তেজিত, কখনও নির্মল শুভবোধের দারা খুদি অথবা চোখের ওপর রক্ষিতার কোমল হলুদ দাগ আর কি হতে পারত অধারোহী পুরুষেরা কি আর ফিরে আসবেন না গ সে উঠে পড়ল। সে একটু নিজ নতার জন্ম হাঁটতে থাকল আর সে হাঁটতে হাঁটতে কোন রক্ষিতার ধ্বের গিয়ে উঠতে চাইল।

, তখন গীর্জার ঘড়িতে ঘণ্টা বাজছে। ইন্দ্র পাগলের মত

দৌড়তে থাকল। সে অবোর শুনল গীজার ঘড়িতে কারা যেন কেবলই ঘন্টা বাজিয়ে যাচ্ছে। সে টেলিফোনে এবার ভায়াল করল, হেল্লো হেল্লো!

- -श्रांभि जगमीन मात्।
- —দেখত দেরাজে তালা দিয়েছি কিনা!
- —আছে স্থার।
- তুমি স্থা হও। ইন্দ্র আর কথা বলতে পরল না। সমস্ত ব্লান্তি এই জীর্ণ জীবনের মাঝে ঝরে ঝরে পড়ল।

11 5 4 11

পরদিন ইন্দ্র ছুটি চাইল বড় কর্তার কাছে। তিনি বললেন, হঠাং ছুটি!

ইন্দ্র বলল, বাড়ি যাব। অনেকদিন বাবা মাকে দেখিনি।

- —মা বাবাকে এখানে নিয়ে এস। ওঁদের ক**লোনীতে ফেলে** -বেখে কি হবে শুবড় কর্তা খুব যত্নের সঙ্গে উপদেশ দিলেন।
 - ওদের এই সহর পছন্দ নয়।
 - —কেন এত বড় সহর, এত স্তথ! তোমার বাসাটাও যথেষ্ট ভাল।
- —বাবা দেশ ছাড়বার সময় কিছু বীজ এনেছিলেন সঙ্গে। বাড়ীডে যত রকমেব ফলের গাছ ছিল সব রকমের। তিনি তাদের এখানে এনে বড় করেছেন। এইটুকু বলে সে ছুটির দর্ধাস্থটা টেবিলে পেশ করল।

বড় কর্তা বললেন, বেশ যাবে। কাল চার্জ রামপদকে বুঝিয়ে দাও। তিনি এবার দরখাস্তটার সব পড়লেন। পরে চশনার কাঁকে বললেন, পনের দিনের ছুটি ?

- —গ্রা স্থার।
- (छरल शिल मरक यो छहुं!
- —না, ওরা মামার বাড়ীতেই থাকবে।

ইন্দ্র পরদিন গাড়ীতে ওঠার আগে একটা চিঠি লিখল স্ত্রীকে।
সে ইচ্ছা করলে স্ত্রীর সঙ্গে দেখা করতে পারত। আধঘণ্টার মড
পথ অতিক্রম করতে হয় বাসে এবং বাড়ীটা ঝকঝকে। বড় বেশী
পরিচ্ছের। অধিক পরিচ্ছেরতা ইন্দ্রকে আজকাল ভীতৃ করে
রাখে। যদিও গ্রাম্যজীবনের অভ্যসগুলো অচল। স্বভরাং ইন্দ্র ইচ্ছা করেই গেল না। যাবার আগে শুধু সে অখারোহী পুরুষদের
জন্ম কিছু সজি সংগ্রহ করেছিল আর পুত্রদের জন্ম কিছু আহার্য।

ষ্টেশনে ভিড় ছিল না। রাত দশটার গাড়ী। বাদামী রঙের ষ্টেশন মামুষগুলোর রঙ বদলে দিয়েছে। মামুষগুলো রহস্তময় এবং ইল্র এই আলোতে নিজেকে এক অপরিচিত যুবক ভেবে হেঁটে যেতে থাকল। এ্যাটাচিকেসটা হাতে। বড় বড় সব বিজ্ঞাপন। সে বিজ্ঞাপনের ভাষা পড়তে থাকল। বিজ্ঞাপনে ধানের শীষ এবং শীষ মাড়িয়ে যুবতীর পায়ের চিহ্ন। সে ছবিটা দেখে ঢোক গিলল।

कूलि वलल, श्रात कूलि।

ইন্দ্র নিজের শক্ত ত হাত দেখাল। আমি এখনও যুবক, এখনও নদী সাঁতরে পার হতে পারি ঈশ্বরচন্দ্রের মত অথবা আমি যুবক ইন্দ্র। দে বলল, ট্রেনের কামরায় যখন ভোরের সূর্য আলো দেবে তখন আমি মাঠ দেখব। শস্তকণা দেখতে পাব। য়দি শালিখ পাখিদের দেখি মাঠে মাঠে উড়ছে, আহা আমি সবুজ জমি দেখতে পাব। যেন ইন্দ্র দীর্ঘ দিনের পর, কতকাল পর মায়ের কোলে ফিরে যাচ্ছে। এ-সময় তার অসাধু জীবন্যাপনের জন্ত কোন তুঃখবোধ থীকল না।

—বাবুজী আপ্!

ইন্দ্র দরজা অতিক্রম করে প্রাটফরমে চুকছিল—বাব্দ্ধী আপ! ইন্দ্র ঘাড় ফিরিয়ে দেখল। দেখল, শেঠজী, ওর চাকর এবং এক যুবতী—পরণে শান্তিপুরী শাড়ী, কপালে কোন টিপ ছিল না, সিঁথিতে কোন চিহ্ন ছিল না। পায়ে জরির জুতো এবং হান্ধা ঠোঁট। ইন্দ্র না ফিরে পারল না। —শেঠজী আপ!

-হা বাবুঞী হামি আছে। বহুত ভালা হল সাব।

ইক্স ভাবল—দে কি এখানেও তার ব্যবসায়ের কথা বলবে। বলবে, বাবৃদ্ধী বহুত দিগ্কত্ মে গীর যাবে বাবৃ। ইক্স কিছু বলার আগে শেঠজী অস্থ অনেক কথা বলে গেল। ইক্স ওর হিন্দুস্থানী বাংলা থেকে ধরতে পারল, যুবজী ওর একমাত্র উত্তরাধিকারিণী। মফংস্বল সহরে যাচ্ছে। সেখানে যুবজীর মামারা থাকেন। দিদিমার ভরানক অস্থুখ। মৃত্যুর আগে নাভনিকে দেখে যেতে চান। কাল কাছারিতে হাজিরা আছে। স্কুরাং শেঠজী যেতে পারছেন না। সঙ্গে চাকর যাচ্ছে।

শেঠकी वनन, वहर छाना इस माव।

শেঠজী মেয়েকে বলল, কোন অসুবিস্তা থাকবে না। বাৰ্জী আছেন।

তরুণী তার নাম বলল, চারু। চারু আগরওয়ালা। বাংলা দেশে জনা। বাংলায় মানুষ। আদব কায়দা ঘরের যুবঙীর মত।

ইন্দ্র নিজের এাটাচিটা হাতে তুলে নিলে চাকর বলল, বাব্জী! ইন্দ্র এবারও তার গুহাত দেখাল। চারু বাব্র ভঙ্গী দেখে হাসল। শেঠজী বললেন, বহুং চিন্তা ছিল সাব। চারু ডাকল, বাব্জী এ কানরায় উঠুন।

বড় সস্তা মনে হল কথাবার্তা। সে দৃঢ়চিত্ত হতে চাইল। এখানে এই প্ল্যাটফর্ম, ফলের দোকান, কুলিদের চীংকার এবং একটি মাত্র প্রথম শ্রেণীর কামরা স্কুতরাং সে উঠে পড়ল। সে দেখল অক্স অনেক যাত্রি অন্যসব কামরায় উঠে যাচ্ছে। সে দেখল, রাম সিং অন্য কামরায় উঠে গেছে। আর সে তার এয়াটাচি কেসটা স্যত্নে রাখার সময় শেঠজী মুখে রাম রাম বললেন। গাড়ী ছেড়ে দিল।

গাড়ী ছেড়ে দিলে যা হয়—প্রথম হান্ধা ঝাকুনি তারপর পরস্পর দেখেন্ডনে জায়গার সংস্থান—ওরা পাশাপাশি বাংকে বসল। রাম দিং তৃতীয় শ্রেণীর কামরায়। আর ইন্দ্র জানালা ঘেঁষে বসল। অন্ধকার বলে কিছু দেখা যাচেছ না। শুধু লোহার ঘটাং শব্দ। চারু দরজার পাশে এক কোণায় পা ছ'টো জড়ো করে যেন আকাশ দেখছিল। ইন্দ্র বাইরে হাত রেখে বাতাসের স্পর্শ এবং দ্রের সব আলোকিত সহরের ভেতর সেই সব মুখ দেখতে দেখতে ভাবল এই ট্রেনে চড়ে আমরা কোথাও চলে যাচিছ। সে চারুর মুখ দেখল—
সুন্দর, সতেজ এবং ফুলের মত শরীর চারুর।

ওদের ট্রেনটা একটা ছোট স্টেশন অতিক্রম করে চলে যাচছে।
সব স্টেশন ট্রেনটা ধরছে না। বড় বড় স্টেশন ধরবে—সে এটা জানত।
ছ একজন যাত্রী উঠলে অস্বস্তি থাকত না—বরংসে আত্মীয়ের মত
কথা বলতে পারত। স্ত্রাং সে কোন কথা বলতে পারল না। সে
শুধু বসে অন্ধকারে ঘটাং ঘটাং শব্দ শুনল। সে বসে বসে দূরে গাধার
ঘোড়ার অথবা মালুষের মাথায় ঈশ্বরকে চেপে যেতে দেখল। বাইরে
অন্ধকার বলেই ঐ-সব দৃশ্য ওর চোখে এত স্পৃষ্ট ছিল, এত প্রকট
ছিল।

চারু দেখল, বাবুজী বড় বেশী মুখ বাইরে ঠেলে দিয়েছেন। বড় বেশী আত্ময়া। বাবুজী সং ব্যক্তি এবং নহং। সব সে জানে। সুভরাং সে বলল, বাইরে মুখ রাখবেন না। চোধে ময়লা পড়বে।

ইক্স মুখ ভিতরে এনে বলল, আমাকে কিছু বলছেন ?

- —বাইরে মুখ বাখবেন না। কয়লা চোখে পড়তে পারে।
- —একটু চোখ বুব্ধে ছিলাম।

চারু অনা কথা বলল, ভোর হয়ে যাবে পৌছতে।

ইন্দ্র বলল, স্টেশনে আপনার লোক থাকরে বোধ হয়।

—পকেবে। চারুর চোথ হুটো চক চক করছিল। পাথর বাটির
মত চোথ কালো এবং ঘন। ক্র মোটা। রঙ কচি আপেলের মত।
ট্রেন যেহেতু চলছে এবং প্রকৃতির জলজগন্ধ যেহেতু ভেনে আসছিল
আর অনেকদিন পর রাতের মাঠ মতিক্রম করতে পেরে এতদিনের
সঞ্চিত গ্লানি সব মুছে যাচ্ছিল। আর এই জন্যই হয়ত ইন্দ্র

প্রগল্ভতায় সরব হতে চাইছিল। প্রাণের আবেগে সে ডার মুখোস
যেন ধরে রাখতে পারছে না—তার বলার ইচ্ছা, দেখেছেন কি নির্দ্ধন
এই মাঠ! চারিদিকে জোনাকী উড়ছে। ট্রেনের চাকায় গান।
সে যেন বলতে চাইছে, আমি গান জানি না চারু, গান জানলে
চীংকার করে এই কামরায় শুধুগান গাইতাম। কারণ এই গান
সকল মাঠ অতিক্রম করে, সকল গ্রাম অতিক্রম করে জীবনের সকল
ব্যর্থতাকে জয় করার জন্য ছুটত।

তথন চারু বলল, বেশ লাগছে এই ট্রেনের গান।

- —বড় অদুত !
- অনেকদিন পর মামাব বাজি যাচ্ছি। ট্রেনে চড়লেই জীবনের সব তুঃখ কেমন মরে যায়।

ইন্দ্র এই কথা শুনে সহজ হতে পারল। সে তার মুখোস পাশে রেখে গ্রামের মান্তব হয়ে গেল। সরল অকপট চিত্তে সে বলল, আমি গ্রামে মান্তব। মফংস্বল সহবে পড়াশুনা করেছি। পড়ার জনা এই কলকাতায় কিছুদিন ছিলাম। তখন আমার জীবনসংগ্রাম ছিল না। কলকাতার ছংখকে তখন ছুঁতে পারিনি।

বাবুজীর এই কথা গুলোকে যেন ছুঁতে পারল না। স্থতরাং সে বলল, বাবু জী । শু

ইন্দ্র বলল, আমি মার কাছে যাচিছ।

চারু বলল, মাপনার মা জানেন, আপনি তাঁর কাছে যাচ্ছেন ?

—না, জানাবাব সময় পেলাম না। যেন সে এখন কোন যুদ্ধক্ষেত্রে সংগ্রামী দৈনিকের মত কথা বলছে অথবা সারা জীবন
সংগ্রামের পর একটু শান্তির আশ্রয়ের জন্য এখন যেন সে ছুটছে।
সে ফের বলল, আমি মার কাছে যাচছি। জীবন ধারণের জন্য আমরা
বড় অসাধু হয়ে পড়েছি —সে এ-কখাও বলতে চাইল। কিন্তু চাকর
মুখ এখন প্রবাণ নামুষের মত এবং চোখের কোণে, একটু শ্লেষ তাকে
আর কিছু প্রকাশ করতে দিল না।

চারু বলল, আপনি দেখছি খুব মা পাগল।

ইন্দ্র এই কথার কোন জবাব দিল না। বরং সে উঠে দাঁ দাল ।
এইমাত্র ওরা একটা বড় স্টেশন ছেড়েছে। এইমাত্র রাম সিং
দিদিমনির ভদারক করে গেল আর এইমাত্র স্টেশনের আলোগুলো
একে একে সব মরে গেল। স্বভরাং ইন্দ্র উঠে গিয়ে দরজায় হ'হাভ
রেখে দাঁড়াল। ওর অন্য পাশে বড় আয়না। আয়নায় প্রভিবিশ্ব এবং
সেই প্রভিবিশ্ব থেকে ভয় পেয়ে চাক্র ডেকে উঠল, বাবুজী…
বাবুজী! সে কেমন আর্ভনাদ করে উঠল।

ই<u>ল ছুটে এসে প্রায় ওর পাশে</u> বসল। চারকে বিচলিত দেখে বলল, কি হয়েছে!

— আপনি ওখানে দাড়াবেন না বাবুজী। পড়ে গেলে অনর্থ ঘটবে।

ইন্দ্র হাসল। —ও সেজনা! সে বলল আমার তুহাতে বড় বেশী শক্তি। আমি শক্ত হাতে সব ধরে রেখেছি।

চারু রাস্ত গলায় বলল, আমরা সব শক্ত হাতে ধরে রাখতে পারছি কৈ ? আমরা আমরা । সে আর কিছু বলতে পারল না। সে জানালায় মৃথ ডুবিয়ে দিল। সে অন্ধকারে ভাঙ্গা চাঁদের রেখা দেখতে পেল দ্রে। আলো আসছে অথবা যেন আলোর ঘর নষ্ট হয়ে যাছে । সে কোন কথা না বলে জানালায় মাথা রাখল। পাশে ইন্দ্র। ওর বলিষ্ঠ প্রভ্যয়বোধ পর্যন্ত মেশ্রেটিকে সুস্থ রাখতে পারছে না। ইন্দ্র চারুর এই ক্লান্তির জন্য অযথা প্রশ্নের পর প্রশ্ন করে যাছে । চারু এখন কোন কথার জ্বাব দিতে পারছে না। ইন্দ্র তার সন্থানদের জন্য যে আহার্যটুকু সংগ্রহ করেছিল তাই তুলে দিল চারুর হাতে। বলল, খান শক্তি পাবেন।

- —চারু বলল, এ যে চকোলেট।
- --খান, শক্তি পাবেন।
- —वाकारमद क्या निर्य यारक्वन ?

শান্তি সুখ বলে ছু জন আমার সন্তান আছে। ভাদের জন্ত
সংগ্রহ করেছিলাম। ইন্দ্র দেখল আকাশের নীচে চাঁদ—ওর মরা
আলো মাঠ এবং ট্রেনের গতিকে বিবর্ণ করছে। অথবা নির্জন প্রান্তরে
এই ট্রেন কতদিন থেকে যেন নগরীর মৃত সব সংসার কেলে চলে
এসেছে। স্ত্রা সীতার কথা মনে হল। সীতা ছুটছে। আর সে কতকাল
আগে যেন ছটো সন্তানের মা হতে গিয়ে জীবনকে বার বার ধিকার
দিয়েছে। যেন এরা ছু জন অপরাধের ফসল। যৌবনের প্রারুত্তে
এইসব সন্তানের জটিলতা ভাল নয়—সে ইন্দ্রকে বার বার এই বলে
ধিকার দিয়েছে। সে বার বার সীতার সহোদর কথা এবং পরিবার
পবিকল্পনা বিষয়ক জীবনে তারা সুখী—এবং তারা নিয়ত দায়িছবিহীন
জীবনের জন্ত একটি মাত্র সন্তানের জনক হতে চাইছে। সুতরাং সীতা
বলেছিল, তুনি অবিবেচক।

ইন্দ্র ভেনেছিল—কথাটা যেন কোথাও থেকে সীতা বার বার নিসাসল দিয়ে শিখে এসেছে। নতুবা জন্মের জন্ম এমত বক্তব্য এবং ক'চ্কি, অপমান এ সময় ইন্দ্রের চোখে জল আসতে চাইল। মুখ এবং শান্তির জন্ম অথবা মনে হল কলকাতার সেই সংসার থেকে ছুই সন্তঃনকে উদ্ধার করে পে তার নিজের জগতে চলে যাবে—যেখানে মা আছেন, বাবা আছেন এবং যেখানে ভোরে বিকালে পাথিরা ডাকে।

ইন্দ্র বলন, আনি মার কাছে যাচছি। মা ভোরে যখন আমাকে নেখবন তখন কি যে বিশ্বিত হবেন না! ইন্দ্র এইটুকু ভেবে চারুর দিকে চাইল। ওর চোখ তখন অফদিকে। সে যেন ইন্দ্রের কোন কথা শুনতে পায়নি। সে যেন দ্রের সব অসপ্ট ছবির ভিতর নদী নালা দেখতে পোল এবং কি সব ভেবে মেয়েটি বড় ছংখি মুখ নিয়ে বসে আছে।

দূরে দূরে সব প্রাম ভেসে যাচ্ছিল। চাঁদের আ**লো ভেসে** যাচ্ছিল, আর ধানথেত ভেসে যাচ্ছিল। কারণ এটা বর্ষা**কাল। চাষ** আবাদ শেষ। এখন শুধু ধানগাছেরা বড় হচ্ছে। এখন পাটগাছে কুল ফুটছে। এবার পাট কাটবার সময় হয়ে এল। এবং এই চাফ বাসের জন্ম বাজারে ফাটকা হচ্চে। অথচ এই পরিশ্রমের পর গরুর গাড়ীতে নৌকায় সব ধান সহরে চলে যাবে। মজুদ করার জন্ম বাবসায়ীদের অপরিসর চিষ্টা এবং সেই এক নির্মম ইচ্ছার দারা তখন ধানের বস্তাগুলো দাবার ছক হয়ে যাবে।

ইন্দ্র বলল, আপনিত চকোলেট খেলেন না ?

চারু বলল, না থাক, ওরা ভগবানের মত। ওদের জ্ঞু আপনি কিনেছেন।

ইন্দ্র বলল, আসবার সময় ওদের সঙ্গে আর দেখা হল না। ট্রেনে করে চলে এলাম। খান আপনার ভাল হবে।

চারু অত্যক্ত সংকোচিত মুখে একটা তুলে নিল এবং চুষতে থাকল। দে গলা থেকারী দিল—যেন এবার গান গাইবে, ভোর হবার গান।

এই নির্জন প্রাস্তারে যখন ট্রেন ছুটছে—যখন আকাশে বাতাস ছিল এবং নক্ষত্র ছিল, যখন ভাসমান গ্রাম থেকে কুকুরের ডাক ভেসে আসছিল যা ট্রেনের শব্দের জন্ম শোনা যাচ্ছে না।

ইন্দ্র বলল, আপনার দিদিমার পুব অসুখ।

চারু বলল, সব বানানো।

हेन वनन, भारत!

চারু বলল, যাছিছে। বৃদ্ধী আদে দেখতে চাচ্ছে না। সকলেরই কিছু কিছু তুর্দ্ধি থাকে। স্বার্থ থাকে।

চারুর মুখ কুংসিত দেখাচ্ছিল এই সময়। এত সুন্দর মুখ সহসা এত কুংসিত হল, এত নিদারুণ হল—ভাবতে কট হচ্ছে ইন্দ্রের। সীভার চোখের মত চোখ এখন। যেন বলছে, ভোমার অসংযমই আমার শরীর নই করেছে। তখন সীতা অক্স কোন কথা বলত না, ওর ঠোঁট কাঁপত। অথচ আমরা কি করতে পারি, নদীর মত এই জীবনে কত নৌকা পাল ভুলে চলে গেল। কত ঘাটে পুরুষেরা স্নান সেরে সূর্য দেখল, গীতার সেই সব শ্লোক উচ্চারণ করল, তারশর আমরা সকলেই সেই ইচ্ছার সমূত্রে ডব দিলাম।

চারু বলল, আমরা সকলেঁই কোন না কোন অস্থাে ভূগছি। ইন্দ্র বলল, এই অসুখের শেষ নেই।

ঠাপ্তা বাতাস দিচ্ছে। নদীর অস্ত উপতাকায় হয়ত বৃষ্টি হয়ে গেছে। স্বৃতরাং ওরা ঠাপ্তা বাতাসে মুখ রেখে মাঠের দিকে তাকিয়ে থাকল। চারু এ-সময় অস্তমনস্কভাবে ওর পায়ের কাপড়টা টেনে শেষ মাংসটুকু যেন ঢেকে দিতে চাইল।

চারু বলল, আপনার ঘুম পাছেছ।

- —না। ঘুম পাচেছ না। ইন্দ্র উঠে দাঁড়াল এবং কের দরজায় ছ-হাত রেখে মুখ বাইরে বের করে দিল। বাতাদের জ্ঞা চুল উড়ছে। ট্রেনের গতি কমে আসছিল। মনে হয় সামনে একটা স্টেশন। স্টেশনের আলো দেখার জনা সে উকি দিতে গিয়ে দেখল চারু ফের চীংকার করছে—বাবুজী—আবার অনর্থ ঘটাতে চাচ্ছেন!
 - —তুমি বড় ভীতু।
 - एक वलाल, वावूकी ?
 - -- ঈশ্বর বললেন। সে এই বলে হাসল।
 - আমি ভীত নই। ইচ্ছা করলে প্রমাণ দিতে পারি।
- —থাক আর বীরহ দেখাতে হবে না। এস একটু চা খাওয়া যাক।

চারু বলল, রাত এখন অনেক। আপনি বরং চা না খেয়ে ওয়ে পড়ুন। চা বেশী খেলে ঘুম হবে না।

—রাতে না খুমিয়ে অভ্যাস আছে। ইক্স যেন জীবনের কোন গোপনীয় কথা বলতে চাইছিল। কিন্তু এই অপরিচিত মেয়ে এবং শেঠজী ভারপর মাঠের অন্ধকারে একটা লোক যেন সেই কবে থেকে সারে গামা সেখে যাচ্ছে, দিগস্তব্যাপী সেই স্থর সাধা ভাকে সন্দিশ্ধ করে তুলল। সে বলল, শেঠজী, আপনার জন্য খুব বড় মাঠে দৌড়েছেন।

- -- এ-কথা কেন ?
- —আপনার অন্য কোন শরীক আছে ?
- -a11
- —তবে শেঠজী এত টাকার পেছনে যে ছুটছেন।

বাব্জীর এই বালক স্থলভ কথায় চারুর হাসি পাচ্ছিল। সে কোন রকমে তার এই হাসিকে দমন করল এবং বলল, তাঁর মত লোক হয়না বাব্জী। যেন বলার ইচ্ছা এত অগাধ তাঁর সম্পত্তি অথচ কি সরল অনাড়ম্বর জীবন! তারপর চারুকে অত্যন্ত অন্যমনস্থ দেখাচ্ছিল।

স্টেশনে ট্রেন থামল। কিছু লোক উঠে গেল, কিছু লোক ট্রেন থেকে নেমে গেল। চায়ের ভাঁড়ে চা এল। রাম সিং এল। সে চা এনে বাবুজীকে এবং দিদিমনিকে খুলি করল। স্টেশনে গ্যাদের আলো। প্র্যাটকরম ইট স্থরকির। বাইরে গরুর গাড়ী। বড় বাবু ল্যাম্পপোষ্টের নীচে দাঁড়িয়ে কাকে কি যেন বলছেন। ভারপরে মাঠ। মাঠে পড়লে শুরু এখন চাঁদের মরা আলো এবং ঝি-ঝি পোকার ডাক। এই আলোর মাঠে এবং ঝি-ঝি পোকার ডাকের ভেতর ইল্রের ইচ্ছা হল মিলে যেতে মিশে যেতে। সঙ্গে একজন রমনী থাকবে কারণ জীবন ধারণের জন্ম একজন স্থা রমনীর বড় প্রয়োজন। অস্থা শরীর আর রাতে প্যাক প্যাক করে ডেকে ওঠা বড় অসহনীয়। ইন্দ্র চারুর মুখ দেখে আর অট্ট স্বাস্থ্য দেখে লোভী পেটকের মন্ত মুখ করে রাখল।

ট্রেন ছেড়ে দেবার আগে রাম সিং চলে গেল। আবার সেই পাঁট্রক পাঁট্রক শব্দ। আবার মনে হল নির্জন মাঠে সেই বিশাল পুরুষ কের সারে গামা সেথে যাচ্ছে। মাঠে যত ঘাস ছিল, ফুল ছিল তারা বাজাসে ছলছে। চারুও ট্রেনের ঝাকুনিছে ত্লতে থাকল। চারু হাবা লিপপ্তিক দিয়েছিল ঠোঁটে। স্থতরাং ঠোঁট সব সময় ভিব্বে থাকছে যেম। বাজাসে ওর চুল ফুর ফুর করে উড়ছে। শাড়ীর হাবা ভাঁজের ভিতর ইন্দ্রের চোখে বার বার আটকে যাচ্ছিল। ইক্স তব্ যথাসম্ভব নিজেকে ভজ রাখার চেষ্টায় মুখ করুণ করে রাখল।

তখন চারু বলল, পিতাজী বলেছেন আপনি খুব ভাল মান্তুষ।

— মিথাা কথা বলেছেন।

চাক চুপ করে থাকল এবং সেই এক মিটি হাসি ঠোঁটে। ইন্দ্রের দিকে তাকাল না। চোখে নিদারুণ কটাক্ষ ছিল, নিদারুণ ভালবাসার ছবি ছিল। নরম হাতের আফুলে হীরের আংটি ছিল আর ইন্দ্র তথন নুখোমুখী বসেছিল।

তারপর হজনই দীর্ঘ সময় চুপচাপ বসে থাকল। হজনই ট্রেনের চাকায় গান শুনল। হজনই হজনের মুখ দেখল শুধু। এবং পাপের সূত্রকে যেন ওরা হজনই খুঁজতে থাকল।

চাক বলল, আস_ুন বাব্জী জানালার বাইরে মৃথ রাখি। ইন্দ্র বলল, চোথে ময়লা পড়তে পারে।

—পড়লে তৃষ্ণনের চোখেই পড়বে।

ইন্দ্র বলল, তবে তাই হোক। স্বতবাং ওরা হজন একই জানালার ভিতর মুখ গলিয়ে দিল। হাওয়ার জন্ম ওরা চোখ খুলতে পারছে না।

চারু বলল, এ-মাঠে কি ফসল আছে বাবুজী গু

--পাটের ফসল।

ওবা মাঠের পৰ মাঠ, ফসলের পর ফসল পার হয়ে গেল। ওরা বড় নিকট থেকে পরস্পর পরস্পরকে ব্ঝে নিচ্ছে। ট্রেন চলছিল। রাত বাড়ছিল। আর মরা চাঁদ ক্রমশ উপরে উঠে আসছে। ধানের জমিতে পাটের জমিতে চাঁদের মরা আলো মায়াময় এক গভীর অরণ্য স্পৃষ্টি করছে। এবং এই অরণ্যে ওদের লালসা ক্রমশ বাড়তে থাকল।

সুতরাং চারু বলল, আপনার বড় কষ্ট বাবুজী।

- —বড় কষ্ট।
- —আপনি সভতার জন্ম যুদ্ধ করছেন।

—কর্ছি।

—হয়না বাবৃদ্ধী। শেঠজীকে দেখে বৃঝেছি। তিনি সর্বত্ত সং থেকেছেন শুধু এক জায়গায় দেখেছি তিনি বড় লোভী পেটুক, সেখানেই খুণা হয়। মামুষের কোথাও না কোথাও প্র্বলতা থাকে বাবৃদ্ধী এবং তার ফাঁকেই স্থুখ আসে, তৃঃখ আসে। চারু এই সময় সয়াসিনীর মত মুখ করে বসেছিল।

ইন্দ্র কোন কথা বলল না, শুধু কান পেতে থাকল। ওর শাড়ীর ধসধস আওয়াজ কানে আসতে লাগল। ওর চুড়ির শব্দ কানে আসতে লাগল। আর ওর শরীরের মনোরম গন্ধ এবং এই রাতের অন্ধকার ওকে যেন গ্রাদ করতে থাকল। ইন্দ্র কিছুতেই পারছিল না কিছুতেই পারছিল না স্বতরাং সে উঠে দাড়াল। বলল, চারু আমি অক্স বাংকে গিয়ে বসছি। শরীরটা ভাল নেই।

চারুর চোখমুখ উদ্ধিগ্ন দেখাল। যেন দীতার চোখ – দেই এক ছঃখবোধ। দীতার মত মুখ করে রেখেছে চারু। বলল, বাবুজী কি কষ্ট হচ্ছে আপনার ?

—ঠিক আমি বলতে পারছি না। ইন্দ্র মিথ্যা কথা বলল।
সততার জন্ম আর কোথাও যুদ্ধ হবে না—ইন্দ্র এমত এই বিজ্ঞাপন
দেখে শিউরে উঠল। সে বলল, এন্থা স্টেশনে বরং অন্থা কামরায় উঠে
যাব।

চারু বলল, বাবুজী কোন ভয় নেই। আমি ত আছি। বলে চারু নিজের তুই হাত অঞ্চলীর মত করে রাখল। যেন বলতে চাইছে আপনি এই হাতে জল পান করুন। আমি বৃষ্ঠতে পারছি, আপনার ভেটা পেরেছে।

ইন্দ্র নিজেকে দমন করার জন্ম বলল চারু তুমি মহাভারত পড়েছ।

-পড়েছি বাবুজী।

—আমার মাঝে মাঝে মহাভারতের, সেই সব বীরদের কথা মনে হয়।

চারু নিবিষ্ট মনে বাব্দীর কথা শুনছে। কুরুক্ষেত্র অথবা আঠারো দিন যুদ্ধ এবং ভীল্মের শরশয্যা সবই এখন ওদের চোখের উপর ভাসতে থাকল।

ইন্দ্র বলল, তিনি শুধু সততার কথাই বলেছিলেন। আর এ-সময় ইন্দ্র নিচ্চেকে বড় বেশী বাচাল ভেবে বলল, থাক। ইন্দ্র ঘথার্থ ই এবার অন্থ্য বাংকে উঠে গেল। এবং সুটকেস খুলে একটা ফিক্সান বের করার সময় অকারণে চারুর দিকে তাকাতেই দেখল ওর চোখ অভিমানে ছল ছল করছে। এখন তার মনে হল না মান্তবেরা অজ্ঞার সাপ গিলে বসে থাকতে পারে, মনে হল না একটা লোক নির্জন মাঠে অনর্থক সারে গামা সাধতে পারে, আর মনে হল না জীবনের সকল চেষ্টাই সং এবং সতত সরল রেখায় চলে। সে উঠে চারুর পাশে গিয়ে ফের বসল। বলল, কি হয়েছে তোমার গ

- -- किছू रुग्नि वावुकी।
- किছूरे रम्भी !
- -111

চারু মুখ নীচু করে রাখল। বলল, বাব্জী আপনি শুয়ে পড়ুন। আপনার শরীরে ধুব কষ্ট হচ্ছে জানি। আপনি শুয়ে পড়ুন। বরং আমি অক্স ফৌশনে অক্স কামরায় উঠে যাব।

কামরার ছটো আয়না ছিল, সোফা ছিল। ছটো পাখাই অনবরত হাওয়া দিছে। বাইরের বাতাস ভিতরে আসছে, তব্ গরম, তব্ ওরা ছজন কেন জানি হাঁসকাঁস করছিল। কোখাও কোন অস্থবিধা নেই, মুখ স্বাচ্ছন্দ্য এবং দকল রকমের স্থযোগ এই চলস্ত ট্রেন থেকে পাওয়া যাছে, তব্ ওরা হাঁসকাঁস করছিল। পরস্পর কোন কথা বলতে পারছিল না বিনিময়ে চোখ ছুলে ওরা ছদের মুখ থেকে যেন গোপনীয় খবর সব পড়ে নিচ্ছে পরস্পর।

ট্রেন তেমনি চলছিল। নির্ক্রন মাঠে, ট্রেনের চাকায় তেমনি গান চচ্ছিদ এবং পরিচিত দেউশন ছেড়ে গুরা ক্রেমণ দূরে দূরে চলে যেতে থাকল। এ-সময় ওদের গান ভাল লাগল না। এ-সময় নির্ক্রনতা ভাল লাগল না—গুরা পরস্পর এত কাছে, গুরা পরস্পার এত পরিচিত যে কোন গোপনীয়তা রক্রাই অসাধুতা। স্বতরাং পুরুষটি পাগলের মত নাক চোথ ঘদতে থাকল। কুমীর অথবা বাঘের থাবার মীচে রমণী লুটাচ্ছে। শরীরে নানা রকমের ইচ্ছার ভাড়না উভয়ের। অথচ ট্রেন চলছে। পুরুষটি অযথা গণ্ডারের মত ঘোৎ ঘোৎ করছে। যদি কোন উপত্যকার সামুদেশে অথবা মোহানাতে রৃষ্টি পড়ত ভবে

ইন্দ্র এখন যথার্থই গণ্ডার হয়ে গেল হথবা বার্ঘের মত চারুর শরীরে মুখ রাখল। স্থাদ নেবার জন্ম চেটে চেটে শরীরের সব রকম ছাণ নিচ্ছিল। চারুকে এখন মৃত সাপের মত মনে হচ্ছে। উলক্ষ এই শররে এত কোধ, এত যন্ত্রণা কোথায় সঞ্চিত থাকে—কোথায় ওরা ঘূমিয়ে থাকে! চারু যেন এখন বলছে, আমাকে গভীর সুখে আচ্ছন্ন করো। অথবা দূরে দূরে মাঠ, ধানধাছ পাটগাছ এবং চাষীরা শুধু চার করছে।

চারু অভ্যস্ত প্রান্ত এবং অবসর।

মার ইন্দ্র কথা বলতে পারস না। ঘটনাটা কিভাবে যেন ঘটে গেল। এখন খনুশোচনা। পরের স্টেশনে ওরা চা খেল না। চাঁদের মরা আলো ওরা জানালায় নদীর মত ভাসতে দেখল। ইন্দ্র অক্সজানালায় মুখ রাখল। জ্রীর বিষপ্ত মুখ, এই মাঠ এবং ঘাসকে আছন্ত্র করছে। দ্রে যদি এখন কোন গান হত—যদি কোন নদীর মোহনাতে ছোট ডিঙ্গি থাকত তের এ-সময় নদীতে ভেসে যেতে ইচ্ছা হল। সে আর চাকর দিকে ভাকাতে পারছে না কারণ বসে বঙ্গে চাক এখন কাঁদছে।

ইন্দ্র উঠে এল জানালা থেকে। ওর সামনে বসে বলল, আমাকে কিমা কর। চারু কোন উত্তর করল না। কারা ক্রমশ কমে আসছে। সে হাতমুখ ধোবার জক্ম বাথরুমে ঢ়কে গেল। কিন্তু বাথরুমে ঢ়কে চাক পাগলের মত হাসতে থাকল — হায় অভিনয়, মামুষটা অভিনয় ধরতে পারল না। চারু পাগলের মতই নিজের মুখ দেখল আয়নায়, পাশে অক্স একটা মুখ, নির্মল হেসে হেসে বলছে — মা তুমি পাগল হয়ে গোলে!

অমুশোচনা ইন্দ্রকে ভ্রম্কর ভাবে গ্রাস করতে থাকল। নিজ্ঞের এই ব্যবহারে সে তঃথিত আর সামনের কোন স্টেশনে নেমে অদৃশ্য হবার ইচ্ছা তার। চারু কাদছিল। অসহায় এই শরীরকে ক্ষত বিক্ষত করে চারু অনুশোচনায় দগ্ধ হচ্ছিল। এই কুমারী মেয়ের ভ্রম্থ ওর এখন কি করা কর্তবা, এখন মেয়েটিকে সে কি বলে সান্ত্রনা দেবে ব্রুতে পারছে না। 'আমাকে ক্ষমা করা' এই বক্তব্যে ভণ্ড, ইতর এই শক্তুলি চাকু ব্যবহার করতে পারত। শরীরের কাতর ইচ্ছার জন্য চারু শরীরকে অসমতল ভূমির মত করে রেখেছিল অথচ এখন এই কালা ইন্দ্রকে অপরাধী করে ভুলছে।

বাধরুমে কোন শব্দ হচ্ছে না। জল পড়ার শব্দ হতে পারত, হাতমুখ ধোবার শব্দ হতে পারত অথবা ট্রেনের শব্দের জন্য সকল শব্দ হারিয়ে যাচ্ছে। একটা স্টেশন, তুটো স্টেশন গেল। বাথরুমের দর্ক্তা খ্ললনা। ইন্দ্র অস্থির হয়ে পড়ল। সে বসে থাকতে পারছেনা আর। সে উঠে গিয়ে দরজায় ধাকা দিল। ডাকল, চারু! চারু!

চারু দরজা খুলে দিল। সে কাঁদছে না। চোখ মুখ সভেজ এবং স্থিয়। এক অতীব লজ্জায় মুখ লাল দেখাছে। সে ধীরে ধীরে চোখ তুলল। যেন এই বক্তব্য চোখে, আমাকে কোন হুঃখ দাওনি তুমি। তুমি আমাকে সুখী করেছ। সে ধীরে ধীরে বাইরে এসে দাঁড়াল। বলল, বাবুজী এবার অপনি ঘুমান। স্টেশন এলে ডেকে দেব।

ইন্দ্ৰ অন্য কথা বলল, তুমি কাঁদছিলে!

- —আমার খুব কারা পাচ্ছিল বাবুজী।
- **一(**本科 ?
- জানি না বাব্জী। এত স্থের পর এই কারা কেন ব্ঝি না! তারপর একট্থেনে বলল, আমার লজ্জার জন্য আমি কাঁদছিলাম। অথবা সে যেন গণ্ডারের ছবি মুখে এঁটে বলতে পারত যাকে এত সংগোপনে এতদিন ধরে লালন করছি এক অথণ্ড গ্রাসের কাছে সে কেমন খোলামেলা হয়ে গেল বাব্জী। সে কেমন বীভংস চোখে আপনার দিকে লোভী পেটুকের মত তাকিয়ে থাকল। নিজের লজ্জার বাব্জী নিজেই মরে যাচছি। আমি সেজন্য ব্ঝি কেঁদেছিলাম বাব্জী।

ইন্দ্র বলল, আমি একটা নাটক দেখেছিলাম, নাটকের সব পাত্র-পাত্রীরাই গণ্ডার হয়ে যাচেছ।

চাক বলল, সে কেমন করে হয় ?

ইন্দ্র বলল, নাটকে একটি মাত্র পুক্ষ গণ্ডাব হ'ছে চায়নি। সে চীংকার করে বলেছিল, আমি মানুষ থাকব।

চারু বলল, যান ভাও বুঝি হয় !

সুতরাং এখন ওদের ভিতর কোন গ্লানি ছিল না। সুতরাং ইন্দ্রের ঘুম পেতে থাকল। কারণ রাভ শেষ হয়ে আসছিল। চোখ জ্লছিল। সে হাত পা টান করে শুয়ে পড়ল।

চারু বলল, আমি জেগে আছি, আপনি ঘুমোন।

ইক্স মাথার নীচে হাত বেখে বলল, দরজা বন্ধ আছে। তুমিও ঘুমোতে পার।

—আমি জেগে থাকব বাবুজী। মথবা যেন বলার ইচ্ছা সারারাত জেগে আপনার মুখ দেখব।

ইন্দ্র হাই তুলছিল। ওব যথার্থ ই ঘুন পাচেছ।

বড় স্টেশন। ট্রেনের চাকার গান থেমে গেল। এই ট্রেনটা এথানে মনেকক্ষণ লেগে থাকবে। কারণ এনজিনে জল নিতে হবে। এবং মেলট্রেন একটা পাস করানো হবে এ-সময়। আর এখানেই ইন্দ্র নেমে পড়বে। স্কুরাং পয়েণ্টসম্যান স্টেশনের নাম ধরে ডাকছিল। ইন্দ্র সব শুনতে পাছে। সে উঠে পড়ল এবং হাই তুলল তারপর জানালা খুলে দেখল ভোর হয়ে গেছে। সে বলল, চল চারু তোমাকে রিক্সতে তুলে দি। আমাদের নামতে হবে।

সে কামরার ভিতর কারো কোন শদ পেল না। এবার সে চোখ ভূলে তাকাল এবং ডাকল, চারু!

সে বাথকমেব দরজা দেখল বন্ধ। সে ধাকা দিতেই খুলে গেল।
কেউ নেই। সে দেখল চাক্ষ এই কামরায় কোথাও নেই। সে
আশ্চর্য হল। এই স্টেশনেই নামার কথা এবং সহরের একটি বড়
বাস্তার নাম তার জানা, যেখানে, চাক রিক্স করে চলে যাবে। সে
বার বাব ডাকল। সে খুঁজল চাককে।

কিন্তু ট্রেন ছেড়ে দিচ্ছে। স্থাতরাং ইব্রু তার এটাটা কেসটা নিয়ে নেমে পড়ল। তার এখন যেন ব্যাপারটা স্বপ্নের মত মনে হচ্ছে। এই যে আকাশ, এই যে এখন পাখীবা ডাকছে এবং সর্বত্র ভারে হচ্ছে, ঠাণু বাতাস অথবা নির্মল আকাশের নীচে পাখীদের গান—কোথাও কোন গ্লানি নেই দ্বাত হৈটে যেতে থাকল। সে এই প্ল্যাটফরমে যাত্রিদের ভিতর চারুকে শেষবারের মত খুঁজল। তৃতীয় শ্রেণীতে রাম সিং পর্যন্ত নেই। সে একটা স্বস্তির নিশ্বাস ফেলল এবার। ওদের বাসার নম্বরটা বাখলে হত। অথবা যেন মনে হচ্ছে একটা তৃঃস্বপ্ন ওর শরীর এবং মনকে এতক্ষণ ট্রেনের কামরায় পরিণত স্থা দিচ্ছিল।

সে মার দেরী করল না প্ল্যাটফরমে। সে রিক্স করে বাড়ী গেল না। হাতে এটাচী নিয়ে রেল লাইন ধরে মাঠে নেমে গেল। ধান-গাছগুলো এখন বড় হয়েছে। মাঠ ধরে মাল। ভোরের পূর্য নরম আলো ছড়াচছে। এখন শরংকাল স্তরাং সবৃদ্ধ এক দ্বীপের মৃত্ত শুধু সুখ এই মঞ্চলে। রাজ বাড়ীর হাতী এ-পথ দিয়ে চলে যাছে। হাতির পায়ের ছাপ ইতন্ততঃ। শরংকাল বলে হাতির রঙ হসুদ দেখাচ্চিল। সে এই আল ভেলে গোরস্থানের উপর দিয়ে বড় সড়কে পড়বে। ভারপয় কাঠ চেরাই কল এবং ছটো সরাইখানা অভিক্রম করলে ফের মাঠ। ভারপর ছোট প্রাম, সেখানে ছোট ঘর, আশ্রমের মত, বাড়ীতে মা বাবা আর কত ফুল, কত পাখী!

সে বলল, মা আমি ভোমার কাছে যাচিছ।

সড়ক ধরে সহরে গোয়ালারা হুধ নিয়ে যাচ্ছে, ক্রেলেরা মাছ এবং কুষকেরা মাথায় শাকস্ভি। এবং একদল বাঁদর মাঠে হুপ হুপ করছিল।

সে তার বাড়ীতে উঠে গেল। দরজা খোলা ছিল ঘরের। বাবা বাগানে পূজার ফুল তুলছেন। ওঁর পায়ে খড়ম ছিল। মা ঘাঠে বাসন মাজছেন। বাসন মাজার শক্ষ আসছিল। ইন্দ্র বাবাকে প্রণাম করল।

বাবা বললেন, দীর্ঘজীবী হও। তারপর বাবা বললেন, সীতার শরীর কেমন ?

- —ভাল না।
- -- माञ्रामत ?
- —ওরা ভাল আছে।
- —বাবা বললেন, রাত জেগে এসেছ, সুতরং শুয়ে পড়গে।

ইন্দ্র এখন আর শুলো না। কারণ শুতে ইচ্ছা করল না।
বাড়ীর চারধারে লতা ঝোপ বেডে উঠেছে। নানা রকমের ফুল ফুটে
আছে। ওর কেবল এই গৃহকে কেন্দ্র করে ঘুরতে ইচ্ছা হল।
স্বতরাং সে সোজা লেবুতলা অতিক্রম করে ঘাটে নেমে গেল। মাকে
প্রণাম করল তারপর মায়ের পাশে বসে ওর বাসন মাজা দেখল। কত
রক্ষীর কথা বললেন মা। এই সব কথার ভিতর কোন জমাখরচেব
গাঁদ্ধ নেই, অথবা অসতী হবার ভয় নেই। আর কর্পোরেশনের
বাবুটির মত কেউ যেন এখানে কোন অজগরও গিলে বসে নেই।

বাবা একদিন তাঁর লিচু গাছটির গল্প করলেন। বললেন, সংগ্রাম

বলতে পার। গাছটা মরে যাবে, আমি তাকে বাঁচাব। বাঁচালাম। আমার মনে হয় গাছটা আগামী মরক্তমে ফল দেবে।

वावा वनातन, मःश्राम इष्ट्रं यूथ छः एथत এवः ভान मन्यत ।

বাবার পায়ে খড়ম ছিল। তিনি যেন কথা বলতে বলতে কত দূরে চলে যান। অনেক দূর থেকে তাঁর কণ্ঠস্বর শোনা যায়। আব তাঁর চার পাশে যেন সমূত্র থাকে এবং খীপের উপর দাঁড়িয়ে বাবা পুরোহিতের মত কথা বলেন।

ইক্স অভিভূত হচ্ছিল বাবার কথা শুনে। ইক্স আবেগে যেন বলতে চাইল, চারুকে আমি অসতী করেছি। আমার কি হবে! মেয়েটি কাঁদছিল। কিন্তু ইক্স বলল না। সে বরং মায়ের পাশে শুয়ে লক্ষীর পট দেখল। পটের নীচে সিঁতুরের গোলা—নীচে টগর ফুল, ফুল এবং চন্দনের একটা স্থলর গন্ধ ছড়াচ্ছিল এই ঘরময়। ওরা মাত্র বিছিয়ে শুয়েছিল এবং উঠোনে বিচিত্র সব ফড়িঙদের উড়তে দেখেছিল।

মার কপালে বড় সিঁ ছুরের কোটা। বাবা গাছে জল দিচ্ছেন। তিনি ওদের সঙ্গে কথা বলছিলেন গাছে জল দিতে দিতে। গাছগুলো বাবার কাছে এখন সম্ভানের মত।

ইন্দ্র বলল, কাজ করতে আর ভালো লাগছে না। কাজের জায়গাটাকে একটা জেলখানার মন্ত মনে হয়।

মার হাতে তখন হলুদের দাগ। ইন্দ্রের জক্ম মা ভাল রারা করেছেন। ইন্দ্র সব চেটে পুটে খেয়ে নিল। ছুটির দিনগুলি দুতরাং ভাল কাটছে। সারাদিন এক বিচিত্র মৃক্তির খাদ। আর ইন্দ্র সব লভার ভিতর খেকে চন্দ্র স্থাদেখল। নির্দ্রন মাঠে এখন আর কেউ সারে গামা সাধছে না। আর এই সরল অনাড়খর জীবনের ভিতরই একদিন ইন্দ্র মাকে বলল, মা এবার আসব।

বাবা বললেন, এস। পুর সাবধানে থাকরে। ইক্স বলল, আবার ক্লেপথানায় চলছি। এ-সময় বাবা ও মা উভয়ে নীরব থাকলেন। আর ইক্স এই প্রথম যেন ধরতে পারল, সে নিজেও একটা অজগর সাপ গিলে 'বসে আছে। যার হাত থেকে কখনও শান্তি নেই। এবং কেউ কোনদিন সাপের লেজ ধরে যেন আর টানবে না। সে ভাবল, চারুর সঙ্গে দেখা হলে মুখটা খুলে ধরবে। বলবে, লেজটা টেনে ধর। আমি সবটা উগরে দিচ্ছি। সূত্রাং সে ট্রেন ধরার জন্ম হাটতে থাকল।

ট্রেনে উঠেই সে শুয়ে পড়ল। দিনের বেলাতেই ওর নাক ডাকছিল। সে জানালা খোলেনি। সে মাঠ দেখল না, নির্জন মাঠে কোন মায়ুষকে সারে গামা সাধতে শুনল না। সে শুধু ঘুমোলো। তারপর ট্রেন থেকে নেমে বেলায় বেলায় ঘরে ফিরে দরজা বন্ধ করে দিল। স্ত্রী সন্তানসহ এখনও বাপের বাড়িতে। সূত্রাং ইন্দ্রদরজা বন্ধ করে অন্ধকার গিলতে থাকল, কারণ রাতে সে নাটক দেখবে।

নাটকের পরিবর্তে সে লম্বা ট্রেন দেখল। ট্রেনে করে সকলেই কোথাও যেন চলে যাচছে। শেঠজী আছেন, বিভালয়ের সম্পাদক মশাই আছেন এবং ইল্রের পিতামহ ট্রেন চালাচ্ছিলেন। ইল্রেকে একটা অপরিচিত স্টেশনে রেখে ট্রেন এবং যাত্রীরা হারিয়ে যাচছে। সে চীৎকার করে বলল, আমি এখানে কেন ? সে ফের চীৎকার করে উলি, আমি, আমি আপনাদের সঙ্গে যাব। কিন্তু ট্রেনটা থামছে না। ক্রমশঃ দ্রে হারিয়ে যাচছে। সে ট্রেনটিকে ধরবার জন্ম ছুটতে গিয়ে দেখল—সামনে জানালা এরং ভোর হয়ে গেছে। ভোরের রোদ ওর চোখে মুখে। আর তখন সেইসব অখারোহী পুরুষেরা উত্তর থেকে ফিরে আসছে। বল্লমের মাথায় লাল শালু। তখন পাখিরা ভাকছিল, তখন ট্রাম বাদ বন্ধ। আর প্রথের ত্লামের শীর্ষদেশ ভোরের রোদে ভয়কর দেখাছিল। ওরা কি যেন ট্রেক ট্রেকে যাছে। লাল শালুতে, যোড়ার পিঠে এবং পুরুষদের হাতের কজিতে

বাধা বিজ্ঞাপন—'দততার জন্ম যুদ্ধ'। ইন্দ্র প্রাণপণ সেই পুরুষদের সমুসরণ করতে গিয়ে দেখল—জানালায় শুধু হাত, হাতে রোদ লাগছে। শরীরে অন্ধকার এবং চার দেওয়াল ওকে গিলে ফেলেছে। দে কিছুতেই নিজের এই কারাগার অতিক্রম করে রাজপথে হেঁটে যেতে পারল না। সে বসে বসে কাদল।

ইন্দ্রকে এখন অসহায় পলাতক সমাটের মত দেখাচ্ছিল অথবা বেরেণজারের মত। কারণ চারু এখানে নেই। চারু চলে গেছে। কোথায় চলে গেছে কে জানে! তবু সে ডাকল, চারু! চারু! চারু আমি এখানে কেন ?

ওকে ঘরে ফিরতে হলে সাধারণতঃ মীর্জাপুর ষ্ট্রীট ধরে ফিরতে হয়। তুপুরে কোন ছায়া থাকে না। গাছ গাছালী বিহীন এই এক পথ এবং এক শহর যে শুধু মরুভূমির মত কুধা নিয়ে শুয়ে আছে, শুতরাং ওর হেঁটে থেতে কষ্ট—ট্যাক্সী ডাকলে হয়, অথবা এইত সামান্ত পথ শুতরাং দে হেঁটে গিয়ে বাড়ির ভিতর চুকে দেখল, দরজা জানালা খোলা। সীতা হয়ত বাপের বাড়ি থেকে অবাক করে দেবার জন্ত না জানিয়ে চলে এসেছে। অথচ দরজা খুললে দেখল সীতার দূর সম্পর্কের বোন এবং বন্ধু শুর। ইল্রকে দেখার জন্ত হোক অথবা ইল্রকে অবাক করে দেবার জন্তই হোক শুরর চোখে শ্মিত হাসি এবং এক ধরণের প্রগ্রনতা যা দেখলে পুলকিত হওয়া চলে।

हेला खुतक प्राथ थूव जाम्हर्य। तम वनाम, जूमि !

—কেন আগতে নেই!

ইক্স বৃধল প্রস্থাত অভ্নত রকমের শোনাছে। সহসা আশ্চর্য সংয়ার জন্মই হোক এবং এও হতে পারে মুরর প্রতি সহসা যেন বেশী আবেগ চেলে দিছে ইক্স---মুতরাং কোন কথা না বলে সামনের চেয়ারে বসে পড়ল এবং জুতোর ফিডা খোলার অভিনয় করছে এমত এক ভঙ্গী করে ইন্দ্র হয়ে হয়ে যেন স্থরর পা দেখছে। পায়ে রূপোর চেলী মলের মত ঝম ঝম বাজছে। স্থর এক মতংখল কলেজের অধ্যাপিকা। কলকাতা সে বড় জাদে না। ভাগলপুরে দাদারা আছেন। কচিৎ কলকাতা এলে এই দূর সম্পর্কের আত্মীয় এবং এবং সমবয়সী বন্ধুটির কাছেই ওঠে। ইন্দ্র মুখ ভূলে বলল, তোমার কোন অসুবিধা হয়নি ত!

সুর এবার কথায় বার্ডায় সহজ হতে চাইল। বলল, বাবুকে কোন করলাম। কোন সাড়া নেই। কেবল এন্গেজভ। এত কি কথা থাকে আপনার ?

বাবৃতির যে অনেক কাজ স্থর বাবৃতির জায়গায় একবার বদলে বুঝতে পারতে। ইন্দ্র এবার জুতোজোড়া খুলে রাখলে ঘরে। রাখাল এল। এবং জুতো জোড়া যথাস্থানে রেখে বলল, চা করব ?

— কি সুর চা চলবে, বলে ইন্দ্র চেয়ারে শরীর এলিয়ে দিল।
দিদিমণিকে কিছু খেতে দিয়েছিসত! রাখালকে উদ্দেশ্য করে কথাটা
বলল ইন্দ্র।

রাখাল বোধহয় ইন্দ্রের শেষ উক্তি গুণতে পায়নি। রাখাল এখন রায়াঘরে। হিটার জেলে চা করছে। ইন্দ্র এবার স্থরকে দেখল, স্থর এতক্ষণ চৌকাঠে হেলান দিয়ে জানালার ফাঁকে আকাশ দেখছিল অথবা যেন অনেক দূরে কোন এক মাঠের ভেতর ওর শৃষ্ণ দৃষ্টি ভেসে বেড়াছিল। ইন্দ্র স্থরকে বলল, ভোমার বন্ধৃটি বাপের বাড়ি, গেলে আর আসবার নাম করে না। স্থতরাং ভোমাকেই সব করে নিতে হবে। বরং আমাকে অতিথি ভেবো। আমাকে অতিথি ভেবে নিতে পার। অতিথি ভোমার স্থাটা খেছে পেলেই খুলী।

সূর বলল, সীতার শুনেছি শরীর ভাল যাচ্ছে না। ইন্দ্র খ্ব অল্প কথায় বলল, না।

—বাচ্চা হুটো কেমন আছে ? সুখ শান্তির কথা বলছি।

- —ওরা বোধ হয় ভাল আছে। ইক্স ইচ্ছা করেই বোধহয় কথাটা সংযোগ করে দিল।
- —বিয়ের পরই ও কেমন রুগ্ন হয়ে গেল। স্থার চোপ তথনও জানালা অভিক্রম করে ফাঁকা মাঠের ভিতর ভেলে বেড়াচ্ছে।

ইন্দ্র ইচ্ছা করে কথাটা এড়িয়ে গেল।

ঘরে মালো জেলে দেওয়া হয়েছে। সুর নিজে দেখাওনা করে রাল্লার ব্যবস্থা করছে। ইন্দ্র হাত পা ধোবার জন্ম বাথক্ষমে ঢুকে (भन । भत्रमका**ल वरल युत्र किङ्क् का शाक्ष्या ठालिए**य वरन थाकन । সীতা না থাকার জন্ম ইন্দের টেবিল এবং অস্থান্ম আসবাব পত্র বিশেষ করে মেঝে এবং দেয়ালের রঙ অফুজ্ল ছিল। সুর সব সাফ করার সময় রাখালকে উদ্দেশ্য করে বকছিল। বাধরুম থেকে ইন্দ্র সব শুনতে পাচ্ছে। সুরর এই আপন ভাবচুকুই ইন্দ্রের ভাল লাগে। সীতা থাকাকালীন আরও ত্বার সে এসেছে। এসেই সংসারের ছোট খাট কা**জগুলো যেমন সুধ** আর **শান্তির স্নান থেকে অক্যান্ত** সব কর্ণীয় কাজগুলো সে নিজের হাতে নিয়ে বকা ঝকা করে যেন এই সংসার স্থর নিজে গড়ে তুলেছে …সে আপন জনের মত সীতাকে অনেক কান্ধ থেকে রেহাই দিত। এক বছর হল এই আসা। ইতিমধ্যে মুর তুবার বেডিয়ে গেছে এবং সীতার উপস্থিতি মুরকে আরও অধিক সহজ্ঞ করে রাখে। তবু ইন্দ্রের মনে হল, একবার খবরটা দিতে হয় সীতাকে। কারণ স্থর এসেছে এবং স্থর এখানে ছ-চারদিন অবস্থান করছে, হস্রের সব দিক ঠিক খেয়াল থাকে না, অতিথি সংকারের কোন ক্রটি হতে পারে—তা ছাড়া সীতা যখন ক্রয়, সীতা এ-সব ভাল চোখে নাও দেখতে পারে। সে কপাল কুচকে ইন্সকে প্রশ্ন করতে পারে আর ইল্রের এ-সময়েই ট্রামের সেই লোকটির কথা মনে পড়ছে। লোকটি আছুল ফাঁক করে মুরুগীর ডিম কড বড় হতে পারে এবং আঞ্জাল মুরগীর ডিম কড বড় হচ্ছে অথবা ইচ্ছা করলে টেনে আর কভটা বড় করা যায় "কারণ এই সুরগীর ভিমদর্বস্ব মাস্থটা অনেকক্ষণ থেকে যেন ইস্তকে তাড়া করছিল। সে বাথক্সম থেকে বের হয়ে কথাটা ত্বকে হাসতে হাসতে বলল, জ্ঞান ত্বর একটা লোক এমন ভাবে আঙ্গুল ফাঁক করে রেখেছিল আমার সামনে যেন মনে হচ্ছে লোকটা মুরগীর ডিমের অছিলায় আমার নাকটা তুলে নেবে।

- নাকটির তার কি দরকার ?
- কি জানি বাপু, কার যে কি দরকার বোঝা মুসকিল।
- —সুর বলল, খুব ভয় পেয়েছিলেন বৃঝি!
- —জান লোকটা প্রথম দেশের ত্ববস্থার গল্প করছিল তারপর লোকটা কি করে যে মুরগীর ডিমে হাজির হল বুঝতে পারলাম না। আর সব চেয়ে আশ্চর্য সবই তিনি খুব দৃঢ় ভাবে ঘোষণা করছিলেন।

চিবৃকে হাত রেখে স্থর ট্রামের মান্নুষটি সম্পর্কে কোন মন্তবা করার বাসনায় উঠে দাঁড়াতেই ইন্দ্র বলল, তথন লোকটা ট্রামের জানালাতে ঝুকে বলছে, ঐ দেখুন স্থার শিক্ষকগণ সব ধর্মঘট করতে ষাচ্ছেন।

- —লোকটা আর কি বলছিল।
- —বলছিল এইত স্থার আমার বাংলা দেশ। শিক্ষকেরা স্ব ক্লাশের ছাত্র হয়ে গেল মশাই! তারপর ইন্দ্র সহসা মনে করার ভঙ্গীতে বলল, তুমি কি মফংস্থল থেকে…
 - —এলে ক্ষতির কিছু আছে ?
- —তা বলছি না। অনেকেইত শুনছি মফঃম্বল থেকে এসে লাট ভবনের সামনে গড়াগড়ি দিছে। এ-সময় ইন্দ্র ভোয়ালে দিয়ে মুখ মুছল। পাডলা পায়জামা পরেছে ইন্দ্র। এখন স্থব বাথক্রমে যাবে, অস্ত ঘরে টেবিলে চা এবং মিষ্টি রেখেছে রাখাল। ইন্দ্র চায়ের টেবিলে বসে স্থরকে ডাকল।

স্থুর অক্ত ঘর থেকে জবাব দিল, আপনি থেয়ে নিন মশাই। আমি একটু পরিচ্ছন্ন না হয়ে থেতে পারব না। ইস্র টেবিল থেকে উঠে সুরর ঘরে চুকে বলস, অতিথির অমুরোধ
—এক সঙ্গে চা খাওয়া হোক।

—থুব ভণিতা হচ্ছে মশাই।

—না সত্যি বলছি। বলে হেসে দিল ইন্দ্র। বেশ পরিচ্ছন্ন হয়ে এস। ততক্ষণ টেবিলে বসে অপেক্ষা করছি।

শ্বর ব্রুতে পারল এখন একটু তাড়াতড়ি করা দরকার। মানুষ্টা সারাদিন অফিদ খেটে বাড়ি ফিরেছে, স্নান করার পরও ক্লান্ত চোখ এবং এক ধরনের অবসাদ চোখে—শ্বর ভেতরে এক অজ্ঞাত তঃখবোধে আচ্ছন্ন হতে থাকল, সবই আছে—মোটাম্টি স্বচ্ছল সংসার, দীর্ঘ ঋজু চেহারা এবং বলিষ্ঠ গড়ন ইন্দ্রের, চাপা নাকে মুখে শিল্পী-শ্বলভ চেহারা অথচ চোখের নীচে সব সময় কেমন এক উদাদ এবং হতাশার ছবি ভেসে থাকে আর এ-সবের জন্ত যেন সীতাই দায়ী। কিছু সীতাকে দেখলে মনে হয় না সে স্বামীর প্রতি এতটুকু অবহেলা পোষণ করে। স্বর হাতে সাবান নিয়ে শরীরের ভাঁজে দেবার সময় এ-সব ভাবছিল।

সুর ঘরে ঢুকে দেখল ইন্দ্র একটা ইংরাজী ফিক্সান পড়ছে। টেবিলের উপর চা ঢাকা এবং খাবার ঢাকা। সে মুখোমুখী বসে চা এগিয়ে দিল ইন্দ্রকে। আর মিষ্টি ছভাগ করে দেবার আগে বলল, রাভে আপনি কি খান সাধারণত। এইটুকু বলে প্লেট এগিয়ে দেবার সময় ওর চোখের নীচের উদাস ভাবটুকু লক্ষ্য করতে গিয়ে ব্যক্ত—কোধায় যেন কোন নদী ধীরে ধীরে সমুদ্র থেকে সরে আসছে, স্কর বলল, আপনাকে দেখলে আমার শুধু একটা কাঁকামাঠের কথা মনে হয়।

ইন্দ্র তাড়াতাড়ি বইটা বন্ধ করে সন্দেশ মূখে পুরে চিবৃতে চিবৃতে বলল, কি বললে ভূমি ?

সুর বলল, বড় অক্সমনস্ক আপনি। ইন্দ্র বলল, না মোটেই না। —ভাহলে বলুন ভাল কথা ছবার শোনার ইন্ধা। —হয়ত তাই হবে। বলে ইন্দ্র চায়ের কাপটা মুখের কাছে
নিয়েও চায়ে চুমুক দিন না। স্থার দিকে ভাকিয়ে থাকল।

সুর বলল, চা ঠাণ্ডা হয়ে যাচ্ছে। যথন একবার বলেছি তথন সার এক বারও বলতে পারব। দয়া করে এবার চা টুকু খান। বলে সুর নিজের সন্দেশ থেকে একটু মুখে ফেলে রহস্যজনক ভাবে হাসল।

সুর ফের কথাটা বললে ইন্দ্র অনেকক্ষণ কোন জবাব দিতে পারল না। কিছুক্ষণ পর সহসা বলার মত বলল, জানতো মাঝে বাড়ি গেছিলাম।

দীতা তাও লিখেছে।

—তা হলে সীতা দেখছি এই সংসারের ছোটখাট দায়িত্ব সব সময়ই ভোমাকে দিতে রাজী থাকে।

স্থর এমন ভঙ্গাতে টেবিলের উপর ঝুকে দাড়াল যে দেখলে মনে হবে সে কিঞ্ছিং আহত অথবা এও মনে হতে পারে— মানুষের সব কিছু বোধগম্য হতে নেই। সূর স্থতরাং কাপ ডিস রাখালকে সরিয়ে নিতে বলে নিজে স্বানের ঘরে চলে গেল।

আর ইন্দ্র ভাবল সে যা বলতে চাইছে—তা অন্থ রকমের।
এই সংসারের সব কথাই স্থরকে জানানো হয়, এই সংসারের স্থ
ছংখের দায়িত্ব যেন তার উপর কিঞ্চিং নির্ভরশীল। ইন্দ্র ওর নিজের
ঘরে এসে দেখল আবার সেই ক্যালেগুরের পাতাটা উড়তে আরম্ভ
করেছে। অথবা সীতা কি স্থরকে জানিয়েছে, সে এখন বাপের
বাড়ি।

ইন্দ্র এবার ফোন তুলে ভারাল করার সময় শুনল সুর বাধকমে এবং সুর মগ দিয়ে মাথায় জল ঢালছে। জানালার অক্স পাশে সেই ঋজু তালগাছটা এবং সেই বৃদ্ধ পাথি হয়ত এখন ঘুমুছে। অক্স-দিন মকারণে সে অফিস ফেরত ভালগাছটার মাথায় চেয়ে থাকত, কখন সেই বৃদ্ধ পাখি সারাদিন সংগ্রামের পর ফিরে আসবে এবং আজার নেবে। আকাশ দেখার সময় ওর টেনের সেই চারুকে মনে

পড়ল অথবা হ্রবর্তী মাঠে যে লোকটা সবসময় সারে গামা সাধছিল, তার কথাও মনে হচ্ছে। ফাকা মাঠ—মাঠে সে বড় নিঃসঙ্গ এবং সামনের আর্নিতে ওর প্রতিবিদ্ধ ভাসছে। আর তথনই অক্ত প্রান্তে গলা পাওয়া গেল –হেল্যো।

- -- वाभि डेख वनि ।
- —কি ব্যাপার!
- —ভোমার দিদিকে একট্র ডেকে দাও ত।

দিদি আসার ফাঁকট কুতে ইন্দ্র এই সহরের ইট কাঠ দেখল।
বড় রাস্তায় সেই সকাল থেকে একটা ভিখারী চীংকার করছিল,
ভাত খাবার জ্বন্থ কাঁদছিল। এখন রাত হচ্ছে—খেকে থেকে
ভিখারীর কারা ভেসে আসছিল। যখন সহরে, বাস ট্রাম যাচ্ছে,
যখন বড় বড় ট্রাক ঘসটে ঘসটে চলছিল তখন ভিখারীর কারাটা ঢাকা
পড়ে যাচ্ছে।

- --(श्टना !
- —কে সীতা ? শোন আলকে সুর এসেছে।
- —ওরত আসার কথা ছিল।
- —কৈ তুমিত আগে বলনি!
- —বলার মন্ত কি আছে বল। ওদের চীচার স্ট্রাইক হচ্ছে, সে সেখানে মাঝে মাঝে যোগদান করবে।
- অঃ, ইঞ্র রিসিভারটা রেখে দেবার সময় ফের অন্য প্রান্তে কিসের যেন অমুরোধ ·····সীভা আরো কিছু বলতে চাইছে। সে তাড়াভাড়ি ঝুকে পড়ে বলল, কি বললে।
- —রাখালকে বলবে বাজারটা যেন দেখে শুনে করে। ভারপর একটু খেমে বলল, বেচারা হোষ্টেলে থাকে, একঘেয়ে খাওয়া। রাখলকে ভালমন্দ বাজার করতে বলবে।

কথা শেষ হলে ইন্দ্র ফের রিসিভারটা কান থেকে আলা করছে যাচ্ছিল কিন্তু কের কথা ভেলে আসছে। হেল্যো শোন, লক্ষিট ভূমি রাগ কর না। আমি ভেবেছিলাম সময় করে ডোমাকে বলব, স্থরর চিঠি আজ বিকালে এসেছে।

ইন্দ্র শুকনো গলায় বলল, না কিছু ভাবিনি। ভোমার শক্ত্রীর কেমন ? ডাজার কি বলছে।

— ওরাত বলছে ইনজেকসান দিলে সেরে যাবে। আর না সারলে ফের কিছুদিন হাসপাতাল। বোধ হয় জায়গাটা স্ক্র্যাপ করে দেবে। মাইনর ব্যাপার।

সীতার সব সময়ই নিজের কষ্টকে কম করে দেখানোর স্বভাব। স্বতরাং ইন্দ্র বলল, গাইনোকোলজিষ্ট ভন্দলোকের সুনাম আছেতো!

বারে সুনাম থাকবে না, এত বড় হাসপাতালের ফিমেল ওয়রেজর চার্জে আছেন।

- —স্থ্যাপ যদি করতে হয় তবে কি তোমার মণিকাদিই করবেন <u> </u>
- —তা এখনও ঠিক বলা যাচ্ছে না। আর শোন, তুমি রাত ক্ষেগে সব আব্দে বাব্দে বই পড়বে না। রাখালকে বলবে, ভোরে যেন তু'টে। মুরগীর ডিম দিয়ে ক্রেঞ্চ টোষ্ট করে দেয়। গাজর বিকেলে গেলে টাটকা পাবে। একটু স্যালাড তৈরী করে দিতে বলবে। আর শোন ওকে বলবে মিষ্টি যেন সামনের ফুট পাথের দোকান থেকে না এনে একটু হেঁটে গিয়ে নভেলটি থেকে আনে।

এই এক শ্বভাব সীতার। নিজে ইচ্ছে করে কিছু বলবে না, যদি কোনে কথা বলা যায় তবে কোন ছাড়তে চাইবে না। খুব অভিমানিনী। সব সময় কোথাও না কোথাও গোলাপের পাপড়ীর মত যেন খদে পড়ছে। স্নানের বরে জলের শব্দ থেমে আসছে। এখন সে নিশ্চয়ই শরীর থেকে সব জল তোয়ালে ভবে নিচ্ছে। আর কেন যেন ঠিক এই মুহুর্ত্তেই শ্বরর সমস্ত অবয়ব বড় খোলামেলা ভাবে চোখের উপর ভেসে উঠন। আর ভবনও সীতার কথা শেষ হচ্ছে না। স্থুণ মাঝে মাঝে কোনে গলা বাড়িয়ে বলছে, বাবা ছাই খোকা। একবার শান্তি, টা-টা করল কোনে। ভারপর লাইনটা কথার মাঝেই কেটে গেল।

সুর ঘরে চুকছিল। চৌকাঠে পা। ভোয়ালে ঘাড়ের নীচে রেখে দিয়েছে। মুখে বিন্দু বিন্দু জল যেন অবহেলার চিক্ত অথবা ইচ্ছাকৃত ভাবে মুখের অবয়বকে অধিকতর কর্মনীয় করায় বাসনা। চুল শুকনো রেখে স্নানের ঘর থেকে পরিচ্ছন্ত হয়ে আসার জন্ম স্থাবকে ধ্ব মনোরম মনে হচ্ছিল। পাম অলিভের গন্ধ এবং হাভের নরম আঙ্গুলে লালচে রঙ। পাট ভালা নীল সিজের শাড়ি স্থতরাং হাঁটার সময় এক ধরণের মচ মচ শব্দ আর কোমল ছকে স্লিক্ষভাব এবং ইচ্ছা করেই যেন শরীরের এই নির্মল প্রসাধনটুকু রেখে দরজার সামনে এসে আমি কত নির্মল, এইটুকু বলতে চাইল।

তার উত্তরে ইন্দ্রের যেন বঙ্গার ইচ্ছা, আমরা কেউ নির্মল নই স্থর।
তুমি নও, আমি নই। শধু মুখে আমাদের এক ধরণের অভিনয়,
আমরা নির্মল। কিন্তু তুমি জান স্থর, আমরা কেউ নিরাপদে বসবাস
করতে পারছি না। রাভ যত বাড়বে, আমরা যুবতীরা এক ধরণের
শারিরীক অবিম্যাকারীভায় ভূগতে থাকব। অথচ পরস্পার সম্মুখিন
হবার মতি শক্তি না আমার আছে, না তোমার আছে।

ইন্দ্র এবার পায়ের শব্দে চোখ তুলে দেখল, সামনের সোফাতে শরীর ঢেকে স্থর বঙ্গে পড়ল।

- —তা হলে স্থানের কান্দটা সেরে কেললে।
- —ক'দিন থেকে বড় গরম যাচ্ছে। বিকেলের দিকে আমাদের ওদিকে যেন সুবয়।
 - —এখানে তভটা গরম নেই, কি বল ?
 - —অনেক কম।

রাত বাড়ছিল ' স্থর উঠে গিরে রালা ঘরে রাখালকে নানাভাবে নির্দেশ দিছে। এ-ঘর থেকে প্রায় ওদের কথা সবই শোনা যাক্ষিল। ইন্দ্র বসে বসে স্থরর কথা শুনতে শুনতে অক্সমনস্ক হয়ে পড়ছে। স্থরর জন্ম যেন সহসা জেগে গেছে বাড়িটা। অক্যান্ম দিন বাড়ি ফিরে হাডে কিছু কাজ থাকে না বলে, কখনও ক্রাইম নভেল অথবা কখনও হটিকালচার সংক্রোপ্ত পুস্তক নিয়ে বিছানায় পড়ে পড়ে এ-পাশ ও-পাশ করে ইন্দ্র। তথন কিছুই ভাল লাগে না, তুলা মূল্য বিচারে যখন জীবনের কোন অর্থ খুঁজে পাওয়া যায় না অথবা এও হতে পারে যে মাছ্যটার ভিতর সব সময় অত্ত এক বাসনা দানা বেঁধে থাকে আর মনে হবে এই বিছানায় তথন ইন্দ্র মৃত, ইন্দ্র বালিসে মুখ গুঁজে ঘণ্টার পর ঘণ্টা পড়ে থাকবে। তথন ওর কেবল অভুত ট্রেনটার কথা মনে হয়। পিতামহ ট্রেন চালাচ্ছে। ওকে কোন এক নিঃসঙ্গ স্টেশনে নামিয়ে পিতামহ অন্ত সকলকে নিয়ে কোথাও যেন নিঃলিষ্ট হয়ে গেলেন।

সুর বৃথি একটু প্রদাধন করতে ভালবাসে। ঘরে হলুদ গোলা জলের মত আলোর রঙ—স্বরর মুখে হাজা পাউডার, কপালে বড় গোল করে পেনসিলে আঁকা টিপ এবং পায়ে সেই রূপোর চেলী, পরণে কোন দামী নিজ যার জন্ম শরীরের সব অক্ব প্রত্যক্ত মনোরম, তীক্ক্ব এবং প্রত্যেক ভাঁজে যৌন আবেদন অসহ্যভাবে ভেসে বেড়া-চিছল। বেশীক্ষণ ইক্র সামনের সাপের মত শরীরে চোখ রাখতে পারল না। সে ক্রমশঃ নিজেকে নিজেজ এবং অর্থ মৃত যুবকের মত করে রাখল। তারপর ক্ষীণ গলায় বলল, আমার ধূব ক্ষিধে পেয়েছে স্বর।

ঘরে সেই হলুদ গোলা আলোর রঙ। দেয়ালে ক্যালেণ্ডারের পাভা উড়ছে। ঘরে আসবাব পত্রের অগোছাল ভাবটা এখন নেই। স্থর এফেই সব ঝেড়ে মুছে তক্তকে করে তুলেছে। ছড়িয়ে বসড়ে নেই অথবা এলোমেলো ভাবে সব ফেলে রাখতে নেই। স্থর ইচ্ছের দিকে মুখ তুলে তখন বন্ধল, খুব ক্ষিধে পেয়েছে ?

⁻⁻⁻ খুউব।

^{- (}मर्थरक) मत्न इरक ना।

—একবার খেতে দিলে বুঝতে পারবে কতটা খাই।
স্থাতরাং স্থার রাখলকে ডাকল। বলল, তোর মাংসের কওল্র।
রাভ বাড়ছিল। অন্য ফ্লাটের দোডালা বারন্দায় কি নিয়ে যেন
বচলা। স্থার একবার জানালা দিয়ে ঘটনাটা দেখে এল।

ইক্সকে থাবার টেবিলেও অন্যমনস্ক দেখাছিল। কথা কম বলছে ইক্স। ব্যবসায়িক সূত্রে কোন জটিল জীবন যুদ্ধের কথা যেন মনে পড়ছে। সূর থাবার টেবিলে বসে সব লক্ষ্য করছিল। সীভা এ সংসারের সর্বস্থ। সীভা নেই, ছেলে ছটো কাছে থাকে না, স্থভরাং স্থর এই অন্যমনস্কভা ভেক্সে দিভে চাইল না। কারণ ইক্স এ সময় কোন অজ্ঞাভ ছঃখবোধে যেন পীড়িভ হছিল।

এ-ক্ল্যাটের ঘরগুলোর দরকা মুখোমুখী। একে অপরকে অভিক্রম করছে অথবা দেখলে মনে হয় ওরা পরস্পর নির্ভরশীল। শুধু সদর বন্ধ করা হয় এবং অন্য সব দরকা খোলা থাকে। সুভরাং গরমের দিনে দরকা খুলে ঘুমোলে প্রচুর হাওয়া। দরকা বন্ধ করলে গুমোট এক অন্ধকার এবং প্যাচ প্যাচে গরম—মশারীর বাইরে হাওয়া চালিয়ে পর্যন্ত কোন আরাম নেই। স্থর শুতে এসে সব লক্ষ্য করল। ইক্রের টেবিলে মৃত্ব আলো অলভে। স্থরর ঘরে বড় খাট, এখানেই সীতা তার হই সন্তানকে নিয়ে ঘুমোয়। একটি মাত্র দরকার ব্যবধানে ওরা শুয়ে থাকে। অক্তবরে রাখাল। যেন অগত্যা সুরকে সীভার খাটেই শুভে হল, সে দরকার পর্দা টেনে সীতার খাটে নিক্রের বিছানা পেতে দরকা বন্ধ করতে গিয়ে এক অজ্ঞাত সংকোচে দরকা বন্ধ করতে পারল না। যেন দরকা বন্ধ করতে পারল না। যেন দরকা বন্ধ করতে প্রস্থা বিসদৃশ। সুর শুভে এসে মান হাসল এবং নিক্রের এই সংকোচের কন্য কিঞ্চিৎ বিত্রত বোধ করতে থাকল।

ইন্দ্রের টেবিলে কল রাখতে গিয়ে বেখগ—মান্ন্রটা ভোঁস ভোঁস করে ঘুমোছে না, অথচ এডট্রু নড়ছেনা, যেন মটকা থেরে আছে অথবা অমুভূতিশূন্য। সূর ইচ্ছা করেই জল রাখার সময় টেবিলে শব্দ করল। সূর ইচ্ছা করে গুল গুল করে গাইল। মামুষ-টার কোল ব্যক্তিক্রম নেই। সে ভাল করে ইন্দ্রের মশারী গুলে দেবার আছিলায় গা স্পর্ল করল, মামুষটা এখনও নড়ছেনা। স্থতরাং স্থর নিজের বিছানায় চলে এল, পর্দাটা ভাল করে টেনে নির্ভয়ে ঘুমোবার জন্ম চোখ বৃজ্তেই মনে হল অল্পকারে কে যেন বার বার পর্দা ভূলে দেখছে। সে এবার বসল—মামুষটার সাড়া শব্দ পাওয়া ঘাচ্ছে না, সে এবার অল্পকারে চোখ খুলে রাখল—কেউ তখন পর্দা ভূলছে না। সব মনের রহস্ম। স্থতরাং সে অন্যান্যদিনের মত চিত হয়ে গুল না। পাশ ফিরে পা হুটো গুটিয়ে চেপে গুয়ে থাকল।

ইন্দ্র এতক্ষণ চোখ বুঞ্জেই টের পাচ্ছিল—কখন সুর এ ঘরে এসেছে, কোথায় জল রেখেছে এবং কখন দরজার পর্দা টেনে নিজের বিছানায় আশ্রয় নিয়েছে। ওর পায়ে এবং পিঠে তুবার হাত লেগেছিল স্থরর। স্থর ঠিক সীতার মত আদর যত্ন করছে। সে পাশ ফিরে শোবার সময় খুব সম্ভর্গণে নড়ল—যেন ওর খাটে কোন শব্দ না হয়, যেন সুর বুঝতে পারে লোকটা ঘুমোচ্ছে। পাশের ঘরে যুবতী সুর, টেবিলে জল এবং এ-সময় ওর জল খেতে ইচ্ছ। হচ্ছে। ইন্দ্র নিজের বিছানা ছেড়ে উঠল না। রাড আরও ঘন হোক এবং সুর चूरभारन रम छिविरमत कम थारव। नजूवा रम यज मस्तर्भरन इम्लोकू খাকনা কেন, সূর টের পাবে দব - অসময়ে জল খাওয়া স্বাস্থ্যের লক্ষণ নয়, স্থর যেন তা ধরতে পারবে। সে নিজেকে নির্মল করবার জগ্ত অফিসের কিছু কিছু গুরারোগা ব্যাধির কথা চিন্তা করল—যেমন আরকর বিভাগ থেকে যে টাকাটা য্যাট-ব্যাক করা হয়েছে— আপীলে কোন কোন সূত্র ধরে এগুলো সব ফিরে পাওরা যাবে— এইসব ভেবে শরীরের সব ক্লেদ দূর করে দিতে চাইল। তখনই মনে হল অন্য ঘরে স্থর ঘুমোতে পারছে না। স্থাও এ-পাশ ও-পাশ कत्रहा

ভোরে সকাল সকাল স্থর চা নিয়ে এল। ইন্দ্র বিছানা ছেড়ে উঠছে না। এই ভোরের চা টুকু মনোরম জেনেও চোখ বুজে বিছানায় পাড় থাকল। স্থর খাটে ছাত রেখে বলল, মশাই আর কত ঘুমোবেন। এবার যে উঠতে হয়।

ইন্দ্র বালিশটা বুকের কাছে এনে ঘাড় ফেরাল। তারপর একট্ সময় আড়ালে দেখে নেবার মত করে বলল, চা রাখতে আজ্ঞা হোক, বলে ইন্দ্র স্থারর দিকে স্পষ্ট ভাবে তাকাল এবং মৃত্ব হাসল।

সুর কাপড়ের আঁচল সামলে বলল, আপনি কখন ফিরবেন ?

- —কেন কোথাও যেতে হবে ভোমার সঙ্গে।
- —না। দেরী করে ফিরলে চাবিটা আমার কাছে দিয়ে যাবেন— সেজন্য বলছিলাম।
 - —তুমি কোথাও বের হবে ?
- —চৌরঙ্গীতে যেতে হবে। বিকালতক ফিরব। এলাম যে কাজের জন্য সে কাজ একটু করতে হয়।

বেশ আছ তোমরা, এইটুকু বলার ইচ্ছা ছিল ইন্দ্রের। সে ভাবল থাক। বরং সে অন্য কথা বলল, রাতে তোমার ঘুমোতে কোন সমুবিধা হয়নি ত!

- —একটু হয়েছে বৈকি।
- क्न क्न ! त्म बवात त्माका **छे**र्छ वम्म ।
- —দরজা খোলা রেখে ভতে ভয় লাগে। ভুম আসে না।

দরজা বন্ধ করে শোওনি ? ইন্দ্র গত রাতের ঘটনা সম্পর্কে ক্ষমভা প্রকাশ করল।

—না। হাওয়াটা তবে বন্ধ হয়ে যেত। আপনার কষ্ট হবে ভবে····।

আরে না না, আমার কি কষ্ট, আমি ফুল স্পীডে পাখা চালিয়ে শোব, ঘুম ঠিক হবে।

সুরকে দেখতে এখন একটু হালকা লাগছে। ফুর ফুরে হাওয়া

দিচ্ছিল। বোধ হয় চুলে সুরর শ্যাম্পু আছে। চুলগুলি ফুর ফুর করে হাওয়ায় যেন ভাদছে। ইন্দ্র ভোরের কাগঙ্গ দেখবার সময় বলল, আবার দালা।

সুর কাঁধের উপর থেকে উ কি দিল, কোথায় ?

—কোথায় আবার! ইন্দ্র স্থরর দিকে মাথা না তুলেই বলল কারণ মাথা তুললে স্থরর স্তনে মাথা ঠেকবার ভয় আছে। সে ফের বলল, মান্তাজে।

বাংলাদেশে কিছু আর হবে না। সূর গলায় নৈরাশ্র টেনে কথাটা বলল।

ইক্স বলল, না আমাদের বাংলাদেশ ত পিছিয়ে নেই। টিচার স্ট্রাইক চলেছে। তাদের অনেক দাবী দাওয়া। ইক্স যেন এইটুকু বলে সুরকে আঘাত দিতে চাইল।

সুর বলল, রাতে ঘুম না হওয়ায় চোখ জলছে। সুর কথার মোড় ঘোরাতে চাইছে।

- —আমরা সকলে ক্যালাশ মেরে গেছি। আমাদের আর কিছু হবে না।
- —সত্যি ক্যালাশ মেরে গেছি। আর কিছু হবে না। তারপর স্থর চলে যাচ্ছিল কিন্তু কি ভেবে দরজা পর্যন্ত গিয়ে বলল, রাখালকে বাজারে পাঠাবেন না স্থার! ভোরে উঠেই যে আমার পেছনে লেগেছেন। এইটুকু বলে স্থর ঘর ছেড়ে চলে গেল। স্থতরাং ইক্র কাগজের অস্থ্য পাতার উপর ঝুঁকে দেখল, দক্ষিণ ভিয়েংনামের কোন এক জললে একটা এগার বংসরের বালক সংবাদ সরবরাহের কাল করছে। এইসব অর্থাং এই সংসার স্থর এবং সীতাকে ফেলেকোন সং সংগ্রামের জন্ম কেন জানি ইক্র সহসা অন্থির হয়ে উঠল। অথচ কিছুই করণীয় নেই—সংসার এক অনিবার্য কারণে নিজের ইছোমত চলছে।

কিছুক্রণ পর সুর সংগ্রামের জন্ম বের হয়ে যাছে। এখন অভ্যন্ত

জনসাধারণের মত চেহার। স্থরর। পায়ের সেই রুপোর চেলি নেই।
কানে স্থর গত রাতের ঝুমকোলতা থুলে অল্প সোনার টব পরেছে।
একগাছা করে অল্প সোনার চুড়ি হাতে এবং কালো ব্যাণ্ড দেওয়া ঘড়ি
যা দেখলে স্থরকে গত রাতের স্থর বলে চেনা যায় না। সাদা তাঁতের
কাপড় পরেছে বলে স্থরকে সিতি সাধিব মনে হচ্ছিল। এবং পিছনটা
মার্বেল পাথরের মত ধব ধব করছে। সারারাত ধরে ভালবাসার
কথা মনে আসছিল ইল্রের। শুধু একটা ফাঁকা মাঠের জল্প অথবা
এও হতে পারে শুধু একটা মুখোশের জল্প, মুখোশটা সীতার,
সারারাত সীতা এই ঘরে মুখোশ পরে কি সব উচ্চারণ করে গেছে
স্থতরাং ইল্র সরল মান্থবের মত চোখ খোলা রেখে ঘুমের অভিনয়
করতে চেয়েছিল। আর এই ভোরে, যখন জানালায় স্থর্বের আলো,
যখন মান্থবের ভিতর প্রাণের লক্ষণ এবং মাঠে মাঠে মালতী ফুলের
গক্ষ তথন এই স্থরকে ভাল না বেসে কিছুতেই পারা যাচ্ছিল না।

ইন্দ্র টেবিলে ঝুঁকে থাকল কিছু সময়। ওর মুখ তুলতে ইচ্ছে করছে না। কোন কাজে ইন্দ্র মন দিতে পারছিল না। একাউন্টেণ্ট ভদ্রলোক একগাদা ভাউচার রেখে গেছেন, কিছু বিল ছিল এবং একটা জরুরী চিঠি ইমপোর্ট সংক্রান্ত ব্যাপারে। কিছু নোট দেবার জন্য সে চিঠিটার নীচে কয়েকটা লাল দাগ কাটতে চাইল, কিছু ব্যাখ্যার জন্য নোটগুলি বড় হওয়া প্রয়োজন অথচ বার বার চিঠি পড়ে ইন্দ্র কিছুই ধরতে পারছে না অথবা এও হতে পারে ইন্দ্র সাদা পাতা দেখছিল শুধু, কোন লেখা খুঁজে পাছে না—একটা সাদা কাগজের মত জরুরী চিঠিটা টেথিলে পড়ে আছে। সে বার বার পড়ার চেষ্টা করেও সাধারণ বৃদ্ধিজীবি যুবকের মত কাজটা শেষ করে উঠতে পারল না।

বর্ষাকাল, স্থতরাং বাইরে বৃষ্টি হচ্ছে। জানালার কাঁচে সে বৃষ্টির কোঁটা পড়তে দেখল। ঘদা কাচের ভেতর থেকে পথ স্পষ্ট দেখা বাচ্ছিল না। যারা ভিন্ন ভিন্ন কাজের জন্য ওর কাছে এসেছিল, দে তাদের সকলকেই প্রায় খেকিয়ে কথা বলেছে। অথবা অফিলের কনিষ্ঠ কেরানীরা যেন দেখছিল—ইন্দ্র কিছুদিন খেকে চুপচাপ এবং কাজ সম্পর্কে উদাসীন। ওরা এই হাসিখুসি মানুষ্টিকে ক্রমশ বিষম হয়ে যেতে দেখছে। ওরা সে-জন্য ফের কথা বলতে সাহস পায়নি—শুধু ইন্দ্র টেবিলে ঝুঁকে বসে আছে, ওর চোখে ভয়ঙ্কর অবসাদের চিহ্ন। স্বভরাং ওরা ফিস ফিস করে কথা বলছে।

গতকাল ইন্দ্র স্থারর একটা চিঠি পেয়েছে। স্থার লিখেছে, সীতার অপারেশনের জন্য সে উদবিগ্ন। সীতার পারিবারিক কুশল জানিয়ে ইন্দ্র যেন স্থারকে চিঠি দেয়। এবং সঙ্গে কিছু সংক্ষিপ্ত গগ কবিতা যেন স্থার কোন যুবকের আশীতে মুখের প্রতিবিম্ব দেখতে চাইছে। ইন্দ্র চিঠিটা জ্বয়ার থেকে বের করে ফের পড়ল। শেষের দিকে কিছু লাইন স্থার কেটে দিয়েছে। ইন্দ্র ঝুঁকে সেই কাচা হস্তাক্ষর থেকে স্থার কিছু গোপনীয় ইচ্ছার কথা তুলে আনতে চাইল —কিন্তু পারল না।

সীতার অপারেশন আজই হবে—ইন্দ্র কথাটা মনে মনে ভাবল।
স্থার মফস্বল নহরে চলে গেছে। যথন সীতা বাপের বাড়ি এবং রুগ্র
শরীরের জন্ম চিকিংসা চলেছে তখন স্থার কিছুদিন থেকে গেছে এবং
সে নব দৃশ্য তখন চোখের ওপর যেন ভেসে উঠছে। স্থার সীতার
সমবয়সী দূর সম্পর্কের আত্মীয়া এবং বান্ধবী। আর স্থার বৃথি
প্রসাধন করতে ভালবাসে। স্থারর মুখে হান্ধা পাউভার, কপালে বড়
গোল করা পেনসিলে আঁকা টিপ এবং পায়ে রুপোর চেলি পরণে
কোন দামী সিন্ধ যার জন্ম শরীরের সব অঙ্গ প্রত্যঙ্গ মনোরম এবং
প্রত্যেক ভাঁলে যৌন আবেদন অসহভাবে কিছুদিন ওর নিংসঙ্গ
ক্যাটকে তীক্ষ্ণ করে রেখেছিল। স্থার চলে গেলে নিংসঙ্গ এক ঘর আর
কন্ত দীর্ঘদিন থেকে সীতা বিবাহিত শ্রী, যৌন জীবনে নিরত, তুটো
সন্তানের জননী। সীতার পাণ্ডর মুখের জন্ম এ সময় ভিতরে ভিতরে

ইক্স ভয়ন্বর কঠ পাছিল। এখনও মণিকাদি কোন করেছেন না। ইক্স
ঘড়ি দেখল, এখন দশ বাজতে পাঁচ। এখন সীডা নিশ্চয়ই অপারেশন
টেবিলের জফ্য প্রস্তুত হচ্ছে। সীভার পাশুর মুখ এবং রক্তহীনতা অথবা
ক্ষীণজীবি যুবতি সীতা—ভর অস্তঃকরণ মহৎ, স্বরর সুখ স্থবিধার জফ্য
সীডা ইক্রকে নানাভাবে কোনে সাহায্য করেছে। পিতৃমাতৃহীন স্বর
অথবা যুবতি স্বর দ্র মফস্বল কলেজে চাকুরী করার জফ্য এও হতে
পারে যুবতী স্বরর শরীরে কোন আস্বাদ নেই—পানসে এবং নিঃসঙ্গ,
সীতা কোন করে স্বরকে কিছুদিন থেকে যেতে অমুরোধ করেছিল।
ঠাটা করে বলেছিল, আমার শরীর ভাল হলে যাবি। ওর একা একা
খুব কষ্ট।

ইন্দ্র চেয়ার থেকে উঠে জানালা খুলে দিল। সেই এক कात्रशानात्र পथ-किছू विश्व अक्ष्म माग्रत अथवा मनत्र नत्रजा अखिकम করলে সেই এক শিউপুজনের মুখ। সে ভাঙ্গা টুলে বসে হাত পা চুলকাচ্ছে। ইন্দ্র দেখল কারখানার টিনের চাল অতিক্রম করে সূর্য যথার্থ ই উঠে আসছে ফের, অথথ গাছে কিছু কাক ছিল আর শিউপুজন ওর খাটিয়াতে শুয়ে পড়েছে। ভাঙ্গা চালের নীচে ছোট সেই এক সাঁাত সাঁতে ঘর, বাইরে কল এবং কল থেকে জল পড়ছে। শিয়রে ওর তুলসীদাসী রামায়ণ এবং ওর রক্ষিতা গত সালে মারা গেছে। ঘরে নেহেকর টাঙানো ছবিটা এখন আর নেই। স্থতরাং ঘরে নানা রকমের হুর্গন্ধ এবং রক্ষিতার শাড়িতে কোমল হলুদ দাগ নিয়ে সে কিন্দের বেন প্রতীক্ষা করছে এখনও। যখন শিউপুদ্ধন ঘারের গল্পে ঘুমোতে পারে না, যখন মাংস খলে খলে শরীর থেকে পড়তে থাকে অথবা ওয়ুধের জ্বন্ত ভয়ঙ্কর শারীরিক কট্ট তথনই ওর রক্ষিতাকে মনে হয় এবং শাড়িতে কোমল হলুদের দাপ - কত সমছে मि अहे जानवामात्र निकर्ननरक यन जूल द्वरथर । युज्राः हेन्त्र গ্রীর মূখ মনে করতে পারছে। অথচ কেন জানি এখন আর বিবাহিত জীবনের পূর্বে সীভার সঙ্গে প্রথম পরিচয়ের শ্বতিট্রু আনন্দ দান করে না। প্রেম ভালবাসা, মৃথ্যুর মত ছংবজনক এবং সে একবার রবের মেলার রথে চড়তে চেয়েছিল, সে একবার নাঙ্গলবন্দের বারিছে একটা ভৈরবীর উরু দেখেছিল আর একবার সে দূরবর্তী কোন মাঠে এক মুসলমান যুবককে গো হত্যা করতে দেখেছিল—সবই শ্বৃতি এবং এই সব বিগত দৃশ্যের ভেতর স্ত্রীর ভগ্নস্বাস্থ্য ইন্দ্রের ভিতর এক কঠিন অসুখের জন্ম দিচ্ছে। স্থতরাং ইন্দ্র ভাবল, আমরা সকলেই গরুর লেজ-ধরে মিথ্যা বৈতরণী পার হবার চেষ্টায় আছি।

তখন মণিকাদি ফোনে বললেন, অপারেশন হয়ে গেছে। ইন্দ্রের হাত কাঁপছিল, সীতার শরীর কেমন ?

- —জ্ঞান এখনও ফেরেনি।
- —আমি এখন ওকে দেখতে পাব।
- —না। বিকেলে চারটায় ওয়ার্ডে আসবে।
- —ভয়ের কিছু নেইত!

মণিকাদি অক্সপ্রান্ত থেকে হেসে উঠলেন।—আরে না। খুব মাইনর ব্যাপার।

- —ওর শরীরটা থুব তুর্বল।
- —ওটাই ভয়ের ছিল।
- —আমি ঠিক চারটায় যাব।
- -971

মণিকাদি ফোন ছেড়ে দিলেন। ইন্দ্রের যেন বলার ইচ্ছা ছিল,
মণিকাদি আমি ওকে দেখার জন্ম এখনই গিয়ে হাসপাতালের দরজায়
বদে থাকতে পারি। অথবা যেন বলার ইচ্ছা, সীতার ক্ষীণ হালা
শরীর আমি কখনও আর স্পর্শ করব না। প্রুর শরীরের ভালোর জন্ম
দীর্ঘদিন আমি প্রতিক্ষা করব। ইন্দ্রের এ-সময় শরীরের জর জর
ভাবটা কেটে গেল। এবং বদে বদে ইন্দ্র অন্ম একটা দৃশ্য দেখছে
—স্থর ঘরে চুকেছিল, চৌকাঠে পা এবং এইমাত্র বাথকম থেকে
পরিচ্ছর হয়ে এসেছে। তোয়ালে ঘাড়ের নীচে রেখেছে, মুখে বিন্দু
বিন্দু জল যেন অবহেলার চিহ্ন অথবা ইচ্ছাক্বভভাবে মুখের অবয়বকে
অধিকতর কমনীয় করার বাসনা। চুল শুকনো রেখে স্বানের ঘর

থেকে পরিছের হয়ে আসার জন্ম স্থরকে থ্ব মনোরম মনে হচ্ছিল। পাম অলিভের গন্ধ এবং হাতের নরম আঙ্গুলে লালচে রঙ। পাট ভাঙ্গা নীল সিজের শাড়ী স্বভরাং হাঁটার সময় এক ধরণের মচ মচ শব্দ আর কোমলন্থকে স্লিপ্ধ ভাব আর ইচ্ছা করেই, যেন শরীরে এই নির্মল প্রসাধনটুকু মেখে দরজার সামনে এসে আমি কভ নির্মল, এইটুকু বলতে চেয়েছিল। তার উত্তরে ইল্রের বলার ইচ্ছা ছিল, আমরা কেউ নির্মল নই স্থর। তুমি নও, আমি নই। তুপু মুখে আমাদের একধরণের অভিনয়, আমরা নির্মল।

ইন্দ্র এ-সময় মণিকাদির কথা ভাবল। অবিবাহিত এই যুবতী সীতার দিদি। ইউটেরাস ক্র্যাপ করার সময় মণিকাদির ডাব্রুগরী বিজ্ঞার সঙ্গে হয়ত কোন অল্লিল চিন্তা মিশে থাকতে পারে। ইন্দ্রের ভারী লজ্জা করছিল এবং অপরাক্তে সূর্যের আলোর মত ইন্দ্রের মুখে চোখের অবসাদের চিহ্ন ক্রেমশঃ নির্মল হয়ে উঠছে। আর ইন্দ্র স্থারর চিঠিতে লিখেছিল—সীতার অপারেশন হয়েছে। ক্রিকেলে দেখতে যাব।

ইন্দ্র তাড়াতাড়ি সব ভাউচার সই করে দিল। সব বিল সই করে দিল। সুভাষকে ডেকে ইমপোর্ট সংক্রাস্ত জরুরি চিঠিটার জবাব বলে দিল। তারপর যখন দেখল আকাশ পরিকার এবং নির্মল, পথে শরংকালীন রোদ এবং মানুষের প্রাণে নির্মল এক আনন্দ অথবা ইন্দ্র ছই সন্তানের জনক—সুখ এবং শান্তি, সুখ এবং শান্তিকে নিয়ে ওর মামারা নিশ্চরই বিকেলে আসবে, ওদের দিদিমা আসবে। ইন্দ্র ভাবল সে সকলের চেয়ে আগে, সকলের চেয়ে দামী ভালবাসা এবং স্নেই নিয়ে সীভার কেবিনে উপস্থিত থাকবে। সে স্বতরাং অক্তমনস্কভাবে পথে নেমে গেল। কোন ট্যাল্পী ভাকল না—সে যেন পবিত্র কোন তীর্থক্ষেত্রে হেঁটে যাছে।

দীর্ঘদিন পর দে পথ ধরে জলস্রোতের ভিতর হেঁটে হেঁটে এগোতে থাকল। পথে ট্রামগাড়ী, বাসগাড়ী, হাতে এক ঘটার ওপর সময়, হাসপাতালের সদর দরজাতে অপেক্ষা করার চেয়ে এই একঘটা পথে নিংশেষ করে যাওয়া সুখকর। স্থতরাং ইক্স এক ঘণ্টার মত পথ হাঁটার স্পৃহাতে পারের গতি মহর করে দিল। সে আপেলয়ালার কাছ থেকে ভাল দামী আপেল কিনল চারটা—দীতাকে তাড়াতাড়ি দবল এবং স্থত্থ করে ভূলতে হবে। এ-সময় ইচ্ছা করেই ইক্স স্থর অথবা চারুর মুখ মনে আনতে চাইল না। আর চারুর কথা মনে হলেই ছংদহ এক ঘটনার কথা মনে হয়, কাঁকা মাঠের কথা মনে হয় আর দেই নিংসল লোকটার কথা মনে হয়—যে সারাদিন কাঁকা মাঠে সারাগামা সাধছে অথবা প্রপিতামহ তাকে কোন নিংসল স্টেশনে ফেলে রেখে গেল—ফেন দেই এক বৃদ্ধ জরদ্গব পাখী যে নিজের মাংস নিজে ঠুকরে ঠুকরে খাছে।

ইন্দ্র এ-সময় সুখী ইন্দ্র। সে হাসপাতালের সদর দরজাতে অপেক্ষা করল না। এখনও হাতে সময় আছে, এখনও হাসপাতালের জন্ম জনসাধারণের ঘন্টা পড়ছে না। সে পথ ধরে যাবার সময় বৃদ্ধ শিশু এবং গ্রাম্য অশিক্ষিত যুবকের পীড়িত দেহ বারান্দায় দেখতে পেল। দেখতে দেখতে মণিকাদির বোর্ডিং এবং মণিকাদি দরজার গোড়ায় দাঁড়িয়ে আছেন। হাতে টেথিকোপ, কানে রিঙ এবং মণিকাদিও আজ দামী সিল্কের শাড়ী পরেছেন। সিল্কের শাড়ীতে যুবতীদের বিশেষ করে যারা স্থুলাঙ্গী নয় যেমন স্থরর কথাই ধরা যাক…স্থর যে কদিন ছিল প্রতিদিন সিল্কের শাড়ী পরেছে, রকমারী শাড়ী এবং শাড়ীর ভিতরে ভিতরে স্থর জলছিল।

মণিকাদি ইন্দ্রকে দেখে বললেন, ভাল আছে সীতা।
—ওর জ্ঞান ফিরেছে ?

মণিকাদি বললেন, ফিরেছে। মণিকাদিকে খুব সপ্রতিভ দেখাচ্ছিল এবং অক্স দিনের মত ইস্র মণিকাদিকে একটু ঠাট্টা পর্যন্ত করতে পারল না। যেন মণিকাদি তভদিনে ইক্রের সব সততার ব্রুক্তকী ধরে ফেলেছেন—যেন ইস্র সীভাকে প্রেম নামক রক্ষুতে বেধে লালসায় ভীক্র এবং যুক্তকালীন সৈনিকের মত নদী অভিক্রম করার. বাসনাতে অন্ধকারে এলোপাধারী সাঁতার কেটেছে—এ সব রোগ অবিবেচক পুরুষের জন্ম হয় মণিকাদির মূখ দেখে এখন তাই বেন মনে হচ্ছে।

তিনি ইন্দ্রের হাতে আপেলের ঠোঙা দেখে বললেন, কি দরকার ছিল ভোমার এ সব আনার।

ইন্দ্র আমতা আমতা করে বলল, না এই…।

—দাদা কাল এক গাদা রেখে গেছেন। আমার বন্ধুরা এসেছিল তারাও রেখে গেছে।

ইন্দ্র যেন বলতে চাইল, ওর তাড়াতাড়ি সুস্থ হওয়া প্রায়েজন। কিন্তু মণিকাদির মুখ দেখে মনে হল তিনি ইন্দ্রের কোন কথাই শুনতে চাইছেন না। তিনি শুধু বললেন, তুমি যাও আমি পরে যাচ্ছি। বলে মণিকাদি ভিতরে ঢুকে গেলেন।

ঠিক সিঁ ড়িটার নীচে হল ঘরের মন্ত। আনেক বিছানা এবং এটা হাসপাভালের প্রস্থৃতি কেন্দ্র। একটা লোক চুপচাপ সিঁড়ির নীচে বসে রয়েছে। ত্জন যুবক ওর পাশে বসেছিল ঠিক দাবা খেলার মন্ত—ওরা ওকে যেন দাবার ছক বুঝাছেছে। ইক্র খুব উদবিগ্ন বলে সব কিছু ভাল করে লক্ষ্য করল না—সে সিঁড়ি ধরে ওপরে উঠছে।

ইন্দ্র খ্ব সম্বর্গনে পা টিপে চ্কল। সীতার মুখে কিঞ্চিত লালা লেগে রয়েছে। খ্ব হান্ধা মনে হচ্ছিল। শাড়ীটা লিয়রে ভাঁজ করা। শরীরে লালা সেমিজের মন্ত গাউন। চোখে কিঞ্চিত সন্তির চিহ্ন। ইন্দ্র খ্ব ধীরে ধীরে পাশের চেয়ারে বসে মুখ খুব কাছে নিয়ে গেল—ক্রুত নিঃশাল বইছিল ইল্লের, লে সীতার নাকের কাছে হাত রাখল—একটা পুতুলের মন্ত লীতারক লাগছে। কাঠের পুতুল অথবা লাগতের কোন স্থলপদ্ম পাছের মন্ত শীতা একাকী, ইল্লের কারা পাচ্ছিল—সেই সিম নীতার মুখ, মুখে একদা অপরিসীম লাফার্য ছিল—এখন সীতার কিছুই নেই—শীর্প চেহারা, তথু গভীর চোখে বেদনার চিহ্ন। ইন্দ্র ধীরে গীরের উঠে গাড়াবার সময় দেশাল কীকা খুব আন্তে আন্তে চোখ মেলে তাকাচ্ছে। সীতা ওর হাতটা ইন্দ্রের দিকে বাড়িয়ে দিতে চাইল কিন্তু পারল না। ইন্দ্র হাতটা নিজের হাতের ওপর রেখে বসল, তারপর মুখের কাছে মুখ নিয়ে বলল, ব্যথাটা কেমন ?

খুব ক্ষীণ গলায় বলল, নেই। ভারপর সীভা একটু জল খেতে চাইল।

ইন্দ্র সীতাকে জল দিল থেতে। জানালা খুলে দিল। সূর্যের শেষ আলো এই ঘরে, আর মনে হচ্ছিল কোথাও কোন এক শীর্ণ নদী মরুভূমির বুকে পথ হারিয়ে উটের সন্ধানে রভ। ইন্দ্র কাছে বসে বলল, কোন কট্ট হচ্ছে না ভ !

পুর বিষয় দেখাচ্ছিল ইন্দ্রকে। স্থতরাং সীতা ধীরে ধীরে বলল, এবার আমি ভাল হয়ে যাব। ভোমার কোন কণ্ট থাকবে না।

আমার কোন কট্ট থাকবে না—মনে মনে কথাটা আর্ত্তি করল ইন্দ্র। কট আমাদের নিরাময় হয় না সীতা—ইন্দ্রের এ কথাও বলার ইচ্ছা হল। সে কপাল থেকে সীতার চুল সরিয়ে দিয়ে আন্তে আন্তে চুমু শেল। তারপর অনেকক্ষণ চুপচাপ সীতার হাত নিজের হাতে রেখে শেষ স্থান্তের আলোর ভিতর বৃদ্দে থাকল। মনে হচ্ছে সীতা দীর্ঘদিন পর নিরাময় হতে চলেছে। দীর্ঘদিন পর সীতার প্রাণ সঞ্চার হচ্ছে।

সীতা সহসা বলল, জানালার তালগাছটাতে সেই বুড়ো পাখিটা এখনও বসবাস করছে ?

ইন্দ্র বলল, করছে। কোথায় যাবে বল ? প্রাণ ধারণের জন্ত ওকে সবই করতে হচ্ছে। অথবা বলার ইচ্ছা থাকল —প্রাণ ধারণের জন্ত সে এখন নিজের মাংস নিজে খুঁটে খাছে।

সীতার মান হাসি ঠোঁটে ভেসে উঠলো। স্থাস্তের শেব আলো এবং নীচে কিছু কোলাহল—কোন মৃতদেহ বহন করে নিয়ে যাওয়া হচ্ছে যেন, এবং প্রস্তুতি কেন্দ্রে জননীরা এখন ছব দিচ্ছে শিশুদের
—আত্মীয় অজন আসছে ক্লগীদের—মাঠে একটা এত্বলেজ—ওর সাদা
রঙ আর সর্বত্র মাহুষের ভীড়, ওবুধের গন্ধ, মাঠে মাঠে সব শস্তভূমি,
ইল্র তার ছই শিশু সুধ এবং শান্তিকে সেই শস্তু ক্লেত্রে সহসা
যেন দেখল লুকুচুরি খেলছে। আর মনে হল সেই মাঠ স্থর হছে
পারে, সীতাও হতে পারে এবং মনিকাদিও হতে পারেন। প্রদ্বের
জন্ম অথবা গর্ভবতী হবার জন্ম সকলের এক করুণ ইচ্ছা অথচ
মনিকাদিরা এবং স্থরর মত যুবতীরা এখনও নিজের মাংস নিজে
খুঁটে খাচ্ছে—সীতার মত সকলে যেন অমৃত বহন করতে পারছে না।

ইন্দ্রের তখন এক ভয়স্কর ইচ্ছা ভিতরে ভিতরে কান্ধ করছিল।
সে সীভাকে কোলে তুলে নেয়ার স্পৃহাতে ছটফট করতে লাগল।
স্থ এবং শান্তির মত সীতা অসহায়। কোলে তুলে অত্যন্ত নরম
স্নেহের ভিতর সীতাকে লুকিয়ে রাখার ইচ্ছা যেন ইন্দ্রের এবং সে
যেন ফের বলতে চাইল—আমি ভোমার জন্ম সকলের চেয়ে দামী
ভালবাসা বহন করে এনেছি। স্বরর প্রতি আমার প্রলোভন পেটুক
বাক্ষণের মত। স্বর নিজের মাংস নিল্পে খুঁটে খুঁটে খাচ্ছে বলে ওর
ভিতরে ভিতরে ভয়ংকর এক তুর্গন্ধ। স্বরর অবস্থানের সময় সেই
ত্র্গন্ধ আমাকে পাগলের মত করে রেখেছিল।

ইন্দ্রকে চুপচাপ বদে থাকতে দেখে সীতা বলল, আমি খুব ছুর্বল, বেশী কথা বলতে কন্ত হচ্ছে। রাখাল সব দেখে শুনে করছেত ?

—করছে। ইন্দ্র ছ কোয়া লেবুর রস নিজের হাতে সীতার মুখে দিল। আপেল কেটে দেবার সময় সীতা বলল, সলিড খেতে বারণ করেছে, তোমার আপেলগুলো আমি কাল খাব। খুব ধীরে ধীরে বলার সময় মনে হচ্ছিল সীতা কোন জ্যোৎসা রাতে নির্জন এক মাঠের ভিতর দিয়ে হেঁটে যেতে যেতে যেন অদৃশ্র হয়ে যাচছে। ইন্দ্র বুঝল ওর খুব কট্ট হচ্ছে কথা বলতে। স্বতরাং ইন্দ্র কের বেশী কথা নাবলে সীতার ঠোটে মুছ চুমু খেল।

ভারপর অস্তান্ত আত্মীয়স্বজন আসার জন্ত ইন্দ্র সীভার ধ্ব কাছাকাছি থাকতে পারেনি। সুথ এবং শান্তি ছ পাশে বসে মাকে আদর করতে চেয়েছিল। মামারা বেশীক্ষণ ওদের সীভার কাছে রাখেনি। বরং ইন্দ্র এসময় সুথ এবং শান্তির ছইহাত ধরে নীচে নেমে এল। ওরা ইন্দ্রকে দেখে খ্ব লাফালাফি করছিল, বাবা বাবা করছিল।

ইক্স নীচে নেমেই দেখল সেই দাবা খেলার যুবক তিনজন তখন কাঁদছে। একজন খুবই ভেলে পড়েছে, সে বুক চাপড়ে কাঁদছিল, সে শুধু বলছিল চারু তুমি কোথায় গেলে ? চারু আমি এখন একা একা কি করব।

ইন্দের মনে হল সর্বত্র এক নিঃসঙ্গ জীবন। চারুর মৃত দেহ বহন করে নিয়ে যাওয়া হচছে। ফুলের স্তবকে শুধু মৃখ দেখা যাচছে। সাদা পাণ্ড্র মৃখ দীতার মত করুণ দেখাছে। ইন্দ্রের ভিতর থেকে এ-সময় সহসা এক অসহায় কায়া ভেসে এল। সে তাড়াতাড়ি তার ছই শিশুকে বুকে নিয়ে কোন শস্তভূমির উদ্দেশ্যে রওনা হবার জন্ত যেন ছুটতে চাইল। কিন্তু ভিতরে ভিতরে সেই এক জরদগব পাখী—যে নিজের মাংস নিজে খুঁটে খায়, যে নিজের জন্তই শরীরের কোথাও না কোথাও ঘা রেখে অবসর সময়ে কেবল ঠোকরায়। ইন্দ্র ভাবল, সেই তালগাছ থেকে বৃদ্ধ জরদগব পাখীটাকে আজ উড়িয়ে দিতেই হবে। অস্ততঃ সীতার জন্ত, তার ছই শিশু স্থ এবং শান্তির জন্ত সেই জরদগব পাখীর হত্যা একান্ত কাম্য। ইন্দ্র এবার নিজের মৃথ সুর্যের দিকে তুলে ধরল এবং ছই সন্তানকে সুর্যান্তের আলো দেখতে বলে সামনের দিকে হাঁটতে থাকল।

কলকাতা

এই কি করছ ?

- –পড়ছি। শুনতে পাচ্ছ না!
- ওনতে পাচ্ছি। কিন্তু ঘুম আসছে না
- খুম না এলে কি করৰ ?
- ঘুম না এলে কি করতে হয় তুমি জান। জেনেও কেন এমন যে কর ডার্লিং!
 - —শরীর ভাল না। হবে না।
- —শরীর ভাল না! যা! সে-দিনতো শরীর ভাল ছিল না। আজ আবার!
 - —শরীর কি এক ভাবে সব সময় খারাপ হয় !
- —যথন অক্তভাবে, চলে এস, ইদ্কি ঠাণ্ডা। ছুমি না এলে শরীব আমার গরম হবে না।

এ-ভাবে ওরা ছজন যখন কথা বলছিল, তখন শীতের আকাশে ফলছে সব নক্ষত্র-মালা। এবং রাস্তার গাছে একটা ছেঁড়া ঘুড়ি। পাতা গাছ থেকে হয়তো টুপটাপ ঝরছে। আর শীতের আকাশে এই কলকাতা শহরেব ওপব এমনি নক্ষত্রেরা প্রতিবছর জেগে থাকে। এই সব নক্ষত্রেরা যখন জেগে থাকে তখন বিনয়ের ঘুম আ্লেস না। সে তার বিছানায় শুয়ে জানালা খুলে দিলেই দেখতে পাবে সব উজ্জ্বল নক্ষত্রমালা আকাশে। শীতের জল্ম জানালা খুলতে পারছে না। শীত না থাকলে সে তার জানালায় পৃথিবীর সব বর্ণমালা এইসব নক্ষত্রমালার ভেত্তর আবিকার করে খুশি হতে পারত। আরতি যে কেন দেরি করছে!

আসলে এ-ভাবেই বিনয় চটপট ভাবতে ভালবাসে। শুয়ে থাকলে নানা কথা মনে হয়। সারাদিন সে অফিসে বসে থাকে। আয় বয়সে সিনিয়র অফিসার। কিছুদিনের ভেতর আরও ওপরে ওঠার সম্ভাবনা আছে। এবং তথন নিশ্চয়ই আরতি এম-এ পাস করে যাবে। এম-এ পাস তো সোজা কথা না। সেতো বি-এ পাস করেই এত ভাল চাকরি পেয়েছে। বাপের পয়সা আছে, বাপের এক ছেলে। মফম্বল শহরে বাপ এখনও ওকালতি করে টাকা জমিয়ে যাছে। সে নিজের সম্মানের জক্য কলকাতায় ভাল চাকরি এবং য়াট, স্থলরী বৌ—বাপের দেখে দেওয়া, তখন আরতি সবে বাংলায় অনার্স নিয়ে বি-এ পড়ছে। বেশ মজা লাগে, বৌরাত জেগে পড়লে! যখন খুশি ঘুম থেকে উঠে তিল কছেতেই আর কিছু করা যায় না। বিনয়ের বেশ স্থবিধা আছে, সেকখনও কখনও ঘুম ভেঙ্গে গেলে দেখতে পায় আরতি তখনও পড়ছে। তখন সে চুপি চুপি দবজা ঠেলে ওর পড়ার ঘবে গিয়ে প্রথম পেছনে দাঁডায়।

তারপর থুতনিটা ওব স্থন্দর চুলে ডুবিয়ে দেয়।

আরতি বোধ হয় টেব পায় আগে থেকেই। যতই সম্ভর্পণে আমুক বিনয়, কেমনভাবে যে আরতি টের পেয়ে যায়! আর তখনই আরতির কেমন ছোট করে বলা, কি ছুটুমী হচ্ছে! তুমি আমাকে পড়তে দেবে না!

- —এখন আর পড়তে হবে না। এস শোবে।
- —যা দেখছি, পাস করা আর হবে না! সবাই রাভ জেগে পড়ছে। তুমি আমাকে পড়তেই দাও না।
 - --একদিন না পড়লে কিছু হয় না।
 - -এটা একদিন!

বিনয়ের এটা হয়। কারণ বিনয় এ-ভাবেই এসে ওর পেছনে দাঁড়ায়। সে বেশ পরিশ্রম করতে ভালবাসে অফিসে। সে বৌর জন্ম সকাল সকাল বাসায় ফিরে আসে। কথনও কখনও আরতির কিরতে দেরি হয়। কিরতে দেরি হলে বিনয় পায়চারি করে আর জানালায় দাঁড়িয়ে থাকতে থাকতে তার চোখ টাঁটায়। কেমন একটা সংশয় তখন তাকে ঘিরে ধরে। আরতির সঙ্গে সে কথা বলবে না। কথা না বললেই আরতি বৃঝতে পারবে সে ভীখণ রাগ করেছে। কিন্তু কি যে হয়ে যায়, শেষ পর্যন্ত আরতির পায়ের শব্দ দিঁড়িতে পেলেই মনটা বড় সহজ এবং লঘু হয়ে যায়। সে দরজায় দাড়িয়ে বলে, এভ দেরি!

আরতি হয়তো এখন কিছুই বলবে না। আরতির স্থভাব, এসেই বাথরুমে ঢুকে যাওয়া। আরতি কি সারা কলকাতায় কোথাও বাথরুম খুঁজে পায় না। বিনয় তখন কাজের লোকটাকে বলবে, চা বসিয়ে দে। বাথরুম থেকেই হয়তো আরতি বলবে, চা খাব না। তুমি খেলে খাও। কিছু খাব না রাভে। সুধী, রঞ্জন বেট ধরেছিল! কানপুর টেষ্টে কে জিতবে! আজ ওটার কর্মালা হল। রঞ্জন জিতেছে। খুব খাওয়ালো ক্ফি-হাউসে।

বিনয় তথন ভাবে, বেশ মজা। খুব সুখে থেয়ে দেয়ে র্যালা মেরে এল। র্যালা শকটা ভাবতে ভাল লাগে না। পরের বৌ নিয়ে শালারা বেশ মজা করতে ভালবাসে। আসলে আরতিকে আরো একটু সময় বসিয়ে বাখার জন্ম এ-সব মজা। সে সব বোঝে। বৃঝলেও তার কিছু করার নেই। কারণ আরজিকে সে এ হ্বছরে দেখছে ভীষণ জেদি এবং একগুঁয়ে। তাছাড়া বিনয় যেহেতু এ-যুগের ছেলে, মেয়েদের স্বাধীনতা থাকা দরকার কথাটা বিশ্বাস করতে ভালবাসে। তবু কেন যে এমন হয়ে বায়। একটু দেরি দেখলেই, নানারকম কুংসিত কথা আরতি সম্পর্কে ভেবে কেলে। এটা ভাল না। আসলে বিনয় ভেবে থাকে, পে ছেলে হিসেবে খুব ভাল নয়। কলেজ জীবনে সে মেয়েদের পেছনে নানাভাবে লাগতে ভালবাসত। আর এমন সব অলীক কথাবার্ডা

সে চাউড় করে দিও যে, ওকে ক্লাসের অধিকাংশ ছাত্র বয়ে যাওয়া ছেলে ভাবত। বয়ে যাওয়া ছেলের কপাল এমন ভাল হতে কে জানত।

সে ডাকল, আরতি!

—ह^{*}।

সে ত্হাতের ভেতর আরতির সব কিছু আয়তে আনার চেষ্টা করল। কিন্তু আরতি চেয়ারে বলে রয়েছে। সামনে বই খোলা। ঠিক বই না। ক্লাসের নোট। ওপরে লেখা—স্ভজার প্রতি অজুনের অমুরাগ।

সে ত্হাতের ভেতর মব ঐশ্বর্য লুটে-পুটে নেবার সময় বলল, স্থানার প্রতি অজুনির অমুরাগ পড়ানো হয়!

আরতি বলল, লাগছে!

তারপরেই লেখা রয়েছে খাতায়, পবিচারিকা স্থলোচন। বালবিধবা।

বিনয় কলল, আজকাল আর বালবিধবা পাওয়া যায় না। আরতি বলল, হল!

—না। উঠে এস।

আরতি বলল, নোটক্টলো সব লিখে নেওয়া দরকার। খাডাটা আমার কালই ফেরড দিতে হবে। কাউকে কথা দিলে কথা রাখতে হয়।

—কভক্ষণ লাগে বলত।

আরতি চুপচাপ বসে থাকল। এখন তার এ-সব ভাল লাগছে
না। মনটা ওর বিকেল থেকে ভাল নেই। বিকেলে সে যে নোট
নিয়েছিল, ক্লাসে কে সেই খাতাটা চুরি করে নিয়েছে। সে সবচেয়ে
ভাল নোট নিতে পারে। ওর খাতা থেকে তারপর অনেকেই টুকে
নেয়। তা ছাড়া ওতে আরো কতগুলো নোট ছিল, ওপ্তলো না
পেলে, ধ্ব সরমার সঙ্গে ছেরে যাবে। সরমার ফার্ম ক্লানার

কথা। তারও পাবার কথা। খাতাটা এভাবে নিয়ে ওর যে কিভাবে কতটা ক্ষতি করার চেষ্টা করছে সে বুঝতে পারছে না। বিনয় বলল, লক্ষী এস।

আরতি তাকাল ঘাড় বাঁকিয়ে। শিশুর মতো বায়না। আরতির সামান্ত হাসি পেল। সে হাসল না। বিনয়ের এমন কাতর মুখ দেখতে বেশ মজা লাগে। আর আরতির এ-ভাবে এই ইচ্ছে, সে কখনও নিজের ইচ্ছের কথা বলে না। বড় বেশী গোপন রাখার স্বভাব। বিনয় এটা দেখেছে। বিয়ের পর সে কোনদিন দেখেদি, আরতি ওর ওপর কখনও এসে হামলা করেছে—এই সামার ভাল লাগছে না, এস আর পারছি না।

বরং বিনয় দেখেছে আরতি কেমন কোল্ড। একেবারে ধেন সাপ্তা। সাজগোজ করতে বেশ ভালবাদে। ভাল কথা বলতে পারে। শরীর ভাল। লম্বা, ফুন্দর চুল, রঙ শ্যামলা। আরতির শ্যামলা রঙ না হলেই যেন খারাপ লাগত। আর চুল কি ঘন, এবং একরাশ কোকড়ানো চুলের ভেতর আরতির ঘাড় কাঁধ কখনও এত বেশি বলিষ্ঠ মনে হয়, যে বিনয় ঘাবডে যায়।

অথচ আরতি ব্যবহারে ভীষণ আলাদা রকমের। অভুত লাগে বিনয়ের। আরতির যেন ইচ্ছে-টিচ্ছে বলে কিছু নেই। সব ওর ইচ্ছে। সব সময় সেই ভেকে নেয়। এমন কি দেখেছে, যেদিন সে খব খেটে খুটে এসে শুয়ে পড়েছে, ঘুমিয়ে পড়েছে, সেদিনও আরতি একপাশে কেমন একটু কাত হয়ে শুয়ে আছে। হাত দিলে দেখেছে অসাড়। কোথায় বিছ্যুতের মতো তড়িং প্রবাহে জেগে যাবে আরতি, তা না, অথবা সে যখন জাগিয়ে কাছে টেনে নিয়েছে ভখন কেমন আরতির ক্লান্ত গলা, আমার ভীষণ ঘুম পাচ্ছে। আমার ভাল লাগছে না।

এখন আরতি উঠে যাচ্ছে। বিনয় আগে আগে। যেন আরতিকে বধ করতে নিয়ে যাওয়া হচ্ছে। আরতি বলল, আসছি। এই বলে আরতি পড়ার ঘরের আলোটা নিভিন্নে দিল। ভারপর বাথক্সমে ঢুকে পেষ্ট নিয়ে দাঁত মাজল। শোবার আগে দাঁত মাজার শুভাব আরতির। এবং দাঁত মাজতে দেখেই বিনয় বুঝল, আরতি শুয়ে পড়বে। ওর বেশ ভাল লাগল। তা না হলে আরতির যা শুভাব, এই বিনয় একটু তাড়াতাড়ি, আমার কত পড়া। অথবা এ-সবের ভেতরে কি আরতি ওকে যত তাড়াতাড়ি সম্ভব শরীর দিয়ে সরে পড়তে চায়! সে বুঝতে পারে না আরতিকে।

আরতি বাথরুমে। দাঁত মাজছে। মুখে পেষ্টের ফেনা। সে দেখছে বিনয় দাঁড়িয়ে আছে। সে দাঁত মাজতে মাজতেই বলল, তুমি শোও না। আমি যাচিছ।

বিনয় সুবোধ বালকের মতো খাটে উঠে পড়ল। জানালা খোলা, সে জানালা বন্ধ করে ঘুমুতে পারে না। শীতকালেও এই স্বভাব। কিন্তু আরতির ঠাণ্ডা লেগে যায় বলে সে মাথার দিকের জানালাটা বন্ধ করে রাখে। তবু কলকাতা শহরে কি বা শীত, যেন শীত পড়তেই চায় না। এমন যখন অবস্থা, সে একটা চাদর টেনে শুয়ে পড়ল। বিনয় খুব লম্বা না বরং বলা যায় তেজী স্বভাবের চোখ মুখ। মর্থাং বিনয়কে দেখলেই বোঝা যায়, সে চালাক চতুর। সে যেমন শৈশবে অথবা কৈশোরে ফাঁকির ব্যাপারটা ভাল বুঝত, সে বুঝতে পারত, কাকে কি ভাবে খুশি করা যায়, সে এখনও ঠিক সে স্বভাবের। সে কাজের চেয়ে কথা বলতে বেশী ভালবাসে। ওপরয়ালার মন যোগাতে সে পারে। সে চলাকেরা করে থাকে খুব হিসেবী মানুষের মডো। যেন সে দাবা খেলার ছক সাজিয়ে বসে আছে। একটার পর একটা চাল তার ঠিক করা আছে। তাকে হারায় কে! অর্থাং বিনয়কে দেখলেই বোঝা যাবে ভীষণ ধুরন্ধব যুবক। হিসেবী যুবক। বুদ্ধিমান যুবক।

আরতির ভালমন্দ সে ব্ঝতে চায় না। সে কি করে চতুর কথা-বার্তায় শেষ পর্যস্ত আরতিকে ম্যানেজ করে ফেলে। তারপর সে সাধু প্রকৃতির মামূষ হয়ে যায় সহজে। সে সহজেই নানা সাধ্বাদে আরতিকে ফুলিয়ে ফাঁপিয়ে দিতে ভালবাসে। এবং পরে সে দেখেছে কিছুক্ষণের ভেতর যখন শব শেষ, বিনয় যেন জানেও না পাশে আরডি শুয়ে আছে। অফ্য পাশে তার মুখ। জানালা খোলা থাকলে জ্যোৎস্না, কখনও রাস্তার আলো। কেমন একটা অপরিচিতের মডো মনে হয় বিনয়কে।

আরতি এখনও আসছে না। বিনয় পাশ ফিরে শুল। সে দেখতে পাছে আরতি মুয়ে মুখ ধুছে বেসিনে। আরতি তারপর দরজা বন্ধ করছে। আরতির কি যে লজ্জা! সে কতদিন বলেছে, তুমি এমন কেন বৃঝি না। আমার কাছে তোমার কি আর গোপন আছে!

আরতি তখন বলেছে, গোপন কিছু নেই। থাকার কথাও না। গোপন নেই বলে সব সময় খোলা-মেলা রাখা যায় না। সব সময় খোলা-মেলা রাখলে তোমার আকর্ষণ থাকবে কেন। মেয়েরা বৃদ্ধিমতি হলে এটা করে। সব সময় খোলা-মেলা থাকতে চায় না। বরং নিজেকে গোপন রাখার ভেতরে বেঁচে থাকার আনন্দ আছে।

ভারি সাংকেতিক কথাবার্তা। সে এত সব বোঝে না। তার বোঝার দরকারও নেই। এখন যেন আরতি এলেই সব হাতের কাছে এসে যায় পৃথিবীতে। সে পৃথিবীর যাবতীয় ঐশ্বর্য লুটে পুটে নিতে পারে।

আরতির স্বভাব একেবারে অক্সরকমের। ওর তাড়াছড়ো নেই।
দে সব কিছু স্বাভাবিক ভাবে করে যেতে ভালবাসে। যেমন সে
দেখবে, দরজা ঠিক বন্ধ আছে কিনা। তারপর আলমারির ফাঁকে
অথবা অক্স কোন অন্ধকারে চুপি চুপি লুকিয়ে আছে কি না কেউ,
কলকাতায় আজকাল যা সব ঘটনা ঘটছে, সে-জন্ম সে বেশ সম্ভর্গণে
দেখেন্ডনে শোবে। শোবার আগে সে আয়নার সামনে দাঁড়াবে।
চুল পুলে দেবে।

বিনয় ভখন ধৈর্য ধরতে পারে না। এটা যে কি স্বভাব আরতির! দে বিরক্ত হয়ে যায়। না বলে পারে না, চুল-টুল আগে বেঁধে রাখতে পার না! দেই আরতির সামান্ত হাসি। আরতি ভারি মন্ধা পায় একং আরতি এ-ভাবে বিনয়কে পাগল করে দিতে না পারলে আনন্দ পায় না। ওর খাতাটা হারিয়েছে, খাতাটা কে চুরি করেছে সে বুঝতে পারে। সেই ছেলেটি, কার্তিক কার্তিক চেহারা। ছ্-এক দিন কথা-বার্তা হয়েছে, ছ্-এক দিন সে ওকে বলেছে, এই আরতি তোমার খাতাটা দেবে। উজ্জ্বল বাবুর নোটটা ঠিক নেওয়া হয়নি আমার।

সে ছু-একদিন দিয়েছে। কোনদিন বলেছে, আমার কাছে নেই। স্বমার কাছে আছে। তুমি বরং সর্মার কাছ থেকে চেয়ে নিও।

আরতি ছেলেটিকে আসলে আমল দিতে চায়নি। ছেলেটির ভারি ছষ্টু বৃদ্ধি। মাঝে মাঝে সে বিব্রত হলেও, পরে কেমন একটা ক্ষমা ক্ষমা ভাব মনের ভেতরে এসে গেছে। এবং সে জানে সেই ছেলেটি, কি নাম যেন, হাা স্কৃতদ্র, বেশ নাম। প্রথম প্রথম সংকোচের ব্যাপার থাকে একটা, পরে এটা থাকবে না। এবং এভাবে থাতাটা চুরি হয়ে যাওয়ায় যে ছঃখ ছিল, ছেলেটির চোখে কি যেন একটা অস্বাভাবিক ভাল লাগার ব্যাপার থেকে যায় বলে, সে আর রাগ করতে পারে না। সে নিশ্চয়ই তত ছোট হবে না। কাল হয়তো থাতাটা ঠিক ক্ষেরত দেবে। ক্ষেরত দেবে, নয় হঠাৎ ক্লাসে গেঁচিয়ে বলবে, এই যে ভদ্রে আপনার থাতা শেষ পর্যন্ত পাওয়া গেছে। মনে হয় এটাই সেই হারানো থাতা। যা হারালে আপনার চোখে ঘুম থাকার কথা না। বলে সে হাওয়ায় ছলিয়ে হয়তো বলবে দেখুনতো এটা কি না!

আসলে ও-ভাবে ঐ ছোকরা তাকে নিয়ে মজা করতে ভালবাসে। দে যেমন বিনয়কে নিয়ে মজা করতে ভালবাসে তেমনি।

বিনয় তথন প্রায় দাঁত চেপে বলল, তুমি কি! এখনও হচ্ছেনা!

আরতি আয়নায় শেষবার ঝুঁকে মুখে সামান্ত প্রসাধন মেখে বলল, এই যে আমার হয়ে গেছে। আসছি।

। ठुडे ।

• করিডোরে সরমার সঙ্গে দেখা। সরমা, অনিল আরও ছ্-একজন ছেলে গোল হয়ে কথাবার্তা বলছে। করিডোরে ছেলেনা ইতস্তত ঘোরাফেরা করছে। আরতি একবার ভেবেছিল সরমার সঙ্গে দাঁড়িয়ে কথা বলবে। কিন্তু মনে মনে খাতাটার জ্ব্যু সে উদ্বিশ্ব। ছ্-একজনকে জিজ্ঞাসাও করতে ইচ্ছে হল ওর। কিন্তু সামায় খাতাটার জন্ম এমন উদ্বেগ ঠিক না, কেউ কেউ হাসি ঠ টা করতে পারে।

মারতি চলে যাচ্ছিল দেখে সরমা ডাকল। সরমা বলল, খাতাটা পেলি ?

- --- **ना**दत्र ।
- —কোথাও ফেলেছিস ছাখ।
- আমারও মনে হয় তাই।

পাশ কাটিয়ে স্বভন্ত যাচ্ছিল। বলল, খাতাটা পাওয়া গেছে।
আরতি দেখল স্বভন্ত করিডোর পার হয়ে সিঁড়ির দিকে যাচছে।
খাতাটা পাওয়া গেছে যেন বলতে হয় বলা। কোন শুরুষ দিছে
না। গুক্ষ দিলে সে দাঁড়িয়ে আরতির সঙ্গে কথা বলত। পাওয়া গেছে, কিভাবে পাওয়া গেছে, কার কাছে ছিল, এ-সব কথা না বলে
কেবল পাওয়া গেছে বলে চলে যাওয়া ভারি অসভ্যতা। আরতি
আর দাঁড়াল না। ক্লাসে গিয়ে বসবে ভেবেছিল, কিন্তু এমন কথায় পর
সে নিশ্চিন্তে বসে থাকে কি করে। সে সোজা পিছু নিল স্বভন্তের।
সভন্তকে সে ডাকল না। ডাকলে আরও দশজন কাছে আছে যারা
কথাবার্তায় একটু আলা স্বভাবের হয়ে যাবে।

নিচে নেমে দেখল, সুভজ সামনের লনে দাঁড়িয়ে আছে। শীক্তর জ্পুর। বেশ রোদ। সবুল বাস। তার চারপাশে ছাত্র-ছাত্রীদের

কোলাহল। সূর্য এখানে মাথার ওপর। স্থভজের বোধহয় সামাস্ত শীত করছিল। সে যদি দক্ষিণের করিডোরে যেত, তবে সেখানে রোদ পেত। স্থভজ মালকোচা মেরে ধৃতি পরেছে। লম্বা পাঞ্জাবী খদ্দরের এবং ওপরে জহর কোট। এ-পোশাকে স্থভজ টের পেয়েছে তাকে দেখতে ভাল লাগে। চুল কোকরানো বলে, সূর্যের কিরণ সমভাবে পড়েনা এবং নানাবর্ণের ছবি ওর মুখে চোখে ভাসতে থাকে। স্থভজের সামনে আরতি খুব সহজভাবে কথা বলতে পারে না। সামনে গিয়ে দাঁভালেই কেমন সব গোলমাল হয়ে যায়।

স্ভস্ত টের পেয়েছে, সিঁড়ি ধরে আরতি নেমে আসছে। সে ইচ্ছে করেই পেছনে তাকায়নি। কাছে এলে যেমন সহসা দেখে ফেলা, তেমনি দেখা, এবং খাতাটার কথা কিছু না বলে, অক্স কথা। সে বলল, রোদটা বেশ ভাল লাগছে।

আরতি বলল, খাতাটা সত্যি পাওয়া গেছে!

স্বভন্ত বলল, হাা। তুমিই আমাকে দিয়েছিলে।

- —আমি তোমাকে! আরতি যেন আকাশ থেকে পড়ল।
- তুমি দাওনি! বললে না মধ্য ভারতীয় আর্যভাষার স্তর বিভাগ ও লেখ্য নিদর্শন নোট করে নাও স্থভন্ত।

আরতি বলল, কখন!

—বারে! মহেশ্বর বাবুর ক্লাদে তুমি দিলে না।

আরভি ব্রতে পারল, মিখ্যে কথা। কোন এক কাঁকে খাতাটা সে কজা করেছে। কারণ আরভি তো কখনও খাতা ফেলে কোথাও যায় না। সে তার খাতা বই সব ব্যাগে ভরে রাখে। ক্লাসে দরকার মতো নোট করে নেয়। তারপর আবার ষত্মের সঙ্গে ব্যাগের ভিতর। দেখলে মনে হবে, আরভি ইউনিভার্সিটিতে বেড়াতে এসেছে। পড়তে আসেনি।

আরতি দার্জগোরু করতে ভালবাদে। দার্জগোরের ভেতর সহদা মনে হবে না আরতি খুব দেরেছে। কিন্তু একটু ভাল করে দেশলেই বোঝা যাবে আরভির সাধারণ সাজ্ঞার ভেতর ভীষণ একটা অহমিক। আছে। সে বেশ লক্ষা টান দিয়ে সিঁথিতে সিঁহর পরে আদে। সে লালপেড়ে শাড়ি এবং খুব হাল্কা রঙের বোম্বে ডাইঙ পরতে ভালবাসে। খুব হাল্কা স্লিপার আর এ-সবের ভেতর স্বভক্ত টের পায় আরভি সরমার মতো খুব একটা অহমিকা নিয়ে ঘুরে বেড়ায় না। বরং আরভি বেশ বিনয়ী, বিয়ের পর মেয়েরা কি বুঝতে পারে যুবকদের কাছে ভার দাম কমে গেছে। সরমা এইসব জেনেই বোধ হয় অহঙ্কারী মুখ করে রাখে। যারা মিশতে চায় সরমার সঙ্গে ভাদের একটা বেশ দাস্থভাব আছে। স্বভক্ত মনে মনে এটা ভীষণ ঘুনা করে। সে চায় সরমার মতো মেয়েরা চারপাশে ভার ঘুর ঘুর করবে। সে তাই খুব হাল্কা ভাবে বলল, ভোমার বোধ হয় মনে নেই। তুমি না দিলে নেব কি করে!

সভিয় তো! সে না দিলে নেবে কি করে! সে একেবারে ভূলে গেছে তবে! আরও ত্-একদিন সে দিয়েছে। একদিন সরমার সঙ্গে দাঁড়িয়ে গলায় গলায় কথা বলতে দেখে বলেছিল, সরমার কাছ থেকে নিও। ভারপরই আরভি মনে মনে ভেবেছে, সে এমন বলল কেন! ভারতো প্রাপ্য বলে কিছু নেই। সরমারইতো বেশী অধিকার। তবু মনের গহনে মামুষের কি যে থেকে যায়, সে কখন যে এই স্ভেদ্র নামক ছেলেটির ব্যবহারে নিজের কাছে নিজেই ধই পায় না। অগত্যা আরতি বলল, খাতাটা এনেছ!

⁻⁻ ना ।

[—]আনলে পারতে!

[—]কাল নিয়ে আসব। ভাবলাম সকালে যা যা আছে নোট করে নেব। কিন্তু ঘুম ভাঙতে এত বেলা হয়ে গেল! কি যে খুম! সকালে কিছুতেই ঘুম ভাঙতে চায় না।

[—]রাভ করে শোও বোধ হয়।

—ধূস। এস বিসি। বলে স্ভক্ত বেশ গুছিয়ে বসল। আর্ডি
বদল কি না লক্ষ্য করল না। স্ভক্ত লক্ষা। বেশ লক্ষা। বয়স
স্ভক্তের বোধ হয় আর্ডির চেয়ে কমই হবে। স্ভক্ত যদিও কথাবার্তায় পাকা পাকা, যেন কত বয়েস হয়েছে, মেয়েদের সম্পর্কে
আনেক জানে এমন একটা ভাব চোথে মুখে। আসলে কিছুই জানে
না। জানলে, চোখে মুখে যে রেখা খাকার কথা তা থাকত। যেমন
বিনয়ের আছে। বিনয় যখন খুশি যা তা করে ফেলে। সে জানে
কতটা গভীরতা এবং চোখ বুজলে, দেই এক দৃশ্য আর নক্ষত্রের মালা
ঘুরে কিরে নেচে বেড়ায়—স্ভন্ত, বোধহয় সে-সব কিছুই জানে না।
স্ভন্ত অথচ এমন ভাবে কথাবার্তা বলে, যেন সে খুব অভিজ্ঞ মানুষ।
সে না বসে পারল না।

ञ्च्य रमम, দশটা বাজদেই শুয়ে পড়ি।

- —তা হলে তো সকাল সকাল উঠতে পার।
- —উঠতে পারি। ঘুমতো আর দশটা বাজলেই আসে না। কত কিছু ভাবি। ভাবি বাংলা পড়ে কি যে হবে! তোমরা না হয় ফাস্ট ক্লাস পাবে, আমরা, আমরাতো কিছু করার নেই বলে পড়ছি। অগত্যা একটা মাষ্টারি। এসব ভাবলে ঘুম আসে না। তা ছাডা স্থভজ বলতে পারত তোমাদের মতো মেয়েবা পৃথিবীতে জন্মায় ভাবতে অবাক লাগে। আছো বিনয়ের খবর কি!
 - —বিনয় ভাল আছে!
 - —ওকে একদিন কফি-হাউসে নিয়ে এস না।
 - —আসতে চায় না।
 - মারে একদিন জোরজার করে নিয়ে আসবে।

, বিনয়ের সঙ্গে স্বভজের কোন আলাপ নেই। একদিন কি একটা কাজে, বোধহয় চাবি টাবির ব্যাপার ছিল, বোধহয় সেটা আরতি বাড়ি ফেলে এসেছিল, বিনয় এনে স্বভজকে বলেছিল, আরতিকে ডেকে দিন। দে বলেছিল, আমার নাম বিন্যু, বলবেন। এবং পরে স্বভজ্জ বলেছিল, বিনয়।

- —বিনয়।
- —হাঁ বিনয়। ভোমার মানুষ।
- আমার মানুষ, মুখ টিপে হেদেছিল আর্ডি।

এবং তারপরই কি যে হল স্মৃভজের ক'দিন দেখা হলেও তেমন
কথাবার্তা অথবা কোন আগ্রহ প্রকাশ করত না কথাবার্তা বলতে।
যেমন দশটা ছেলেমেয়ের সঙ্গে কথাবার্তা বলতে ভালবাসে তেমনি
স্মৃভজ্য ওর সঙ্গে কথাবার্তা বলত। খাতাটা হারাবার সময় এ-জ্ম্মই
মনে হয়েছিল, কার্তিক কার্তিক চেহারা। আরতি রেগে গেলে
স্মৃভজ্যকে এ-ভাবে ভেবে থাকে। বেশ আলাপের ভেতর মাঝে
মাঝে একেবারে অপরিচয়ের ভাব থেকে যায়। সে বলল, কাল কিন্তু

- —আনব।
- —ভুল করবে না ।
- আরে না। রাভে গিয়েই অসিভবাব্র নোটটা নিয়ে নেব।
 লক্ষ্মণ সেনের প্রবীণ সভাকবি জয়দেব, জয়দেবের কাস্তকোমল
 পদাবঙ্গী চিরকালের মানুষকে ভূলিয়ে রেখেছে। আচ্ছা আরভি
 জয়দেব পডতে ভোমার ভাল লাগে ?

আরতি বলল, ভাল বৃঝি না!

- —ভোমারতো ভাল বোঝা উচিত।
- —কেন বলতো ? আরতি পায়ের কাছে শাড়ি টেনে বসল।
 আরতির পায়ে বাসি আলতার দাগ। আরতি মাঝে মাঝে খুব সুন্দর
 আলতা পরে আসে। বাসি আলতায় আরতির পা এবং আসুল
 আর নোখ ঢাকা। খুব সুন্দর করে আরতি নোখ কেটেছে আর এইসব ঘাসের ভেতর আরতির পা ভীষণ কষ্টদায়ক ছবি হয়ে যায়।
 গতরাতে আরতি বিনয়ের সঙ্গে কি কি করেছে, কি করতে পায়ে
 সহসা এমন ভেবে ফেলল। আর কি যে হয়ে যায়, ওটা হয় ওর।
 সে কথনও কখনও সুন্দরী মেয়েদের ছবি উলল দেখে ফেলে। এই

যে আরতি ওর সামনে বসে রয়েছে, স্বভদ্র বার বার এক ছবি, খাট এবং সাদা চাদরে শুয়ে আছে আরতি, আরতির জংঘা ভাঁজ করা, এবং একটা মানুষ প্রায় পাগলের মতো সব সৌন্দর্য লুটে নিচ্ছে।

সে বলল, বাংলা সাহিত্যের উৎপত্তি ও বিকাশ এ-সম্পর্কে নীলা ভাল নোট নিয়েছে। নীলা কিন্তু ভীরণ স্বার্থপর মেয়ে। কাউকে হেলপ করে না। বড় একা একা স্বভাব নেয়েটার।

আরতি বলল, বাপের গাড়ি থাকলে এমন হয়।

তোমারও তো বাপের গাড়িছিল শুনেছি। বিনয় ইচ্ছা করলেই করতে পারে।

- --করবে না।
- —হবে শুনেছি।
- —হলে তোমাদের ঠিক বেড়াতে নিয়ে যাব।

স্থৃভদ্র বলল, দশম শতাব্দী থেকে বাংলা সাহিত্যের স্থূচনা এবং মধ্যযুগো—একটু থেমে বলল, আচ্ছা মধ্যযুগের সমাপ্তি ভারতচন্দ্রের অবসান পর্যস্ত বলতে পারি।

—তা পারো।

তারপরই স্থভজ বলল, তুমি সাহিত্য পরিষদে এর ভেতর গিয়েছিলে !

- —কেন বলতো!
- —আমার এক বন্ধু তোমাকে দেখেছে।
- —কে ভিনি! আমাকে চিনল কি করে!
- —তোমাকে আমিই চিনিয়ে দিয়েছি। সে আবার বিয়ে হয়ে গেছে এমন মেয়েদের খুব পছন্দ করে।
 - 一(本刊!
- —বিয়ের পর মেয়েরা না কি আর ভীতু স্বভাবের থাকে না।
 মেলামেশা করতে ভীতু স্বভাবের মেয়েরা ঠিক পারে না।

আর্তি বলল, এটা স্বাভাবিক।

স্ভক্ত ভেবেছিল, আরতি ঠিক সায় দেবে না ভার কথায়।
আরতি তক করবে। কিন্তু আশ্চর্য আরতি কি যে সহক্তে সব মেনে
নিতে পারে! আসলে আরতি হয়তো তক ক্রতে ভালবাসে
না। এও হতে পারে, যা স্বাভাবিক তা মেনে নেওয়াই ভাল।
বিয়ের পর এটাতো ঠিক, মেয়েরা পুরুষ সম্পর্কে এত বেশি জেনে
ফেলে, যে তখন আর ভয় পাবার কিছু থাকে না। বরং মজা করা
যায়। যেমন দে এখন বিনয়কে নিয়ে নানাভাবে মজা করে থাকে।
আর মনে আছে তখন ওর বয়স কত, এই আঠারো উনিশ, ওর সঙ্গে
বিনয়ের বিয়ে, বিনয় বেটেখাটো মায়ুষ। হাত পা শক্ত। এমন
একটা শক্ত মায়ুষকে সে সহা করতে পারবে, কি পারবে না আর
কেমন হবে কে জানে—কি যে ভয়, ওর শরীরের সব লাবণ্য সে
সহজেই শুষে নেবে মনে হয়েছিল একদিন। বিয়েটা বাবা কেন যে
এত তাড়াতাড়ি সেরে ফেললেন। ওর জীবনের এখনই কি! সে
তো এইমাত্র আরও ভালভাবে স্বপ্ন দেখতে চাইছে।

আরতি বলল, আমি উঠছি। কাল কিন্তু এনে।।

— আনব। বলে দেও উঠে পড়ল। সরমাকে দেখি। ও তো বেশ জনিয়েছে। নীলাকে দেখলে বলবে তো আমি ওকে খুঁজছি।

আরতি বুঝতে পারে স্মৃতত্ত ইচ্ছে করেই এ-সব বলছে। নীলাকে সে তার আগেই ক্লাসে আবিষ্কার করে ফেলবে।

এবং এ-ভাবে আরতি চলে যাছিল। আরতি চলে ক্লিপ এঁটে
সমস্ত চুল কেমন স্থলর ফুলিয়ে ফাপিয়ে রেখেছে। ওর শ্যামলা
রঙ এই শীতের রোদ্ধুরে ভারি মিষ্টি। আর ও কি যে একটা স্থলদ্ধ
মেখে আসে, যা অনেকক্ষণ স্থভক্ত টের পায়। আরতি কাছে না
থাকলেও অনেকক্ষণ টের পায়। এমনকি সে ক্লাসে বসে থাকলে
বলতে পারে, না দেখেও বলতে পারে, আরতি ক্লাসে চুকছে। আরতি
ক্লাসে চুকলেই একটা আলাদা ভাণ। অহা মেয়েদের চেয়ে আলাদা।
বিয়ে হয়ে গেলে মেয়েদের শরীরে বোধ হয় আলাদা ভাণ দেখা দেয়।
স্থভক্ত ঘড়িতে দেখল, ক্লাসের সময় হয়ে গেছে। সে এমন সহ

ভাবতে ভাবতে কেমন অশুমনস্ক ভঙ্গীতে করিভোরে হেঁটে যেছে থাকল। করিভোৱে স্বাই ওকে লক্ষ্য করছে সেটা সে টের পেল না।

I GA I

স্থল এবং সারতি অথব। স্থল এবং সরমা অথবা সারতি এবং বিনয়, এ-ভাবে ঘুরে ঘুরে স্থল আরতি সরমা স্থল আরতি বিনয়। এক আশ্চর্য রতের চারপাশে ঘুরে ঘুরে ওরা কখনও দাঁড়িয়ে যাচেচ, কখনও ছটছে। কখনও নেচে নেচে আকাশের নক্ষত্র গুনছে।

সকালে ফোন। স্বভদ্র ফোন করেছে। স্বভদ্র ফোন করলে আরতির ভাল লাগে। কি যেন একটা আশা, অথবা পাবার কথা আছে স্বভদ্রের কাছে। সে বলল, কিরে এত সকাল সকাল ফোন!

- —শোন যাবি তো!
- —কর্তাকে তো কিছু বলা হর্নি।
- —বলে ফেল।
- —ঠিক ঠিক কথা বললে যেতে দেবে না রে!
- --কেন দেবে না ! ওকেও আসতে বল না !
- নলে লাভ নেই। যাবে না। তোদের ও খুব বাচচা ছেলে ভেবে থাকে।
 - —ভাই বুঝি! ভোকে কি ভাবেরে!
 - —আমাকে অনেক কিছু।
 - আচ্ছা, একবার বলেই ছাখ না।
 - ওর সময় হবে না। কাজের চাপ বাবুর ভীষণ।
 - —ভবে কটা টিকিট কাটব।
 - সামার টিকিট না কাটলে নয় ?
 - —বারে দে কি করে হয়! আমরা সোঁ তে বদে হৈ হল্লা করর।

আর তুই তখন ভাল ছাত্রীর মতো মূখ গুঁজে পড়বি বাড়িতে, সবাই বরদক্তি করবে কেন।

- —ও সেদিন ভারি রাগ করেছিল।
- <u>-কবে!</u>
- —বঙ্গ সংস্কৃতিতে হেমন্তের গান শুনে…।
- মাঃ! স্থভত তোক গিলল। বেশ রাত হয়েছিল। তা রাগ হবার কি আছে! ওরা সবাই মিলে গিয়েছিল। সে, সরমা, নীলা, অনিল আর অবিনাশ। নীলার গাড়িতে সবাই ঘুরে বেড়িয়েছিল। ওকে বাড়ি পৌছে দিয়েছিল।

আরতি শেষে বলল, কাট। ঠিক ম্যানেজ করে চলে যাব।

বিনয় বাথক্স থেকে বের হয়ে দেখল, কোনে আরতি কথা বলছে। ওর অফিসের সময় এখন। সে তাড়াতাড়ি একটা শুকনো ভোয়ালে দিয়ে মাথাটা ভাল করে মুছে নিল। সে তার ঘন চুলে সামাশ্য ক্রীম মেথে চুল পাট করে নিল। রান্নার মেয়েটা টেবিলে জল রাখছে। আয়নায় সে এটা দেখতে পেল। আয়নায় দেখতে পেল তখনও আরতি কোনে কথা বলছে। এত সকালে আরতি কাকে কোনে কথা বলছে। এখন মফিসের সময়, সে বাথক্সমে ছিল এবং সাওয়ারের জল পড়ার জন্ম, ফোন আরতি করেছে, না, ফোনে অন্থা কেউ আরতিকে চেয়েছে বুঝতে পারছে না!

আরতি কোন ছেড়ে টেবিলের কাছে এসে দাঁড়াল। এখন রায়ার নেয়েটা টেবিলে খাবারের থালা রাখবে। পাশে এসে দাঁড়ালে বিনয় আরতির শারীরে বাসি গন্ধটা টের পেল। এবং সে দেখেছে, যখন আরতি বিছানায় শুতে যায় তখন তার শারীরে এক রকমের গন্ধ খাকে, এবং সকালে অক্সরকমের। ছটো গন্ধই ওর প্রিয়। এবং প্রিয় বলেই এই যে আরতি এখন ওর পাশে দাঁড়িয়ে আছে, প্রায় নাভির কাছাকাছি মুখ, কারণ সে ভো চেয়ারে বসে রয়েছে, আরতি পাশে দাঁড়িয়ে আছে, ইচ্ছা করলেই নাভির ভেডর কত সহত্তে মুখ ডুবিয়ে আরও ভেতরে যে আশ্বর্চ গন্ধ থাকে তার স্বাদ, সে প্রেতে পারে তার

খাদ, অথচ সে কিছুই করছে না। করছে না এ-জস্ম নয় যে রায়ার মেয়েটা যে কোন মুহুর্তে ভাতের থালা নিয়ে আসতে পারে, এবং দেখে ফেলতে পারে, আসলে সে এর জ্বম্ম এতটুকু ভাবে না। তার ভাবনা এই সকালে আরতি ফোনে কার সঙ্গে কথা বলছে ! আজকাল আরতি ফোনে কথা বলতে ভীষণ ভালবাসে। সে প্রায়ই এটা লক্ষ্য করেছে ফোনে কথা বলতে বলতে এত নির্বিষ্ট হয়ে যায়, অহ্য কেউ এ বাড়িতে আছে টের পাওয়া যায় না। আরতির আন্তে কথা বলার খভাব। সে ফোনে কি বলে কাছে গিয়ে না দাড়ালে বোঝার উপায় নেই। বিনয় একটু দূরে দাড়িয়ে ইচ্ছে করলে শুনতে পারে, কিন্তু আড়ি পাতার স্বভাব এখনও গড়ে ওঠেনি। তবুসে চায়, আরতি নিজেই বলবে, কে ফোনে এতক্ষণ ওর সঙ্গে কথা বলছে।

ভাতের থালা সামনে। বেশ গরম ভাত। এত গরম বিনয় থেতে পারে না। আরতি রান্নার মেয়েটাকে ভীষণ ধনকে উঠল, ভোকে রাণী এত করে বলেছি, ভাতটা ঠাণ্ডা করে দিবি, এত গরম কেউ থেতে পারে এবং নিজেই একটা তালপাতার পাথা এনে একটা চানচ দিয়ে ভাতটা ছড়িয়ে দিতে দিতে হাওয়া করতে থাকল। এবং বলল, সরমা কোন করেছিল।

- —হঠাৎ সরমার ফোন!
- —মাই ফেয়ার লেডির টিকিট কাটছে। তুমি থাবে! তোমাকে নিয়ে যেতে বলেছে।
 - —খেয়ে দেয়ে কাজ নেই, এ করি।
 - —ও বার বার বলছিল।
 - —আর কে কে যাচ্ছে।
 - --নীলা অবিনাশ অনিল সুভদ।
 - ---সেই সুন্দর মতো বালক।
 - —হাঁ। সেই খুন্দর মতো বালক।
 - —বালক সিনেমা দেখতে বুঝি খুব ভালবাসে।

- —বোধ হয়।
- যুবতীদের সঙ্গে ঘুরতে বালকের সংকোচ হয় না!
- --সংকোচ হবে কেন!
- —হবে না! বাখের পেছনে ফেউ যেমন, এও তেমনি। আমি মরে গেলেও পারতাম না। এই পিছু পিছু খোরা তোমরা পারও।
 - কি যে বল না তুমি! তোমার মুখে আটকায় না!

বিনয় কাঁচা লক্ষা খেতে খুব পছন্দ করে। ইলিশ মাছ ভাজা আরও পছন্দ। ইলিশ মাছ ভাজা, মাছ ভাজার তেল এবং কাঁচা লক্ষা বেশ স্থান্দর মাখা এবং গন্ধটাতেও জীভে জল আসে। আরতি বলল, আমাকে দাও না। বলেই সে হাঁ করল। বিনয় বেশ একটা বড় মাছের টুকরো এবং ভাত ঝাল ঝালভাত ওর মুখে দিলে আরতি পাশে দাঁড়িয়ে খেতে খেতে হঠাং বিষম খেল। এবং সারা ঘরে ভাত, বিনয় তাড়াতাড়ি মাথার হাত রেখে বলল, ষাট ষাট কি যে কর না। সে ভাতের ভেতর ব্যাতে পারল আরতির মুখে অজম্ম ভাতের কণা, ওর খাছা বস্তুর সঙ্গে মিলে মিশে এক হয়ে গেছে। আরতি একট্ স্থাভাবিক হতেই ডাকল, রাণী, থালাটা পাল্টে দে।

বিনয় বলল, কেন কি হয়েছে!

- —ওগুলো খেতে হবে না!
- —ধুস! তোমার এমন কি আছে যা আমার থেতে ভাল লাগে না।
 - কি যে হচ্ছে না! রাণী আসছে!
- অ:। আছো। বলেই সে মাছ ভাজা কাঁচা লহা আর ভাত বশ বড় বড় গ্রাদে খেয়ে ফেললে দেখতে পেল, মুগের ডাল ইলিশের বাল। সরবে দিয়ে। পেটির মাছ। বড় বড় তিন টুকরো। বিনয় বলল, তুমি একটা খাও। আরতি, একটা পেটি আলাভাবে তুলে নিল। দাঁড়িয়ে দাঁড়িয়ে খেল। বেশ রেঁ খেছে। একদিন ভাতে সেদ্ধ দেব। আছো বড় কই মাছ পাওয়া যায় না! ঠিক এখন না। কার্তিক মাসে বাবা রাজার থেকে খুব বড় কই মাছ আনতেন। ভাতে সেদ্ধ

কই মাছ খেয়েছ ? ও কি প্র্যাণ্ড ! বিনয় খেতে খেতে বলল, সিভ্যা প্রাণ্ড । তুমি খেও । কারণ বিনয় বুকি বুকতে পারে, মাই কেয়ার লেভির টিকিট, পার্ক ষ্টাটে ঘুরে বেড়ানো, কোন রেঁস্তোরায় বসে সামাশ্য আহার অথবা সেই পর্দায় মাই কেয়ার লেভির কোন কোন অংশ দেখতে দেখতে সেই স্থানর বালকদের ছোটখাটো কথা অথবা ছোঁওয়া উপরি পাওনা জীবনে । সভ্যি প্র্যাণ্ড । বিনয় বলল, আমার যাওয়া হবে না আরভি । তুমি যাও । আমার কথা বললে, বলবে, কাজের চাপ । ঠিক ম্যানেজ করতে পারব না ।

এবং এ-ভাবেই বিনয় জানে এই যে সামাক্ত উষ্ণতা, মাই ফেয়ার লেডি দেখতে দেখতে শরীরে জমা হবে, রাত্রে তা আঁধারে স্থুনর স্থুচারুভাবে শরীরে জুমা হলে বেশ মজা, বেশ আরাম, সিশ্ধ অঙ্গ-প্রত্যঙ্গে মনোরম দোলা এবং মন্দ হয় না, যখন এ-ভাবে ঘটে যায়, সারাদিন আরতি এক আশ্চর্য উফ্ষতায় ভরে থাকে আর রাতে বেশ স্থমধুর খেলা। বিনয় দেখেছে যেদিন সে একট কঠিন এবং সংশয়ে ভূগে মুখ ব্যাজার করে রাখে, ওকে যেতে দেয় না, দেদিন সে আর আরতি ছুপাশে, যেন কোন পরিচয় নেই ছুজনে। যেতে থেতে সহনা দেখা অথবা কোন পান্থনিবাদের মতো সারারাত নির্জনতায় ভূগে ভূগে সকাল করে দেয়। এবং সকাল হলে চোখ ভীষণ জালা করে। ভেবে পায় না, কি এমন ভেতরে জালা থাকে যা সারারাত ওদের অনিজায় ভূগিয়েছে। বিনয় বেশি সময় মুখ কাজার করে রাখতে পারে না। কারণ ঘরে যদি সারাক্ষণ এ-ভাবে থাকে, এবং অফিসে গিয়েও যদি ঘরের চিম্ভা করতে হয় তবে সে লড়বে কি করে অফিসে। যেমন তার সমকক্ষ সব যুবকেরা ওর ওপরে ওঠার জন্ম লড়ছে, তেমনি তাকেও লড়তে হচ্ছে। সে চতুর বলেও সকালে খুব সহজে সব হাছা করে হেসে হালা করে দেয় এবং তখন হয়তো আরতি পড়ছে টেবিলে, চোখে মুখে অনিস্রার ক্লান্তি, তথন ত্-পা**ল থেকে জ**ড়িয়ে কেবল চুমো থায় ৷ তারপর বলা, আৰু কি প্ৰোগ্ৰাম। কোথায় যাবে গ

- -কোথাও না।
- —কেন, সরমার কোন প্ল্যান প্রোগ্রাম নেই।
- ওর থাকতে পারে। সে নিজের খুশিমতো স্ন্যান প্রোগ্রাম করতে পারে। আমি পারি না।
 - —তুমিও পার।
 - —না পারি না।

এ-ভাবেই ওদের কথাবার্তা হয়ে থাকত। আ**জকে আরতি** সহ**ক্ষেই** বলে ফেলতে পারল, চল না গো।

- —আগে থেকে না বললে কি করে হবে! না গেলে ছ-ভিনটে জরুরী কাজ পড়ে থাকবে। এতে ক্ষতি হবে।
 - —তুমি না থাকলে আমার ভাল লাগে না।

এগুলো খুব একটা সভ্য কথা হয়তো নয়। কারণ সেভো জানে বিনয় তার নিজের মানুষ, তাকে বিনয় যে-ভাবেই ব্যবহার করুক না, তাতে একটা এক বেয়েমির ব্যাপার থেকে যায়। ত্বছরেই সে যেন এটা টের পেয়েছে। কলেজ জীবনে সে মেয়েদের কলেজে পড়েছে। কো-এড়কেশন ছিল না বলে, জীবনে এমন একটা উষ্ণতা মাছে সে যেন টের পেত না। এখন আরতি এ-সব মাঝে মাঝে টের পায়। এক ঘেয়েমি নেই জীবনে। ক্লাস করে, কফি-হাউসে আড়া দিয়ে কখনও মাঠে স্বাই মিলে গুনগুন করে গান গাইতে গাইতে এক মহিনময় জীবন যাপন। অথবা বৃষ্টিপাতের দিনে যখন তাকে সভদ্র স্টপেজে বাসে তুলে দেবার জন্ম দাঁড়িয়ে থাকে তখন মনে হয়—এক আকাজ্যিত জীবন, সে এটাই বোধহয় এতদিন চেন্ধে এসেছে।

আরতি বলল, তুমি ফিরছ কটায় ?

- —একটু রাজ হবে।
- —আমারও হতে পারে।
- —সিনেমা দেখে আবার কোথাও যাবে নাকি!

- —একটু নীলার বাড়িতে যাব। নীলার কাছে আসিভবাবুর নোটটা টুকে নিতে যাব।
 - —তোমাদের তিনি কি পড়ান।
 - —রৈবতক।
 - —সে আবার কি।
 - —সাহিত্যের ব্যাপার তুমি বুঝবে না!
 - -কেন বুঝা না!

আরতি কেমন চোখ বৃদ্ধে বলল, কিছুটা মুখস্থ বলে যাবার মতো
—চতুর্থ দর্গ অবধি দেখলুম কবি তত্ত্বকথা নিয়ে ব্যস্ত। আখ্যানভাগের দিক থেকে এটা একটা ক্রটি। চতুর্থ দর্গে রাজনৈতিক বড়যন্ত্র
তত্ত্বকথায় ভারাক্রাস্ত। কিছু বৃঝলে!

- -- 리1 1
- —তবে অত খুটিয়ে খুটিয়ে প্রশ্ন কর কেন! যাধরতে পারবে না, তা নিয়ে সংশয় ভাল না।

॥ होत्र ॥

সুভন্ত নীল রঙের প্যাণ্ট পরেছে, জন্ত জানোরার আঁকা হাওয়াই
সার্ট। সে সিঁড়ি ধরে ওঠার আগে একটা সিগারেট কিনে নিল।
এবং সিগারেট জালিয়ে সিঁড়ি ধরে ওঠার সময় একবার ঘড়ি দেখল।
এখন ছটো বাজতে বিশ মিনিট। সে থাকে বাগবাজার দ্রীটে।
জানিল থাকে মির্জাপুরে, অবিনাশ হাওড়ায়। সরমা ভবানীপুরে,
আরতি রাসবিহারী এবং নীলা নিউ-আলিপুরে। ওরা চৌরঙ্গির
কোথাও দেখা করলে সবার স্ববিধা। কিন্ত ওরা কোথাও যাবার
আগে এখানে আসে। এক কোণায় বসে নানাভাবে সব গল্প।
কখনও পড়াশোনার। কখনও মান্তারমশাইদের ম্যানারিজম সম্পর্কে।
ভথবা যেমন অনিল কখনও গলা মোটা করে সক্ষ করে কে কেমন

পড়ায় একেবারে ছবছ তাদের নকল করে স্বাইকে কখনও হাসায়।
এছাড়া আছে সিনেমার নায়ক নায়িকাদের সম্পক্ষে কথাবার্তা। কি
ভাল ইংরেজি বই আসছে, কি চলছে, হিন্দীতে কিশোরকুমারের গান
অবিকল নকল করে যখন অবিনাশ গায় তখনও মজা পায় ওরা। এবং
এক আশ্চর্য মজা এভাবে ঘুরে বেড়ানোব ভেতর কি করে যেন থেকে
যায়!

শ্বভদ দেখল, আরতি একা বসে বয়েছে। সবাব আগে আবতি তবে চলে এসেছে। আরতি ভাল ছাত্রী। এমনভাবে ওর চলাফেবার একটা শ্বভাব আছে। সে কখনও বৃষতে দেয় না খুব পড়ছে। বরং সে এমন একটা ভাব কবে থাকে, আদৌ পড়ছে না। পড়ার কথা উঠলে বেশি সময় অত্য প্রসঙ্গে কথা বলতে ভালবাসে। শ্বভদ্র ওকে দেখবে আশাই করেছিল। এবং সে পাশে বসে বলল, কখন এলি!

—মিনিট পাঁচেক হবে। আরতি ঠিক সময় বলল না। সে এসে বনে আছে প্রায় আধ ঘণ্টার ওপর। কথা আছে সবার এখানে আসার। এবং বেশ গুলজার, তিনটেয় শো। তিনটের শো বলে, ঠিক তিনটায় হাজিব হওয়া কেমন স্বার্থপরভার ব্যাপার। অথবা মনে হয়, জীবনে যদি একটু এলোমেলো ঘটনা না ঘটে যায় তবে নিরিবিলি এ পৃথিবীকে ভালবাসা যায় না। এই যে একটু অসময়ে বেব হয়ে পড়া, সংসারে নানাবিধ কাজের ভেতরও একটু সময় কয়ে ঘুরে বেড়ানো, কখনও গাছের নিচে দাঁড়িয়ে থাকা খুবই মনোরম ব্যাপার। তবু এ-সব যতই মনে হোক, আরতি যে অনেক আগে এসে বসে আছে বলল না। কেমন তা হলে সে ধরা পড়ে যাবে।

স্থভদ্ৰ বলল, কৰ্তা আসবেন না!

- --ना।
- —ভদ্ৰ**লোক কি ভাবে** ?
- −িক ভাববে !
- মামাদের মামুষ ভাবে তো!

- --খোকা ভালে।
- —ভৌর কভীর বর্ষ কত হবে রে!
- -बानिना।
- —বেশ বরেশ। ভোর চেয়ে বেশ বড়।
- তা হবে বাধ হয়। ওরা কেন আসছে নারে! এই আবহুল। আরতি বেয়ারাদের নাম ভূলে যায়, তবু কোনো নামে ডাকার স্বভাব। সে বলল, ছু কাপ কফি।
- হু কাপ না। এক কাপ। স্বভদ্র হাতের ইশারায় বলে দিল।
 আরতির আঁচল সামান্ত চিলেটালা। আরতি হলুদ নীল এবং
 সোনালি রঙের সিফন পরেছে। খুব ঝলমলে। মাথায় বেশ লম্বা
 সিঁহুর। অনেক চওড়া করে পরেছে সিঁহুর। অনেক বড় ফোটা
 দিয়েছে। পারে আলতা। চোখে লম্বা কাজল টেনেছে। এবং
 স্মধ্ব দেখতে, ভারি স্কার গন্ধ, চুলে লম্বা বিমুনি। এবং কি যে
 মায়া চোখে। দেখলে কে বলবে, আরতি রাতে কিছু করে থাকে।

স্থভন্ত বলাল, খুব সুন্দর দেখাচ্ছে তোকে।

আরতি বলল, তোকেও।

- —আমাকে। যা!
- —হাারে। ভোকে অনেক দমা লাগছে।

আসলে স্থভদ্র বেশ পদা: এবং স্থগঠিত চেহারা, আর সে লম্বা বলে মুখে এক আশ্চর্য কমনীয় ভাব আছে বলে কেবল দেখতে ইচ্ছে হয়। লোভ বেড়ে যায়। এবং আরতি ইচ্ছে করেই ওর মুখের দিকে বেশি তাকায় না। ওর শরীর অথবা হাত পা, হাতে ভীষণ লোম, এমন স্থলর রঙ শরীরের লোমে প্রায় বনরাজী নীলা। ওর এমন স্থলর লোমশ হাতে হাত দিতে ইচ্ছে করে।

আরতি বলল, তোর ঘড়িতে কটা বাজে দেখি। বলে সে স্ভাজের হাত টেনে নিল। নরম মস্থ লোমশ হাতে পশম পশম উফতা। কেবল হাত ডুবে যায় সেই উফতায়। স্ভুজ হাত ফেলে বেখেছে আরতির হাতের ওপর। এবং সে বৃশ্বছে পারছে আরতির থ্ব ভাল লাগছে ওর হাত ধরতে। ওরও ভেতরে এক স্থানর অসহিফুতা। সে বারে বারে যেন এ-ভাবে হাত ওর কাছে গচ্ছিত রাখতে চায়। আরতির বোধ হয় আর ইচ্ছে হচ্ছে না হাত ছেড়ে দেয়। ভেতরে এক যাছকর তার খুমের রাজ্যে চলে আসে। স্বপ্লের মতো মনে হয়। সে বলল, তোর ঘড়ির সময় ঠিক আছে ?

দে বলল, হ্যা, রেডিওর টাইমের সঙ্গে মেলানো আছে।

—আমার ঘড়িটা একবার দোকানে দিতে হবে। সময় ঠিক দিচ্ছে না।

এবং এ-ভাবে ওরা জানে ঘড়ি কখনও কখনও সময় ঠিক দেয় না।
মনের ভেতরে কি যে থাকে। আশ্চর্য এক লুকোচুরি খেলা। এবং
এ-ভাবে যেন এক সারাজীবন লুকোচুরি খেলা। যে বিনয়কে সব
বলতে পারে না। অনেক কিছু লুকিয়ে যায়।

সে এক সময় স্বভন্তকে বলল, ওরা তো আস্চে না।

— আসবে। টিকিট কাটা হয়ে গেছে। মাই কেয়ার লেডি পায়নি। এবং অশ্ব একটা বই-এর নাম করল স্থভত।

বইটা আস্তেনিওর হবে হয়তো। নাম ওরা উচ্চারণ করতে পারে না। অথবা ভূলে যায়। অথবা যেন কি হবে নাম জেনে। সেক্স এও ক্রাইম দেখতে ওরা বেশী ভালবাসে.। আসলে ওটা আস্তেনিওর ছবি না অস্ত ছবি, তাও ওরা জানে না। ছবিটাতে বেশ সেকস আছে। উগ্র। সব দেখানো হয়নি! কিছুটা বাদ সাদ দিয়ে। ওরা ফিল্ম ক্লাবের মেম্বার হবে ভেবেছে। ওখানে সব ছবির অরজিনেল প্রিণ্ট দেখা যায়। এবং ছবির উৎসব আরম্ভ হলেই ভীষণ কাড়াকাড়ি পড়ে যায় সর্বত। ওরা গতমাসে নানাভাবে চেষ্টা করেও সবার জল্প টিকিট পার্যমি। যা পেরেছিল ভাগ ভাগ করে দেখেছে। এবারে ওরা এক্সকে ছবি

এ সময় দলবল সহ সরমা হাজির। সরমা কি তবে সংগোপনে আরও একটা জায়গা ঠিক করে ফেলেছে—যেখানে ওরা একত্র হয়ে এখানে এল। ওরা এলো বেশ নরক গুলজারের মতো। এবং এখন বা কথাবার্তা যেন সমবয়সী বন্ধু সবাই। পুরুষ মেয়ে বলে কোনো তফাং নেই। যে কোনো কথা যে ভাবে খুশি ওরা বলে যাচ্ছে। ওরা কফি খেয়ে বের হয়ে এল। একটা ট্যাকসি ডেকে নিল কফি হাউসের দরজা থেকে। তারপর জনবহুল এই কলকাতা শহরে ক'টি প্রাণী নতুন ভাবে কিছুক্ষণের জন্ম বাঁচতে চায় এই ভেবে ওরা বের হয়ে গেল।

এবং বোঝা যায় মাতুষ তার অস্তরে নানা বর্ণের ছবি নিয়ে বাঁচে।

ঐ যে বলে এক শৈশব আছে, শৈশব শৈশব থেলা, যে থেলায় মনে
হয় পৃথিবীর ঘাস ফুল পাখি মনোরম, কি যেন রয়েছে হাতের নাগালে,
কিছুদ্র গেলেই পাওয়া যায় পাওয়া গেলে মনে হয়, না আরও দ্রে
আছে সঠিক ঘটনা, এখানে নয়, কেবল নিরস্তর ঘুরে মরা এভাবে,
ওরা ছবি দেখতে দেখতে এটা বুঝে বেশ আরাম করে বসল। একপাশে অবিনাশ। অবিনাশ মাঝে মাঝে ঝুঁকে কি যেন দেখছে
ছবিতে। অনিল বলল, বেশি ঝুঁকলে বেশি দেখা যায় না, ঠিকভাবে
বোস। আর তারপরেই নীলা আর সরমা। সরমার পরে আরতি।
আরতির পরে স্কুড্রে। স্কুড্রে দেখল তখন পর্দায় এক সুন্দর মেয়ে
পাহাড়ী উপত্যকায় নানা রঙের ফুলের ভেঙর দাড়িয়ে আছে, আর
দ্রে দেখা যাছে এক তরুণ ছুটে আসছে। বোধ হয় কোন পাহাড়ী
উপত্যকার ছবি এটা। এমন একটা জায়গায় ওরা গিয়ে পিকনিক
করতে পারলে যেন মন্দ হত না।

[—]কিরে কেমন দেখছিস ? স্থভন্ত আরজিকে বলল। আরতি বলল, গ্র্যাণ্ড।

[—] চুমু ওরা কেমন জোরে খায়। বাঙালী মেয়েরা দেকস বোঝে না।

- —চূপ কর। সেদিনের ছেলে। ছধের গন্ধ মুখ থেকে যায়নি। সরমা বলল, কার ছধের গন্ধ যায়নি রে।
- -এই পঙ্গপালদের।

অনিল বলল, খুব সাহস বেড়ে গেছে।

অবিনাশ বলল, কার ?

— আর কার ? এই সব মেয়েদের।

সরমা বলল, মেয়ে মেয়ে করবি না। ভজ মহিলা বলবি।

নীলা বলল, এই কি সব বকছিস। পাশের সিট থেকে এখুনি সিটি দেবে।

আরতি বলল, আগলি।

- —এটা আগলি হল।
- —খ্ব। এমন সুন্দর ফুলের উপত্যকাতে কি যে করছে ওরা!
- —ফুলের উপত্যকাতে সবাই কিছু করতে চায়।
- **ঘর বাডি নেই** ?
- --- ঘর বাডিতে জমে না রে।
- জমালেই জমতে পারে।
- —হবে হয় তো। আমরা এখনও জানি না। সরমা কৃত্রিম দীর্ঘধাস ফেলল।

অনিল বলল, অভিজ্ঞতা সঞ্চয় করলেই হয়। কে বারণ করেছে। অবিনাশ বলল, পবিত্রতা নষ্ট হয়ে যাবে রে। কেন যে আসা।

- —এই অবিনাশ, ছবি দেখতে এসেছিস না কথা বলতে এসেছিস।
- —এটা কার ক্রাসরে।
- —কার হতে পারে।
- —আমাদের তো মনে হয় আরতির। আরতি তুই আমাদের একটা ক্লাস নিবি।

আরতি ব্বতে পারল, কি প্রসঙ্গে অবিনাশ এমন বলছে।—ক্লাস নেওয়ার দরকার আছে মনে হয়। একদিন ঠিক নেব। তা না হলে তোরা অষাস্থ্য হবি। সুভক্ত কিছু বলছিল না। সে খুব মনোযোগ দিয়ে ছবিটা দেখছে। ওর হাতের পাশে আরতির হাত। আরতি সংগোপনে সুভজ্রের হাত নিয়ে নিজের হাতে লুকিয়ে রেখেছে। এবং চোখে মুখে এক অতীব উষণতা। ছবিতে উপত্যকাময় তখন ছই যুবক ব্বতী ছুটছে। বোধ হয় মনে মনে আরতিও ছুটছিল। সে আর সুভক্ত ফুলের উপত্যকাতে ছুটছিল।

॥ और ॥

তখন বিনয় নিচের ঘরে বলে কিছু রিপোর্ট দেখছিল। এ-গুলো সবই মার্কেটিঙ রিপোর্ট। রিপোর্টগুলো নিয়ে একটা প্রেসি করা দরকার। কর্তৃ পক্ষ দেখবেন। ওর স্টেনো স্থমিতা লাহিড়ি। বিয়ে হয়েছে কিছুদিন আগে। এবং বিনয়ের বয়সী ঠিক হবে না। বরং বেশিই হবে। বেশি বয়সে বিয়ে। ভক্তমহিলা নিজের সম্পর্কে সচেতন। লম্বা, বেশ লম্বা। শরীরে এখনও মাংস তেমন লাগেনি। শরীরে যতটুকু থাকলে ভাল দেখায় ঠিক ততটাই আছে। পাশের সুইঙ ডোর খুলে গেলেই ছোট চেম্বারে স্থমিতা বনে। ও টাইপ করছে। গতকাল কিছু রিপোর্ট সে ডিকটেট করেছিল, বিকেলের দিকে করায় কাজ কাল শেষ হয়নি। ইচ্ছে করলে সকালের দিকে এসে শেষ করতে পারত, কিন্তু মিস্টাব বোস ওকে সারা সকাল পালে নিয়ে কাজ করেছে। এত কি যে থাকে! সে এখানে এমন একটা সুন্দর চাকরিতে আসার পরই দেখেছে স্থমিতা সবার খুব দরকারী। স্থমিতার প্রশংসা স্থার মুখে। এবং এটা ভাগ্যগুণই বলা যাবে. সে ওর ডিরেক্ট বস। স্থমিতাকে বোস ডিকটেসন দিতে পারে না। ওর স্টেনো মণিকা ক'দিন থেকে আসছে না। শরীর খারাপ। মাসে কিছুদিন শরীর খারাপ থাকে মণিকার। তখন তুল্ধনের কান্ধ সুমিতা করে দেয়।

এবং এ-অফিসে ওর সঙ্গে যা একটু প্রতিযোগিতা এখন এই বোসের সঙ্গে। অঞ্চ স্বাইকে কাত করে ফেলেছে। এই একটি মাত্র জীবকে সে এখনও কাবু করতে পারেনি। কর্তৃ পক্ষের কি যেন একটা টান, কাজে কর্মে তার কাছে বোস লাগে না, তবু বোধহয় আত্মীয়তার খাতিরেই বোস বেশ বহাল তবিয়তে রয়েছে। ওর পেছনে এখনও লাগতে সে সাহস পাছে না। নতুবা সে অফিসে এসেই ডেকে নিছ। কাজ না থাকলেও এটা ওটা—অর্থাং যা এখন দরকারী কাজ নয় সেইসব কাজ করিয়ে নিতে পালত। এ-সব কারণে সে এই চারটে পর্যন্ত অপেকা করেছে। তুবার সে ডেকেছিল, হাতের কাজ দেখিয়ে স্থমিতা পার পেয়েছে। এখন এই বিকেলে শ্বমিতা এলে সে মনোযোগী অফিসারের মতো কথাবার্ডা বলবে। এতটুকু অক্সমলক্ষ হবে না।

স্থমিতা এলে সে বলল, বোস তোমাকে পুব খাটিয়েছে।

- —না, তা না। কাজের চাপ ওর একটু বেড়েছে।
- —কাল সে কিছু করা**ভে**ছ না তো!
- —মনে হয় না।

সে তার হাতের ফাইল থেকে কি খুঁজে বের করে দেখল। এগিয়ে দিয়ে বলল, এটা ভাখো।

কাগজটা মনোযোগ দিয়ে দেখল স্থমিতা। সে ঝুঁকে পড়েছে। ওর শরীরে একটা গন্ধ থাকে। এবং স্থমিতার এমন একটা গন্ধ সে এ-অফিসে জয়েন করার পর থেকেই পাছে। স্থমিতাকে না দেখেও সে কোথাও এমন একটা গন্ধ পেলে বুঝে ফেলে,স্থমিতা কাছে কোথাও আছে। সে স্থমিতাকে মিসেস মণ্ডল বলে না। আগে মিস লাহিড়ি যখন ছিল তখনও না। বরসে সামাশ্র বড় স্থমিতা, এটা সে আমল দেয়নি। নাম ধরেই ডেকেছে। এবং প্রথম দিন থেকেই ওর যে শরীরে সৌরভ থাকে, টের পেয়ে একটু অশ্বানক্ষ হয়ে গিয়েছিল।

স্থমিতার সাজগোঁজে কোন উগ্রতা নেই। কিন্তু সে দামী শাড়ি এবং রঙবেরঙের ফুল ফল আঁকা ছাপা ভয়েল পরতে ভালবালে। ওর ঘরে এলে শাড়ির খস খক পাওয়া বায়। স্থমিতা যেদিন সিকন জাতীয় কিছু পরে খদ খদ শব্দটা থাকে না। সেদিন ও পেছন ফিরে যখন চলে যায় তখন কিছুক্ষণ তাকিয়ে থাকতে ইচ্ছে করে।

মোটের ওপর মেয়েটার সৌন্দর্য বলতে কি আছে সে ব্রুতে পারে না। নাক চ্যাপ্টা, থুডনি ভেমন লম্বা না, কপাল ছোট, অথচ সব মিলিয়ে এর ভেডর একটা অদৃশ্য সৌরভ আছে যা ছোঁয়া যায় না দেখা যায়। এবং সহজেই কোনো কোনোদিন সে মনের ভেতর আবেগ বোধ করতে থাকে। বিয়ের পর, এর কাছে সে কিছু চায়নি। কাছে থাকলে রক্তে কেমন একটা ঝিম ধরা ভাব। কোনো কোনোদিন অফিসের গাড়িতে ওকে বাড়ি দিয়ে আসতে ভীষণ ভাল লাগে। আর ওকে ছেড়ে দিলেই ভেতরে একটা আশ্চর্য কামনা বাসনা, এবং ঘরে ফিরে সে যতক্ষণ না আরতিকে কক্তা করতে পারে ততক্ষণ চোখ মুখ কেমন জালা জালা করে।

এটা হলে সে বৃঝতে পারে আরতি নিত্য ব্যবহারে আকর্ষণ হারিয়ে ফেলছে। এই যে সে আরতির পেছনে বাড়ি ফিরেই ছুক ছুক করে বেড়াবে এবং ওকে সহজেই কামুক ভাবা যায়, এ-যেন এই এক-মাত্র মেয়ে স্থমিতার জন্ম। স্থমিতা না থাকলে আরতিকে সে বোধহয় কোনো কোনোদিন বিশ্রাম দিতে পারত। স্থমিতার প্রতি এ-জন্ম একটা গোপন অনুরাগ এখনও থেকে গেছে। স্থমিতা সহজেই সেটা টের পায়। টের পেলে অনেক সময় সে কাজ না করেও অনেকক্ষণ এদিক ওদিক কথা বলতে পারে।

আসলে স্থমিতা বোধহয় ভীষণ চালাক মেয়ে। সে সভী থাকবে, অথবা যাকে বলা যায় পবিত্রতা, কথায় বার্তায় মধ্যবিত্ত ঘরের মেয়েরা যা হয়ে থাকে, স্থমিতাও তাই। সে অফিসের সবার কাছে বেশ মান সম্ভ্রম নিয়ে আছে। বিনয়ের বিয়ের আগে স্থমিতা কিছুটা পরিমানে আল্লা থাকলেও একেবারে পতির পুণ্যে সতীর পুণ্যের মতো চোখ মুখ।

विनय वनन, ब्रिट्शाउँ दिन वफ् इरव।

স্থমিতা ঘড়ি দেখল। বলল, এখনও একঘন্টার মতো সময় আছে।

বিনয় গলার টাইয়ে হাত রেখে কি ভাবল। সে পরেছে যে হেড় কালো রঙের প্যান্ট, এবং সে দেখতে যেহেতু খুব লম্বা নয়, অথচ স্থমিতা বেশ লম্বা, সে সব সময় সেজক্ত সোজা হয়ে বসে। সোজা বসলে ওকে একট বেশী লম্বা দেখা যায়। ওর সিটিং হাইট বেশি বলে এটা হয়। সোজা হয়ে বসে স্বাইকে যেন ওর ব্যক্তির এবং বড় হবার বাসনার কথা ইঙ্গিতে বলতে চায়। ওর জামা দামী টুইলের। সালা রঙ। ধবধবে সালা, চুল স্থাম্পু করা, চুল ঘন, চুল ওঠার কোন লক্ষণ মাথায় নেই। অর্থাৎ সে যা আহার করে বেশ সহজেই হজম করতে পারে। যা হজম হবার না, সে তা খায় না। চুলের প্রতি একটু ওর অয়ত্বই বরং আছে বলা যায়। কখনও কখনও চুল খ্ব লম্বা হয়ে যায়। হিপিদের মতো তখন দেখতে অনেকটা। চুল যে ইচ্ছে করে হিপিদের মতো করে কেলে ঠিক তা না, চুল কাটার ব্যাপারে ওর ভীষণ আলস্ত রয়েছে। চুল কাটার সময় ওকে খুব সাধারণ নিরীহ লাগে দেখতে। তখন স্থমিতা মুখ টিপে না হেসে পাবে না। বোধহয় আজকালই বিনয় চুল কেটেছে। সেজগু বেশ ছাপোষা মুখ। স্থমিতা সে-জন্ম চুপচাপ হাতের কাগজটা উল্টে পাল্টে পড়ছে। ওকে দেখছে না।

বিনয় বলল, এত কি পড়ছ!

- —(मथिছि।
- काम (मश्रात । এ-অবেলায় আর বসছি না।

স্থমিতা যেন হাপ ছেড়ে বাঁচল। বলল, তা হলে থাক। কালই করে দেব।

—সেই ভাল।

स्मिका छेठेरक वाव्हिन। विनय् वनन, वात्र।

স্থৃমিতা বসে কথা বলল না। কারণ সে জানে এরপর মিস্টার চক্রবর্তী ভাকে কি বলবে। বিনয় বলল, সোজা বাড়ি ফিরে যাবে ?

- —ভাবছি।
- —ভাবছ মানে।
- —মিস্টার বোস যদি আবার ওভার টাইম না দেন।

বিনয়ের মনটা ভীষণ খিচে গেল। এটা হয়েছে, যেন স্থমিতা মিস্টার বোসের স্টেনো। ব্যবহারে বোস এটাই দেখাতে চায়। সে বলল, তোমার পুর টাকার দরকার।

—তা দরকার।

যদিও স্থমিতা, মণ্ডল বলে এক ভন্তলোককে বিয়ে করেছে, বয়সে স্থমিতার চেয়ে অনেক বড়ই হবে, ভন্তলোক কোম্পানীর একজন সাপ্লায়ার, এ-অফিসে এসে কি করে যে এমন একটা চতুর কাজ সেরে ফেলল, ভাবলে বিনয় থিভিয়ে যায়। সে না বলে পারল না, মিঃ মণ্ডল ভাববে না!

- -ना ।
- —ভাবার কথা কিন্তু।
- —ভাববে না।
- —আমার কিন্তু বাড়ি গিয়ে বৌকে না দেখলে খারাপ লাগে।
- —লাগার কথা।
- —ভবে

সুমিতা হাসল।—তাহলে উঠি।

বিনয় কেমন একটা বড় ভূল করতে যাছে। সে বলল, উঠবে কি, এটাতো করে দিতেই হবে।

- —কোনটা!
- —এই ছোট্ট চিঠিটা।

শ্বমিতা চিঠি নিয়ে চলে গেল। একটু পরে এলে টেরিলের ওপর কপিসহ কাইল রাখলে বিনয় লাফিয়ে উঠে পড়ল। এলল, চল। একসঙ্গে কোখাও একটু বসা যাক।

সুবিতা বলল, কোখার।

- —মোকাৰোতে।
- --এখন কি জায়গা জাছ।
- —একটা ভাগ পাশ্বগা দেখে নেওয়া যাবে।

এ-ভাবে যখন সে শ্বমিভাকে নিয়ে বড় একটা রে ভোরা-কাম-বারে এল তখন সন্ধ্যা হয়ে গেছে। ওর স্থলর শরীরের ভেজর যে স্নিগ্ধ সৌরভ, আসলে এটা স্নিগ্ধ কি উগ্র বোঝার উপায় থাকে না। বেশ কিছুক্ষণ বসে যখন সে ভেজরে জালা বেণ্ধ করল, যখন এমন-স্থলর স্থলর খাবার খেতে পর্যন্ত বিস্বাদ লাগছিল তখন স্থমিতা বলল, এবারে উঠুন। মিসেস ভাবছেন।

विनय वनन, ७ भड़ा नित्य ভाবে। आমात क्य ভাবে ना।

- —পড়ার কি দরকার! আপনার তো অভাব থাকার কথা না।
- —ওটা আরতির ইচ্ছে। পড়ে লাট-ফাট হবে।

স্থমিতা চিলি চিকেন খেতে ভালবাসে। ও বেশ চুষে চুষে থাচছে। এবং মাঝে মাঝে ন্যাপিকিনে মুখ মুছছে। একটুসঙ্গ দেওয়া শুধু মিস্টার চক্রবর্তীকে। এখন এতেই খুলি। বেশি
চায় না। স্ত্রীর কাছে পবিত্র মানুষ হিসাবে থাকার একটা প্রলোভন
এখনও আছে।

স্থুমিতা এবার উঠে পড়বে ভাবল। তথন ভায়াসে ব্যাণ্ড বাজছে।
লাল নীল আলো। এবং সেই ঢাাঙা মেয়েটা, হাঁটুর ওপরে স্কার্ট
পরে যার থাই দেখানোর স্বভাব। এবং মান্তবেরা এখানে এসে
কিছুটা বোধ হয় উজ্জীবিত হয়ে যায়। চক্রবর্তীর চোখ মুখ দেখলেই
এটা টের পাওয়া যায়। নতুন নতুন অভিজ্ঞতা থেকে এক ঘেয়েমির
মুক্তি চায় চক্রবর্তী।

আসলে স্মিতা নিজেও সেই এক ঘেয়েমির শিকার। তার মামুষ অন্ত কোথাও হয়তো এখন জীবন খুঁজছে। সে অবশ্য সঠিক কিছু জানে না। যেমন জানে না, স্থমিতা অফিসের পরও বসকে সঙ্গ দান করছে। শুধু এটা বসের ইচ্ছে, স্থমিতার কোল ইচ্ছে নেই ভাবতে পারে না। অঞ্চ বাড়িতে সব সময় একটা পবিত্র ব্যাপার। দেরী হয়েছে কেন বললে, সুমিতা এমল সব স্থানর স্থানর জরুরী কাজের কথা বলে দিতে পারে বে তার মান্ত্রহাটা ট্যারা হয়ে যায়। তথন আর কোন অবিশাসের কথা থাকে না।

বিনয় শ্বমিতাকে ছেড়ে দিয়ে যখন ট্যাকসিতে বাড়ি ফিরল তখন রাত নটা হবে। এসেই সে বলল, কাজের চাপ বাড়ছে। একা এড কাজ করা যায় না।

আরতি বলল, তোমার শরীরটা খারাপ হয়ে যাচ্ছে। কিছুদিন ছুটি নাও না।

বিনয় জামা খুলে সোফাতে বসল। কিছুক্ষণ আরতির দিকে তাকিয়ে থেকে বলল, তুমি কি।

- —আমি कि।
- **इ**ि नित्न छाका वामरव!
- —কেন আসবে না। তোমার তো পাওনা ছুটি।
- —তুমিও যেমন। বলেই সে আরতিকে জড়িয়ে চুমু খেল। আনি নেই অফিসে এটা ভাবা যায়!
 - -কেন যায় না।
 - —সব তবে ফাঁকা করে দেবে না বোসটা।

অর্থাৎ বিনয় বলতে চায়, বোস তবে একা লুটেপুটে খাবে। কমিসান, বিলো রেটে মাল সাপ্লাই এবং যারা ঘুষ দিয়ে কাজ আদায় করে তারা তো বসে থাকবে না বসে থাকলেই ক্ষতি। সে কাপড়ের ওপরেই হাত রাখতে গেলে সরে গেল আরতি।—এই তুমি কি। সময় অসময় নেই।

বিনয়ের বাড়ি ফিরে তর সয় না। রান্নার মেয়েটার কথা পর্যন্ত মনে থাকে না। বলার ইচ্ছে ছিল, তুমি ভীষণ বোকা মেয়ে, কিলে কি হয় কিছু বোঝ না। আরতি ক্লাসের প্রথম দিকে বসেছে। মেয়েদের বেঞ্গুলো একদিকে, একদিকে ঠিক বলা ঠিক না। ওরা নিজেরা যে ক'জন মেয়ে
ভারা এ-বেঞ্গুলোতে বসে। ওবা এ-বেঞ্গুলো নিজেদের করে
নিয়েছে। মাঝে একবার কিছু ছেলে বেঞ্গুলো দখল করতে
চেয়েছিল, সরমা নীলা অপালা প্রায় বীর বিক্রমে ঝাঁপিয়ে পড়ার
মতো। দরজায় দাঁড়িয়ে আরতি মজা দেখছিল। নারাণ বাব্র
ক্লাস। ভীড় বেশী। আরতি ওরা সেই কখন থেকে জমি জায়গা
দখল করে বসে থাকার মতো বসে রয়েছে। এবং ঘডি দেখছে।

ভিনি ক্লাসে এলেই আশ্চর্যভাবে স্বার দিকে তাকিয়ে যেন হাসেন। যেন বলতে চান বেশ জীবন যাচছে হে, বেশ আছ হে ভোমরা—তাঁর গলার স্বর কিছুটা মেয়েলী চং এর তবু আশ্চর্য এক পুর যেন তার কঠে। বড় সুন্দর তাঁর উপস্থাপনা। এসেই চাদর কাঁধ থেকে চেয়ারে, দাঁড়িয়ে এবং দাঁড়িয়ে ছোট গল্প বিষয়ক বক্তৃতা মালা।

আরতি নোট নেবার আগে তারিখ লিখল—১২।৯।৬৯। তারপর লিখল—নারায়ণ গঙ্গোপাধ্যায়। একটি অবলিক দিল, লিখল, ছোট গল্প। আবার অবলিক দিল, লিখল, উপস্থাস। এ-ভাবেই সে ক্লানের নোট নেবার জন্ম যখন মুখ তুলে বসে আছে দেখতে পেল দরজার আশেপাশে ছাত্রদের ভীড়। বসার জায়গা নেই। যে কোন কারণে এ ক্লানটিতে ভীষণ দরকারী বোধ হয় সবার কাছে। স্ভল্প কোথায়! আরতি স্থভ্জকে দেখতে পেল না। সে ঘাড় ফিরিয়ে চারপাশটা খুলে দেখল, না স্থভ্জ আসেনি। সে তো নারাণবাবুর ক্লাস কখনও কামাই করে না। স্থভ্জ নারাণবাবুর ভীষণ প্রিয় ছাত্র।

মনটা কেমন থারাপ হয়ে গেল। এই এতক্ষণ চারপাশটা যে উৎসবের মতো ছিল, এবং নারাণবাব্র ক্লাসে এলেই ভেতর থেকে কি যে প্রেরণা, তিনি পড়াতে পড়াতে কোথায় যে নিয়ে চলে যান, এবং মনে হয় এক দ্রবর্তী জীবনের কথা কভ সহজে তিনি বলে যেতে পারেন, বেঁচে থাকার নতুন নতুন অর্থ খুঁজে পাওয়া যার,

জীবন ধারণে অতীব এক উচ্চাশার পাখি সব সময় উড়ে যায়— নারাণবাবুর ক্লাসে না এলে এটা টের পাওয়া যায় না। এমন একটা ক্লাস মিস করার ছেলে স্বভক্ত নয়। অথচ সে ওকে না দেখতে পেয়ে মনে মনে কেমন বিশ্বর হয়ে গেল। স্কৃতত্ত এলেই সব পরিপূর্ণ হয়ে যেত।

ভখন নারাণবাব্ বললেন, গিল্লি: রবীন্দ্রনাথ। আরতি টুকে নিল, দীলা একট ুকুকে বলল, কি বলল রে ? আরতি বলল, বললেন, গিল্লি: রবীন্দ্রনাথ।

ভারপর নারাণবাব্ কেমন থেমে থেমে বললেন, সামাশু উপকরণ ব্যবহারে অসামাশু গল্প। পৃথিবীর সাহিত্যে লেখকের গল্পও অর্থাৎ সেই জাভীয় গল্প, The story without plot তথনো সমাদৃত হয়নি। সেথানে রবীন্দ্রনাথ ফুঃসাহস দেখালেন।

একজন ছাত্র উঠে তথন প্রশ্ন করল, এতেতো সামাস্থ কাহিনী আছে!

নারাণবাবু রুমালে মুখ মুছলেন। তিনি বোধহয় সহজেই ঘেমে যাচ্ছেন অথবা শরীরটা কি ভাল নয়! অক্তদিন হলে তিনি ছাত্রটির প্রশ্নের উত্তরে হয়তো ঘণ্টা কাবার করে দিতেন। কিন্তু আজ শুধু বললেন, জীবন থেকে গল্প খুঁজে নিতে হয়। এখানে কাহিনীর চেয়ে জীবন বেশি পরিমাণে কাজ করছে।

ছাত্রটি বসে পড়লে তিনি ক্রমান্বয়ে বলে গেলেন। অধিকাংশ ছাত্রছাত্রী নোট নিতে পারছে না। মৃগ্ধ হয়ে ওর বক্তৃতামালা শুনছে। শুনতে শুনতে মনে হয় ওরা সেই দূরবর্তী জগতে চলে যাচেছ। আরতির নোট নিতে নিতে মনটা খচ থচ করছে। স্থভজের কাছে একবার যাওয়া দরকার। ওব কি হতে পারে! কিছু নিশ্চয়ই হয়েছে।

তথন নারাণবাব বললেন যেমন ধর রবীন্দ্রনাথের নইনীড়। এই গল্পে যে ধারার স্ত্রপাত তার যথার্থ বিকাশ সব্ত পত্রের ভেতর দিয়েই শুরু। এ গল্পের বক্তব্য অসাধারণ হংসাহসিক। নারাণবাব্ একট্ থেমে বললেন, ইতিমধ্যে ইংরেজি সাহিত্যিক চিস্তাকে ডিলিয়ে ফরাসী সাহিত্যিক চিস্তা বাংলা সাহিত্যে হাজির হয়েছিল। রবীন্দ্রনাথ এগিয়েছেন ফরাসী সাহিত্যের ট্রেডিশান অমুসরণ করে।

আরতি এখন আর নোট নিতে পারছে না। নিবিষ্ট হয়ে ওনছে। এটা যেন তার খুব ভালভাবে শোনা দরকার।

সরমা এবং অশু কেউ কেউ নোট নেওয়া শেষ হলে নারাণবাবুর সৌম্য চেহারা মুশ্ধ হয়ে দেখছে।

তিনি আবার বললেন, নষ্টনীড়ে চরিত্রগত প্রেমের সম্পর্কেরবীক্রনাথ কোন মস্তব্য করেননি, সমস্তাটা উপস্থিত করেছেন মাত্র।

নারাণবাবু দেখলেন, ওরা সবাই বড় বিনয়ী ছাত্রছাত্রী। যেমন আরতির মুখ দেখে কে বলবে, দে গত বিকেলে সিনেমা দেখেছে। সে একটু নই হয়ে যেতে চাইছে। এটাকে কি ঠিক নই হওয়া বলে! এবং ঘরে কিরে দে রাত জেগে পড়েছে পড়ার আগে যেমন বিনয় ধরে ধরে খায়, তেমনি চেটে পুটে খেয়েছে। সেও বিনয়কে খেয়েছে। বিনয় আর সে ছজন ছজনের শরীর অস্ত শরীর মনে ভেবে ভোগ করেছে। আসলে আমাদের শরীরটাই স্তার নইনীড়। এটা অমল এলেও হয়, ভূপতির মভো খামী না খাকলেও হয়। কারণ মাছুযের এটা ধর্ম। রবিঠাকুর এত বৃদ্ধিমান হয়ে এমন বোকার মতো লিখলেন! আরতি ভাবল উঠে একবার প্রশ্ন করবে। কিন্তু পরে মনে হল, না থাক। পরে হবে।

তিনি বললেন, নষ্টনীড়ের আয়তন দীর্ঘ উপস্থাস জাতীয়, ধর্মের দিক থেকে গল্প। এই গল্পটি রবীন্দ্রনাথের সেই পর্যায়ের অস্থতম গল্প যাতে বাক সংযম খুব স্পষ্ট। আশ্চর্য সংযত রচনা। চোখের-বালির চেয়ে বেশি গৌরব নষ্টনীড়কে দেওয়া উচিত। এখানে কোনো কম্প্রোমাইজ নেই। পরিণামের কোন দায়ীত লেকক নেননি। আরতি এবার উঠে দাঁড়াল। বোধ হয় কোন প্রশ্ন করবে। কারণ দে বোধ হয় প্রশ্ন না করলে ভেতরে ভেতরে একটা জালা অম্লভব করবে।

নারাণবাবু ওকে হাতের ইশারায় বসতে বললেন। এখন না। শেষ হোক।

আরতি বসে পড়ল। আরতি শুনল, ও-পাশে কেউ হাসছে। ওকে কিছু বলতে দিল না বলে, ছ্—একজন মজা পেয়েছে। আরতির চোখ মুখ লাল হয়ে গেল।

নারাণবাবু বললেন, অমল শিল্পী। চারু প্রেমিকা। ভূপতি স্বামী, আত্মবিশ্বত। অনেক বড়োর পেছনে ছুটে ভূপতি সহজ্বভা কাছের জিনিস হারিয়ে ফেলল। সহজ্বভাকে উপেক্ষা করে যারা অপ্রাপ্যের পেছনে ছোটে তাদের কিছুই পাওয়া ঘটে না।

চারুর মন যথন দেয়ার আকাজ্জায় প্রস্তুত তথন কিছুই চাইলো না ভূপতি। সেই সময় এল অমল। নিজের হৃদয় চর্চা ভূপতি কোনদিনই করেনি। চারুর হৃদয় ছিল শুকনো ডাঙ্গার মতো শুয়ে।

আরতির মনে হল, এই শীতেও ওর কপালে ঘাম দেখা দিয়েছে। তকনো হৃদয় ছিল তয়ে। কিন্তু আসলে সেই তকনো হৃদয় যদি প্লাবনে ভেসে যেত, ভূপতি যদি প্লাবনের মূল উৎস হত তবু কি চারু অমলকে না ভালবেসে থাকতে পারত! আসলে ভালবাসার ব্যাপারটা, প্রাপ্য যেখানে বেশি, সেখানে সে আরও বেশি চায়। ওর যা আছে, যদি চারুর তা থাকত, বিনয় যদি চারুকে সবই দিত, তবু চারু কি অমলকে না ভালবেসে থাকতে পারত! কি যে হাস্থকর ব্যাপার! আসলে সে উঠে দাঁড়িয়েছিল, এনন একটা প্রশ্ন করে এর সত্যাসত্য যাচাই করবে। কিন্তু পেছনে কেউ উপহাস করলে সে ব্রুল, ঠিক এখন এই মুহুর্তে হয়তো জিজ্ঞাসা করা ঠিক হবে না।

নারাণবাব বললেন, আরতি তুমি কিছু বলবে ?

—না স্থার।

তিনি এবার শেষ করলেন—চারুর মনে হয়েছে তার আর অমলের একটা আলাদা স্থগত আছে যেখানে তৃতীয় ব্যক্তির স্থান নেই।

আরতি যেন উঠে দাঁড়িয়ে বলছে এখন, না স্থার, আসলে স্বাই যা কিছু স্থলর তাকে পেতে চায়। যা কিছু সহজ্বলভা তাকে তাগ করতে চায়। অধিক ব্যবহারে জীবনের মাধুর্য নষ্ট হয়ে যায়। দাম থাকে না। সে শেষপর্যন্ত কেমন আচ্ছরের মতো নিচে নেমে এল। আর ক্লাস করতে তার ইচ্ছে হচ্ছে না।

। সাত।

- —ভোর জর।
- স্কুক্ত উঠে বদল। বলল, কাল বাড়ি এদেই হঠাৎ জর।
 আর্তি বলল, উঠে বদলি কেন! মাসিমা কোথায় ?
- -মা বোধ হয় রারাঘরে।
- —কি খাচ্ছিস ?
- কিছু খেতে ইচ্ছে করছে না।
- —কিছু না খেলে হবে কেন ? ডাক্তার দেখিয়েছিস !
- -ना।
- --ভার মানে !
- —সেরে যাবে।
- —আজকাল খুব ক্লু হচ্ছে।
- —মনে হচ্ছে ফু-ই। বলেই সে একটা বড় হাঁচা দিল। সরে বোস।

আরতি বলল, আমার হবে না।

সুভদ্র হাসল। আরতি আসায় ওর ভীষণ ভাল লাগছে। সকাল থেকে কেন জানি গভকালের ঘটনাটা ভীষণ মনে পড়ছিল। ভারপর নাঠে ঘুরে বেড়ানো, দল বেঁধে হৈ চৈ, এবং পৃথিবীতে যে ছংখ আছে একেবারেই মনে হচ্ছিল না। কি সুন্দর জ্যোৎসা ছিল মাঠে, আর চারপাশে রাজ্ঞার বড় বড় আলোয় বিজ্ঞাপন, মাঠে গাছের ছায়া, রহস্তময় এক জ্বগৎ, এবং দেইসব গাছের নিচ দিয়ে হেঁটে গেলে মনে হয়েছিল পৃথিবী চিরদিন ভাদের কাছে এ-ভাবে রঙিন থেকে বাবে। শীতের সময়, সামাক্ত কুয়াশার মভো ভাব, ভবু নীল আকাশ এবং অজ্ঞ নক্ষত্র দেখতে কোন অস্থবিধা হচ্ছিল না। বোধহয় ঠাণ্ডায় ঘুরে ঘুরে এটা হয়েছে স্ক্ভন্তর।

আরতি বলল, কাল গরম জামা নিসনি বলে এমন হয়েছে।

— স্মামি কি জানতাম, রাত হবে ফিরতে। শো শেষ হলেই ভাবছিলাম বাড়ি ফিরব।

তখন মাসিমা এলেন। — আরতি !

- —ই্যা মাদিমা। আপনার শরীর কেমন ?
- —ভাল। তোমরা কেমন আছ?
- —ভাল। ও আজ ক্লাসে যায়নি, ভাবলাম দেখে আসি কি হল। স্বভদ্ৰতো নারাণবাব্র ক্লাস কামাই করার ছেলে নয়। তখনই বুঝেছিলাম কিছু একটা হয়েছে।
 - —ভাল করেছ। তোমরা যেন কোনদিকটায় থাক ?
 - —রাসবিহারি এভিম্নতে।

স্কুজর কাছে অনেক তার বন্ধুরা আসে। মেয়ে বন্ধু স্কুজ্র সব সময়ই একটু যেন বেশি। আন্ধকাল এই মেয়েটার কথা স্কুজ্র খুব বলে। মেয়েটি সরল, এমনও বলে স্কুজ্র। অর্থাং যারা ভাল এবং সরল অথবা স্কুজ্র বোধহয় সরল কথাটার দ্বারা ভার মাকে পবিত্র কথাটা বোঝায়। সে এমন মেয়েদের সঙ্গেই মিশতে পারে। এমন কেন যে ভার বলার স্বভাব।

স্বুভজ্ৰ বলল, নিমাইটা কোখায় ?

- —রেশন আনতে গেছে।
- ७ এলে এक है हा करत मिए वन ना!

আরতি বলল, না না মাসিমা। দরকার হলে আমি নিজেই করে নিতে পারব। আমাকে কোথায় কি আছে শুধু দেখিয়ে দেবেন একটু।

এই মধ্যবিত্ত সংসারে স্কুজর ঘরটাই বড়। স্কুজর ওর মা এবং
নিমাই বলে কেউ থাকে। স্কুজর আর কেউ নেই। ছ'বোন
বিয়ে হয়ে গেছে। ওরা একজন পাটনায় অক্সজন পূর্ণিয়ায় থাকে।
স্কুজ সবার ছোট। বছর কয়েক আগে বাবা মারা গেছে। একটু
কম বয়সেই ব্যাপারটা হয়েছে। মা এখন খুব হিসেব করে সংসার
চালান। স্কুজ যত দিন একটা কিছু না করছে ততদিন জমানো
টাকায় চালিয়ে নিতে হবে। স্কুজ ওর হাত খরচ ছটো একটা
টিউশান করে চালিয়ে নেয়। এবং ঘরে বসে বসে আরতি এ-সব
ভাবতে ভাবতে স্কুজের কপালে হাত রাখল। বলল, মনে হচ্ছে জর
নেই। তুই একটু চা খা। আমি করে দিছিছ।

এটা ভাল লাগে, কেন যে ভাল লাগে, আসলে সে এই মেয়েটিকে কখনও নিজের ভাবতে পারে না। আবার দূরের ও ভাবতে পারে না। ওর কেমন একটা দিদিপনা ব্যবহার আছে। গতকাল, ঠিক গতকাল বললে ভুল হবে, হাতটা নিয়ে ওর হুহাতের অঞ্চলীতে গোপনে রেখে দিয়েছিল, যেন কি এক মহার্ঘ ব্যাপার। সে চোখ বৃদ্ধলে যেন টের পায়, অনেক দূরে এক প্রপাতের শব্দ। কাছে যাবার ইচ্ছে হ্জনেরই কিন্তু কি এক ভয়ে বেশিদুর কেউ যেতে পারে না।

সে বলল, সভ্যি তুই আমাকে চা করে খাওয়াবি!

- —না খাওয়াবার কি আছে!
- কি দরকার কষ্ট করে। এক্স্নি নিমাই চলে আসবে। সে ভাল চা করডে পারে।
 - —আমিও খারাপ পারি না।
- —তা অবশ্য পারিস না। বলে ছজনেই কি ভেবে জোরে হেসে

পাশের ঘরে স্টোভে চা করছে আরতি। সে মাঝে মাঝে সে-ঘর থেকেই কথা বলছে। নিমাই সব এগিয়ে দিছে। জল ফুটছিল স্টোভে। আরতি একটা মোড়ায় বসে চিংকার করে প্রায়, যেন বেশি জোরে না বললে স্থভত শুনতে পাবে না—সে বলল, আজ নারাণবাব্ নষ্টনীড়ের ওপর আলোচনা করলেন।

সুভদ্র জর গায়ে এ-ঘরে এসে গেল। আরতিটার বৃদ্ধি কম।
মাকে আরতি ভেবে থাকে সেকেলে। কিন্তু আসলে আরতি জানে না
মায়েরও কাল ছিল, পরশু ছিল, আবার এই যে আরতি পালিয়ে ওর
কাছে এসেছে, ওর স্বামী জানে না এখন আরতি কোথার, নিশ্চয়
ভাবছে বিশ্ববিভালয়ে ক্লাস করছে অথবা খুব বেশি ভাবলে, কফিহাউসে বন্ধু বান্ধব নিয়ে নরক গুলজার করছে, এর চেয়ে বেশি নিশ্চয়ই
ভাবতে পারবে না। সেই মেয়ে নইনীড় নিয়ে এমন জোরে কথা
বলছে, যেন নইনীড়ে শুধু ওরা হুজনই এখন আছে, পৃথিবীর আর
কেউ এর খবর রাখে না। সে একটা চাদর গায়ে ওর পাশে মোড়া
টেনে বসে বলল, এই আল্ডে। মা নইনীড় পড়েছে।

আরতি বলল, আমিতো খারাপ কিছু বলিনি।

- —বলিসনি, বলতে কভক্ষণ।
- —তোর খাডাটা দিবি। নোট লিখে দিয়ে যাব।

এখানেই আরভিকে কি যে ভাল লাগে! প্রথম প্রথম আরভির পেছনে ওর লাগার ভীষণ স্বভাব ছিল। আসলে সে কি এতগুলো মেয়ের ভেতর আরভিকে বেশি পছন্দ করত! জারজার করে আরভির দৃষ্টি যেন ওর চারপাশে ঘুরে বেড়ায় এমন একটা ইচ্ছে ছিল বৃঝি ওর। এবং এ-ভাবেই এই অল্প বয়সে বিয়ে হয়ে যাওয়া মেয়েটির জন্ম বোধহয় স্থভ্য একটা কট্ট অন্থভব করত। সে নিজের ভেতর ডুবে থাকলে এটা যেন টের পায়। সে বলল, আরভি এখন যদি বিনয় এখানে চলে আসে!

⁻कि श्रव हरन अरन ?

--কি বলবি !

—তোর জর হয়েছে, দেখতে এসেছি। এতে অপরাধের কি
আছে। বলেই সে কেমন চোখ বড় বড় করে তাকাল। আরভির
ম্থে এখন কোন প্রসাধন নেই। ম্থ ধোওয়ার নামে সে বোধ হয়
একবার ভেতরের দিকে ঢুকে বাথকনে গিয়েছিল। ওর মুখে সামায়তম
প্রসাধনট কুও নেই। মুখ ধুয়ে তাজা মেয়ে। এমন মুখে সে
কখনও ওকে দেখেনি। মেয়েরা বোধহয় জানে না, প্রসাধন ধুয়ে
ফেললেই মেয়েদের বেশি পবিত্র লাগে। এবং অস্তুত স্ভুক্ত এখন
এটা ব্রুতে পারছে। আরতি কি যে স্কুন্দর শাড়ি পরেছে! চুল
সামায়া এলোমেলো, শরীরে সেই গন্ধটা নেই। এবং নতুন গন্ধ,
বামে ভেজা, দামী এসেন্সের গন্ধের একটা সৌরভ। আর আরতি
বলছিল, স্ভুক্তের গায়ে জ্বর জ্বর গন্ধ। আরতির কেমন নেশা লেগে
যাচ্ছে।

আরতি চা খেতে খেতে বলন, আমার কিছু ভাল লাগে না রে!
—পরীক্ষা আসছে! কি যে হবে না!

- —ও এ-ক্রম !
- —তা হলে আবার কিসেব জ্ঞা!
- —আমি ভাবলাম, আমার জন্ত তোর আবার কট হচ্ছে না তো
- —বয়েই গেছে। বলেই আরতি উঠে পড়বে ভাবল। কিন্তু
 স্থান্ত ভাল রেজান্ট করুক এটা আরতির খুব ইচ্ছে। সে স্থান্তর
 পড়ার টেবিলে বসল। স্থান্তর কলম নিয়ে নাড়াচাড়া করল। স্থান্তর
 তখন নোজা ওয়ে আছে। গায়ে চাদর। শরীর মুখ ওকনো।
 কাহিল দেখাছে মুখটা। স্থান্ত ওয়ে থাকলে বোধ হয় ওকে বেশি
 লক্ষা লাগে দেখতে। সে স্থান্তকে মাঝে মাঝে ঘাড় বাঁকিয়ে দেখছিল।
 স্থান্ত যেন কিছু দেখছিল না। সে চুপচাপ ওয়ে আছে মডো।
 আরতি এবার খাতা টেনে সবটা লিখে কেলতে থাকল।

স্ভত্ত শুরে আছে। সে দেখতে পাচ্ছে, আরতি খ্ব নিবিষ্ট

এখন। ওর পিঠের একটা দিক খালি। এক ফালি ফাঁকা আকাশের মতো পিঠটা। মাঝে মাঝে শাড়ির আঁচল পাখার হাওয়ায় উড়ে যাছে। উড়ে না গেলেও আর্ডির স্থলর স্তন সে দেখতে পাচ্ছে। আরতির ব্রেসিয়ার সাদা রঙের। ওর ব্লাউন্ধ পাতলা কাপড়ের। এবং মখমলের মতো কাপড় টাপর হবে। আশ্চর্যভাবে স্তনের সব আকার যেন স্পষ্ট হয়ে উঠছে। আরতি স্তন, খালি পিট এক মুখের একাংশ অথবা ওর ফাঁপা চুল এবং পেছনটা স্বভত্ত না দেখে পারছিল না। মনে হচ্ছিল, দে উঠে গিয়ে একটা চুমু খাবে। কারণ পৃথিবীতে স্থসময় বেশিক্ষণ থাকে না। নিমাই কোথাও এখন রকে বসে আড্ডা निष्ठि, मा পार्मत क्यांटि शिष्ट रग्नरा । এখন विरक्त, नवारे वृक्षि এখন একট্র ঘর থেকে বের হয়ে পড়তে চায়। সে ধীরে ধীরে উঠে বদল। কারণ দে পারছে না। দে আর পারছেনা! এমন স্থসময় তার জীবন থেকে নষ্ট হয়ে যাবে! সে ধীরে ধীরে গিয়ে পেছনে দাঁড়াল। আরতি সব টের পাচ্ছে। ওর বুক ছলাং করছে, ভেতরে কি যে হয়ে যায়, কেন স্বভন্ত এসে তাকে এখনও কিছু করছে না। কারণ সেতো চায়, তাকে স্থভন্ত খুশিমতো ব্যবহার করুক। কিছুক্ষণ আগেও যা তার মনে হয়নি, স্বভদ্রকে উঠে আসতে দেখে তার এটা কেন যে মনে হচ্ছে। সে কেন এত ছুর্বল হয়ে যাচেছ। কি হবে। সে ভেতরে ভেতরে বলছে, না না। এটা ঠিক না স্বভন্ত। আমি সত্যি থাকতে পারিনি ক্লাদে। তোমাকে না দেখলে আমার ভাল লাগে না ঠিক, কিন্তু এটা আমি চাই না। আমাকে তুমি এ-ভাবে এসে তুর্বল করে দিও না।

স্থভদ্রের মনে হল, সে আরতির কাছে ভীষণ সস্তা হয়ে যাচছে।
তা ছাড়া আরতি কিছু ভাবতে পারে। এমন স্থলর সরল স্বভাবের
মেয়েটাকে অপবিত্র করে কি লাভ। সে তো আর তখন মহান
থাকবে না। সে ছোট হয়ে যাবে। সস্তা হয়ে যাবে। সে পাশে
দাঁড়িয়ে বলল, হল ?

আরতির গলা আড়ষ্ট। হাত কাঁপছে। সে ভেডর থেকে এমন

আবেগ জীবনেও বোধ করেনি। বিনয় তাকে এ-মুযোগ কখনও দিল
না। নিজ থেকে সে বিনয়কে একদিনও জড়িয়ে ধরতে পারেনি।
তেতরের আকাজনা কখনও তার এ-ভাবে প্রবল হয়নি। সে মুখ
তুলতে পারল না। মুখ তুলে তাকালেই বুঝি ধরা পড়ে যাবে। ওর
মুখে যে ভীষণ কামনা বাসনা, ও যে ভেতরে ভেতরে ভেসে যাছে,
এবং এ-ভাবে বসে থাকা ঠিক না। সে উঠে দাঁড়াল। ছ পায়ে সে
টের পাছে প্রবল বারিপাতের মতো কি যেন সব নেমে আসছে। সে
ছুটে বের হয়ে গেল। এবং তারপর যেন দরজা বন্ধ করার শব্দ।
মুভদ্র বুঝল না, আরতি এভাবে ছুটে কোথায় গেল। তারপর মনে
হল, আরতি বোধ হয় ওকে ভয় পেয়েছে। আরতি বাধক্রমে ঢুকে
দরজা বন্ধ করে দিয়েছে। সে মনে মনে হাসল।

বেশ সময় পার করে আরতি এল। এসে স্থতন্তের দিকে তাকাল না। বাকি যেটুকু লেখার বাকি ছিল সেটুকুও আর লিখল না। বলল, কাল লিখে দেব। অর্থাৎ আরতি হয়তো টের পেয়েছে, এমন একটা খালি বাড়িতে দে বসে থাকলে মরে যাবে। সে নিজেকে ঠিকঠাক রাখতে পারবে না। নিজের কাছে কিছুটা পরিমাণে সেছোট হতে পারে, কিন্তু এতটা পারে না। সে নিজেকে ভীষণ মহার্ঘ ভেবে থাকে। যেখানে সেখানে শরীরে স্থের আলো এসে পজুক সে এটা ভালবাসে না।

সুভদ্র বলল, তুই যাচ্ছিস ?

—যাচ্ছি। সে ছোট্ট আয়নার সামনে ব্যাগ থেকে পাউডার বের করে মুখে সামাপ্ত হালকাভাবে বোলাল। তারপর কেমন শুনগুনিয়ে একটা রনিঠাকুরের গান গাইতে থাকল। যাচ্ছিরে। কাল ক্লাস করবি ?

--- হবে না হয়ভো।

আরতি বুঝল, আসলে স্বভন্ত চায় আরতি তার বাড়িতে আস্ক।
স্বভন্ত ক্লাসে না গেলে, আরতি ঠিক এখানে চলে আসবে। তারপর

নির্জনতার ভেতর পড়ে গেলে তুমি স্বভন্ত আমাকে নিয়ে ভীষণভাবে খেলবে বুঝতে পারি। ভীষণ দেয়ানা। তা আর হতে দিচ্ছি না। দে বলল, তাহলে যাইরে।

—আচ্ছা। স্বভদ দরজার কাছে দাঁড়িয়ে থাকল।

আরতি বলল, ঠাণ্ডা লাগাদ না। বলে দে হাতের বটুয়া ঘোরাতে ঘোরাতে প্রায় নেচে নেচে যেন নেমে গেল। কি যে মধুর এক ব্যাপার ওর ভেতরে ঘটে গেল স্বভজ টের পেল না। দে এ-ভাবে কখনও নিজেকে টের পায়নি।

॥ व्यक्ति ॥

অবিনাশ বলল, সরমা, আজ সূর্য উঠতে পারে!

সরমার মনে হল, সভিয়। এখন গরমকাল। ঠিক গরমকাল বলা যাবে না। গরমকাল শেষ হয়ে গেছে কবে। ভবে গরমে হাঁসফাঁস করলে এমন হয়। যেন সব সময়ই গরমকাল। আসলে এটা বর্ষাকাল। পরীক্ষার আর দেরি নেই। অবিনাশ সরমাকে নানাভাবে সাহায্য করছে। ফিরভে রাভ হলে, বাড়ি পৌছে দিছে। সাহিত্য পরিষদে কিছু কাজ থাকে। ভাল ফললাভের আশায় সে সন্ধ্যা সাভটা পর্যস্ত নোট করেছে অনেক কিছু। এসব ব্যাপারে অবিনাশ ওর সহকর্মীর মতো। তা ছাড়া কেন যে এই ছ'বছরে ওর অবিনাশের ওপর সামান্য হুর্বলভা জ্বে গেছে!

আসলে সরমা জানে যুবকেরা কাছে থাকলে, কোন না কোন সময় বেশ ভাল লেগে যায়। অহমিকা যতই থাকুক, এই যেমন অবিনাশ, কোন বিষয়েই ও তার সমকক্ষ নয়, সে জানে তার জক্ত কোন স্পুরুষ যুবক, বড় বাড়িতে অপেক্ষা করছে। পাস-টাস করলে দাম বেড়ে যাবে। ইতিমধ্যেই যে সব কথাবার্তা চলছে অবিনাশ ভনলে ট্যারা হয়ে যাবে। তবু অবিনাশকে কিছু সে বলে না। অবিনাশের তুর্বলভাকে প্রশায় দেবার স্বভাবও ওর গড়ে উঠেছে। সরমা জানে যে কদিন এভাবে চলে যায়। মাঝে মাঝে মনে হয় সে সামাল্য ছোট হয়ে যাছে। এমন একটা শরীর এবং ফুর্লভ যা কিছু এভাবে নষ্ট করা ঠিক না। কিছু কি যে হয়ে যায়, সে ভো সেই কবে থেকে এভাবে কোথাও না কোথাও এক নিষ্ঠুর অপহরণের খেলা খেলে চলেছে।

এই ধরা যাক না মনাদার কথা। মনাদা ওর চেয়ে সামাস্ত বড়, বড় মাসির মেজ ছেলে। এবং যেখানে যখন গেছে, কোন উৎসবে অথবা পিকনিকে অথবা বাড়ি এলে মনাদা ওর পাশে ব্র ঘ্র করত। মনাদার শরীরে তখন আশ্চর্য রঙ, মনাদা প্রথম হাপ-প্যান্ট ছেড়ে যখন কুল প্যান্ট পরে এল, তখন সরমা লজ্জায় কথা বলতে পারেনি। কি স্থন্দর ছিল তার চোখ, এবং সামনে দাঁড়ালে সে কিছুতেই স্থির থাকতে পারত না। বয়দ কত তার তখন! সে ফ্রক পরত। ফ্রক পরার সময়েই মনে হয়েছিল, এভাবে সে কতদিন অপেক্ষা করবে। এবং এক বিকেলে ছাদের চিলেকোঠার পাশে লুকিয়ে লুকিয়ে হয়ে গেলে কি যে ভারি মজা, একট্ সাবধানে, এই সবটা না, কিছুটা, এবং সে এভাবে সেই কবে থেকে কিছুটা দিয়ে আসছে বলে, স্বিনাশকে ৬ কিছুটা দিয়ে খাগছে বলে,

কিছুটা দিয়ে সরমা কিছুটা আনন্দ পায়। স্বটা পায় না বলে ভার কোন তৃঃথ নেই। স্বটা ইচ্ছে করলেই দিতে পারে। কিন্তু স্বটা না দিয়ে কিছুটা সংযম রক্ষা করে থাকে। এবং এটা কম কথা না, সে এমন ভেবে থাকে।

অবিনাশ বলল, ভীষণ বৃষ্টি। কি করে যে যাব!

- —না গে**লে ভোর** বাড়িছে কেউ ভাববে !
- —ভাববে না !
- थ्व ভान ছেলে वाफ़ित।
- —ভान नहे राम ना कित्राम ভाষরে ना।
- —ভোর বাড়ির পাশে ফোন নেই ?
- -- व्याट्ड ।

—তবে কোন করে দিচ্চি।

আসলে ঝড় বৃষ্টি সকাল থেকেই। অবিনাশ এসেছিল, সামান্ত বৃষ্টি মাথায়। ওর হাতে কিছু বই। বইগুলো সরমা সংগ্রহ করে দিতে বলেছিল। ওর জন্ম অবিনাশ এত খাটছে! সে যেন না বলে পারল না, তুপুরে এখানেই খাবি। মা খুশি হবে খেলে।

- —না-রে আমার অনেক কাজ!
- —রাখ তোর কাজ। এদিকে আয়। প্রায় শিশুর মতো যেন
 সরমা ওর হাত টেনে ঘরের ভেতর চুকিয়ে নিল। আসলে বাবুর
 সামাশু অভিমান হয়েছে। গত শনিবার ছুটি হলে সে আর অবিনাশ
 কফি-হাউসে যায়নি। ওরা সোজা ট্রামে চড়ে মাঠের দিকে বেড়াতে
 গিয়েছিল। বেশ লাগে এভাবে উদার আকাশের নিচে ঘাসের
 ওপর হেঁটে বেড়াতে। ওরা রেড রোড়ের পাশে ঠিক ফোর্ট
 উইলিয়ামের র্যামপার্টের ডানদিকে বেশ নিরিবিলি বসেছিল আর
 দেখছিল দূরে মেমরিয়েল এবং গাছপালা, কত সুধী জন, গাড়ি ট্রাম
 বাস, আর নীলরভের এত বড় আকাশ। অবিনাশ বলছিল, কিছু
 ভাল লাগতে নারে!
 - —আমার তো থুব ভাল লাগছে।
 - —পরীক্ষা শেষ হয়ে গেলে ভোদের সঙ্গে আর দেখা হবে না, মন ভীষণ খারাপ হয়ে যাবে ভোদের কথা মনে হলে।
 - —তুই স্বাইকে ভালবেদে ফেলেছিস!
 - नवारेक ভानवानात्र कि रन!
 - कि জানি ! ভোর ভো ব্যাপার। শোন, ঘুরে বোস।

সরমার মনে হল, আসলে বাংলা পড়লে ছেলেগুলো মেয়ে মেয়ে হয়ে যায়। মেয়েগুলো বোধহয় ছেলে ছেলে হয়ে যায়। এই যে অবিনাশ মুখ গোমড়া করে বসে আছে এবং বেলি কথা বলছে না, এবং কি চায়, কি পেলে ওর মুখে হাসি ফুটবে, সে জেনেও বলেছিল, আমারও তো খারাপ লাগছে, কিছু সেজ্জ্ব এভাবে বিকেলটা নষ্ট করে দিবি!

অবিনাশের মনে হয়েছিল, সভ্যি বিকেলটা নই করে লাভ নেই।
সে নিজের মত হেঁটে বেড়াল। পাশে সরমা। সে পরেছিল
টেরিকটনের সাদা প্যাণ্ট আর নীল রঙের টেরিনের সার্ট। এবং
এমন বর্ষার সময় অর্থাৎ কি যে সবুজ আভা চারপাশে। ক'দিন
সূর্য ক্রমাগত কিরণ দিয়ে যাচ্ছিল। গাছের পাডায় পাডায় স্থর্বের
কিরণ অমান্থ্যিক ব্যাপার ঘটিয়ে যাচ্ছে তখন সরমা আর অবিনাশ
মাঠে ঘুরে বেড়াচ্ছিল। চকোলেট খাচ্ছিল। ছেলেমান্থ্যের মত
বেলুন ওড়াচ্ছিল। সন্ধ্যা হলে বলেছিল, আমি আর পারছি নারে!

সরমা বঙ্গেছিল, লক্ষ্মী ছেলে এমন করতে নেই, কে দেখে ফেলবে!

বোধ হয় অবিনাশ ভেবেছিল জীবনের এটাই মহছ। সে যে পুরুষ, পুরুষের মতো নিতে পারছে না বলে সরমার কাছে তার মহয়ত্বের অবমাননা তা ভাবছে না। এবং সে এটাকেই ভাবছে, সরল অনাড়ম্বর চাওয়া, যতচুকু দেয় ততচুকু নেওয়া। জোরজার করে সে সব নিয়ে লম্পট হতে চায় না।

জনাস্থিকে ঈশ্বর থাকলে বলতেন, তুমি একটা অপোগণ্ড। কিচ্ছু হবে না। জোরজার করে খাও। সবটা থাও। সবটা খেলে শরীরে বল পাবে। মনুস্তাৰ খুঁজে পাবে। তোমাকে ছেড়ে কোথাও যাবে না।

এবং এভাবেই সরমা গত শনিবার, একুশে জুলাই তারিখটিকে অবমাননা করেছে। অবিনাশকে কিছুই দেয়নি। এমন কি ছুঁতেও না। যেন সরমা খেলাচ্ছলে ঘুরে বেড়াচ্ছে। জলপ্রপাতের মতোরাশি রাশি নক্ষত্র নেমে আসছে আকাশ থেকে। গাছের ফাঁকে ফাঁকে রাস্তার আলো, অথবা যদি জ্যোৎসা থাকত, হয়তো জ্যোৎসা আর একটু পরে উঠেছিল—এবং এমন মহিমময় রাত্রিতে সে এবং অবিনাশ কেউ কিছু না করে ঘরে কিরে গিয়েছিল ভাবা যায় না। সরমার মনে হয়েছিল, অবিনাশ আর কোনোদিন ওর বাড়িতে আসবে না। ক্লাসে দেখা হলে কথা বলবে না। ক্লাস বন্ধ, কবে আরম্ভ হবে, হলেও আর ক'টা দিন, তারপরেই জ্যাং জ্যাং—পরীক্ষার

বাজনা বাজতে শুরু করবে। সেই অবিনাশ বৃষ্টি মাথায় আসবে সে ভাবতেই পারেনি। আর ওর বইগুলোর কথা মনে রেখেছে সেটা ভেবেও কেমন অবিনাশের ওপর সদয় হয়ে গেল। সরমার এমন বৃষ্টির দিনে বৃঝি ভালও লেগে গেল। জোরে জোরে ডাকল, মা অবিনাশ এসেছে। সে এখানে খাবে বলছে।

আসলে অবিনাশও এ-কদিন সরমাকে না দেখে হাঁপিয়ে উঠেছিল। বইগুলো সে সংগ্রহ করেছে গডকাল। সরমার কাছে যাবার একটা অজুহাত। সরমাকে না দেখে কাছে না পেয়ে কেমন বিস্বাদ ঠেকেছিল সবকিছু।

দে বেশ সময় পার করে বলেছিল, আমাদের সূর্য আর উঠবে না।
সরমা বসেছিল পাশে। ছাত্রির মতো চোখমুখ। নানা বিষয়ে
খাতাপত্র সব। পড়া এবং আলোচনা, হজনে আলোচনা করে পড়লে
বেশ মনে থেকে যায়। মা বাবা এবং বোনেরা এ-নিয়ে কোন ঠাটা
তামাশাও করে না। খুব সিরিয়াস ছাত্রের মতো চোখ মুখ ওদের।
ভেতরে হজনেই কাছাকাছি, একটু ছোঁওয়া, এমন বাদল দিনে, একা
একা কেন যে কিছু ভাল লাগে না। বৃষ্টির দিন বলেই ইলিশ
মাছ ভাজা, থিচুড়ী মাখন এবং ডিমভাজা, সরমার মা খাবার টেবিলে
বলেছিল, তোমার কথা খুব বলে সরমা। তুমি ওকে কত ভাবে যে
সাহায্য করেছ ?

অবিনাশ খেতে বসলে লাজুক প্রকৃতির যেন আরও বেশি হয়ে যায়। মাসিমার কথা শুনে সে আরও বেশি বৃঝি লজ্জায় পড়ে গেল। সে বলল না না এমন কি করেছি। এবং এই কৃতজ্ঞতা বোধ অবিনাশকে ভীষণ উজ্জীবিত করছিল। সে তাকাল সরমার দিকে। ভাকিয়ে দেখল, সরমা নিবিষ্ট মনে খাচ্ছে।

সরমা পরেছে স্থন্দর ছাপা শাড়ি। নানা বর্ণের সতাপাতা আঁকা শাড়ি পরতে মেয়েরা এখন ভালবাসে। ওর চুল ভেজা বলে ঘাড়ে ছড়ানো। ওর ছ'পাশের কাঁধ দেখা যাছে। ওর স্থন পুষ্ট বলেই হাত দিলে টদ টদ করে। এখন দে বুঝতে পারে স্তনের চারপাশটা ভীষণ ঠাণ্ডা। স্নান করলে স্তনের চারপাশটা ঠাণ্ডা থাকে। সামাষ্ট্র পাখা ঘুরছে। না ঘুরলেও ক্ষতি নেই। বেশ ঠাণ্ডা ভাব। চারপাশে বৃষ্টিপাতের শব্দ। এমন বর্ষার দিনে একটা সাদা ধবধবে বিছানা, এবং জানালায় বৃষ্টিপাত দেখতে দেখতে একটু উদাস হয়ে যাণ্ডয়া। এবং এ-সময়ে সরমার কথাই কেবল মনে হয়, দে যদি পাশে স্তরে পড়ে, কি যে আরাম, কেবল তখন চোখ বুজে আগতে চায়। বৃষ্টিপাতের শব্দ তখন মরে যায়। এক ভারি আশ্চর্য জগত, কি যে স্থলের আর মহিমময় সে ভেবেছিল, একদিন সরমাকে বলবে, সরমা তুমি না থাকলে আমি বাঁচব না। পৃথিবীতে বেঁচে আমার স্থখ নেই। কিন্তু সে সংগোপনে অনেক কিছু করে ফেললেও তার অধিকারের কথা বলতে পারেনি। বললে কেমন জানি ছেলেমালুষের মতো মনে হবে। সে বলল, খুব ভাল হয়েছে খেতে। খুব স্থলের রায়া মাসীমা।

সরমা হাসল। খেতে খেতেই মুখ টিপে হেসে ফেলল। ওর মুখ টিপে হাসার স্বভাব। রান্না এমন স্থলর হয়েছে আর যখন সূর্য উঠবে না মনে হয় তখন এখানে খেকে যাবার ইচ্ছে অবিনাশের। সরমা বলল, তুমি একটু গড়িয়ে নাও। ভারপর আবার বসা যাবে।

সরমা ওকে পার্লারের পাশের ঘরটায় স্থলর বিছানা পেতে দিল। অবিনাশ একটা সোফাতে বসে সরমার কাজ দেখছিল। সরমার চুলের ভেজা ভেজা গন্ধ পাছেচ। সরমার শাড়ি মেঝেতে লোটাছে। দে ভার পা কাউকে দেখতে দেয় না, এবং সায়ায় কাক্ষকাজ করা লেসে ফুল ফল আঁকা। শাড়িটা পাতলা বলে সব দেখা যাছেছ। তারপরই মনে হয় সরমা বড় বেশি যত্ম নিয়ে কাজ করছে। রাস্তার দিকের জানালা বন্ধ। পাশে গলির জানালা খোলা। কেউ রেকড প্রেয়ার বাজাছেছ। এবং গানের এক শব্দময় কার্য প্রবাহ যেন এ-মুহুর্তে ছঙ্কনকেই আপ্লুভ করছে। সরমা বৃশ্ধতে

পারছে ওরও ভীষণ ভীষণ ভাবে কিছু দরকার। সে বেশি সময় এ ঘরে থাকলে যেন না চেয়ে পারবে না।

বিছানার একপাশে দাঁড়িয়ে সরমা বলল, একটু গড়িয়ে নাও। অবিনাশ বলল, ভূমি এখন কি করবে।

- —শামিও একটু গড়িয়ে নেব।
- —কোন করেছিলে বৌদিকে।
- --করেছি।
- —রাতে ফিরব।
- —বলেছি।
- —ভয়ে কি হবে বুঝতে পারছি না।
- —তাহলে শোবে না।
- -a1 1
- -कि कत्रता।
- —কি করব তাও ব্ঝতে পারছি না।

সরমা বলল, মা না শুলে, কিছু হবে না।

- —তোমার বোনেরা।
- —কেউ বাজি নেই।
- —কোথায়।
- ---কুলে কলেজে।
- —রৃষ্টির দিনে কলেজ হয়।
- —এ-বয়দে হয়।
- —ভোমার।
- —আমার তো এখানেই হচ্চে।

অবিনাশ হাসল। সরমা বলল, যতক্ষণ কিছু না হচ্ছে এস আমরা এই রৃষ্টিপাতের মত অবিরল কথা বলি।

ওরা ছজন কথা বলল অবিরল। মা মুমলে সরমা ওর পাশে এসে দাঁড়াল। বলল, বেশিদ্র না। যতটুকু হলে আমার ক্ষতি না হয় ভতটুকু। অবিনাশ লক্ষী ছেলের মতো সরমার ঠিক ওতটুকুই নিল। নীলা গাড়ি পার্ক করেই দরজা খুলে প্রায় লাফিয়ে নামল।
শুড়ি গুঁড়ি রাষ্ট্র নামছে। সকাল থেকেই এ-ভাবেই রৃষ্টি হচ্ছে।
সকাল থেকে রৃষ্ট্রিপাত দেখতে আর ভাল লাগছিল না। পড়তে মন
বসহিল না। অনিলকে ফোন করতে ইচ্ছে হচ্ছিল। কিন্তু অনিলের
বাড়িতে ফোন নেই। ফোন বাদে ওরা কি করে যে কাজ চালায়।
এবং যাদের বাড়িতে ফোন নেই ভাদের খুব হুংখী লোক বলে মনে
হয়। ক্লাসে এ-ভাবে কেন যে অনিলকে ভীষণ হুংখী বলে মনে হত।
হুংখী মনে হলেই ওর ভীষণ কষ্ট। ভাকে কি-ভাবে যে ভেতরে ভেতরে
ভাল লেগে যায়।

এবং এটা বোধ হয় নীলার ছেন্সেবেলা থেকে। আদরে আদরে আদরে আমুষ। বাজ্রির সামনে লন, উচ্ পাঁচিল, পাঁচিলের ওপর লখা ভারের বেড়া, সেখানে মাধবী লভা। কভকাল থেকে বড় হভে হুডে চারপাশে এক সব্ল সমারোহ ভৈরী করে ফেলেছে এবং যখনটেনিস লনে সে টেনিস খেলে বেড়ায় ভখনও এক আশ্চর্য স্থানর শ্বিতি মেয়েটার। মেয়েটার শ্বভাব ভারি মিট্রি। এবং বাংলায় এম, এ, পড়তে এসে ওর একটা বিভাট ঘটে গেল। যেমন সে ছেলেনেলাডে রাস্তা থেকে ব্রুব্র ছানা কুড়িরে এনেছিল, এবং বেড়াল ছানা, সে মুডে, ভীষণ যত্নে ওলের মানুষ করেছিল এবং ওরা মখন মরে যায় তখন ভার ফুঁপিয়ে কুপিয়ে কি যে কালা!

নীলার ইংরাজী স্থলে পড়ার কথা। নীলার এ-ভাবে নেন রাংলা ভাষা পড়া ঠিক হয়নি। নীলাদের ব্যাপার-স্থাপার দেখে স্থভত অনিলা অবিনাশের এমন মনে হয়েছিল। ওরা ছ'বছরে গ্রাম্ত ভিন চারনার ওদের বাড়িতে খেয়েছে। রাডে পার্টি, ওরা ক্সুবিধা বোধ করবে বলে নীলা ওদের তুপুরে খেতে বলেছে। আরতি অথবা সরমার অস্থবিধা হবার কথা না। কিন্তু এই তিনজন ছেলে, যেমন অনিল অবিনাশ স্কুত্র লাজুক প্রকৃতির। ওরা ঠিক স্বাভাবিক বোধ করবে না। বরং তুপুরে নির্জনতা থাকে বাড়িটাতে। এবং বড় বাড়ি সামনে পিছনে কাঁকা জায়গা, গাছ গাছালি নানা বর্ণের এবং জামকল গাছে জামকল কল, এ-সবের ভিতর ঘুরে বেড়াতে ওদের ভীষণ ভাল লাগে। নীলা এটা বুঝতে পারে, এবং এই বে অনিলের কাছে আসা, কেন যে চলে আসা বুঝতে পারে না। অনিলের মুখে ভীষণ ছেলেমামুষী ভাব আছে। অনিলকে কখনও কখনও ছোট ভাই-এর মতো ভেবে ফেলতে ভাল লাগে।

সে গলি ধরে বেশ কিছুটা এগিয়ে গেল। এখানে গাড়ি ঢোকে না। ওর গাড়িটা সাদা রঙের। এমন একটা গাড়ি এ-পাড়ায় তেমন কেউ পার্ক করে না। এবং বেশ সক্ষ লম্বা একটা গলির ভেতর চুকে যেতে যেতে মনে হল এ তো প্রায় একটা টানেলে সে চুকে যাচ্ছে। এমন একটা জায়গায় চুকে গেলেই ওর ভীষণ ভয় লাগে। যতক্ষণ না দরজায় পৌছে কড়া নাড়তে পারে ততক্ষণ।

নীলা দেখল, সেই বুড়োমান্ন্র্যটা দরজা খুলে দিছে। বুড়োমান্ন্র্যটা অনিলদের দেশের বাড়িতে গৃহভ্তার কাজ করত। এখন
সে প্রায় এদের গার্জিয়ান। অনিলেরা ছ'ভাই। অনিল বোধহয়
একজনের বড় আর সবার ছোট। দে টিউশান করে পড়াশোনা চালায়। অনিলের ভেতর কোন চালাকি নেই। সে সহজভাবে সব মেনে নিয়েছে। এই যে মেয়েটা এখানে মাঝে মাঝে আসে,
ভাতে সে কোন উৎসাহ প্রকাশ করে না। সে জানে নীলার এটা
সাময়িক ব্যাপার। ওর কিছু কিছু গল্প সে শুনেছে। ওদের বাড়িতে
আছে একজন প্র্রৌঢ় মান্ন্র্য। ভার গার্জিয়ানের মতো। নীলার মা
শৈশবে মারা যাবার পর এই প্রোঢ় মান্ন্র্যটি ভার দেখাশোনা এবং
সে কি করবে না করবে ভা সব ঠিক করে যাছেছ। নীলা বাবাকে

বেশি সময় পায় না। এত বড় জাঁকজমক রক্ষা করতে হলে খুব পরিশ্রমী এবং বৃদ্ধিমান হতে হয়। রাত আটটার পর বাবা এলে বাবাকে ভীষণ ক্লান্ত দেখায়। কখনও কখনও বেশি রাত হয়ে যায়। অফিস থেকে সোজা বাবা ক্যালকাটা ক্লাবে ভারপর, কখনও কখনও অধিক রাতে বাড়ি, সকালে সে দেখতে পায় বাবা বাগানে পায়চারি করছেন, সে পিছনে গিয়ে দাঁড়ালে, বাবা যেন ভাকে অনেক দ্র থেকে দেখতে পায়।

আসলে বাবা তার দায়িত্ব সেই প্রোট মানুষ্টিকে দিয়ে নিশ্চিত্ত ছिल्नन। नौना य वाःना ऋल পড়েছে, এবং একটা সং জীবন যাপন, ঠিক একে সং বলা যাবে কি না বলা যায় না, যেমন সে বড় হতে হতে যা কিছু উচ্ছিষ্ট, যা এ-পরিবারের পক্ষে বেমানান তাই ওর কাছে দামী। সে কলেজে গাড়ি নিয়ে যেত না। সে ট্রামে বাসে যেতে পছন্দ করে থাকে। কারণ মনে হয় এ-পরিবারে কোথায় যেন একটা বড় পাপ রয়েছে। ওর চলাফেরা দেখলে মনে হয়, সে সেই পাপ থেকে দূরে থাকতে চায়। তার মায়ের মৃত্যুর পর এটা আরও तिन इत्यरह। रेमन्दर तम धकिन मनुक्रमान माँ फि्रम (मर्थिहन, মায়ের শরীর ফুলে ঢাকা। কি স্থুন্দর শিশুর মতো মা যেন ঘুমিয়ে আছে। মায়ের আশ্চর্য পা ছ'খানি দে চোখ বুজে ফেললে যেন এখনও ছু তৈ পায়। এবং অনিলের সঙ্গে ওর একজায়গায় ভীষণ মিল, অনিল একদিন কফি-হাউসের আড্ডায় বলেছিল, শৈশবে আমার মাকে বড় হাসপাতালে নিয়ে গেল। আমার তখন কিছু ভাল লাগত না। কেবল তথন ছাদে ঘুড়ি ওড়াতাম, এবং একদিন সবাই আমাকে সেই বড় হাসপাভালে নিয়ে গেছিল। ভাল বুঝতে পারিনি। আমার মাকে কারা নিয়ে এল, ঘুমিয়ে রয়েছে মনে হল। চুলের সমারোচ শরীরে। পায়ে আলতা মাখানো। আমার মা। বলতে বলতে অনিল কেঁদে ফেলেছিল। এই হল আমার মায়ের শ্বৃতি। মাকে তার চেয়ে বেশি মনে করতে পারি না। বলে সে চুপচাপ কেমন উদাসীন হয়ে গেছিল।

আর দেই থেকে ভাল লাগা। ওর মায়ের কথা এ-ভাবে বলতে পারলে যেন নীলা বেঁচে যেত। নীলা বলতে পারে না, মা আমার ভীষণ ছংলী জ্বনিল। আমার মা ছংখে বিষপান করেছিলেন! তাঁর মনে হয়েছিল, নিজের মাছুষ যদি কাছে খরে রাখা না যায় ভবে বেঁচে কি হবে! এত বড় বৈভবের ভেতরও আমার মা বড় একলা ছিলেন যেমন এখন আমি ব্যুতে পারি, বেঁচে থাকার মতো কট্ট লার নেই অনিল। আমি এ-জন্ম একা ভোর কাছে চলে এলেছি।

বুড়ো মানুষটি দরকা খুলে দাঁড়িয়ে আছে। নীলা ভেতরে না
ঢ়কলে দরকা বন্ধ করতে পারে না। ছ'পানের বাড়িগুলো খাড়া উঠে
গেছে। মনে হয় কভদূর চলে গেছে! অনেকদিন ধরে হেঁটে
গেলেও শেষ হবে না। বুড়ো লোকটি কানে, নীলা এ-গলিটার শেষটা জানে না। দে এ-বাডিতে না ঢুকতে পারলে পথ হারিয়ে
ফেলবে। দে বলল, এস। দাঁড়িয়ে দাঁড়িয়ে কি ভাবছ!

— অনিক আছে ? অনেকক্ষণ পর ষেন অমিলের কথা মনে পড়ল। সে কি মাব ষে ভাবছিল! এখানে এলেই অথবা অনিলের কথা মনে হলেই তার এমন মনে হয়। সে চুপচাপ দাঁড়িয়ে থাকে ভখন।

বুড়ো লোকটি বলল, আছে। দোভালায় আছে। দোভলায় অনিলের নিজ্প একটা ঘর আছে। খুব ছোট। লাল রঙের মেঝে।

নীলা সিঁড়ি ধরে উঠতে উঠতে ভাবল, লাল রঙের মেঝে, নীল রঙের দেয়াল, জানালায় হলুদ রঙের পদা। ছোট্ট একটা খাট। একদিকে বড় কাচের আলমারি। নালারকমের বই। অনিলের বন্ধুরা কেউ কিছু লিখে থাকে। নিজেও কিছু লেখার চেষ্টা করছে। এ-ছাড়া অনিলের অনেক সাহিত্যিক দাদা আছে। বই বের হলেই সে নিয়ে আসে। বইগুলো অনিলের প্রাণ ধেন। সে অনেক চেয়েও একটা বই নিতে পারেনি। পড়তে হলে ওর ঘরে বসেই শভতে হয়। এবং তথন অনিলকে কখনও বড় বেশি স্বার্থপর মনে হয়। এ-ছাড়া অন্ত বিষয়ে স্থানিল বড় উদাসীন। ওর উদাসীনতা তাকে বড় বেশি টানে।

সিনেসার গেলে অনেকদিন ইচ্ছে হরেছে, অনিল ওর হাত টেনে নিজের হু'হান্ডের ভেড়র লুকিয়ে ফেলুক। কিন্তু জ্বনিলের কি যে স্বভাব। সে একা একপাশে, গায়ে গা লাগলে সে কেমন একটু সংর সোজা হয়ে বসতে চায়। মজা পায় নীলা। সে আরও ঘেসে বসলে অনিল বোধ হয় ভেডরে ভেডরে ছটফট করতে থাকে।

সে দরজার মূখে ডাকল, অমিল। অনিল বলল, আয়। এমন বৃষ্টির দিনে।

- —ভাল লাগছিল না। চলে এলাম।
- —পরীক্ষা কাছে। এমন ভাবে সময় নষ্ট করা ঠিক না। নীলা বলল, জানি।
- जानल नष्टे कत्रिक रकन ?
- —জানি না। নীলা এটুকু বলে ওর খাটের একপাশে বসল। রাস্তার দিকে ছটো জানলা। গুঁড়ি গুঁড়ি বৃষ্টির কণা ঘরে আসছে বলে জানালা বন্ধ। নীলাকে একটা সাদা মতো ভোয়ালে দিয়ে বলল, মাথাটা মুছে ফেল।

নীলা আলতো ভাবে মাথা মৃছে ফেলল। সামনে একটা বড় আয়না।

সে আয়নায় মৃথ দেখল। অনিল সাদা পাজামা, এবং ডোরাকাটা
হাফলার্ট গায়ে। ওর খাওয়া হয়ে গেছে। সে স্নান করে বোধ হয়
তাড়াভাড়ি খেয়ে দিয়েছে। একটু ঘুমিয়ে তারপর পড়া নিরে বসক।
ওর পড়াটা মাটি করে দিল—এটা কভটা উচিত হয়েছে দীলা এখন
ব্রুতে পারছে মা। মা এলে ওর পড়া ভাল হত। অনিলের
ভালভাবে পাল করা দরকার। দীলা ইচ্ছে করলে এ-বারে পরীক্ষা
ডুপ করতে পারে। ভার কিছু আলে হায় মা। এবং লে এবার
ঘুরে দাঁড়িয়ে বলল, ভার কিছু আলে হায় মা। এবং লে এবার

—আরে না। বরং এসে ভালই করেছিস। ছজনে একট্ আলোচনা করা যাবে। না হলে ঘুমিয়ে পড়ভাম এখন। কখন ঘুম ভাঙত ঈশ্বর জানেন । বৃষ্টির দিনে আমার ভারি ঘুম পায়।

নীলা শাড়ির আঁচল ঘাড়ে টেনে নিচ্ছিল। এবং বলতে বলতে উঠে দাঁড়াল, রৃষ্টির দিনে আমার ঘুম পায় না। কিছুতেই ঘুম পায় না। জানালায় বসে কেবল রৃষ্টির শব্দ শুনতে ভাল লাগে। তোর লাগে না গ

- —লাগে। এবং শুনতে শুনতে ঘুম চলে আদে।
- নীলা বলল, আমার দঙ্গে বের হবি ?
- —কোথায় ?
- —দেখা যাক না কোথায় যাওয়া যায়।
- —আকাশ দেখছিদ!
- —খুব বৃষ্টি আসবে বলছিন!
- —খুব। পথ ঘাট ভেদে যেতে পারে।
- याक ना। शिल कि इरव।
- —বাড়ি ফিরতে তোর কষ্ট হবে।
- —ভোর হবে না ?
- আমি ঠিক একভাবে পৌছে যাব।
- —আমিও যাব। আয়।

ভারপর অনিলের কিছু আর বলার থাকে না। চুপচাপ তথন কেবল নীলাকে দেখে যেতে ভাল লাগে। নীলাকে তথন অনেক প্রশ্ন করতে ইচ্ছে হয়। সরমার খবর নিতে ইচ্ছে করে। স্থভত্ত মাঝে একদিন এসেছিল বলতে ইচ্ছে করে। মনে হয় সে একবার বলে কেলে, আরতি স্থভত্তকে ভালবাসে। ভীষণ ভালবাসে। আরতির বে কি হবে! কিন্তু সে কিছুই বলতে পারে না। নীলার স্থলর ভল পুঁতুলের মতো মুখে চোখ হটো কি যে ভাসা ভাসা! আর ঘন চুল কপাল সবটা চেকে রেখেছে যেন, ফুর ফুর করে চুল উড়ে বেড়াক্সছ কপালে, নীলাকে কিছুভেই মনে হয় না, বড় বাড়িভে নীলা থাকে, ওদের পাঁচিলে মাধবী লভার সমারোহ এবং চিকের ভেডর কখনও হেঁটে বেড়ালে নীলা বড় মায়াবিনী। সে বলল, চল।

नीमा वनम, वाहेरत माँजाव्हि। कामाकाशक (ছरज् न।

অনিল মাঝারি লকা। নীলা পাশাপাশি দাড়ালে কে লকা বলা শক্ত। জাপানী মেয়েদের মতো নীলার চোথমুথ এবং স্থলর রঙ-বেরঙের স্কার্ট পরলে নীলাকে অনায়াসে জাপানী মেয়ে বলে চালিয়ে দেওয়া যায়। কেবল লকা একটু বেশি। নীলা এখন পেছন ফিরে দাড়িয়ে আছে। নরম সাদা পিঠ, মনে হয় বৃষ্টিপাতের লাবণ্য ভরা শরীর, আর কি যে রেখে দিয়েছে শরীরের ভেতর! পাশে এসে দাড়ালে, সে বলতে পারে না, নীলা ভূই আমার সমন্ত্র করে দিস না। পরীক্ষায় পাস না করলে আমার চলবে না।

নীলা একইভাবে দাঁড়িয়ে আছে। সে ফিরে তাকাচ্ছে না। ছোট ঘরে ফিরে তাকালেই সব কিছু এক নিমেষে চোখে পড়ে যায়। ভয়ে বোধ হয় তাকাচ্ছে না। অনিল তখন জাঙ্গিয়া পরছে। সে জাঙ্গিয়ায় গিট দিছেে। সে তাড়াভাড়ি করে একটা চকলেট কালারের প্যাণ্ট টেনে নিল আলমারি থেকে। সে একটা সাদা জামা পরে নিল। একটু মুয়ে আয়নায় চুল ঠিক করে নিল। তখন নীলা বলল, হল।

সে বলল, হয়েছে। টেবিলের ওপর থেকে সিগারেটের প্যাকেট তুলে পকেটে ভরতে ভরতে বলল, চল। হয়ে গেছে।

ওরা ছজনেই পাশপাশি নামছে। যেন একটা ছল রয়ে গেছে ওদের নামার ভেতর। সিঁড়ির মুখে মেজ-বৌদি, ওদের দেখে বলল, ওকি নীলা! এসেই চলে যাছে।

—আমরা নারাপবাব্র কাছে যাব বৌদি। পরীক্ষার ভো দেরি নেই।

পরীকার ব্যাপারে ওরা ভীষণ সিরিয়াস। বৌদি তবু বললেন, একটু চা করে দিতে কডকণ। একবারে তথু মুখে চলে যাচছ।

- आत এकमिन शाव (वीमि।

এবং ওরা আর এ-ভাবে দাঁড়াল না। শুঁড়ি শুঁড়ি বৃষ্টি। ইকলে শুঁড়ি। এবং কখন যে খম ঝম করে আবার বৃষ্টি ঘন হয়ে নামবে কেউ বলতে পারে না। ওরা গলির ভেতর দিয়ে ছুটতে থাকল। খাড়া ছপাশে সব বাড়ি—এবং ওরা দেখল অমন মেঘলা দিনে ছজন ওরা কোথায় যে যাছে:

নীলা এসে গাড়ির লক খুলে ঢুকে পড়ল। ষ্টিয়ারিঙের পাশে বসে
বলল, ভাড়াভাড়ি। ও—কি যে বৃষ্টি আসবে। তুই ভিজে যাচ্ছিল।
ভেতরে ঢুকে বসলেই নীলা ওর আঁচলটা এগিয়ে দিল।
এবং গাড়িটা স্টার্ট দিল, বৃষ্টি হচ্ছে বলে, রাস্তায় মামুষের ভিড়
কম। প্যাচপেচে কালা। ওরা, স্থলর গাড়ির সিটে বসে রয়েছে।
এবং বৃষ্টিপাতের জন্ম কাচ ঝাপসা। এমন ঝাপসা কাচের ভেতর
কি আছে দেখা যায় না। নীলা যে আঁচল এগিয়ে দিয়েছে, অনিল
বৃশ্ধতে পারেনি। নীলা ফের আঁচলটা ওর মাধায় দিয়ে বা ছাতে
মছে দিতে চাইলে বৃশ্ধল, নীলা ওর আঁচলে ভেজা চুল মুছে দিতে
চায়। সে এবার তৃ'হাতে ওর আঁচল মাধায় মুখে রেখে এক স্বর্ণ
নির্মিত রমণীর পায়ে যেন কতকাল এক পৃথিবীর ঘাসে ঘাসে ওরা
হজন ঘুরে বেড়িয়েছে, যেন সেই কত যুগ ধরে, অথবা সন্ধ্যার
গভীরে কিংবা নক্ষত্রের ছায়ায় ওরা যেন পৃথিবীর মাঠে আবহুমান
কাল ধরে তেঁটে যাছে।

नीना वनन, कि य ভान नागरह!

গাড়ি চলছিল। ছ' পাশের দ্রীমবাস পার হয়ে ওরা ষাচ্ছে। বৃষ্টিপাত ক্রমে ঘন হচ্ছে। ওরা ঠনঠনে পার হয়ে গেল। ভারপর কলেজ দ্রীট এবং বিশ্ববিভালয়ের পাশ দিয়ে গেলে মনে হল, এক আশ্চর্য রোমাঞ্চ এর ইটে কাঠে। পরীক্ষা হয়ে গেলেই কে কোথায় চলে যাবে আর কখনও দেখা হবে কি না কেউ জানে না। ভবু এই সামান্ত সময় অভি মূল্যবান। যেন মই করতে নেই। ফুরিয়ে গেলে পাব্দা যাবে না। এ-ভাবে ওরা বউবাজার পার হয়ে গেল, এ-ভাবে ওরা এয়ার-ইণ্ডিয়া পার হয়ে গেল। এ-ভাবে ওরা চৌরলি পার হয়ে কার্ত্তন পার্ক ডাইনে ফেলে রেড-রোডে এলে পঞ্জ।

অনিল বলল, কোথায় যাচ্ছিস ?

- —কোপাও না।
- —তবে।
- —তবে ? দেখছিস না খুব জোরে বৃষ্টি আসছে। কি স্থানর বড় বড় কোঁটায় বৃষ্টি। বৃষ্টির কোঁটা কোচরে ভরে তুগে আনতে ইচ্ছে হচ্ছে।

অনিল ব্যাতে পারল, বড়লোকের মেয়ের খেয়াল। সে ভাখল মন্দ না। এ-ভাবে সারাজীবন বৃষ্টির ফোঁটা কোচরে ফুল ভোলার মতো ভরে নিলে মন্দ হয় না নীলা। যাই ভারে নিবি, এক সময় দেখবি, কিছু থাকছে না, থালি হয়ে যাছে। আমারও ভাল লাগে তুলতে।

ভখন বৃষ্টিপাতের কোঁটা চড় চড় করে পিচের রাস্থার ওপর ভেলে যায়। কোঁটা ক্রমশ আকারে বড় হচ্ছে। গাড়ির ওপরে অন্তুত এক বজেনা, স্বর লহরি, যেন সেতারে খুব জ্রুন্ড সেই আশ্রুষ্ট এক ধ্বনি, ধ্বনিময় বৃষ্টিপাতের কোটা ক্রমল রাস্তার, লবুজ বাসে নক্ষত্রের মতো ছড়িয়ে ছিটিয়ে পড়ছে, পড়ে বাসের অক্কারে মুখ পুকিয়ে ফেলছে। নীলা একপাশে গাড়ি খামিরে কাচ ছুলে দিয়ে আকাশ এবং মেবেদের বর্ণমালা দেখছে। দেখতে দেখতে সে অনিলের অল্প নরম প্রথম কোমল নীল রতের দাড়িতে সহসা গাল লেপটে দিল। বলল, অনিল তুমি আমাকে কাছে টেনে মাও। আমাকে চুমো খাও। কেউ দেখতে পাবে না। জলে কাচ

অনিল ঘন হয়ে বসল। চারপালে অবিরল বৃষ্টিপাতের শব্দ, চারপাশে কুয়াশার মতো অস্পষ্ট। এবং গাড়ির কাচে সেই মুরের উপত্যকায় গাড়ি চলে যাবার মতো রৃষ্টির জ্বল নেমে যাছে। এবং বাইরের গাড়ি, ট্রাম বাদ দব কেমন বিবর্ণ অথবা গভীর জলের ভেতর থেকে দেখা এক আশ্চর্য নগরীর শোভাযাত্রা। একটু পাশে গাছপালা পার হয়ে গেলে নীল রঙের ক্লাবের তাঁবু। কোথাও কাছে দ্রে গাছের নিচে মামুষের অবয়ব। জলে টেউ দিলে যেমন প্রতিবিম্ব ভেদে ভেদে যায়, লম্বা হয়ে যায়, ভেকে যায়, তেমনি দব আশেপাশের বনলতা, মামুষের ছায়া গীর্জার চূড়ো এবং এই অস্পষ্টতার ভেতর রয়েছে ফুল্বর এক রমণী, ক্রমে অনিলকে পাঁচিয়ে ধরেছে। পাঁচিয়ে পাঁচিয়ে দেই কোমল পদ্মের মতো এক সুধা পরাবার। এবং শেষে কি যে হয়ে যায়। ওরা ছজনে আশ্চর্য এক সেগিবভের ভেতর টুপ করে ডুবে গেল।

তারপর ক্রমে বৃষ্টি ধরে এল।

ওরা চুপচাপ ত্জন বদে থাকল। কেউ কোন কথা বলতে পারল না।

নীলা ভারপর গাড়িতে দ্টার্ট দিয়ে বেগে ক্রভ বেগে যেন সে এক রকেটে করে অস্থ্য কোন গ্রহে অনিলকে নিয়ে চলে যাবে। গাড়ি ভীষণ জোরে চালিয়ে দিল।

व्यनिन वनन, এই कि श्रुष्ठ !

- -किছ राष्ट्र ना।
- এ-ভাবে চালালে বড় হুর্ঘটনা ঘটবে।
- —এর চেয়ে বড় হুর্ঘটনা আমার জীবনে ঘটে গেছে।

অনিল কেমন ছঃখী মুখ করে ফেলল, আমি ঠিক বুঝতে পারিনি এমন হবে।

নীলা হাসল। জোরে জোরে হাসল। ও কিছু না। আমার ভো এ-জন্ম সকাল থেকে ভাল লাগছিল না। কেবল মনে হচ্ছিল কি যেন দরকার আমার। এডক্ষণে বুক্তে পারছি সকাল থেকে আমি কি চেয়েছি। षानिन रमन, अहै।

—এই। একটু থেমে বলল, আনার বিয়ে পরীক্ষা হয়ে গেলেই। ওটাই আমার জীবনে বড় ছর্ঘটনা। আয় আমরা একটু নদীর পাড়ে দাঁড়াই।

অনিল বলল, আমাদের নেমন্তর করিস।

নীলা বলল, করব। ভোরা আমার প্রাদ্ধের নেমস্তর না খেলে কে খাবে।

Il Marie II

এভাবে ওরা যখন তাদের নষ্টনীড়ে অর্থাং এই কলকাতায় বেশা বৈচেছিল, এবং দেখলে মনে হবে, জীবন ওদের এ-ভাবেই কেটে যাবে, বাঁচার জন্ম সংগ্রাম অথবা অতঃপর আর কিছু আছে বোঝা যাচ্ছিল না, তখন একদিন ওরা সবাই কেমন দীনহীন হয়ে গেল। কেবল নীলার বিয়ে হয়েছে বলে নতুন স্বামী পেয়ে স্থাী পারাবার, অস্তত স্কল্যের তাই মনে হয়েছিল নীলাকে দেখে।

নীলার বিয়ের দিনের জাঁকজমক ওরা কোনদিন ভূগতে পারবে না। ওরা অবশিষ্ট মামুষের মতো খেয়ে এসেছিল। ওদের উপহার এত কিঞ্চিতকর ছিল যে পারলে যেন লুকিয়ে দিয়ে আসে। ওরা দিয়েছিল দামী একসেট করে রবীন্দ্রনাথ আর জীবনানন্দ। আর কোন নিমন্ত্রিত ব্যক্তি সেই আলোকলমল উৎসব বাড়িতে কোন পুস্তক সামগ্রী দিয়েছিল কি না মনে করতে পারে না। গাড়ি, ফ্রিজ থেকে আরম্ভ করে কি না দিয়েছেন। নীলাকে মনে হয়েছিল ময়ুর সিংহালনে বসিয়ে রাখা হয়েছে। চারপাশে কডসব ফুলের যে সৌরভ ছিল। নানাবর্ণের ফুল পাতা দিয়ে তৈরি সিংহালন। আলোর এমন কারসাজি হঠাৎ দেখলে মনে হবে, সব ময়ুরের পালক নীলার

চারপাশে সাজানো এবং মৃত্যুন্দ বাতাসে পালক কুলছে। ওরা, বিশেষ করে অনিল খুব কাছে যেতে সাহস পায়নি। সরমা অনিলকে টোনে নিয়ে গিয়েছিল কাছে। নীলা সামাল চোখ ভুলে অনিলকে দেখেছিল। সামাল হেসেছিল। হাসিট্কুতে একটু বিষাদের ভাঁয়াছিল বোঝা যায়। আর কিছু না। আর তা ছাড়া নীলাকে এত পবিত্র লাগছিল দেখতে, কে বলবে নীলা কখনও জীবনে কিছু খারাপ কাজ করেছে। নীলার চোখেমুখে পবিত্র আকাজ্জা, ওর বর আসবে বলে সেজেগুজে বসে আছে। ওর স্থন্দর বর, লম্বা এবং গৌরবর্ণের এক অতি মানবিক চেহারা। দশাসই মামুষ। নীলার বর নীলার চেয়ে বেশি পবিত্র চোখমুখ করে রেখেছিলেন। জীবনে এই প্রথম মেয়েমানুষ দেখেছেন এমন এক ভাব। এর আগে মেয়ে অথবা নারীজাতী স্থধা পারাবার কিছু পৃথিবীতে আছে তিনি তা বুঝি জানতেন মা।

অনিল এবং সরমা অথবা স্বভক্ত অবিনাশ আর আরতি দেখে দেখে মুখ টিপে হেসেছিল। একটু ঠাটা তামাসা করার সথ ছিল। কিন্তু নীলাদের নিউ আলিপুরের বাড়িতে ওরা ঠাটা তামাশা করতে পারে না। বরং সরমা কানে কানে নীলাকে বলেছিল, থ্ব নেবে।

नीना रामहिन, या, कि या रामित !

যেন নীলাকে নিতে বলে নিয়ে যাচ্ছে না। পুতৃল বানিয়ে ভাকে রেখে দেবে এমন ভাব। এবং ভাত খুঁটে খেতে জানে না, রাতে কি না জানি চবেরে। আর্ডি ভখন বলল, প্রথম রাতে যেন কিছু না হয়।

नीमा वनम, कि श्रव।

- -कानिना १ नातः !
- --- সভ্যি জানি না।

আরতি ভাবল, স্বাই কিছু জানে না। তারপর ধরে ধরে ধায়। মানুহকর স্বভাব জানতে জারভির বাকি নেই।

বিয়ের পর নীলা একদিন কেন যে হঠাং গাড়ি করে চলে এসেছিল ওদ্ধের সঙ্গে আড্ডা দিডে। ওরা ডো দেখে অবাক। বলেছিল, কেমন দিন যাচ্ছে রে।

নীলা বলেছিল—নাইস ও এখন দিল্লীতে আছে। বড় সরকারী চাকুরে। উদ্যোগ ভবনের কি একটা ডিপার্টমেন্টর জয়েন্ট কন্ট্রোলার। এবং অনেককে সে সৌভাগ্যবান করে দিতে পারে। ওরা কেউ ব্যবসা করলে উপকারে মাসতে পারে।

অনিল বলেছিল, ব্যবসা তো মাড়োয়ারিরা করে !

—বাঙ্গালীরা করলে ভাল হয়।

অবিনাশ বলেছিল, দিল্লী গেলে ভোর সঙ্গে আমরা দেখা করতে পারব ?

- -কেন পারবি না!
- কি জানি! বলে মুক্তর বলল, ব্যাবদা-ট্যাবদা বাদ দে। কাজের কথা বল। আমাদের একটা করে মাস্টারী জুগিয়ে দিছে পারবে ?
 - —বঙ্গব।
 - --মনে থাকবে!
 - क्न थाक्र ना।

সুভরাং নীলা বেশ আছে ওর কথাবার্তা থেকে এমন মনে হয়েছিল। আরতি ভাল নেই। কারণ আরতি এখন এক মেয়ে জীবনযাপন করছে। পরীক্ষা পরীক্ষা করে বেশ ক'দিন উত্তেজনা গেছে, ভারপর ফল নিয়ে ভাবনা, এর সঙ্গে কথা বলতে হবে, ওর সঙ্গে দেখা করতে হবে, বেশ ক'মাস ছুরে ছুরে এক সুন্দর জগত ভবু ভৈরি করে রেখেছিল নিজের জন্ম কখনও স্বভজকে নিয়ে এখানে সেখানে গেছে, অথবা কোন বিকেলে মিলে কক্ষিহাউন্তে আডভা।

পরম কিন্ধি, দোসা এবং কখনও কখনও মটন ওমলেট অথবা বেস্ট কাটলেট খেয়ে ঢেকুর তুলতে তুলতে রঙ্গিন ছবির মতো জগত এবং মনে মনে এম. এ, পড়া মেয়ে এম. এ. পাস করা মেয়ে এই অহংকার, এক অতীব অহংকার নিয়ে বেঁচে থাকা বেশ ছিল, তারপর পাস-টাস হয়ে গেলে, এ-বাড়ি সে-বাড়ি, ই্যা পাস করেছি, সতেরো নম্বরের জয়্ম কাস্ট ক্লাস থাকল না, কারো আঠারো নম্বর, কারো সাত নম্বর। এর চেয়ে বাড়িয়ে বলতে কেন্ট সাহস পায় না এবং যে অহংকার মনে মনে পুষে রেখে বড় হচ্ছিল, হঠাং এক বিকেলে বৃরুতে পারল, তুস করে সব ভূবে গেছে। কেন্ট আর দাম দিছে না। বিনয় আগে যেভাবে দাম দিত, পাস-টাস করার পর একটু সমীহ করত, কিন্তু কিছুদিন পর দেখা গেল যে আরতি এক মাংসপিও আর বিনয় এক মাংসপিও। আর কিছু না।

আর কিছু না বললে অবশ্য ঠিক না, আরও কিছু থাকে, বিনয়ের ফিরতে দেরী হলে ভাবনা হয়। একসঙ্গে থাকার অভ্যাস। একসঙ্গে না শুলে ঘুম আসে না। আর বিনয় তার অধিকারের ভেতর। বিনয়কে কেউ ভালবাসলে তার রাগ হয়। সে এটা কিছুতেই বরদাস্ত করতে পারে না। বিনয় ছাড়া তার আর কে আছে। এবং মনে নিত্যকার অভ্যাস যথন একঘেয়ে তখন স্থভদ্রের কথা মনে হয়, খুব মনে হয়, ইচ্ছে করলেই আর যাওয়া যায় না। কিছু অব্পৃহাত নেই হাতে। মাসে হ'মাসে দেখা, অথচ মনের ভেতরে একটা পোকা থাকে, কেবল কামড়ায়। এই কামড়ানির ফলে আরতি রোগা হয়ে গেছে। একটু রুক্ষ হয়ে গেছে কথাবার্তায়। বিনয়কে মাঝেমাঝে এমন সব কথা বলে ফেলে যা সে কোনদিন ভাবতে পারেনি।

একদিন স্থভজেব সঙ্গে দেখা করে বলল, আমাকে একটা কিছু ঠিক করে দে। বাড়িতে এ-ভাবে সারাদিন বসে থাকলে মাথা খারাপ হয়ে যাবে।

[—]আমি কোথেকে দেব[।]

- —ভোরাভো সবাই একটা জুটিয়ে নিয়েছিস।
- —স্কুলে তুইও পাবি চেষ্টা করলে। বিনয়ের ভো আনেক রেফারেন্স আছে। চেষ্টা করলে কলেক্ষেও দিতে পারে।
- —কচু। ওর কোন ক্ষমতা নেই। তোরা ছাখ। ভূই আগে এত করেছিদ, এখন এটুকু করবি না!
 - नत्रभारमञ् खूरम (मथ ना।
 - —ওদের কোন ভেকেন্সি নেই।
- আচ্ছা আমি দেখব। এই বলে একটা কিছু বলা, না বললে এমন একটা অপেক্ষার বিকেল নষ্ট হয়ে যাবে। দে বলল, আমি আজ খাওয়াচিছ।

আর্ডি কিছু বলল না।

স্থভদ্র অর্ডার দিয়ে আর্রাভির দিকে ভাকাল। ভোর শরীরটা সভ্যি খারাপ হয়ে গেছে। চোখ মুখ কেমন বসে গেছে।

--- আরও বদবে।

স্থভত বলল, চাকরি চাকরি না করে এবারে না হয়ে যা। সময় কোনদিক দিয়ে চলে যাবে চেঁর পাবি না। শরীর ভাল হয়ে যাবে।

আরতির মনে হল, সুভক্ত অনেকদিন পর বেশ বৃদ্ধিমানের মতো কথা বলেছে। বলল, ভাবছি তাই। মা হয়ে যাওয়া অনেক সোজা।

তারপর আরতি একদিন বিনয়কে রাতে কানে কানে ফিস ফিস করে বলল, আর মেয়ে থাকব না। মা হয়ে যাব। মেয়ে থাকার অনেক ঝামেলা।

বিনয় খুব খুশি হল। কারণ অনেকদিন আগেই বিনয় চেয়েছিল, আরতির আর মেয়ে দেজে থাকা ঠিক না। চার পাঁচ বছর হয়ে গেল। এবারে মা হওয়া উচিত। তবু আরতির সম্মতির অপেক্ষায় ছিল। এবং সে-রাতে আরভি বেশ মনোরম করে সেজে এল। ফুল কিনে নিজ্য় এসেছিল। গোলাপের পাপড়ি। স্থানর এক শিশুর মুখ দে ভেবে ফেলল। ওর আশা রাতে অবন ঠাকুরের গল্পে সেই খেতহজ্ঞির স্থা দেখবে। সে ভাবল, আজ সে যখন লব শেষে বিনরের বুকে মুখ লুকিয়ে ঘূমিয়ে পড়বে তখন সেই স্থানর স্থাটা দেখবে। মায়াদেবী যে স্থাটা দেখে ঘূম থেকে ধড়ফড় করে উঠে বলেছিলেন। এমন পনিত্র স্থা দেখতে দেখতে সে মা হয়ে যাবে। স্থানর সেই বাভাবি লেবুর কোষের রোঁয়ার মতো জ্রন জুড়ে যাবে জরায়ুতে। সে তার নইনীড়ে পবিত্র মা হয়ে চিরদিন এই পৃথিবীতে বেঁচে থাকবে। তার আর কোন আশা নেই।